ডব্লিউএইচসি.১৯/০১
১০ জুলাই ২০১৯

# বিশ্ব ঐতিহ্য সনদের বাস্তবায়ন নির্দেশিকা

জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান
ও সংস্কৃতি বিষয়ক সংস্থা

বিশ্ব সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সুরক্ষায়
আন্তঃসরকার কমিটি

UNESCO
United Nations
Educational, Scientific and
Cultural Organization

PATRIMONIO MUNDIAL · WORLD HERITAGE · PATRIMOINE MONDIAL
World Heritage
Convention

বিশ্ব ঐতিহ্য কেন্দ্র

Disclaimer: The World Heritage Operational Guideline 2019 has been translated into Bangla by ICOMOS Bangladesh and Mr. Rifat Munim with the financial contribution by the UNESCO/ Netherlands Funds in Trust.

The official versions of the Operational Guidelines are available at:

https://whc.unesco.org/en/guidelines (English)
https://whc.unesco.org/fr/orientations (French)

বিশেষ সংযুক্তি ঃ বিশ্ব ঐতিহ্য সনদ – এর বাস্তবায়ন নির্দেশিকা ২০১৯ বাংলায় অনুবাদ করেছেন ইকোমস বাংলাদেশ এবং জনাব রিফাত মুনিম, ইউনেস্কো/নেদারল্যান্ডস ফান্ড ইন ট্রাস্টের আর্থিক সহযোগিতায় ।

অপারেশনাল নির্দেশিকাগুলির অফিসিয়াল সংস্করণগুলি নিম্নে ওয়েবসাইটগুলিতে পাওয়া যাবেঃ

http://whc.unesco.org/en/guidelines (ইংরেজি)
https://whc.unesco.org/fr/orientations (ফরাসি)

বিশ্ব ঐতিহ্য কমিটির সিদ্ধান্ত মোতাবেক সময় সময় বাস্তবায়ন নির্দেশিকা সংশোধন করা হয়ে থাকে। নিচে উল্লিখিত ইউনেস্কো বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের ওয়েবসাইটে বাস্তবায়ন নির্দেশিকার তারিখ যাচাই করে আপনি বাস্তবায়ন নির্দেশিকার সর্বশেষ সংস্করণটি ব্যবহার করছেন কিনা তা ভালো করে দেখে নিন।

*বাস্তবায়ন নির্দেশিকা* (ইংরেজি ও ফরাসি ভাষায়), *বিশ্ব ঐতিহ্য সনদ*-এর অনুচ্ছেদসমূহ (পাঁচটি ভাষায়), এবং বিশ্ব ঐতিহ্য সম্পর্কিত অন্যান্য নথিপত্র ও তথ্যসমূহ বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের নিম্নলিখিত ঠিকানায় পাওয়া যাবেঃ


UNESCO World Heritage Centre
7, place de Fontenoy
75352 Paris 07 SP
France

যোগাযোগঃ https://whc.unesco.org/en/world-heritage-centre


লিংকঃ https://whc.unesco.org/
https://whc.unesco.org/en/guidelines (English)
https://whc.unesco.org/fr/orientations (French)

# সূচিপত্র


অধ্যায় নম্বর | অনুচ্ছেদ নম্বর(সমূহ)

আদ্যাক্ষর ও শব্দসংক্ষেপসমূহ

১ ভূমিকা

১। ক বাস্তবায়ন নির্দেশিকা ... ১-৩

১। খ বিশ্ব ঐতিহ্য সনদ ... ৪-৯

১। গ বিশ্ব ঐতিহ্য সনদের রাষ্ট্রপক্ষসমূহ ... ১০-১৬

১। ঘ বিশ্ব ঐতিহ্য সনদের রাষ্ট্রপক্ষসমূহের সাধারণ পরিষদ ... ১৭-১৮

১। ঙ বিশ্ব ঐতিহ্য কমিটি ... ১৯-২৬

১। চ বিশ্ব ঐতিহ্য কমিটির সচিবালয় (বিশ্ব ঐতিহ্য কেন্দ্র) ... ২৭-২৯

১। ছ বিশ্ব ঐতিহ্য কমিটির উপদেষ্টা সংস্থা ... ৩০-৩৭

ইকরম ... ৩২-৩৩

ইকমস ... ৩৪-৩৫

আইইউসিএন ... ৩৬-৩৭

১। জ অন্যান্য সংগঠন ... ৩৮

১। ঝ বিশ্ব ঐতিহ্য সুরক্ষায় সহযোগীসমূহ ... ৩৯-৪০

১। ঞ অন্যান্য সনদ, প্রস্তাবনা ও কর্মসূচি ... ৪১-৪৪

২ বিশ্ব ঐতিহ্য তালিকা

২। ক বিশ্ব ঐতিহ্যের সংজ্ঞা ... ৪৫-৫৩

সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য ... ৪৫

মিশ্র সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য ... ৪৬

সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ ... ৪৭

অস্থাবর ঐতিহ্য ... ৪৮

অনন্য বৈশ্বিক মান ... ৪৯-৫৩

২। খ একটি প্রতিনিধিত্বমূলক, সুষম এবং আস্থামূলক বিশ্ব ঐতিহ্য তালিকা ... ৫৪-৬১

একটি প্রতিনিধিত্বমূলক, সুষম ও বিশ্বাসযোগ্য
বিশ্ব ঐতিহ্য তালিকার জন্য বৈশ্বিক কৌশলপত্র ... ৫৫-৫৮

অন্যান্য পদক্ষেপ ... ৫৯-৬১

২। গ সম্ভাব্য তালিকাসমূহ ... ৬২-৭৬

পদ্ধতি ও ফরম্যাট ... ৬২-৬৯

পরিকল্পনা ও মূল্যায়ন উপকরণ হিসেবে সম্ভাব্য তালিকা ... ৭০-৭৩

সম্ভাব্য তালিকা তৈরিতে রাষ্ট্রপক্ষসমূহের জন্য
সহায়তা ও দক্ষতা বৃদ্ধি ... ৭৪-৭৬

২। ঘ অনন্য বৈশ্বিক মান মূল্যায়নের নির্ণায়কসমূহ ... ৭৭-৭৮

**২।ঙ প্রামানিকতা এবং/অথবা অখণ্ডতা.................... ৭৯-৯৫**

প্রামানিকতা.................... ৭৯-৮৬
অখণ্ডতা.................... ৮৭-৯৫

**২।চ সুরক্ষা ও ব্যবস্থাপনা .................... ৯৬-১১৯**

আইনগত, নিয়ন্ত্রণমূলক ও চুক্তিভিত্তিক সুরক্ষা পদক্ষেপসমূহ.................... ৯৮
কার্যকর সুরক্ষা সীমানা.................... ৯৯-১০২
সুরক্ষা বলয়সমূহ.................... ১০৩-১০৭
ব্যবস্থাপনা পদ্ধতি.................... ১০৮-১১৮পুনশ্চ
টেকসই ব্যবহার.................... ১১৯

**৩ বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদের নাম অন্তর্ভুক্তির প্রক্রিয়া**

**৩।ক মনোনয়ন প্রস্তুতি.................... ১২০-১২৮**

**৩।খ ফরম্যাট ও মনোনয়নের বিষয়বস্তু.................... ১২৯-১৩৩**

১. সম্পদ সনাক্তকরণ.................... ১৩২.১
২. সম্পদের বর্ণনা.................... ১৩২.২
৩. তালিকায় অন্তর্ভুক্তির যৌক্তিকতা.................... ১৩২.৩
৪. সংরক্ষণের বর্তমান পরিস্থিতি এবং একে প্রভাবিত করছে এমন কারণসমূহ.................... ১৩২.৪
৫. সুরক্ষা ও ব্যবস্থাপনা.................... ১৩২.৫
৬. পরিবীক্ষণ.................... ১৩২.৬
৭. নথিভুক্তকরণ.................... ১৩২.৭
৮. সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগের তথ্য.................... ১৩২.৮
৯. রাষ্ট্রপক্ষের পক্ষে স্বাক্ষর.................... ১৩২.৯
১০. প্রয়োজনীয় মুদ্রিত কপির সংখ্যা (সংযুক্ত মানচিত্রসহ).................... ১৩২.১০
১১. মুদ্রিত/ছাপানো ও ইলেক্ট্রনিক ফরম্যাট.................... ১৩২.১১
১২. প্রেরণ.................... ১৩২.১২

**৩।গ বিভিন্ন ধরনের সম্পদ মনোনয়নের জন্য প্রয়োজনীয় নথিপত্র.................... ১৩৪-১৩৯**

আন্তঃসীমান্ত সম্পদ.................... ১৩৪-১৩৬
ধারাবাহিক সম্পদ.................... ১৩৭-১৩৯

**৩।ঘ মনোনয়ন নিবন্ধন.................... ১৪০-১৪২**

**৩।ঙ উপদেষ্টা সংস্থা কর্তৃক মনোনয়নসমূহ মূল্যায়ন.................... ১৪৩-১৫১**

**৩।চ মনোনয়ন প্রত্যাহার.................... ১৫২**

**৩।ছ বিশ্ব ঐতিহ্য কমিটির সিদ্ধান্ত.................... ১৫৩-১৬০**

তালিকায় অন্তর্ভুক্তি.................... ১৫৪-১৫৭
তালিকাভুক্ত না করার সিদ্ধান্ত.................... ১৫৮
মনোনয়নের সুপারিশ.................... ১৫৯
মনোনয়ন স্থগিতকরণ.................... ১৬০

**৩।জ জরুরিভিত্তিতে প্রক্রিয়াকরণ প্রয়োজন এমন মনোনয়নসমূহ.................... ১৬১-১৬২**

| | | |
|---|---|---|
| ৩।ঝ | **সীমানা পরিবর্তন, অন্তর্ভুক্তির যৌক্তিকতার জন্য ব্যবহৃত নির্ণায়কসমূহ পরিবর্তন কিংবা কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদের নাম পরিবর্তন** | **১৬৩-১৬৭** |
| | সীমানার ক্ষুদ্র পরিবর্তন | ১৬৩-১৬৪ |
| | সীমানার উল্লেখযোগ্য পরিবর্তন | ১৬৫ |
| | বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির যৌক্তিকতার জন্য ব্যবহৃত নির্ণায়কসমূহের পরিবর্তন | ১৬৬ |
| | বিশ্ব ঐতিহ্য সম্পদের নাম পরিবর্তন | ১৬৭ |
| ৩।ঞ | **সময়সূচি সারসংক্ষেপ** | **১৬৮** |
| ৩।ট | **মনোনয়ন মূল্যায়নের জন্য অর্থায়ন** | **১৬৮পুনশ্চ** |
| **৪** | **বিশ্ব ঐতিহ্য সম্পদের সংরক্ষণ পরিস্থিতি পর্যবেক্ষণ প্রক্রিয়া** | |
| ৪।ক | **সক্রিয় পরিবীক্ষণ** | **১৬৯-১৭৬** |
| | সক্রিয় পরিবীক্ষণের সংজ্ঞা | ১৬৯ |
| | সক্রিয় পরিবীক্ষণের উদ্দেশ্য | ১৭০-১৭১ |
| | রাষ্ট্রপক্ষ এবং/অথবা অন্যান্য উৎস থেকে প্রাপ্ত তথ্য | ১৭২-১৭৪ |
| | বিশ্ব ঐতিহ্য কমিটির সিদ্ধান্ত | ১৭৫-১৭৬ |
| ৪।খ | **বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকা** | **১৭৭-১৯১** |
| | বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদের নাম অন্তর্ভুক্তির নির্দেশিকা | ১৭৭ |
| | বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদের নাম অন্তর্ভুক্তির নির্ণায়কসমূহ | ১৭৮-১৮২ |
| | বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদের নাম অন্তর্ভুক্তির পদ্ধতি | ১৮৩-১৮৯ |
| | বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদের সংরক্ষণ অবস্থা নিয়মিত পর্যালোচনা | ১৯০-১৯১ |
| ৪।গ | **বিশ্ব ঐতিহ্য তালিকা থেকে সম্পদের নাম চূড়ান্তভাবে বাদ দেওয়ার পদ্ধতি** | **১৯২-১৯৮** |
| **৫** | ***বিশ্ব ঐতিহ্য সনদ* বাস্তবায়ন সংক্রান্ত পর্যায়ক্রমিক প্রতিবেদন দাখিল** | |
| ৫।ক | **উদ্দেশ্যাবলি** | **১৯৯-২০২** |
| ৫।খ | **পদ্ধতি ও ফরম্যাট** | **২০৩-২০৭** |
| ৫।গ | **মূল্যায়ন ও ফলোআপ** | **২০৮-২১০** |
| **৬** | ***বিশ্ব ঐতিহ্য সনদ* সমর্থনে উৎসাহ প্রদান** | |
| ৬।ক | **উদ্দেশ্য** | **২১১** |
| ৬।খ | **সক্ষমতা বৃদ্ধি ও গবেষণা** | **২১২-২১৬** |
| | বিশ্ব ঐতিহ্য বিষয়ে দক্ষতা বৃদ্ধি কৌশল | ২১৩ |
| | জাতীয় দক্ষতা বৃদ্ধি কৌশল ও আঞ্চলিক সহযোগিতা | ২১৪-২১৪পুনশ্চ |
| | গবেষণা | ২১৫ |
| | আন্তর্জাতিক সহায়তা | ২১৬ |
| ৬।গ | **সচেতনতা বৃদ্ধি ও শিক্ষা** | **২১৭-২২২** |
| | সচেতনতা বৃদ্ধি | ২১৭-২১৮ |
| | শিক্ষা | ২১৯ |

আন্তর্জাতিক সহায়তা.....২২০-২২২

| | | |
|---|---|---|
| ৭ | বিশ্ব ঐতিহ্য তহবিল ও আন্তর্জাতিক সহায়তা | |
| ৭।ক | বিশ্ব ঐতিহ্য তহবিল | ২২৩-২২৪ |
| ৭।খ | *বিশ্ব ঐতিহ্য সনদ*-এর সমর্থনে অন্যান্য কারিগরি ও আর্থিক সম্পদ আহরণ ও অংশীদারিত্ব | ২২৫-২৩২ |
| ৭।গ | আন্তর্জাতিক সহায়তা | ২২৩-২২৪ |
| ৭।ঘ | আন্তর্জাতিক সহায়তার নীতিমালা ও অগ্রাধিকার | ২৩৬-২৪০ |
| ৭।ঙ | সারাংশ ছক | ২৪১ |
| ৭।চ | কার্যসাধন পদ্ধতি ও ফরম্যাট | ২৪২-২৪৬ |
| ৭।ছ | আন্তর্জাতিক সহায়তার আবেদন মূল্যায়ন | ২৪৭-২৫৪ |
| ৭।জ | চুক্তিভিত্তিক ব্যবস্থা | ২৫৫ |
| ৭।ঝ | আন্তর্জাতিক সহায়তা মূল্যায়ন ও ফলোআপ | ২৫৬-২৫৭ |
| ৮ | বিশ্ব ঐতিহ্যের প্রতীক | |
| ৮।ক | মুখবন্ধ | ২৫৮-২৬৫ |
| ৮।খ | প্রযোজ্যতা | ২৬৬ |
| ৮।গ | রাষ্ট্রপক্ষসমূহের দায়িত্ব | ২৬৭ |
| ৮।ঘ | বিশ্ব ঐতিহ্য প্রতীকের সঠিক ব্যবহার বৃদ্ধি | ২৬৮-২৭৪ |
| | বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদের তালিকাভুক্তি স্মরণের জন্য ফলক তৈরি | ২৬৯-২৭৪ |
| ৮।ঙ | বিশ্ব ঐতিহ্যের প্রতীক ব্যবহারের নীতিমালা | ২৭৫ |
| ৮।চ | বিশ্ব ঐতিহ্যের প্রতীক ব্যবহারে অনুমোদন পদ্ধতি | ২৭৬-২৭৮ |
| | জাতীয় কর্তৃপক্ষসমূহের সাধারণ চুক্তি | ২৭৬-২৭৭ |
| | বিষয়বস্তুর মান নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় চুক্তি | ২৭৮ |
| ৮।ছ | মান নিয়ন্ত্রণে রাষ্ট্রপক্ষসমূহের অধিকার | ২৭৯ |
| ৯ | তথ্যসূত্র | |
| ৯।ক | সচিবালয় কর্তৃক সংরক্ষিত তথ্য | ২৮০-২৮৪ |
| ৯।খ | বিশ্ব ঐতিহ্য কমিটির সদস্য ও অন্যান্য রাষ্ট্রপক্ষের জন্য সুনির্দিষ্ট তথ্য | ২৮৫-২৮৭ |
| ৯।গ | জনসাধারণের নিকট সরবরাহকৃত তথ্য ও প্রকাশনা | ২৮৮-২৯০ |

## পরিশিষ্ট


| | |
|---|---|
| পরিশিষ্ট ১: | অনুসমর্থন/ স্বীকৃতি বিষয়ক মডেল ইনস্ট্রুমেন্ট<br>অধিগমন (অ্যাক্সেশন) বিষয়ক মডেল ইনস্ট্রুমেন্ট |
| পরিশিষ্ট ২ক: | সম্ভাব্য তালিকা দাখিল ফরম্যাট |
| পরিশিষ্ট ২খ: | আন্তর্জাতিক ও আন্তঃসীমান্ত সম্পদের ভবিষ্যৎ মনোনয়নের জন্য<br>সম্ভাব্য তালিকা দাখিল ফরম্যাট |
| পরিশিষ্ট ৩: | বিশ্ব ঐতিহ্য তালিকায় সুনির্দিষ্ট প্রকারের সম্পদ অন্তর্ভুক্তির নির্দেশিকা |
| পরিশিষ্ট ৪: | *বিশ্ব ঐতিহ্য সনদ* সম্পর্কিত প্রামানিকতা |
| পরিশিষ্ট ৫: | বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য সম্পদ মনোনয়নের ফরম্যাট |
| পরিশিষ্ট ৬: | মনোনয়নের জন্য উপদেষ্টা সংস্থার মূল্যায়ন পদ্ধতি |
| পরিশিষ্ট ৭: | বিশ্ব ঐতিহ্য সনদ-এর আবেদন সংক্রান্ত<br>পর্যায়ক্রমিক প্রতিবেদনের ফরম্যাট |
| পরিশিষ্ট ৮: | আন্তর্জাতিক সহায়তার আবেদন ফরম |
| পরিশিষ্ট ৯: | আন্তর্জাতিক সহায়তার আবেদনের জন্য উপদেষ্টা সংস্থার মূল্যায়ন নির্ণায়কসমূহ |
| পরিশিষ্ট ১০: | অনন্য বৈশ্বিক মানসমূহের বিবরণ |
| পরিশিষ্ট ১১: | বিশ্ব ঐতিহ্য সম্পদসমূহের পরিবর্তন |
| পরিশিষ্ট ১২: | উপদেষ্টা সংস্থা মূল্যায়নপত্রের তথ্যগত ভুল উপস্থাপনের ফরম |
| পরিশিষ্ট ১৩: | রাষ্ট্রপক্ষসমূহের সম্পদ সংরক্ষণ প্রতিবেদনের অবস্থা দাখিলের ফরম্যাট |
| পরিশিষ্ট ১৪: | বিশ্ব ঐতিহ্যের প্রতীক ব্যবহার বিষয়ক সারণী |
| পরিশিষ্ট ১৫: | আপস্ট্রিম প্রক্রিয়ার জন্য আবেদন ফরম্যাট |


## নির্বাচিত বিশ্ব ঐতিহ্য গ্রন্থপঞ্জি

## আদ্যাক্ষর ও শব্দসংক্ষেপসমূহ

| | |
|---|---|
| DoCoMoMo | International Committee for the Documentation and Conservation of Monuments and Sites of the Modern Movement (স্মৃতিসৌধ ও আধুনিক আন্দোলনের সঙ্গে সংশ্লিষ্ট স্থানসমূহের নথিভুক্তকরণ ও সংরক্ষণের জন্য আন্তর্জাতিক কমিটি) |
| ICCROM | International Centre for the Study of the Preservation and Restoration of Cultural Property (সাংস্কৃতিক সম্পদ সংরক্ষণ ও পুনঃস্থাপন সংক্রান্ত সমীক্ষার জন্য আন্তর্জাতিক কেন্দ্র) |
| ICOMOS | International Council on Monuments and Sites (স্মৃতিসৌধ ও স্থান বিষয়ক আন্তর্জাতিক পরিষদ) |
| IFLA | International Federation of Landscape Architects (প্রাকৃতিক ভূ-দৃশ্য সংক্রান্ত স্থাপত্যের আন্তর্জাতিক ফেডারেশন) |
| IUCN | International Union for Conservation of Nature and Natural Resources (প্রকৃতি ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের জন্য আন্তর্জাতিক ইউনিয়ন) |
| IUGS | International Union of Geological Sciences (ভূতত্ত্ব বিজ্ঞান বিষয়ক আন্তর্জাতিক ইউনিয়ন) |
| MAB | Man and the Biosphere programme of UNESCO (ইউনেস্কোর মানুষ ও প্রাণমণ্ডল বিষয়ক কর্মসূচি) |
| NGO | Non-governmental organization (বেসরকারি সংগঠন) |
| TICCIH | International Committee for the Conservation of the Industrial Heritage (শিল্প ঐতিহ্য সংরক্ষণ বিষয়ক আন্তর্জাতিক কমিটি) |
| UNEP | United Nations Environment Programme (জাতিসংঘের পরিবেশ কর্মসূচি) |
| UNEP-WCMC | World Conservation Monitoring Centre (UNEP) (বিশ্ব সংরক্ষণ পরিবীক্ষণ কেন্দ্র – ইউএনইপি) |
| UNESCO | United Nations Educational, Scientific and Cultural Organization (জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা) |

# এক পরিচিতি

## ১। ক বাস্তবায়ন নির্দেশিকা

১. *বিশ্ব ঐতিহ্য সনদ বাস্তবায়ন নির্দেশিকা* (পরবর্তীতে *বাস্তবায়ন নির্দেশিকা* হিসেবে উল্লিখিত)-এর উদ্দেশ্য হচ্ছে নিম্নলিখিত বিষয়াদির জন্য প্রয়োজনীয় পদ্ধতি প্রবর্তনের মাধ্যমে *বিশ্ব সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যের সুরক্ষা বিষয়ক সনদ* (পরবর্তীতে *"বিশ্ব ঐতিহ্য সনদ"* বা *"সনদ"* হিসেবে উল্লিখিত)-এর বাস্তবায়ন সহজ করা:

ক) বিশ্ব ঐতিহ্য তালিকা ও বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদের অন্তর্ভুক্তি;

খ) বিশ্ব ঐতিহ্য সম্পদ সুরক্ষা ও সংরক্ষণ;

গ) বিশ্ব ঐতিহ্য তহবিলের আওতায় আন্তর্জাতিক সহায়তা প্রদান;

ঘ) *সনদ*-এর পক্ষে জাতীয় ও আন্তর্জাতিক সমর্থন উদ্বুদ্ধকরণ।

২. বিশ্ব ঐতিহ্য কমিটির সিদ্ধান্ত প্রতিফলনের জন্য *বাস্তবায়ন নির্দেশিকা* পর্যায়ক্রমে সংশোধন করা হয়ে থাকে।

*বাস্তবায়ন নির্দেশিকা*-র ঐতিহাসিক উন্নয়ন এখানে দেখুন: https://whc.unesco.org/en/guidelines/

৩. *বাস্তবায়ন নির্দেশিকা*-র মূল ব্যবহারকারী হলো:

ক) *বিশ্ব ঐতিহ্য সনদ*-এর রাষ্ট্রপক্ষসমূহ;

খ) অনন্য বৈশ্বিক মান-সম্পন্ন সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সুরক্ষার জন্য আন্তঃসরকার কমিটি, পরবর্তীতে "বিশ্ব ঐতিহ্য কমিটি" বা "কমিটি" হিসেবে উল্লিখিত;

গ) বিশ্ব ঐতিহ্য কমিটির সচিবালয় হিসাবে ইউনেস্কো বিশ্ব ঐতিহ্য কেন্দ্র, পরবর্তীতে "সচিবালয়" হিসাবে উল্লিখিত;

ঘ) বিশ্ব ঐতিহ্য কমিটির উপদেষ্টা সংস্থাসমূহ;

ঙ) বিশ্ব ঐতিহ্য সম্পদসমূহ সংরক্ষণে বিভিন্ন স্থান ব্যবস্থাপক, অংশীজন ও সহযোগী।

## ১। খ বিশ্ব ঐতিহ্য সনদ

৪. সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য কেবল প্রত্যেক জাতির জন্যই নয়, বরং সমগ্র মানবজাতির অমূল্য ও অপ্রতিস্থাপনীয় সম্পদের অন্তর্ভুক্ত। কোনো ধরনের অবক্ষয় বা বিলুপ্তির মাধ্যমে এসব অতি মূল্যবান সম্পদের যে কোনোটির ক্ষতি ঐতিহ্য সংরক্ষণের ক্ষেত্রে বিশ্বের সকল মানুষের ব্যর্থতার সামিল। ব্যতিক্রমী গুণাবলির কারণে এসব ঐতিহ্যের নানা অংশ "অনন্য বৈশ্বিক মান" হিসাবে বিবেচিত হতে পারে এবং ক্রমবর্ধমান যে কোনো হুমকি থেকে এসব সম্পদ বিশেষ সুরক্ষার দাবি রাখে।

৫. যতদূর সম্ভব বিশ্বের নানা ঐতিহ্যের যথাযথ সনাক্তকরণ, সুরক্ষা, সংরক্ষণ ও উপস্থাপন নিশ্চিত করার জন্য **১৯৭২** সালে ইউনেস্কোর সদস্য দেশগুলো *বিশ্ব ঐতিহ্য সনদ* গ্রহণ করে। *কনভেনশনে* একটি "বিশ্ব ঐতিহ্য কমিটি" এবং একটি "ওয়ার্ল্ড হেরিটেজ ফান্ড" বা বিশ্ব ঐতিহ্য তহবিল প্রতিষ্ঠার কথা বলা হয়। কমিটি ও তহবিল উভয়ই **১৯৭৬** সাল থেকে কার্যক্রম শুরু করে।

৬. **১৯৭২** সালে *সনদ* গৃহীত হওয়ার পর থেকে আন্তর্জাতিক সম্প্রদায় "টেকসই উন্নয়নের" ধারণা গ্রহণ করেছে। প্রাকৃতিক ও সাংস্কৃতিক ঐতিহ্যের সুরক্ষা ও সংরক্ষণ টেকসই উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে।

৭. *সনদ* অনন্য বৈশ্বিক মান-সম্পন্ন সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যের পরিচিতি, সুরক্ষা, সংরক্ষণ, উপস্থাপন ও ভবিষ্যৎ প্রজন্মের কাছে তা পৌঁছে দেয়ার লক্ষ্যে কাজ করে।

৮. সম্পদসমূহের অনন্য বৈশ্বিক মান মূল্যায়ন করা এবং বিশ্ব ঐতিহ্য সম্পদসমূহের সুরক্ষা ও ব্যবস্থাপনায় রাষ্ট্রপক্ষগুলোকে প্রয়োজনীয় নির্দেশিকা প্রদানের লক্ষ্যে বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদসমূহের নাম অন্তর্ভুক্তির নির্ণায়ক ও শর্তাবলি উন্নয়ন করা হয়েছে।

৯. বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদ কোনো মারাত্মক ও সুনির্দিষ্ট বিপদের কারণে হুমকির মুখে পড়লে কমিটি ঐ সম্পদকে বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য বিবেচনা করে। আবার কোনো সম্পদের অনন্য বৈশ্বিক মান হারিয়ে গেলে বা ক্ষুণ্ন হলে– যে মানের কারণে ঐ সম্পদের নাম বিশ্ব ঐতিহ্য তালিকায় নিবন্ধিত হয়েছিল– কমিটি বিশ্ব ঐতিহ্য তালিকা থেকে ঐ সম্পদের নাম বাদ দেওয়ার বিষয় বিবেচনা করতে পারে।

## ১।গ বিশ্ব ঐতিহ্য সনদ-এর রাষ্ট্রপক্ষসমূহ

১০. বিশ্বের রাষ্ট্রগুলোকে *সনদের* সদস্য হওয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে। অনুসমর্থন/ স্বীকৃতি ও অধিগ্রহণের জন্য মডেল ইনস্ট্রুমেন্ট পরিশিষ্ট-১ হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। স্বাক্ষরিত সংস্করণটি ইউনেস্কোর মহাপরিচালকের নিকট পাঠাতে হবে।

১১. *সনদের* রাষ্ট্রপক্ষসমূহের তালিকা এখানে পাওয়া যাবেঃ https://whc.unesco.org/en/statesparties

১২. সাইট ম্যানেজার, স্থানীয় ও আঞ্চলিক সরকার, স্থানীয় কমিউনিটি, আদিবাসী জনগোষ্ঠী, বেসরকারি সংস্থা (এনজিও)-সহ বিভিন্ন অংশীজন এবং বিশ্ব ঐতিহ্য সম্পদসমূহ সনাক্তকরণ, মনোনয়ন, ব্যবস্থাপনা ও সুরক্ষা প্রক্রিয়ায় আগ্রহী অন্যান্য দল ও সহযোগীদের মানবাধিকারভিত্তিক কৌশল অবলম্বন ও লিঙ্গসমতার ভিত্তিতে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য *সনদের* রাষ্ট্রপক্ষগুলোকে উৎসাহ প্রদান করা হচ্ছে। সিদ্ধান্ত 43 COM 11A

১৩. *সনদ* বাস্তবায়নের জন্য *সনদের* রাষ্ট্রপক্ষসমূহ প্রাথমিকভাবে জাতীয় সমন্বয়কারী সংস্থা হিসেবে দায়িত্বপ্রাপ্ত সরকারি সংস্থাসমূহের নাম ও যোগাযোগের জন্য বিস্তারিত তথ্য সচিবালয়কে প্রদান করবে, যাতে যোগাযোগের সকল সরকারি চিঠিপত্রের অনুলিপি ও নথিপত্র সচিবালয় কর্তৃক যথাযথভাবে জাতীয় সমন্বয়কারী সংস্থাসমূহের নিকট পাঠানো যায়। সিদ্ধান্ত 43 COM 11A

১৪. *সনদ* বাস্তবায়ন নিয়ে আলোচনার জন্য রাষ্ট্রপক্ষগুলিকে তাদের সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যের বিশেষজ্ঞদের নিয়মিত বিরতিতে সভায় একত্রিত করার জন্য উৎসাহিত করা হচ্ছে। এ ধরনের আলোচনায় রাষ্ট্রপক্ষগুলো প্রয়োজন অনুযায়ী উপদেষ্টা সংস্থার প্রতিনিধি এবং অন্যান্য বিশেষজ্ঞ ও সহযোগীকে সম্পৃক্ত করতে পারে। সিদ্ধান্ত 43 COM 11A

১৪.পুনশ্চ. ২০৩০ টেকসই উন্নয়ন ও আন্তর্জাতিক মানবাধিকার মানদণ্ড বিষয়ক এজেন্ডা-সহ বিশ্ব ঐতিহ্য কমিটি, কনভেনশনে রাষ্ট্রপক্ষসমূহের জেনারেল অ্যাসেম্বলি এবং ইউনেস্কো গভর্নিং বডি-সমূহ কর্তৃক গৃহীত প্রাসঙ্গিক নীতিমালাগুলির বিভিন্ন মূলনীতি, যেমন– *বিশ্ব ঐতিহ্য সনদ*-এর প্রক্রিয়ার মধ্যে টেকসই উন্নয়ন দৃষ্টিভঙ্গি এবং বিভিন্ন আদিবাসী জনগোষ্ঠীকে সম্পৃক্তিকরণ বিষয়ক ইউনেস্কোর নীতিমালা অন্তর্ভুক্তির জন্য নীতিমালাগুলির নথি এবং সংশ্লিষ্ট অন্যান্য নীতিমালা ও নথিসমূহ বিশ্ব ঐতিহ্য সনদ সম্পর্কিত রাষ্ট্রপক্ষসমূহের কর্মসূচি ও কার্যক্রমের মূলধারায় অন্তর্ভুক্তির জন্য রাষ্ট্রপক্ষগুলিকে উৎসাহিত করা হচ্ছে। সিদ্ধান্ত 43 COM 11A

১৫. যেসব রাষ্ট্রের ভূখণ্ডে কোনো সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য অবস্থিত ঐসব রাষ্ট্রের সার্বভৌমত্বের প্রতি সম্পূর্ণ শ্রদ্ধা প্রদর্শন পূর্বক *সনদের* রাষ্ট্রপক্ষসমূহ ঐতিহ্যটির সুরক্ষায় সহযোগিতার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের সমষ্টিগত স্বার্থকে স্বীকৃতি প্রদান করবে। এক্ষেত্রে *বিশ্ব ঐতিহ্য সনদের* রাষ্ট্রপক্ষগুলোর দায়িত্ব হলো: *বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ৬(১) সিদ্ধান্ত 43 COM 11A

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ৪ এবং ৬(২)

ক) নিজ নিজ ভূখণ্ডে অবস্থিত সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সনাক্তকরণ, মনোনয়ন, সুরক্ষা, সংরক্ষণ, উপস্থাপন এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে তা পৌঁছানো নিশ্চিত করা এবং এসব কাজে সাহায্য চাইলে অন্যান্য রাষ্ট্রপক্ষকেও প্রয়োজনীয় সাহায্য প্রদান করা;

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ৫

খ) জনজীবনে ঐতিহ্যের যেন একটি ভূমিকা থাকে তার জন্য সাধারণ নীতিমালা গ্রহণ করা;

গ) বিশেষ করে সম্পদের সামাজিক ও পরিবেশগত ব্যবস্থাপনার স্থিতিস্থাপকতাকে গুরুত্ব দিয়ে সার্বিক পরিকল্পনা কর্মসূচি সমন্বয় প্রক্রিয়ার মধ্যে ঐতিহ্য সুরক্ষার বিষয় অন্তর্ভুক্ত করা;

ঘ) ঐতিহ্য সুরক্ষা, সংরক্ষণ ও উপস্থাপনের জন্য প্রয়োজনীয় সেবা ব্যবস্থা প্রতিষ্ঠা করা;

ঙ) ঐতিহ্যকে হুমকির মুখে ঠেলে দেয় এমন যে কোনো বিপদ মোকাবেলায় প্রয়োজনীয় কার্যক্রম চিহ্নিত করার জন্য বিজ্ঞান ও কারিগরি গবেষণা বিকশিত করা;

চ) ঐতিহ্য সুরক্ষার জন্য যথাযথ আইনগত, বিজ্ঞানসম্মত, কারিগরি, প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থা গ্রহণ করা;

ছ) ঐতিহ্য সুরক্ষা, সংরক্ষণ ও উপস্থাপন সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান এবং এই ক্ষেত্রগুলিতে বিজ্ঞান গবেষণা উৎসাহিত করার জন্য জাতীয় বা আঞ্চলিক কেন্দ্র প্রতিষ্ঠা বা উন্নয়ন বজায় রাখা;

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ৬(৩)

জ) ইচ্ছাকৃতভাবে এমন কোনো পদক্ষেপ গ্রহণ না করা যার ফলে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিজেদের ঐতিহ্য কিংবা *সনদের* অন্যান্য রাষ্ট্রপক্ষের ঐতিহ্য ক্ষতিগ্রস্ত হয়;

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১১(১)

ঝ) বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য উপযুক্ত সম্পদগুলোর একটি তালিকা বিশ্ব ঐতিহ্য কমিটির নিকট দাখিল করা ('সম্ভাব্য তালিকা' হিসাবে উল্লিখিত); *বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১৬(১)

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১৭

ঞ) বিশ্ব ঐতিহ্য তহবিলে *সনদের* রাষ্ট্রপক্ষগুলোর সাধারণ পরিষদ কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ নিয়মিতভাবে প্রদান করা; *বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১৮

ট) বিশ্ব ঐতিহ্য সুরক্ষার জন্য অনুদান সহজীকরণের লক্ষ্যে জাতীয়, জনসাধারণ ও ব্যক্তি উদ্যোগে ফাউন্ডেশন বা সমিতি প্রতিষ্ঠার কথা বিবেচনা ও উৎসাহিত করা; *বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ২৭

ঠ) বিশ্ব ঐতিহ্য তহবিলের জন্য সংগঠিত আন্তর্জাতিক তহবিল গঠন প্রচারণায় সহায়তা প্রদান;

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ২৯। রাষ্ট্রপক্ষসমূহের ১১তম সাধারণ পরিষদ (১৯৯৭) কর্তৃক গৃহীত রেজুলেশন

ড) *সনদের* ধারা ১ ও ২-এ বর্ণিত সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যের প্রতি জনসাধারণের সমাদর ও শ্রদ্ধা জোরদার করা এবং ঐতিহ্যটিকে হুমকির মুখে ঠেলে দেয় এমন যে কোনো বিপদ সম্পর্কে জনসাধারণকে অবহিত করার জন্য শিক্ষা ও তথ্য কর্মসূচি ব্যবহার করা;

*বিশ্ব ঐতিহ্য কমিটির রুলস্ অব প্রোসিডিউর*-এর প্রবিধান ৮.১

ঢ) *বিশ্ব ঐতিহ্য সনদ* বাস্তবায়ন ও সম্পদ সংরক্ষণের অবস্থা সম্পর্কে বিশ্ব ঐতিহ্য কমিটিকে তথ্য প্রদান করা; এবং

ণ) বিশ্ব ঐতিহ্য প্রক্রিয়া এবং বিশ্ব ঐতিহ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা পদ্ধতিতে লিঙ্গসমতাসহ টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে অবদান রাখা এবং মেনে চলা।

১৬. বিশ্ব ঐতিহ্য কমিটি এবং এর সহায়ক সংস্থাগুলোর অধিবেশনগুলিতে অংশগ্রহণের জন্য রাষ্ট্রপক্ষগুলিকে উৎসাহিত করা হচ্ছে।

## ১।ঘ *বিশ্ব ঐতিহ্য সনদের* রাষ্ট্রপক্ষসমূহের সাধারণ পরিষদ

১৭. *বিশ্ব ঐতিহ্য সনদের* রাষ্ট্রপক্ষসমূহের সাধারণ পরিষদ ইউনেস্কোর সাধারণ সম্মেলনের অধিবেশনে মিলিত হয়। সাধারণ পরিষদ তার কার্যপ্রণালি বিধি অনুসারে সভাগুলো পরিচালনা করে, যা এখানে পাওয়া যাবে:

https://whc.unesco.org/en/ga

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ৮ (১), বিশ্ব ঐতিহ্য কমিটির রুলস্ অব প্রোসিডিউর-এর প্রবিধান ৪৯।

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ৮ (১), ১৬ (১) ও ২৯, এবং বিশ্ব ঐতিহ্য কমিটির রুলস্ অফ প্রোসিডিউর-এর প্রবিধান ৪৯।

১৮. সাধারণ পরিষদ সকল রাষ্ট্রপক্ষের জন্য প্রযোজ্য ওয়ার্ল্ড হেরিটেজ ফান্ডে প্রদেয় অর্থের একটি অভিন্ন শতকরা হার নির্ধারণ করে এবং বিশ্ব ঐতিহ্য কমিটির সদস্যদের নির্বাচিত করে। সাধারণ পরিষদ ও ইউনেস্কোর সাধারণ সম্মেলন উভয়ই বিশ্ব ঐতিহ্য কমিটির নিকট থেকে তার কার্যক্রম প্রতিবেদন গ্রহণ করে থাকে।

## ১।ঙ বিশ্ব ঐতিহ্য কমিটি

কমিটির সচিবালয় অর্থাৎ বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের মাধ্যমে বিশ্ব ঐতিহ্য কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৯. বিশ্ব ঐতিহ্য কমিটি ২১ জন সদস্যের সমন্বয়ে গঠিত এবং বছরে কমপক্ষে একবার (জুন/জুলাই মাসে) সভায় মিলিত হয়। এই কমিটি তার ব্যুরো প্রতিষ্ঠা করে, যা কমিটির অধিবেশন চলাকালে যতবার প্রয়োজন সভায় মিলিত হয়ে থাকে। কমিটি এবং এর ব্যুরোর গাঠনিক কাঠামো এখানে পাওয়া যাবে:
https://whc.unesco.org/en/committee

২০. কমিটি তার রুলস্ অব প্রোসিডিউর অনুসারে সভা পরিচালনা করে, যা এখানে দেখা যেতে পারে:
https://whc.unesco.org/en/committee

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ৯ (১)।

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ৮(২) এবং *বিশ্ব ঐতিহ্য সনদের* রাষ্ট্রপক্ষসমূহের সাধারণ পরিষদের ৭ম (১৯৮৯), ১২শ (১৯৯৯) ও ১৩শ (২০০১) সম্মেলনের রেজুলেশন।

২১. কমিটির সদস্যদের কার্যকাল ছয় বছর, তবে যথাযথ প্রতিনিধিত্ব ও পর্যায়ক্রম নিশ্চিত করার জন্য সাধারণ পরিষদ কর্তৃক রাষ্ট্রপক্ষগুলিকে স্বেচ্ছায় তাদের কার্যকাল ছয় থেকে চার বছর পর্যন্ত হ্রাস করার জন্য আমন্ত্রণ জানানো হয় এবং পরপর মেয়াদে প্রতিনিধিত্ব করার ব্যাপারে আগ্রহ প্রকাশে নিরুৎসাহিত করা হয়।

রাষ্ট্রপক্ষগুলোর সাধারণ পরিষদ সম্মেলনের রুলস্ অফ প্রোসিডিউর-এর প্রবিধান ১৪.১।
সিদ্ধান্ত 43 COM 11A

২২. প্রত্যেক নির্বাচনের ক্ষেত্রে, অন্ততঃপক্ষে এমন একটি রাষ্ট্রপক্ষ নির্বাচনের বিষয় যথাযথভাবে বিবেচনা করতে হবে– যে রাষ্ট্রপক্ষ ইতোপূর্বে কখনোই বিশ্ব ঐতিহ্য কমিটির সদস্য হিসেবে কাজ করেনি।

২৩. সুনির্দিষ্ট উদ্দেশ্য ও বিজ্ঞানসম্মত বিবেচনার উপর ভিত্তি করে কমিটির সিদ্ধান্ত গ্রহণ করা হয়, এবং কমিটির পক্ষ থেকে যে কোনো মূল্যায়ন অবশ্যই পুঙ্খানুপুঙ্খ ও দায়িত্বশীলতার সাথে পরিচালনা করতে হবে। কমিটি স্বীকার করে যে, এ ধরনের সিদ্ধান্ত নিম্নলিখিত বিষয়ের ওপর নির্ভর করে:

ক) সতর্কতার সাথে প্রস্তুতকৃত নথি;

খ) পুঙ্খানুপুঙ্খ ও সামঞ্জস্যপূর্ণ পদ্ধতি;

গ) যোগ্যতাসম্পন্ন বিশেষজ্ঞ দ্বারা মূল্যায়ন; এবং

ঘ) প্রয়োজনে সুপারিশকৃত বিশেষজ্ঞের সাহায্য গ্রহণ।

২৪. কমিটির প্রধান কাজ হলো রাষ্ট্রপক্ষসমূহের সহযোগিতায়:

ক) রাষ্ট্রপক্ষ কর্তৃক দাখিলকৃত সম্ভাব্য তালিকা ও মনোনয়নের ভিত্তিতে সনদের আওতায় সুরক্ষা নিশ্চিত করা প্রয়োজন এমন অনন্য বৈশ্বিক মান-সম্পন্ন সকল সাংস্কৃতিক ও প্রাকৃতিক সম্পদ সনাক্ত করা এবং ঐ সকল সম্পদ বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত করা;

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১১(২)

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ২৯

খ) সক্রিয় পরিবীক্ষণ (রিয়্যাক্টিভ মনিটরিং, চতুর্থ অধ্যায় দেখুন) ও সাময়িক প্রতিবেদন (পঞ্চম অধ্যায় দেখুন) প্রক্রিয়ার মাধ্যমে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদের সংরক্ষণের অবস্থা পরীক্ষা করা;

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১১(৪) এবং ১১(৫)।

গ) বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত কোন কোন সম্পদের নাম বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় লিখতে হবে, বা বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকা থেকে কোন কোন সম্পদের নাম অপসারণ করতে হবে এ সিদ্ধান্ত গ্রহণ করবে;

ঘ) বিশ্ব ঐতিহ্য তালিকা থেকে কোনো সম্পদের নাম মুছে ফেলা হবে কিনা এ সিদ্ধান্ত গ্রহণ করবে (চতুর্থ অধ্যায় দেখুন);

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ২১(১) এবং ২১(৩)।

ঙ) আন্তর্জাতিক সহায়তা সংক্রান্ত আবেদন বিবেচনার জন্য প্রয়োজনীয় কার্যপদ্ধতি নির্ধারণ করবে এবং কোনো সিদ্ধান্তে পৌঁছার পূর্বে প্রয়োজন অনুযায়ী সমীক্ষা ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করবে (সপ্তম অধ্যায় দেখুন);

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১৩(৬)।

চ) রাষ্ট্রপক্ষগুলোকে তাদের অনন্য বৈশ্বিক মান-সম্পন্ন সম্পদ সুরক্ষায় সহায়তা করার জন্য কিভাবে সবচেয়ে সুবিধাজনক উপায়ে বিশ্ব ঐতিহ্য তহবিল ব্যবহার করা যায় তা নির্ধারণ করবে;

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ২৯(৩) এবং বিশ্ব ঐতিহ্য কমিটির রুলস্ অব প্রোসিডিউর-এর প্রবিধান ৪৯

ছ) বিশ্ব ঐতিহ্য তহবিল বৃদ্ধির উপায় অন্বেষণ করবে;

জ) প্রতি দুই বছর অন্তর রাষ্ট্রপক্ষসমূহের সাধারণ পরিষদ এবং ইউনেস্কো সাধারণ সম্মেলনে কমিটির কার্যক্রম প্রতিবেদন জমা দিবে;

ঝ) সময়ে সময়ে *সনদ* বাস্তবায়ন পর্যালোনা ও মূল্যায়ন করবে;

ঞ) *বাস্তবায়ন নির্দেশিকা* পর্যালোচনা ও গ্রহণ করবে।

কমিটি কর্তৃক ১৯৯২ সালে গৃহীত প্রথম 'কৌশলগত অবহিতকরণ'-এর বিষয়বস্তু পরিশিষ্ট ২-এর WHC-92/CONF.002/12 ডকুমেন্টে রয়েছে

২৫. *সনদ* বাস্তবায়নে সহায়তা করার জন্য কমিটি কৌশলগত উদ্দেশ্য প্রণয়ন করবে; বিশ্ব ঐতিহ্যের উপর যে কোনো নতুন হুমকির মোকাবেলা কার্যকরভাবে নিশ্চিত করার জন্য কমিটির লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ করতে ঐসকল কৌশলগত উদ্দেশ্যাবলি পর্যালোচনা ও সংশোধন করা হয়ে থাকে।

*বিশ্ব ঐতিহ্য কমিটি* ২০০২ সালে কৌশলগত উদ্দেশ্যাবলি সংশোধন করে। *বিশ্ব ঐতিহ্য সংক্রান্ত বুদাপেস্ট ঘোষণা* (২০০২) এই ওয়েব ঠিকানায় পাওয়া যাবে: https://whc.unesco.org/en/budapestdeclaration

২৬. বর্তমান ৫টি কৌশলগত উদ্দেশ্য ("৫ সি" হিসাবে উল্লিখিত) হলো:

১. বিশ্ব ঐতিহ্য তালিকার বিশ্বস্ততা (Credibility) শক্তিশালী করা;

২. বিশ্ব ঐতিহ্য সম্পদসমূহের কার্যকর সংরক্ষণ (Conservation) নিশ্চিত করা;

৩. রাষ্ট্রপক্ষগুলিতে কার্যকর সক্ষমতা উন্নয়ন (Capacity-building) জোরদার করা;

৪. যোগাযোগ (Communication)-এর মাধ্যমে জনগণের সচেতনতা, সম্পৃক্ততা ও সমর্থন বাড়ানো;

৫. বিশ্ব ঐতিহ্য সনদ বাস্তবায়নে জনসাধারণ (Community)-এর ভূমিকা বৃদ্ধি করা।

সিদ্ধান্ত 31 COM 13B

## ১।চ বিশ্ব ঐতিহ্য কমিটির সচিবালয় (বিশ্ব ঐতিহ্য কেন্দ্র)

UNESCO World Heritage Centre
7, place de Fontenoy
75352 Paris 07 SP
France
Tel: +33 (0) 1 4568 4378
https://whc.unesco.org/

২৭. ইউনেস্কোর মহাপরিচালক কর্তৃক নিযুক্ত সচিবালয় বিশ্ব ঐতিহ্য কমিটিকে সহায়তা প্রদান করে থাকে। সচিবালয়ের কার্যক্রমের দায়দায়িত্ব গ্রহণের উদ্দেশ্যে ১৯৯২ সালে বিশেষভাবে প্রতিষ্ঠিত বিশ্ব ঐতিহ্য কেন্দ্র বর্তমানে সচিবালয়ের দায়িত্ব পালন করছে। কমিটির সচিব হিসাবে ইউনেস্কোর মহাপরিচালক বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের পরিচালককে মনোনয়ন দিয়েছেন। সচিবালয় রাষ্ট্রপক্ষ ও উপদেষ্টা সংস্থাকে সহায়তা ও সহযোগিতা প্রদান করে থাকে। সচিবালয় অন্যান্য ক্ষেত্র এবং ইউনেস্কোর মাঠপর্যায়ের কার্যালয়গুলোর সাথেও নিবিড়ভাবে কাজ করে।

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১৪।

বিশ্ব ঐতিহ্য কমিটির রুলস্ অব প্রোসিডিউর-এর প্রবিধান ৪৩। ২১ অক্টোবর ২০০৩-এর ১৬ নং বিজ্ঞপ্তিপত্র। https://whc.unesco.org/circs/circ03-16e.pdf

২৮. সচিবালয়ের প্রধান কাজগুলি হলো:

সিদ্ধান্ত 39 COM 11
সিদ্ধান্ত 43 COM 11A

ক) সাধারণ সভা ও কমিটির সভা আয়োজন;

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১৪.২।

খ) বিশ্ব ঐতিহ্য কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন, জেনারেল অ্যাসেম্বলির রেজুলেশন এবং এর কার্যক্রম পরিচালনা সংক্রান্ত প্রতিবেদন;

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১৪.২ এবং বিশ্ব ঐতিহ্য সংক্রান্ত বুদাপেস্ট ঘোষণা (২০০২)

গ) বিশ্ব ঐতিহ্য তালিকার মনোনয়নসমূহ গ্রহণ, নিবন্ধন, সম্পূর্ণতা যাচাই, সংরক্ষণ ও সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থার নিকট প্রেরণ;

ঘ) একটি প্রতিনিধিত্বমূলক, সুষম এবং বিশ্বাসযোগ্য বিশ্ব ঐতিহ্য তালিকার জন্য বৈশ্বিক কৌশলের অংশ হিসাবে সমীক্ষা ও কার্যক্রম সমন্বয়ন;

ঙ) সাময়িক প্রতিবেদন প্রস্তুতি;

চ) সক্রিয় পরিবীক্ষণ (রিঅ্যাক্টিভ মনিটরিং)[১] মিশনসহ সক্রিয় পরিবীক্ষণ সমন্বয়ন ও পরিচালনা এবং এর পাশাপাশি প্রয়োজন অনুযায়ী অ্যাডভাইজরি মিশনসমূহের সাথে সমন্বয় ও অংশগ্রহণ;

ছ) আন্তর্জাতিক সহায়তা সমন্বয়;

---

[১] সক্রিয় পরিবীক্ষণ মিশন হচ্ছে বিশ্ব ঐতিহ্য কমিটির নিকট সচিবালয় ও উপদেষ্টা সংস্থা কর্তৃক ঝুঁকিপূর্ণ সুনির্দিষ্ট সম্পদসমূহ সংরক্ষণের অবস্থা সংক্রান্ত বিধিবদ্ধ প্রতিবেদনের অংশবিশেষ (অনুচ্ছেদ ১৬৯ দেখুন)। সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষের সাথে পরামর্শক্রমে সম্পদের অবস্থা, সম্পদের ঝুঁকি ও সম্পদ পুনরুদ্ধারের যথেষ্ট সম্ভাব্যতা নিশ্চিত করা বা এধরনের সংশোধন ব্যবস্থা বাস্তবায়নের অগ্রগতি মূল্যায়ন করার জন্য বিশ্ব ঐতিহ্য কমিটি তাদেরকে অনুরোধ করে থাকে, আর এগুলোর মধ্যে রয়েছে কমিটির নিকট মিশনের ফলাফল সংক্রান্ত একটি পুনঃপ্রতিবেদন জমা দেওয়া (অনুচ্ছেদ ১৭৬.ঙ দেখুন)। বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক গৃহীত এবং রাষ্ট্রপক্ষ ও উপদেষ্টা সংস্থা-সমূহের সাথে পরামর্শক্রমে সম্মিলিত সিদ্ধান্ত মোতাবেক বিশ্ব ঐতিহ্য কেন্দ্র কর্তৃক সক্রিয় পরিবীক্ষণ মিশনের টার্মস অব রেফারেন্স প্রস্তাবিত হয়ে থাকে। এ ধরনের দায়িত্ব পালনের জন্য নিয়োজিত বিশেষজ্ঞগণ যে দেশে সম্পদটি অবস্থিত সেই দেশের নাগরিক হতে পারবেন না। তবে সম্ভব হলে সম্পদটি যে অঞ্চলে অবস্থিত সেই অঞ্চলের বিশেষজ্ঞ নিয়োগ দিতে উৎসাহিত করা যেতে পারে। সক্রিয় পরিবীক্ষণ মিশনের সকল ব্যয় বিশ্ব ঐতিহ্য তহবিল থেকে বহন করা হয়।

[২] উপদেষ্টা মিশনগুলি রাষ্ট্রপক্ষসমূহের স্বেচ্ছাপ্রণোদিত উদ্যোগ হিসেবে পরিচালিত হয় এবং উপদেষ্টা মিশনের জন্য অনুরোধকারী রাষ্ট্রপক্ষগুলির আবেদন ও সিদ্ধান্তের ওপর নির্ভর করে বলে কোনো উপদেষ্টা মিশনই কঠোর সংবিধিবদ্ধ ও বাধ্যতামূলক প্রক্রিয়ার অংশ নয়। অ্যাডভাইজরি মিশন বলতে ঐসব মিশনকে বোঝায় যা কোনো সুনির্দিষ্ট বিষয়ে রাষ্ট্রপক্ষগুলোকে বিশেষজ্ঞ পরামর্শ প্রদান করে থাকে। সাইট সনাক্তকরণ, সম্ভাব্য তালিকা বা বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির উদ্দেশ্যে মনোনয়নের জন্য "আপস্ট্রিম" সহায়তা প্রদানে এসব মিশন কাজ করতে পারে অথবা এর পরিবর্তে সম্পদসমূহ সংরক্ষণের অবস্থার সাথে সংশ্লিষ্ট করে অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত কোনো বড় ধরনের উন্নয়ন প্রকল্পের প্রভাব সম্পর্কে, কোনো ব্যবস্থাপনা পরিকল্পনার প্রস্তুতি/ পুনর্বিবেচনা বিষয়ে, কিংবা সুনির্দিষ্ট নিরসন ব্যবস্থা ইত্যাদি বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে এসব মিশন পরামর্শ প্রদান করতে পারে। উপদেষ্টা মিশনের টার্মস অব রেফারেন্স রাষ্টপক্ষের দ্বারাই প্রস্তাবিত হয়ে থাকে, এবং বিশ্ব ঐতিহ্য কেন্দ্র ও সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থা বা অন্য কোনো সংগঠন কিংবা বিশেষজ্ঞের পরামর্শক্রমে এসব রেফারেন্স পুনর্বিন্যাস করা হয়। এ ধরনের দায়িত্ব পালনের জন্য নিয়োজিত বিশেষজ্ঞগণ যে দেশে সম্পদটি অবস্থিত সেই দেশের নাগরিক হতে পারবেন না। তবে সম্ভব হলে সম্পদটি যে অঞ্চলে অবস্থিত সেই একই অঞ্চলের বিশেষজ্ঞ নিয়োগ দেওয়ার জন্য উৎসাহিত করা যেতে পারে। সিদ্ধান্ত 38 COM 12-এর অনুমোদনে কোনো রাষ্ট্রপক্ষ সংশ্লিষ্ট আন্তর্জাতিক সহায়তা বা অ্যাডভাইজরি মিশনের জন্য নতুন বাজেট থেকে তহবিল পাওয়ার যোগ্য না হলে অ্যাডভাইজরি মিশনের সমস্ত ব্যয় মিশন আহ্বানকারী রাষ্ট্রপক্ষকেই বহন করতে হবে।

জ) বিশ্ব ঐতিহ্য সম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য বাজেট বহির্ভূত সম্পদের সংস্থান;

ঝ) কমিটির কর্মসূচি ও প্রকল্প বাস্তবায়নের জন্য রাষ্ট্রপক্ষগুলোকে সহায়তা প্রদান; এবং

ঞ) রাষ্ট্রপক্ষ, উপদেষ্টা সংস্থা ও সাধারণ জনগণের কাছে তথ্য প্রচারের মাধ্যমে বিশ্ব ঐতিহ্য ও সনদ তুলে ধরার ক্ষেত্রে সহায়তা করা।

২৯. এই কার্যক্রমগুলির জন্য কমিটির সিদ্ধান্ত ও কৌশলগত উদ্দেশ্যাবলিসহ রাষ্ট্রপক্ষগুলোর সাধারণ সভার সিদ্ধান্ত অনুসরণ করা হয় এবং উপদেষ্টা সংস্থাগুলির নিবিড় সহযোগিতায় পরিচালিত হয়।

## ১।ছ বিশ্ব ঐতিহ্য কমিটির উপদেষ্টা সংস্থা

৩০. বিশ্ব ঐতিহ্য কমিটির উপদেষ্টা সংস্থা হচ্ছে ইকরম (International Centre for the Study of the Preservation and Restoration of Cultural Property), ইকমস (the International Council on Monuments and Sites), এবং আইইউসিএন (International Union for Conservation of Nature)। *বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ৮.৩

৩১. উপদেষ্টা সংস্থাসমূহের ভূমিকা নিম্নরূপ:

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১৩.৭

ক) উপদেষ্টা সংস্থাসমূহের নিজ নিজ দক্ষতার ক্ষেত্র অনুযায়ী *বিশ্ব ঐতিহ্য সনদ* বাস্তবায়নের পরামর্শ প্রদান; সিদ্ধান্ত 39 COM 11

খ) কমিটির নথিভুক্তকরণ ও কমিটি সভার আলোচ্যসূচি প্রস্তুত করা এবং কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে সচিবালয়কে সহায়তা করা;

গ) একটি প্রতিনিধিত্বমূলক, সুষম ও বিশ্বাসযোগ্য বিশ্ব ঐতিহ্য তালিকা, বিশ্ব ঐতিহ্য বিষয়ে দক্ষতা বৃদ্ধি কৌশল, সাময়িক প্রতিবেদন এবং বিশ্ব ঐতিহ্য তহবিলের কার্যকর ব্যবহার শক্তিশালীকরণের জন্য বৈশ্বিক কৌশলপত্র উন্নয়ন ও বাস্তবায়নে সহায়তা করা; *বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১৪.২

ঘ) ওয়ার্ল্ড হেরিটেজ সম্পদ সংরক্ষণের অবস্থা পরিবীক্ষণ করা (কমিটির অনুরোধে রিঅ্যাক্টিভ মনিটরিং মিশনের মাধ্যমে এবং রাষ্ট্রপক্ষগুলোর আমন্ত্রণে অ্যাডভাইজরি মিশনের মাধ্যমে) এবং আন্তর্জাতিক সহায়তার আবেদন পর্যালোচনা করা;

ই) ইকমস এবং আইইউসিএন-এর ক্ষেত্রে, মনোনয়ন প্রদানকারী রাষ্ট্রপক্ষের সাথে পরামর্শ ও সংলাপের পরিপ্রেক্ষিতে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য মনোনীত সম্পদ মূল্যায়ন, এবং কমিটির নিকট মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন; এবং *বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ৮.৩

চ) উপদেষ্টার ক্ষমতাবলে বিশ্ব ঐতিহ্য কমিটি ও ব্যুরোর সভাগুলোতে অংশগ্রহণ।

### ইকরম

৩২. ইকরম (International Centre for the Study of the Preservation and Restoration of Cultural Property) একটি আন্তঃসরকার আন্তর্জাতিক সংগঠন। এর সদর দপ্তর ইতালির রোমে অবস্থিত। ইউনেস্কো কর্তৃক ১৯৫৬ প্রতিষ্ঠিত ইকরম-এর বিধিবদ্ধ কার্যক্রমগুলো হচ্ছে স্থাবর ও অস্থাবর সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ শক্তিশালী করার লক্ষ্যে গবেষণা, নথিভুক্তকরণ, কারিগরি সহায়তা প্রদান, প্রশিক্ষণ ও জনসচেতনতা সৃষ্টিমূলক কর্মসূচি গ্রহণ।

**ICCROM**
Via di S. Michele, 13
I-00153 Rome, Italy
Tel : +39 06 585531
Fax: +39 06 5855 3349
Email: iccrom@iccrom.org
https://www.iccrom.org/

৩৩. *কনভেনশন* সম্পর্কিত ইকরম-এর সুনির্দিষ্ট ভূমিকা হলো: সাংস্কৃতিক ঐতিহ্য বিষয়ক প্রশিক্ষণে অগ্রাধিকারের ভিত্তিতে অংশীদার হওয়া, বিশ্ব সাংস্কৃতিক ঐতিহ্য সম্পদসমূহের অবস্থা পরিবীক্ষণ, রাষ্ট্রপক্ষ কর্তৃক দাখিলকৃত আন্তর্জাতিক সহায়তার আবেদন পর্যালোচনা, এবং সক্ষমতা বৃদ্ধিমূলক কার্যক্রমে সহায়তা ও সমর্থন প্রদান।

**ইকমস**

**ICOMOS**
11 rue du Séminaire de Conflans
94220 Charenton-le-Pont
France
Tel : +33 (0)1 41 94 17 59
Fax : +33 (0)1 48 93 19 16
E-mail: secretariat@icomos.org
https://www.icomos.org/

৩৪. ইকমস (International Council on Monuments and Sites) একটি বেসরকারি সংগঠন। ফ্রান্সের Charenton-le-Pont এ এর সদর দপ্তর অবস্থিত। ১৯৬৫ প্রতিষ্ঠিত এই সংগঠনের ভূমিকা হলো স্থাপত্য এবং প্রত্নতাত্ত্বিক ঐতিহ্য সংরক্ষণের তত্ত্ব, পদ্ধতি ও বৈজ্ঞানিক কলাকৌশলের প্রয়োগ উন্নয়ন। এর কার্যক্রম ১৯৬৪ সালের ঐতিহাসিক সৌধ ও স্থানসমূহের সংরক্ষণ এবং পুনঃস্থাপন বিষয়ক আন্তর্জাতিক সনদের (ভেনিস সনদ) নীতির উপর ভিত্তি করে চালানো হয়।

৩৫. *সনদের* সাথে সম্পর্কিত ইকমস-এর সুনির্দিষ্ট ভূমিকা হলো: বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য মনোনীত সম্পদের মূল্যায়ন, বিশ্ব ঐতিহ্যের সাংস্কৃতিক সম্পদসমূহ সংরক্ষণের অবস্থা পরিবীক্ষণ, আন্তর্জাতিক সহায়তার জন্য রাষ্ট্রপক্ষসমূহের দাখিলকৃত আবেদন পর্যালোচনা এবং সক্ষমতা বৃদ্ধিমূলক কার্যক্রমে সহায়তা ও সমর্থন প্রদান।

**আইইউসিএন**

**IUCN - The International Union for Conservation of Nature**
rue Mauverney 28
CH-1196 Gland, Switzerland
Tel: + 41 22 999 0001
Fax: +41 22 999 0010
E-Mail: mail@hq.iucn.org
https://www.iucn.org

৩৬. আইইউসিএন ১৯৪৮ সালে প্রতিষ্ঠিত, যা জাতীয় সরকার, এনজিও ও বিজ্ঞানীদেরকে বিশ্বব্যাপী অংশীদারিত্বের জন্য একত্রিত করে থাকে। আইইউসিএন-এর সদর দপ্তর সুইজারল্যান্ডের গ্ল্যান্ডে অবস্থিত। এর মিশন হচ্ছে বিশ্বব্যাপী সকল সমাজের অখণ্ডতা ও প্রাকৃতিক বৈচিত্র্য সংরক্ষণে সমাজকে প্রভাবিত, উৎসাহিত ও সহায়তা করা এবং প্রাকৃতিক সম্পদের সবধরনের ব্যবহার যাতে ন্যায়সম্মত হয় এবং পরিবেশগতভাবে টেকসই হয় তা নিশ্চিত করা।

৩৭. *সনদের* সাথে সম্পর্কিত আইইউসিএন-এর সুনির্দিষ্ট ভূমিকা হলো: বিশ্ব ঐতিহ্য তালিকায়অন্তর্ভুক্তির জন্য মনোনীত সম্পদের মূল্যায়ন, বিশ্ব ঐতিহ্যের প্রাকৃতিক সম্পদসমূহের সংরক্ষণের অবস্থা পরিবীক্ষণ, রাষ্ট্রপক্ষসমূহের দাখিলকৃত আন্তর্জাতিক সহায়তার আবেদন পর্যালোচনা এবং সক্ষমতা বৃদ্ধিমূলক কার্যক্রমে সহায়তা ও সমর্থন প্রদান।

## ১।জ অন্যান্য সংগঠন

৩৮. রিঅ্যাক্টিভ মনিটরিং মিশনসহ কমিটি তার বিভিন্ন কর্মসূচি ও প্রকল্প বাস্তবায়নে সাহায্য করার জন্য যথাযথ যোগ্যতা- ও দক্ষতাসম্পন্ন অন্যান্য আন্তর্জাতিক ও বেসরকারি সংগঠনগুলিকে আহ্বান জানাতে পারে।

সিদ্ধান্ত 39 COM 11

## ১।ঝ বিশ্ব ঐতিহ্য সুরক্ষায় সহযোগীসমূহ

৩৯. সম্পদের মনোনয়ন, ব্যবস্থাপনা ও পরিবীক্ষণের ক্ষেত্রে অন্তর্ভুক্তিমূলক, স্বচ্ছ ও জবাবদিহিতামূলক সিদ্ধান্ত-গ্রহণ ভিত্তিক পার্টনারশিপ অ্যাপ্রোচ বা অংশীদারিত্ব কৌশল বিশ্ব ঐতিহ্য সম্পদ সুরক্ষা ও *সনদ* বাস্তবায়নে উল্লেখযোগ্য অবদান রাখতে পারে।

সিদ্ধান্ত 43 COM 11A

৪০. বিশ্ব ঐতিহ্য সুরক্ষা ও সংরক্ষণে সহযোগী হতে পারে ঐ সকল ব্যক্তি এবং অন্যান্য অংশীজন, বিশেষ করে স্থানীয় জনসাধারণ, আদিবাসী জনগণ, সরকারি-বেসরকারি সংস্থা, ব্যক্তিগত সংগঠন এবং মালিক যাদের বিশ্ব ঐতিহ্য সম্পদসংরক্ষণ ও ব্যবস্থাপনায় আগ্রহ ও সম্পৃক্ততা রয়েছে।

আদিবাসী জনগণের অধিকার বিষয়ক জাতিসংঘের ঘোষণা (২০০৭)

সিদ্ধান্ত 39 COM 11

## ১।৬ অন্যান্য সনদ, প্রস্তাবনা ও কর্মসূচি

৪১. বিশ্ব ঐতিহ্য কমিটি ইউনেস্কোর অন্যান্য কর্মসূচি ও প্রাসঙ্গিক অন্যান্য সনদের সাথে কমিটির কাজের নিবিড় সমন্বয়ের সুবিধাগুলি স্বীকার করে থাকে। সংশ্লিষ্ট বৈশ্বিক সংরক্ষণের দলিলপত্রাদির তালিকা, অন্যান্য সনদ ও কর্মসূচির জন্য অনুচ্ছেদ ৪৪ দেখুন।

৪২. সচিবালয়ের সহায়তায় বিশ্ব ঐতিহ্য কমিটি *বিশ্ব ঐতিহ্য সনদ* এবং সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সংরক্ষণ সম্পর্কিত অন্যান্য সনদ, কর্মসূচি ও আন্তর্জাতিক সংস্থার মধ্যে যথাযথ সমন্বয় ও তথ্য-অংশীদারিত্ব নিশ্চিত করবে।

৪৩. কমিটির সভায় পর্যবেক্ষক হিসেবে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সনদের আওতায় কমিটি আন্তঃসরকার সংস্থাগুলির প্রতিনিধিদের আমন্ত্রণ জানাতে পারে। আমন্ত্রণ পেলে কমিটি অন্যান্য আন্তঃসরকার সংস্থাসমূহের সভা পর্যবেক্ষণের জন্যও প্রতিনিধি নিয়োগ করতে পারে।

৪৪. **সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সুরক্ষা বিষয়ক নির্বাচিত বৈশ্বিক পর্যায়ের বিভিন্ন *সনদ* ও কর্মসূচি**

ইউনেস্কোর *সনদ* ও কর্মসূচিসমূহ

সশস্ত্র সংঘাতময় পরিস্থিতিতে সাংস্কৃতিক সম্পদ সুরক্ষা বিষয়ক *সনদ* (১৯৫৪)
প্রটোকল ১ (১৯৫৪)
প্রটোকল ২ (১৯৯৯)
http://www.unesco.org/culture/laws/hague/html_eng/page1.shtml

সাংস্কৃতিক সম্পদ মালিকানার অবৈধ আমদানি, রপ্তানি ও স্থানান্তর নিষিদ্ধকরণ ও প্রতিরোধের উপায় বিষয়ক *সনদ* (১৯৭০)
https://www.unesco.org/new/en/culture/themes/illicit-trafficking-of-cultural-property/1970-convention

বিশ্ব সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সুরক্ষা বিষয়ক *সনদ* (১৯৭২)
https://whc.unesco.org/en/conventiontext

জলতলবর্তী সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষা বিষয়ক *সনদ* (২০০১)
https://unesdoc.unesco.org/ark:/48223/pf0000126065

বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষা বিষয়ক *সনদ* (২০০৩)
https://unesdoc.unesco.org/ark:/48223/pf0000132540

সাংস্কৃতিক অভিব্যক্তির বৈচিত্র্য সুরক্ষা ও উন্নয়ন বিষয়ক সনদ (২০০৫)
https://unesdoc.unesco.org/ark:/48223/pf0000142919

মানুষ ও প্রাণমন্ডল (MAB) কর্মসূচি
https://www.unesco.org/new/en/natural-sciences/environment/ecological-sciences/man-and-biosphere-programme/

আন্তর্জাতিক ভূবিজ্ঞান ও ভূ-উদ্যান কর্মসূচি (IGGP)
http://www.unesco.org/new/en/natural-sciences/environment/earth-sciences/international-geoscience-and-geoparks-programme/

আন্তর্জাতিক পানিসম্পদ বিজ্ঞান সম্পর্কিত কর্মসূচি (IHP)
https://en.unesco.org/themes/water-security/hydrology

### অন্যান্য সনদ

আন্তর্জাতিক হোয়েলিং কমিশন (IWC) (১৯৪৬)
https://iwc.int

আন্তর্জাতিক বৃক্ষ সুরক্ষা সনদ (IPPC) (১৯৫১)
https://www.ippc.int

বিশেষ করে জলচর পাখিদের আবাসন হিসেবে আন্তর্জাতিক গুরুত্বসম্পন্ন
*জলাভূমি বিষয়ক সনদ* (রামসর) (১৯৭১)
https://www.ramsar.org

বিপন্ন প্রজাতির বন্য প্রাণিকুল ও উদ্ভিদসম্পদের আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ক সনদ (CITES) (১৯৭৩)
https://www.cites.org

প্রচরণশীল প্রজাতির বন্য জীবজন্তু সংরক্ষণ বিষয়ক সনদ (CMS) (১৯৭৯)
https://www.cms.int

জাতিসংঘের সমুদ্র নীতি বিষয়ক সনদ (UNCLOS) (১৯৮২)
https://www.un.org/Depts/los/convention_agreements/convention_overview_convention.htm

জীববৈচিত্র্য বিষয়ক সনদ (১৯৯২)
https://www.cbd.int

অপহৃত বা অবৈধভাবে আমদানিকৃত সাংস্কৃতিক বস্তু বিষয়ক সনদ (রোম, ১৯৯৫)
https://www.unidroit.org/cultural-property#Convention1995

জলবায়ু পরিবর্তন বিষয়ক জাতিসংঘের কর্মকাঠামো বিষয়ক সনদ (নিউ ইয়র্ক, ১৯৯২)
https://unfccc.int

খাদ্য ও কৃষির জন্য উদ্ভিদ-জিনগত সম্পদ সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি (International Treaty on Plant Genetic Resources for Food and Agriculture-2001)
http://www.fao.org/plant-treaty/en/

## দুই বিশ্ব ঐতিহ্য তালিকা

### ২।ক বিশ্ব ঐতিহ্যের সংজ্ঞা

সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য

**৪৫.** সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সম্পর্কে *বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১ এবং ২-এ বর্ণনা করা হয়েছে।

ধারা ১
*এই সনদের উদ্দেশ্যে, নিম্নলিখিত সম্পদগুলিকে "সাংস্কৃতিক ঐতিহ্য" হিসাবে বিবেচনা করা হবে;*
*- স্মৃতিস্তম্ভ/স্মৃতিসৌধ: স্থাপত্যকর্ম, স্মারক ভাস্কর্য ও চিত্রকলা, প্রত্নতাত্ত্বিক প্রকৃতির উপাদান বা কাঠামো, শিলালিপি, গুহা বাসস্থান এবং বিভিন্ন ফিচারের সংমিশ্রণ ইত্যাদি, যা ইতিহাস, শিল্প বা বিজ্ঞানের দৃষ্টিকোণ থেকে অনন্য বৈশ্বিক মান-সম্পন্ন;*
*- ভবন সমষ্টি: পৃথক বা সংযুক্ত ভবনের সমষ্টি, যা স্থাপত্যশৈলী, সমরূপতা বা ভূ-দৃশ্যপটে তাদের অবস্থান ইতিহাস, শিল্প বা বিজ্ঞানের দৃষ্টিকোণ থেকে অনন্য বৈশ্বিক মান-সম্পন্ন;*
- স্থান: মনুষ্য নির্মিত কর্ম অথবা মানুষ ও প্রকৃতির যৌথ কর্ম এবং প্রত্নতাত্ত্বিক স্থানসহ গুরুত্বপূর্ণ এলাকা যা ঐতিহাসিক, নান্দনিক, জাতিগত বা নৃতাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে অনন্য বৈশ্বিক মান-সম্পন্ন।

ধারা ২

*এই সনদের উদ্দেশ্যে, নিম্নলিখিত সম্পদগুলি "প্রাকৃতিক ঐতিহ্য" হিসাবে বিবেচনা করা হবে:*

*- শারীরিক ও জৈবিক গঠনের বিভিন্ন প্রাকৃতিক বৈশিষ্ট্য বা এ ধরনের বিভিন্ন গঠনসমষ্টি, যা নান্দনিক বা বৈজ্ঞানিক দৃষ্টিকোণ থেকে অনন্য বৈশ্বিক মান-সম্পন্ন;*

*ভূতাত্ত্বিক ও শারীরবৃত্তীয় গঠন এবং সঠিক বর্ণনার মাধ্যমে প্রদর্শিত বিভিন্ন অঞ্চল যা বিজ্ঞান বা সংরক্ষণের দৃষ্টিকোণ থেকে অনন্য বৈশ্বিক মান-সম্পন্ন ঝুঁকিপূর্ণ প্রজাতির প্রাণী ও উদ্ভিদের আবাসস্থল;*

- বিজ্ঞান, সংরক্ষণ বা প্রাকৃতিক সৌন্দর্যের দৃষ্টিকোণ থেকে অনন্য বৈশ্বিক মানসম্পন্ন প্রাকৃতিক ক্ষেত্র বা সঠিক বর্ণনার মাধ্যমে প্রদর্শিত অঞ্চল।

মিশ্র সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য

**৪৬.** *সনদের* ধারা ১ এবং ২-এ উপস্থাপিত সাংস্কৃতিক ও প্রাকৃতিক উভয়বিধ ঐতিহ্যের আংশিক সংজ্ঞা বা সম্পূর্ণ সংজ্ঞা অনুযায়ী হলে ঐ সকল সম্পদ "মিশ্র সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য" হিসাবে বিবেচিত হবে।

সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ

**৪৭.** সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহ সাংস্কৃতিক সম্পদ এবং এগুলি *সনদের* ধারা ১-এ বর্ণিত "প্রকৃতি ও মনুষ্য নির্মিত যৌথ কর্ম" হিসেবে পরিগণিত। এই সম্পদগুলি বাহ্যিক ও অভ্যন্তরীণ উভয়বিধ শারীরিক সীমাবদ্ধতার প্রভাবের আওতায় এবং/অথবা প্রাকৃতিক পরিবেশ ও ধারাবাহিক সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক শক্তির ফলে সৃষ্ট সুযোগ-সুবিধা আওতায় সময়ান্তরে মানবসমাজের বিবর্তন ও বসতিস্থাপনের চিত্র তুলে ধরে।

অস্থাবর ঐতিহ্য

**৪৮.** যেসব স্থাবর ঐতিহ্য অস্থাবর ঐতিহ্যে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে ঐসব ঐতিহ্যের মনোনয়ন বিবেচনা করা হবে না।

অনন্য বৈশ্বিক মান

**৪৯.** অনন্য বৈশ্বিক মান-এর অর্থ হচ্ছে সাংস্কৃতিক এবং/ অথবা প্রাকৃতিক গুরুত্ব যা জাতীয় সীমান্ত অতিক্রম করার মতো ব্যতিক্রমধর্মী এবং সকল মানবতার বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য সমানভাবে গুরুত্বপূর্ণ। প্রকৃতপক্ষে, এই ঐতিহ্যের স্থায়ী সুরক্ষা সামগ্রিকভাবে আন্তর্জাতিক সম্প্রদায়ের নিকট সর্বোচ্চ গুরুত্বের বিষয়। কমিটি বিশ্ব ঐতিহ্য তালিকায় এই সম্পদগুলির অন্তর্ভুক্তি জন্য নির্ণায়কসমূহ নির্ধারণ করে থাকে।

**৫০.** রাষ্ট্রপক্ষগুলোকে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য "অনন্য বৈশ্বিক মান"-সম্পন্ন সম্পদ হিসেবে বিবেচিত হতে পারে এমন সাংস্কৃতিক এবং/ অথবা প্রাকৃতিক মানসম্পন্ন সম্পদের মনোনয়ন জমা দিতে আমন্ত্রণ জানানো হয়।

**৫১.** বিশ্ব ঐতিহ্য তালিকায় কোনো সম্পদ অন্তর্ভুক্তির সময় কমিটি অনন্য বৈশ্বিক মান সংক্রান্ত বিবরণ গ্রহণ করে (অনুচ্ছেদ ১৫৪ দেখুন) যা ঐ সম্পদের ভবিষ্যৎ কার্যকর সুরক্ষা ও ব্যবস্থাপনার জন্য গুরুত্বপূর্ণ তথ্যসূত্র হিসেবে সংরক্ষিত থাকবে।

৫২. *সনদের* লক্ষ্য হচ্ছে আন্তর্জাতিক দৃষ্টিকোণ থেকে অনন্য বৈশ্বিক মানসম্পন্ন নির্বাচিত সম্পদগুলির সুরক্ষা নিশ্চিত করা, অনেক আগ্রহের, গুরুত্ববহ বা মানসম্পন্ন সকল সম্পদের সুরক্ষা নিশ্চিত করা নয়। এমনটা অনুমান করা যাবে না যে, জাতীয় এবং/ অথবা আঞ্চলিক গুরুত্বসম্পন্ন কোনো সম্পদ স্বয়ংক্রিয়ভাবে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত হবে।

৫৩. কমিটির নিকট উপস্থাপিত মনোনয়নের পাশাপাশি রাষ্ট্রপক্ষগুলোর সম্ভাব্য সকল উপায়ে সংশ্লিষ্ট ঐতিহ্য সংরক্ষণের পূর্ণ প্রতিশ্রুতি থাকতে হবে। সম্পদ এবং এর অনন্য বৈশ্বিক মানসুরক্ষার জন্য এ ধরনের প্রতিশ্রুতির মধ্যে থাকবে নৈতিক, আইনগত, বিজ্ঞানসম্মত, কারিগরি, প্রশাসনিক, আর্থিক ইত্যাদি ধরনের ব্যবস্থা।

## ২।খ একটি প্রতিনিধিত্বমূলক, সুষম ও বিশ্বাসযোগ্য বিশ্ব ঐতিহ্য তালিকা

৫৪. কমিটি তার ২৬তম অধিবেশন (বুদাপেস্ট, ২০০২)-এ গৃহীত চারটি কৌশলগত উদ্দেশ্য অনুযায়ী একটি প্রতিনিধিত্বমূলক, সুষম ও বিশ্বাসযোগ্য বিশ্ব ঐতিহ্য তালিকা প্রতিষ্ঠা করতে চায়।

*বিশ্ব ঐতিহ্য সম্পর্কিত বুদাপেস্ট ঘোষণা (২০০২)* এই ওয়েব ঠিকানায়: https://whc.unesco.org/en/budapestdeclaration

<u>প্রতিনিধিত্বমূলক, সুষম ও আস্থামূলক বিশ্ব ঐতিহ্য তালিকার জন্য বৈশ্বিক কৌশলপত্র</u>

৫৫. বিশ্ব ঐতিহ্য তালিকার প্রধান প্রধান শূন্যতা সনাক্ত ও পূরণ করার লক্ষ্যে একটি প্রতিনিধিত্বমূলক, সুষম ও বিশ্বাসযোগ্য বিশ্ব ঐতিহ্য তালিকার জন্য বৈশ্বিক কৌশলপত্র প্রণয়ন করা হয়েছে। *সনদের* রাষ্ট্রপক্ষ হওয়া এবং অনুচ্ছেদ ৬২-এর বর্ণনা অনুযায়ী সম্ভাব্য তালিকা ও বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির লক্ষ্যে সম্পদ মনোনয়নের জন্য অধিক সংখ্যক দেশকে উৎসাহ প্রদানের মাধ্যমে এ কাজটি করা হয়।
(see http://whc.unesco.org/en/globalstrategy)

একটি প্রতিধিত্বমূলক বিশ্ব ঐতিহ্য তালিকার জন্য "বৈশ্বিক কৌশলপত্র" ও থিমেটিক সমীক্ষা বিষয়ক বিশেষজ্ঞ সভার প্রতিবেদন (২০-২২ জুন ১৯৯৪) বিশ্ব ঐতিহ্য কমিটির ১৮তম অধিবেশনে কমিটি কর্তৃক গৃহীত হয় (ফুকেট, ১৯৯৪)।

৫৬. রাষ্টপক্ষ ও উপদেষ্টা সংস্থাকে সচিবালয় ও অন্যান্য অংশীদারদের সহযোগিতায় বৈশ্বিক কৌশলপত্র বাস্তবায়নে অংশগ্রহণের জন্য উৎসাহিত করা হচ্ছে। এই উদ্দেশ্যে আঞ্চলিক ও বিষয়বস্তুগত বৈশ্বিক কৌশল সংক্রান্ত বৈঠক এবং তুলনামূলক ও বিষয়বস্তুগত সমীক্ষা আয়োজন করা হয়ে থাকে। এসব বৈঠক ও সমীক্ষার ফলাফল রাষ্ট্রপক্ষগুলোকে সম্ভাব্য তালিকা এবং মনোনয়ন তৈরিতে সহায়তার জন্য সরবরাহ করা হয়। বিশ্ব ঐতিহ্য কমিটির নিকট উপস্থাপিত বিশেষজ্ঞদের বৈঠক ও সমীক্ষার প্রতিবেদনগুলো নিম্নলিখিত ওয়েব ঠিকানায় পাওয়া যাবে: http://whc.unesco.org/en/globalstrategy.

বৈশ্বিক কৌশলপত্র প্রথমত প্রণয়ন করা হয় সাংস্কৃতিক ঐতিহ্যের জন্য। পরবর্তী সময়ে বিশ্ব ঐতিহ্য কমিটির অনুরোধে প্রাকৃতিক ঐতিহ্য এবং সাংস্কৃতিক ও প্রাকৃতিক যৌথ ঐতিহ্যের জন্য বৈশ্বিক কৌশলপত্র ব্যাপকভাবে বিস্তৃত করা হয়।

৫৭. বিশ্ব ঐতিহ্য তালিকার সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যের মধ্যে একটি যুক্তিসঙ্গত ভারসাম্য বজায় রাখার জন্য সকল প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

৫৮. বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য সম্পদের সর্বমোট সংখ্যার ব্যাপারে কোনো আনুষ্ঠানিক সীমারেখা নেই।

<u>অন্যান্য পদক্ষেপ</u>

৫৯. একটি প্রতিনিধিত্বমূলক, সুষম ও বিশ্বাসযোগ্য বিশ্ব ঐতিহ্য তালিকা প্রতিষ্ঠায় সহায়তার জন্য রাষ্ট্রপক্ষগুলোর ঐতিহ্যসমূহ তালিকায় ইতোমধ্যেই ভালোভাবে উপস্থাপন করা হয়েছে কিনা তা বিবেচনার জন্য বলা হয়। যদি করা হয়ে থাকে, তবে নিম্নলিখিত উপায়ে আরও মনোনয়ন দাখিলের হার কমানোর জন্য রাষ্ট্রপক্ষগুলিকে অনুরোধ করা হচ্ছে:

রাষ্ট্রপক্ষগুলোর ১২শ জেনারেল অ্যাসেম্বলিতে গৃহীত রেজুলেশন (১৯৯৯)

ক) কিছু শর্ত অনুযায়ী (যা সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষই ব্যাখ্যা করবে) রাষ্ট্রপক্ষগুলো তাদের মনোনয়ন স্বেচ্ছায় বিলম্বে উপস্থাপন করবে, এবং / অথবা;

খ) এখনো যথেষ্ট সংখ্যক সম্পদ মনোনয়ন দেওয়া হয়নি এমন শ্রেণির জন্য মনোনয়ন প্রস্তাব করা এবং / অথবা;

গ) যেসব রাষ্ট্রপক্ষের অল্পসংখ্যক ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে তাদের উপস্থাপিত একটি মনোনয়নের সঙ্গে অন্য সকল মনোনয়নের সংযোগ সৃষ্টি করা; অথবা

ঘ) নতুন মনোনয়ন উপস্থাপন স্বেচ্ছায় স্থগিত করার সিদ্ধান্ত নেওয়া।

৬০. বিশ্ব ঐতিহ্য তালিকায় যেসব রাষ্ট্রপক্ষের অল্পসংখ্যক অনন্য বৈশ্বিক মানসম্পন্ন ঐতিহ্য অন্তর্ভুক্ত রয়েছে তাদেরকে:

রাষ্ট্রপক্ষগুলোর ১২শ জেনারেল অ্যাসেম্বলিতে গৃহীত রেজুলেশন (১৯৯৯)

ক) সম্ভাব্য তালিকা ও মনোনয়ন তৈরিতে অগ্রাধিকার প্রদানের জন্য অনুরোধ করা হয়;

খ) কারিগরি দক্ষতা বিনিময়ের উপর ভিত্তি করে আঞ্চলিক পর্যায়ে অংশীদারিত্ব শুরু ও সংহত করার জন্য অনুরোধ করা হয়;

গ) রাষ্ট্রপক্ষের ঐতিহ্য সুরক্ষা, সংরক্ষণ ও ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহের দক্ষতা ও কারিগরি সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সহযোগিতা উৎসাহিত করার অনুরোধ করা হয়; এবং,

ঘ) যতদূর সম্ভব, বিশ্ব ঐতিহ্য কমিটির অধিবেশনগুলোতে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।

৬১. কমিটি নিম্নলিখিত কার্যসাধন পদ্ধতি প্রয়োগের সিদ্ধান্ত নিয়েছে:

সিদ্ধান্তসমূহ:
24 COM VI.2.3.3,
28 COM 13.1 and
7 EXT.COM 4B.1
29 COM 18A
31 COM 10
35 COM 8B.61
40 COM 11
43 COM 11A

২ ফেব্রুয়ারি ২০১৮ থেকে:

ক) প্রত্যেক রাষ্ট্রপক্ষের একটি করে সম্পূর্ণ মনোনয়ন পরীক্ষা করা,

খ) কমিটির পূর্বের অধিবেশনসমূহে স্থগিতকৃত ও রাষ্ট্রপক্ষকে ফিরিয়ে দেওয়া মনোনয়নপত্র, বর্ধিতকরণ (সম্পদ সীমার ছোট ছোট পরিবর্তন ব্যতীত) এবং ট্রান্সবাউন্ডারি বা আন্তঃসীমান্ত ও সিরিয়াল বা ধারাবাহিক মনোনয়নপত্রসহ কমিটি কর্তৃক পর্যালোচনার জন্য মনোনয়নপত্রের বার্ষিক সীমা ৩৫ টি নির্ধারণ করা,

গ) বার্ষিক ৩৫ টি মনোনয়নপত্রের সীমা অতিক্রম হয়ে গেলে নিম্নলিখিত অগ্রাধিকারভিত্তিক আদেশ প্রয়োগ করা হবে:

i) সম্পদ তালিকাভুক্ত করা না থাকলে রাষ্ট্রপক্ষ কর্তৃক দাখিলকৃত সম্পদের মনোনয়ন;

ii) ৩টি পর্যন্ত তালিকাভুক্ত সম্পদ রয়েছে এমন রাষ্ট্রপক্ষের দাখিলকৃত সম্পদের মনোনয়ন,

iii) রাষ্ট্রপক্ষকে ফিরিয়ে দেওয়া পুনঃদাখিলকৃত মনোনয়নপত্র যা অনুচ্ছেদ ৬১(খ) সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থার নিকট মূল্যায়নের জন্য প্রেরণ করা হয়নি,

iv) ৩৫টি মনোনয়নপত্রের বার্ষিক সীমা অতিক্রম এবং এই অগ্রাধিকার প্রয়োগের কারণে পূর্বে বাদ পড়া সম্পদসমূহের মনোনয়নপত্র,

v) প্রাকৃতিক ঐতিহ্যের জন্য সম্পদ মনোনয়ন,

vi) মিশ্র ঐতিহ্যের জন্য সম্পদ মনোনয়ন,

vii) আন্তঃসীমান্ত / আন্তর্জাতিক সম্পদের মনোনয়ন,

viii) আফ্রিকা, প্রশান্ত মহাসাগরীয় ও ক্যারিবীয় অঞ্চলের রাষ্ট্রপক্ষগুলোর মনোনয়ন,

viii) গত দশ বছরে বিশ্ব ঐতিহ্য সনদ অনুসমর্থন করেছে এমন রাষ্ট্রপক্ষগুলো কর্তৃক দাখিলকৃত সম্পদের মনোনয়ন,

ix) গত দশ বছর বা তারও অধিক সময়ে মনোনয়নপত্র দাখিল করেনি এমন রাষ্ট্রপক্ষ কর্তৃক দাখিলকৃত সম্পদের মনোনয়ন,

x) এই অগ্রাধিকার ব্যবস্থা প্রয়োগ করার সময় উপরে বর্ণিত শর্তাবলি দ্বারা সিদ্ধান্তে আসা সম্ভব না হলে ওয়ার্ল্ড হেরিটেজ কেন্দ্র দ্বারা পরিপূর্ণ ও সম্পূর্ণ মনোনয়ন প্রাপ্তির তারিখটি মনোনয়নগুলোর অগ্রাধিকারের ক্ষেত্রে সেকেন্ডারি ফ্যাক্টর হিসেবে ব্যবহার করা হবে।

ঘ) কোনো আন্তঃসীমা বা আন্তর্জাতিক সম্পদের ধারাবাহিক মনোনয়নপত্রের সহলেখক রাষ্ট্রপক্ষসমূহ নিজেদের মধ্যে সাধারণ বোঝাপড়ার মাধ্যমে কোনো একটি রাষ্ট্রপক্ষকে মনোনয়নপত্রের দায়দায়িত্ব বহনের জন্য নির্বাচন করতে পারে; এবং এই মনোনয়নপত্র দায়িত্ব পালনকারী রাষ্ট্রপক্ষের সীমার মধ্যে নিবন্ধিত করা যেতে পারে।

২ ফেব্রুয়ারি ২০১৮ থেকে:

ক) প্রত্যেক রাষ্ট্রপক্ষের একটি করে সম্পূর্ণ মনোনয়ন পরীক্ষা করা,

খ) কমিটির পূর্বের অধিবেশনসমূহে স্থগিতকৃত ও রাষ্ট্রপক্ষকে ফিরিয়ে দেওয়া মনোনয়নপত্র, বর্ধিতকরণ (সম্পদ সীমার গৌণ পরিবর্তন ব্যতীত), এবং আন্তঃসীমান্ত ও ধারাবাহিক মনোনয়নপত্রসহ কমিটি কর্তৃক পর্যালোচনার জন্য মনোনয়নপত্রের বার্ষিক সীমা ৩৫টি নির্ধারণ করা,

গ) সমগ্র বার্ষিক ৩৫টি মনোনয়নপত্রের সীমা অতিক্রম হয়ে গেলে নিম্নলিখিত অগ্রাধিকার আদেশ প্রয়োগ করা হবে:

i) কোনো সম্পদ তালিকাভুক্ত করা না থাকলে রাষ্ট্রপক্ষ কর্তৃক দাখিলকৃত সম্পদের মনোনয়ন;

ii) ৩টি পর্যন্ত তালিকাভুক্ত সম্পদের অধিকারী রাষ্ট্রপক্ষগুলোর দাখিলকৃত সম্পদের মনোনয়ন,

iii) পুনরায় দাখিল করা সুপারিশকৃত যেসব মনোনয়নপত্র অনুচ্ছেদ ৬১.খ-এর প্রয়োগের পর সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থার নিকট মূল্যায়নের জন্য প্রেরণ করা হয়নি ঐসব মনোনয়নপত্র।[৩]

iv) ৩৫টি মনোনয়নপত্রের বার্ষিক সীমা অতিক্রম এবং এই অগ্রাধিকার প্রয়োগের কারণে পূর্বে বাদ পড়া সম্পদসমূহের মনোনয়নপত্র,

v) প্রাকৃতিক ঐতিহ্যের জন্য সম্পদের মনোনয়ন,

vi) মিশ্র ঐতিহ্যের জন্য সম্পদের মনোনয়ন,

vii) আন্তঃসীমান্ত / আন্তর্জাতিক সম্পদের মনোনয়ন,

viii) আফ্রিকা, প্রশান্ত মহাসাগরীয় ও ক্যারিবীয় অঞ্চলের রাষ্ট্রপক্ষের মনোনয়ন,

[৩] পুনরায় দাখিল করা সুপারিশকৃত মনোনয়নপত্র সুপারিশের সিদ্ধান্ত গ্রহণের তিন বছরের মধ্যে গ্রহণ করা হয়ে থাকলে সেক্ষেত্রেও এই ব্যবস্থা প্রযোজ্য হবে।

ix) গত বিশ বছরে *বিশ্ব ঐতিহ্য সনদ* অনুসমর্থন করেছে এমন রাষ্ট্রপক্ষ কর্তৃক দাখিলকৃত সম্পদের মনোনয়নপত্র,

x) পাঁচ বছর বা তার বেশি সময়ের মধ্যে মনোনয়ন জমা দেয়নি এমন রাষ্ট্রপক্ষের দাখিলকৃত সম্পদের মনোনয়ন,

xi) কমিটির প্রাক্তন সদস্য রাষ্ট্রপক্ষসমূহ যারা স্বেচ্ছায় তাদের ম্যান্ডেট থাকা অবস্থায় কমিটি কর্তৃক কোনো মনোনয়ন পর্যালোচনা না হওয়ার ব্যাপারে সম্মত হয়েছিল ঐসব রাষ্ট্রপক্ষের মনোনয়নপত্র। কমিটির ওপর এই অগ্রাধিকার রাষ্ট্রপক্ষগুলোর ম্যান্ডেট শেষ হওয়ার পর ৪ বছর পর্যন্ত প্রযোজ্য থাকবে,

xii) এই অগ্রাধিকার ব্যবস্থা প্রয়োগ করার সময় উপরে বর্ণিত শর্তাবলি দ্বারা সিদ্ধান্তে আসা সম্ভব না হলে ওয়ার্ল্ড হেরিটেজ কেন্দ্র দ্বারা পরিপূর্ণ ও সম্পূর্ণ মনোনয়ন প্রাপ্তির তারিখটি মনোনয়নগুলোর অগ্রাধিকারের ক্ষেত্রে সেকেন্ডারি ফ্যাক্টর হিসেবে ব্যবহার করা হবে।

ঘ) কোনো আন্তঃসীমা বা আন্তর্জাতিক সম্পদের ধারাবাহিক মনোনয়নপত্রের সহলেখক রাষ্ট্রপক্ষসমূহ নিজেদের মধ্যে সাধারণ বোঝাপড়ার মাধ্যমে কোনো একটি রাষ্ট্রপক্ষকে মনোনয়নপত্রের দায়দায়িত্ব বহনের জন্য নির্বাচন করতে পারে; এবং এই মনোনয়নপত্র দায়িত্ব পালনকারী রাষ্ট্রপক্ষের সীমার মধ্যে নিবন্ধিত করা যেতে পারে।

এই সিদ্ধান্ত ৪ বছরের জন্য পরীক্ষামূলকভাবে বাস্তবায়ন করা হবে এবং সকল রাষ্ট্রপক্ষের জন্য একটি স্বাচ্ছন্দ্যপূর্ণ পরিবর্তনের সময়কাল নিশ্চিত করার লক্ষ্যে ২ ফেব্রুয়ারি ২০১৮ থেকে কার্যকর হবে। এই সিদ্ধান্তের প্রভাব কমিটির ৪৬তম অধিবেশনে (২০২২) মূল্যায়ন করা হবে।

## ২। গ সম্ভাব্য তালিকাসমূহ

পদ্ধতি ও ফরম্যাট

**৬২.** সম্ভাব্য তালিকাটি হচ্ছে নিজ ভূখণ্ডে অবস্থিত ঐসব সম্পদের তালিকাপত্র যা প্রত্যেক রাষ্ট্রপক্ষ বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য মনোনয়নযোগ্য হিসেবে বিবেচনা করতে পারে। এ কারণে রাষ্ট্রপক্ষগুলিকে অবশ্যই তাদের সম্ভাব্য তালিকায় 'অনন্য বৈশ্বিক মান' থাকার সম্ভাবনা আছে এমন সকল সম্পদের বিশদ বিবরণ অন্তর্ভুক্ত করতে হবে যা তারা পরবর্তী বছরগুলিতে মনোনীত করতে চায়।

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১, ২ এবং ১১(১)

সিদ্ধান্ত 39 COM 11

**৬৩.** মনোনীত সম্পদের নাম রাষ্ট্রপক্ষের সম্ভাব্য তালিকায় অন্তর্ভুক্ত করা না হলে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য দাখিলকৃত মনোনয়নপত্র বিবেচনা করা হয় না।

সিদ্ধান্ত 24 COM para.VI.2.3.2

**৬৪.** রাষ্ট্রপক্ষগুলোকে সাইট ম্যানেজার, স্থানীয় ও আঞ্চলিক সরকার, স্থানীয় জনসাধারণ, আদিবাসী জনগোষ্ঠী, এনজিও ও অন্যান্য আগ্রহী দল ও সহযোগী সংগঠনসহ বিভিন্ন অংশীজন ও স্বত্বাধিকারীদের পরিপূর্ণ, কার্যকর ও জেন্ডার-সমতাপূর্ণ অংশগ্রহণের মাধ্যমে সম্ভাব্য তালিকা প্রস্তুত করার জন্য উৎসাহ প্রদান করা যাচ্ছে। আদিবাসী জনগোষ্ঠীর কোনো ভূমি, ভূ-অঞ্চল বা সাইট কোনোভাবে প্রভাবিত বা ক্ষতির সম্মুখীন হলে রাষ্ট্রপক্ষ এধরনের সাইট সম্ভাব্য তালিকায় অন্তর্ভুক্তির পূর্বে সংশ্লিষ্ট আদিবাসী জনগোষ্ঠীর স্বাধীন, পূর্ব ও জ্ঞাত সম্মতি প্রাপ্তির জন্য আস্থাপূর্ণ উপায়ে তাদের প্রতিনিধিত্বশীল প্রতিষ্ঠানের মাধ্যমে যথাযথ পরামর্শ ও সহযোগিতা প্রদান করবে।

সিদ্ধান্ত 43 COM 11A

**৬৫.** রাষ্ট্রপক্ষসমূহ কোনো মনোনয়ন জমা দেওয়ার অন্তত এক বছর আগে সচিবালয়ের নিকট তাদের সম্ভাব্য তালিকা জমা দেবে। রাষ্ট্রপক্ষসমূহকে প্রতি দশ বছর অন্তর তাদের সম্ভাব্য তালিকা পুনঃপরীক্ষা এবং পুনরায় জমা দেওয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে।

৬৬. রাষ্ট্রপক্ষগুলিকে পরিশিষ্ট ২এ এবং পরিশিষ্ট ২বি-এর প্রমিত বিন্যাস ব্যবহার করে ইংরেজি বা ফরাসি ভাষায় সম্পদসমূহের নাম, সম্পদের ভৌগোলিক অবস্থান, প্রতিটি সম্পদের সংক্ষিপ্ত বিবরণ এবং সম্পদগুলোর অনন্য বৈশ্বিক মান-এর যৌক্তিকতাসহ নিজ নিজ সম্ভাব্য তালিকা দাখিল করার জন্য অনুরোধ করা হয় (ভবিষ্যৎ আন্তর্জাতিক ও আন্তঃসীমান্ত সম্পদের মনোনয়নের জন্য)। সিদ্ধান্ত 39 COM 11

৬৭. রাষ্ট্রপক্ষ কর্তৃক যথাযথভাবে স্বাক্ষরিত সম্পূর্ণ সম্ভাব্য তালিকার মূল সংস্করণটি নিচের ঠিকানায় দাখিল করতে হবে:

**UNESCO World Heritage Centre**
7, place de Fontenoy
75352 Paris 07 SP
France
Tel: +33 (0) 1 4568 1136
E-mail: wh-tentativelists@unesco.org

৬৮. রাষ্ট্রপক্ষসমূহের নিকট থেকে সম্ভাব্য তালিকা প্রাপ্তির পর বিশ্ব ঐতিহ্য কেন্দ্র পরিশিষ্ট ২-এর নথিভুক্তকরণের সাথে তালিকাটি সামঞ্জস্যপূর্ণ কিনা তা পরীক্ষা করে দেখবে। নথিভুক্তকরণটি পরিশিষ্ট ২-এর সাথে সামঞ্জস্যপূর্ণ হিসেবে বিবেচিত না হলে ওয়ার্ল্ড হেরিটেজ কেন্দ্র রাষ্ট্রপক্ষকে তা ফেরত প্রদান করবে। প্রয়োজনীয় সকল তথ্য প্রদান করা হলে সম্ভাব্য তালিকাটি সচিবালয় কর্তৃক নিবন্ধিত হবে এবং সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থার জ্ঞাতার্থে তা প্রেরণ করা হবে। প্রতি বছর কমিটির নিকট সকল সম্ভাব্য তালিকার সারসংক্ষেপ উপস্থাপন করা হবে। সচিবালয় সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষগুলির সাথে পরামর্শক্রমে, বিশেষ করে সম্ভাব্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদ এবং অন্তর্ভুক্ত করা হয়নি এমন সকল মনোনীত সম্পদের নাম সম্ভাব্য তালিকা থেকে অপসারণের মাধ্যমে কমিটি তার নথিপত্রগুলো হালনাগাদ করবে। সিদ্ধান্ত 7 EXT.COM 4A

স্বচ্ছতা ও তথ্যপ্রাপ্তির সুযোগ নিশ্চিত করা এবং আঞ্চলিক ও বিষয়ভিত্তিক পর্যায়ে সম্ভাব্য তালিকাগুলির সমন্বয় ও ব্যবস্থাপনা সহজ করার জন্য রাষ্ট্রপক্ষগুলোর সম্ভাব্য তালিকা বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের ওয়েবসাইটে এবং/অথবা কার্যনথিতে প্রকাশ করা হবে। সিদ্ধান্ত 41.COM 11

প্রতিটি সম্ভাব্য তালিকার বিষয়বস্তুর জন্য সকল দায়দায়িত্ব সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষের। সম্ভাব্য তালিকা প্রকাশিত হওয়া মানে তালিকাটি কোনো দেশ, ভূখণ্ড, শহর বা এলাকা বা এর সীমারেখার আইনগত অবস্থা বিষয়ে বিশ্ব ঐতিহ্য কমিটি বা বিশ্ব ঐতিহ্য কেন্দ্র কিংবা ইউনেস্কো সচিবালয়ের মতামতের প্রতিফলন নয়।

৬৯. রাষ্ট্রপক্ষগুলোর সম্ভাব্য তালিকাগুলি এই ওয়েব ঠিকানায় পাওয়া যাবে: https://whc.unesco.org/en/tentativelists সিদ্ধান্ত 27 COM 8A

<u>পরিকল্পনা ও মূল্যায়ন উপকরণ হিসেবে সম্ভাব্য তালিকা</u>

৭০. সম্ভাব্য তালিকা হচ্ছে ভবিষ্যৎ মনোনয়নের ইঙ্গিত প্রদানের জন্য রাষ্ট্রপক্ষ, বিশ্ব ঐতিহ্য কমিটি, সচিবালয় ও উপদেষ্টা সংস্থার ব্যবহারের জন্য একটি দরকারি ও গুরুত্বপূর্ণ পরিকল্পনা পদ্ধতি।

৭১. সম্ভাব্য তালিকাগুলি বেছে বেছে এবং সম্ভাব্য অনন্য বৈশ্বিক মান-এর সপক্ষে প্রমাণের ভিত্তিতে প্রতিষ্ঠিত হতে হবে। বিশ্ব ঐতিহ্য তালিকার অপূর্ণতা চিহ্নিত করার জন্য কমিটির অনুরোধে ইকমস এবং আইইউসিএন কর্তৃক প্রস্তুতকৃত বিশ্ব ঐতিহ্য তালিকা ও সম্ভাব্য তালিকা– উভয়ের বিশ্লেষণের সাথে মিলিয়ে দেখার জন্য রাষ্ট্রপক্ষগুলিকে উৎসাহিত করা হচ্ছে। এই বিশ্লেষণগুলি সম্ভাব্য বিশ্ব ঐতিহ্য সম্পদের জন্য বিষয়, অঞ্চল, ভূ-সাংস্কৃতিক শ্রেণিবিন্যাস ও জৈব-ভৌগোলিক প্রদেশ তুলনা করতে রাষ্ট্রপক্ষগুলিকে সক্ষম করতে পারে। রাষ্ট্রপক্ষগুলিকে যত তাড়াতাড়ি সম্ভব প্রয়োজন অনুসারে তাদের সম্ভাব্য তালিকা প্রণয়নের জন্য উপদেষ্টা সংস্থার নিকট থেকে আপস্ট্রিম পরামর্শ নিতে উৎসাহ প্রদান করা হচ্ছে।

সিদ্ধান্ত 24 COM para. VI.2.3.2(ii)
সিদ্ধান্ত 39 COM 11
ডকুমেন্ট WHC-04/28.COM/13.B I and II
https://whc.unesco.org/archive/2004/whc04-28com-13b1e.pdf
এবং
https://whc.unesco.org/archive/2004/whc04-28com-13b2e.pdf

৭২. এছাড়া, রাষ্ট্রপক্ষগুলোকে উপদেষ্টা সংস্থা কর্তৃক পরিচালিত সুনির্দিষ্ট বিভিন্ন থিম্যাটিক সমীক্ষার সাথে মিলিয়ে দেখার জন্যও উৎসাহিত করা হয়ে থাকে (অনুচ্ছেদ ১৪৭ দেখুন)। এসব সমীক্ষা বিষয়ে রাষ্ট্রপক্ষ কর্তৃক দাখিলকৃত সম্ভাব্য তালিকার পর্যালোচনার মাধ্যমে, সম্ভাব্য তালিকার ব্যবস্থাপনা বিষয়ে অনুষ্ঠিত সভার প্রতিবেদনের মাধ্যমে, এবং পাশাপাশি উপদেষ্টা সংস্থা ও যোগ্যতাসম্পন্ন কোনো সংগঠন ও ব্যক্তি কর্তৃক পরিচালিত অন্যান্য কারিগরি সমীক্ষার প্রতিবেদনের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবগত করা হয়ে থাকে। ইতোমধ্যে সম্পাদিত সমীক্ষার তালিকা এখানে দেখা যেতে পারে:
https://whc.unesco.org/en/globalstrategy

বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য রাষ্ট্রপক্ষ কর্তৃক সম্পদের মনোনয়ন দাখিলের সময় রাষ্ট্রপক্ষের থিমেটিক সমীক্ষাগুলো তাদের তুলনামূলক বিশ্লেষণ থেকে আলাদা (অনুচ্ছেদ ১৩২ দেখুন)।

৭৩. রাষ্ট্রপক্ষগুলিকে তাদের আঞ্চলিক ও বিষয়ভিত্তিক পর্যায়ের সম্ভাব্য তালিকা ব্যবস্থাপনার জন্য উৎসাহিত করা যাচ্ছে। সম্ভাব্য তালিকার সমন্বয় বা ব্যবস্থাপনা এমন একটি প্রক্রিয়া যেখানে উপদেষ্টা সংস্থার সহযোগিতায় বিভিন্ন রাষ্ট্রপক্ষ বিদ্যমান অপূর্ণতা পর্যালোচনা ও নিজেদের মধ্যে বিদ্যমান সাধারণ থিম বা বিষয় খুঁজে বের করার জন্য সম্মিলিতভাবে সম্ভাব্য তালিকা মূল্যায়ন করে থাকে। সুষ্ঠু সমন্বয় বা ব্যবস্থাপনার ফলে রাষ্ট্রপক্ষ ও বিভিন্ন সাংস্কৃতিক কমিউনিটির মধ্যে ফলপ্রসূ সংলাপ সৃষ্টির যথেষ্ট সম্ভাবনা রয়েছে– যার মাধ্যমে অভিন্ন ঐতিহ্য ও সাংস্কৃতিক বৈচিত্র্যের জন্য শ্রদ্ধার মনোভাব বিকশিত হবে, এবং এর ফলস্বরূপ একটি উন্নততর সম্ভাব্য তালিকা প্রস্তুত করা সম্ভব হবে, রাষ্ট্রপক্ষগুলো থেকে নতুন মনোনয়ন আসবে এবং মনোনয়ন প্রণয়নে রাষ্ট্রপক্ষসমূহের মধ্যে যথাযথ সমন্বয় সৃষ্টির সুযোগ তৈরি হবে।

সিদ্ধান্ত 43 COM 11A

<u>সম্ভাব্য তালিকা তৈরিতে রাষ্ট্রপক্ষসমূহের জন্য সহায়তা ও দক্ষতা বৃদ্ধি</u>

৭৪. বৈশ্বিক কৌশলপত্র বাস্তবায়নের লক্ষ্যে রাষ্ট্রপক্ষগুলোকে সম্ভাব্য তালিকা তৈরি, হালনাগাদকরণ ও সমন্বয়ন এবং মনোনয়ন তৈরিতে দক্ষতা অর্জন বা দক্ষতা দৃঢ়তর করতে তাদেরকে সহায়তার জন্য বিভিন্ন উপকারভোগী দলের সক্ষমতা বৃদ্ধি ও প্রশিক্ষণের জন্য সহযোগিতামূলক প্রচেষ্টা গ্রহণ করা প্রয়োজন হতে পারে।

সিদ্ধান্ত 43 COM 11A

৭৫. সম্ভাব্য তালিকা প্রস্তুতি, হালনাগাদকরণ ও সমন্বিত করার উদ্দেশ্যে রাষ্ট্রপক্ষগুলোর আন্তর্জাতিক সহায়তার আবেদন দাখিল করতে হতে পারে (সপ্তম অধ্যায় দেখুন)।

৭৬. কম সংখ্যক মনোনয়ন দাখিল করেছে এমন রাষ্ট্রপক্ষগুলিকে সাহায্য করার জন্য উপদেষ্টা সংস্থা ও সচিবালয় আঞ্চলিক প্রশিক্ষণ কর্মশালা আয়োজনে মূল্যায়ন মিশনের সুযোগ ব্যবহার করবে।

সিদ্ধান্ত 24 COM VI.2.3.5

## ২।ঘ অনন্য বৈশ্বিক মান-এর মূল্যায়নের নির্ণায়কসমূহ

৭৭. কমিটি কোনো সম্পদের অনন্য বৈশ্বিক মান আছে বলে তখনই বিবেচনা করবে যখন ঐ সম্পদটি নিচে বর্ণিত এক বা একাধিক নির্ণায়ক পূরণ করতে পারে (অনুচ্ছেদ ৪৯-৫৩ দেখুন)। এজন্য মনোনীত সম্পদকে:

(i) মানব সৃজনশীলতার প্রতিভার ক্ষেত্রে শ্রেষ্ঠ অবদান হিসেবে পরিগণিত হতে হবে;

(ii) একটি নির্দিষ্ট সময়কাল পর্যন্ত বা বিশ্বের কোনো সাংস্কৃতিক অঙ্গনে স্থাপত্য বা কারিগরি উন্নয়ন, স্মারক শিল্পকলা, নগর পরিকল্পনা বা ভূ-দৃশ্য পরিকল্পনা বিষয়ে মানবিক মূল্যবোধের গুরুত্বপূর্ণ আন্তঃবিনিময় প্রদর্শনে সক্ষম হতে হবে;

এসব নির্ণায়কসমূহ পূর্বে দুটি পৃথক নির্ণায়ক সেট হিসেবে উপস্থাপন করা হয়েছিল: সাংস্কৃতিক ঐতিহ্যের জন্য নির্ণায়ক (i) - (vi) এবং প্রাকৃতিক ঐতিহ্যের জন্য নির্ণায়ক (i) - (iv)

বিশ্ব ঐতিহ্য কমিটির ষষ্ঠ অতিরিক্ত অধিবেশনে দশটি নির্ণায়ক একত্রিত করার সিদ্ধান্ত গৃহীত হয় (সিদ্ধান্ত 6 EXT.COM 5.1)

(iii) এখনো চলমান রয়েছে কিংবা বিলুপ্ত হয়ে গেছে এমন কোনো সাংস্কৃতিক ঐতিহ্য বা সভ্যতার অনন্যসাধারণ বা অন্তত ব্যতিক্রমী সাক্ষ্য বহনে সক্ষম;

(iv) এক ধরনের ভবন, স্থাপত্য বা প্রযুক্তিগত উৎকর্ষের সমষ্টি বা ল্যান্ডস্কেপের কোনো অনন্য উদাহরণ যা মানব ইতিহাসের গুরুত্বপূর্ণ (একটি) পর্যায় (সমূহ) তুলে ধরে;

(v) ঐতিহ্যগত মানব বসতি, ভূমি ব্যবহার বা সমুদ্র ব্যবহারের কোনো চমৎকার উদাহরণ যা কোনো একটি সংস্কৃতি (বা সংস্কৃতিসমূহ) কিংবা পরিবেশের সাথে মানুষের মিথস্ক্রিয়তার অংশ- বিশেষ করে যখন তা অপ্রতিরোধ্য কোনো পরিবর্তনের প্রভাবে দুর্বল হয়ে পড়েছে;

(vi) অসাধারণ সর্বজনীন গুরুত্বসম্পন্ন কোনো ঘটনা বা জীবন্ত ঐতিহ্য, ধারণা বা বিশ্বাস, বিভিন্ন শিল্প ও সাহিত্যকর্মের সাথে সরাসরি বা মূর্তভাবে সম্পর্কযুক্ত (কমিটি মনে করে যে, এই নির্ণায়কটিকে অবশ্যই অন্যান্য নির্ণায়কের পাশাপাশি ব্যবহার করতে হবে);

(vii) সর্বশ্রেষ্ঠ প্রাকৃতিক ঘটনা বা ব্যতিক্রমী প্রাকৃতিক সৌন্দর্য ও নান্দনিক গুরুত্বের ক্ষেত্রগুলি ধারণ করে;

(viii) জীবনের প্রমাণাদি, ভূপ্রকৃতি উন্নয়নে চলমান ভৌগোলিক প্রক্রিয়ার তাৎপর্য, অথবা গুরুত্বপূর্ণ 'জিও-মরফিক' কিংবা ভূ-গাঠনিক বৈশিষ্ট্যসহ পৃথিবীর ইতিহাসের প্রধান পর্যায়গুলির অসামান্য উদাহরণ;

(ix) বৈশ্বিক, বিশুদ্ধ পানীয়, উপকূলীয় ও সামুদ্রিক পরিবেশব্যবস্থা এবং উদ্ভিদ ও প্রাণি সম্প্রদায়ের বিবর্তন ও উন্নয়নে উল্লেখযোগ্য চলমান পরিবেশগত ও জৈবিক প্রক্রিয়াগুলির প্রতিনিধিত্বমূলক অসামান্য উদাহরণ;

(x) বিজ্ঞান বা ঐতিহ্য সংরক্ষণের দৃষ্টিকোণ থেকে ঝুঁকিপূর্ণ অনন্য বৈশ্বিক মানসম্পন্ন প্রজাতিসহ জীব-বৈচিত্র্যের অন্তর্মুখীন সংরক্ষণের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য প্রাকৃতিক আবাসস্থল।

৭৮. অনন্য বৈশ্বিক মান হিসেবে বিবেচিত হওয়ার জন্য কোনো সম্পদের অখণ্ডতা এবং / অথবা প্রামানিকতার শর্ত অবশ্যই পূরণ করতে হবে এবং এর নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার জন্য পর্যাপ্ত সুরক্ষা ও ব্যবস্থাপনা পদ্ধতি থাকতে হবে।

## ২।৬ প্রামানিকতা এবং/অথবা অখণ্ডতা

প্রামানিকতা

৭৯. (i) থেকে (vi) পর্যন্ত নির্ণায়ক অনুযায়ী মনোনীত সম্পদগুলিকে অবশ্যই প্রামানিকতার শর্তাবলি পূরণ করতে হবে। পরিশিষ্ট ৪-এ এধরনের সম্পদের প্রামানিকতা যাচাইয়ের একটি বাস্তবিক ভিত্তি তুলে ধরা হয়েছে, যার মধ্যে রয়েছে প্রামানিকতা বিষয়ক নারা ডকুমেন্ট। নিচে এর সারসংক্ষেপ তুলে ধরা হয়েছে। সিদ্ধান্ত 39 COM 11

৮০. ঐতিহ্যের ব্যাপারে উল্লিখিত মূল্যমান বুঝতে পারার ক্ষমতা নির্ভর করে এই মূল্যমানের তথ্যসূত্রগুলো কতটা বিশ্বাসযোগ্য বা সত্যনিষ্ঠ তার ওপর। প্রাকৃতিক ঐতিহ্যসমূহের মূল ও পরবর্তী বৈশিষ্ট্যসমূহের সাথে সম্পর্কযুক্ত এসব তথ্যসূত্র সম্পর্কিত জ্ঞান ও বোধগম্যতা এবং সময়ের সাথে সাথে এসব ঐতিহ্যের ক্রমবর্ধিত অর্থ- প্রামানিকতার সকল দিক যাচাইয়ের আবশ্যকীয় ভিত্তি।

৮১. সাংস্কৃতিক ঐতিহ্যের উল্লিখিত মান এবং একই সাথে সংশ্লিষ্ট তথ্যসূত্রের বিশ্বাসযোগ্যতা সম্পর্কিত বিচার সংস্কৃতিভেদে, এবং এমনকি একই সংস্কৃতির মধ্যেও ভিন্ন হতে পারে। সকল সংস্কৃতির প্রতি যথাযোগ্য সম্মান প্রদর্শনের জন্য সাংস্কৃতিক ঐতিহ্যকে অবশ্যই তাদের নিজস্ব প্রেক্ষাপটের মধ্যে বিচার-বিবেচনা করা প্রয়োজন।

৮২. সাংস্কৃতিক ঐতিহ্যের ধরন ও সাংস্কৃতিক প্রেক্ষাপটের ওপর নির্ভর করে সম্পদগুলির প্রামানিকতার শর্তাবলি পূরণ হয়েছে কিনা তা বোঝা যাবে যদি সত্যনিষ্ঠ ও বিশ্বাসযোগ্যতার সাথে নিচে উল্লিখিত গুণাবলিসহ বিভিন্ন গুণাবলির মাধ্যমে সাংস্কৃতিক মূল্যবোধ (প্রস্তাবিত মনোনয়ন নির্ণায়কসমূহের মধ্যে যেভাবে উল্লেখ করা হয়েছে) প্রকাশিত হয়ে থাকে:

- গঠন ও বিন্যাস;
- উপকরণ ও সম্পদ;
- ব্যবহার ও প্রয়োগ;
- ঐতিহ্য, কৌশল ও ব্যবস্থাপনা পদ্ধতি;
- অবস্থান ও পরিবেশ;
- ভাষা এবং বিমূর্ত ঐতিহ্যের অন্যান্য রূপ;
- চেতনা ও অনুভূতি, এবং
- অভ্যন্তরীণ ও বাহ্যিক বিষয়াবলি।

৮৩. প্রামাণিকতার শর্তাবলি পরীক্ষার ক্ষেত্রে চেতনা ও অনুভূতির মতো বৈশিষ্ট্যগুলির ব্যবহারিক প্রয়োগ খুব একটা সহজ নয়, কিন্তু তা সত্ত্বেও, উদাহরণস্বরূপ, ঐতিহ্য ও সাংস্কৃতিক ধারাবাহিকতা রক্ষাকারী বিভিন্ন এলাকার বৈশিষ্ট্য বোঝার ক্ষেত্রে এগুলি হচ্ছে গুরুত্বপূর্ণ সূচক।

৮৪. এই সকল উৎসের ব্যবহারের ফলে পরীক্ষাধীন সাংস্কৃতিক ঐতিহ্যের সুনির্দিষ্ট শৈল্পিক, ঐতিহাসিক, সামাজিক ও বৈজ্ঞানিক মাত্রার ব্যাখ্যার সুযোগ ঘটে। "তথ্যসূত্র" মানে সকল বস্তুগত, লিখিত, মৌখিক ও রূপকধর্মী উৎস যা প্রকৃতি, সুনির্দিষ্টতা, অর্থ ও সাংস্কৃতিক ঐতিহ্যের ইতিহাস সম্পর্কে জানতে সাহায্য করে।

৮৫. সম্পদের মনোনয়ন প্রস্তুতকরণের ক্ষেত্রে প্রামানিকতার শর্তাবলি বিবেচনার সময় রাষ্ট্রপক্ষগুলোকে প্রথমেই প্রামানিকতার সকল গুরুত্বপূর্ণ ব্যবহারিক বৈশিষ্ট্য খুঁজে বের করতে হবে। এসব গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যের প্রতিটির মধ্যে প্রামানিকতা কতটুকু নিহিত বা এসব গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যেও প্রতিটির মাধ্যমে প্রামানিকতা কতটুকু প্রকাশিত তা স্টেটমেন্ট অব অথেনটিসিটি বা প্রামানিকতার বিবৃতির মাধ্যমেই নিরূপণ করা সম্ভব হতে হবে।

৮৬. প্রামানিকতা সম্পর্কে বলতে গেলে, প্রত্নতাত্ত্বিক অবশেষ বা ঐতিহাসিক ভবন বা ঐতিহাসিক জেলার পুনর্নির্মাণ কেবল ব্যতিক্রমী পরিস্থিতিতেই সমর্থনযোগ্য। পুনর্নির্মাণ শুধুমাত্র সম্পূর্ণ ও বিশদ নথিভুক্তকরণের ভিত্তিতেই গ্রহণযোগ্য হতে পারবে, কোনো ধরনের অনুমাননির্ভর কর্মের ভিত্তিতে নয়।

অখণ্ডতা

৮৭. বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য মনোনীত সকল সম্পদের অখণ্ডতার শর্তাবলি অবশ্যই পূরণ হতে হবে। সিদ্ধান্ত 20 COM IX.13

৮৮. অখণ্ডতা হলো প্রাকৃতিক এবং / অথবা সাংস্কৃতিক ঐতিহ্য ও তাদের বৈশিষ্ট্যের পূর্ণতার পরিমাপ। এজন্য অখণ্ডতার শর্তাবলির পরীক্ষার জন্য সম্পদের নিম্নলিখিত বিষয়াবলির মাত্রা নিরূপণ করা প্রয়োজন:

ক) সম্পদের অনন্য বৈশ্বিক মান প্রকাশের জন্য প্রয়োজনীয় সকল উপাদানের মাত্রা;

খ) বৈশিষ্ট্য ও প্রক্রিয়ার পরিপূর্ণ প্রতিনিধিত্ব নিশ্চিতকরণে সম্পদের পর্যাপ্ত আকার, যা সম্পদের তাৎপর্য বহন করে;

গ) উন্নয়ন এবং / অথবা অবহেলার বৈরি প্রভাব পড়ছে।

একে অখণ্ডতার বিবৃতি হিসেবে উপস্থাপন করতে হবে।

৮৯. (i) থেকে (vi) পর্যন্ত নির্ণায়ক অনুযায়ী মনোনীত সম্পদের জন্য, সম্পদের ভৌত কাঠামো এবং / অথবা এর উল্লেখযোগ্য বৈশিষ্ট্যগুলি ভালো অবস্থায় থাকতে হবে এবং সম্পদের অবক্ষয় প্রক্রিয়ার প্রভাবগুলিও নিয়ন্ত্রণে থাকতে হবে। সম্পদের দ্বারা পরিবাহিত মান-এর সামগ্রিকতা বোঝানোর জন্য প্রয়োজনীয় উপাদানগুলোর একটি গুরুত্বপূর্ণ অনুপাত অন্তর্ভুক্ত করতে হবে। সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহ, ঐতিহাসিক শহর বা অন্যান্য স্বতন্ত্র বৈশিষ্টের জন্য অপরিহার্য জীবন্ত সম্পদের মধ্যে বিদ্যমান সম্পর্ক ও গতিশীল কার্যকারিতার দিকগুলিও বজায় রাখতে হবে।

(i) থেকে (vi) পর্যন্ত মানদণ্ড অনুযায়ী মনোনীত সম্পদগুলির অখণ্ডতার শর্তাবলি প্রয়োগের দৃষ্টান্ত উন্নয়ন চলছে

৯০. (vii) থেকে (x) পর্যন্ত নির্ণায়ক অনুযায়ী মনোনীত সকল সম্পদের জন্য জৈব-ভৌত প্রক্রিয়া ও ভূপ্রকৃতির বৈশিষ্ট্যসমূহ অপেক্ষাকৃত অক্ষত থাকতে হবে। তবে এটি স্বীকৃত যে, কোনো এলাকা একেবারেই অক্ষত নয় এবং সকল প্রাকৃতিক এলাকাই একটি গতিশীল অবস্থায় বিদ্যমান এবং এগুলির মধ্যে জনগণের সংস্পর্শও রয়েছে। বিভিন্ন জীব-বৈচিত্র্য ও সাংস্কৃতিক বৈচিত্র্য একটি আরেকটির সঙ্গে নিবিড়ভাবে যুক্ত ও পরস্পর-নির্ভর হতে পারে, এবং বিভিন্ন ঐতিহ্যমণ্ডিত সমাজ, স্থানীয় জনসাধারণ ও আদিবাসী জনগোষ্ঠীর নানা কার্যক্রমের পাশাপাশি মানবিক কার্যক্রমও সাধারণত প্রাকৃতিক এরিয়াগুলিতেই ঘটে থাকে। এইসব ক্রিয়াকলাপ ঐ এলাকার অনন্য বৈশ্বিক মান-এর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে পারে– যেখানে এই ক্রিয়াকলাপগুলি পরিবেশগতভাবে স্থায়িত্বশীল।

সিদ্ধান্ত 43 COM 11A

৯১. এছাড়া, (vii) থেকে (x) পর্যন্ত নির্ণায়ক অনুযায়ী মনোনীত সম্পদগুলির ক্ষেত্রে প্রতিটি নির্ণায়কের জন্য অখণ্ডতার একটি করে শর্ত নির্ধারণ করা হয়েছে।

৯২. নির্ণায়ক (vii) অনুযায়ী প্রস্তাবিত সম্পদগুলি অবশ্যই অনন্য বৈশ্বিক মানের হতে হবে এবং এসব সম্পদের সৌন্দর্য্য বজায় রাখার প্রয়োজনীয় ক্ষেত্রগুলিও অন্তর্ভুক্ত থাকতে হবে। উদাহরণস্বরূপ, জলপ্রপাতের দৃশ্যগত মানের ওপর নির্ভর করে এমন কোনো সম্পদের অখণ্ডতার শর্তাবলি পূরণ হতে পারে যদি এর পার্শ্ববর্তী এলাকা ও ভাটি এলাকাকে অখণ্ডভাবে সম্পদটির নান্দনিক মান বজায় রাখার ব্যবস্থাপনার মধ্যে অন্তর্ভুক্ত করা হয়।

৯৩. নির্ণায়ক (viii) অনুযায়ী প্রস্তাবিত সম্পদগুলির স্বাভাবিক সম্পর্কের মধ্যে বিদ্যমান আন্তঃসম্পর্কযুক্ত ও পরস্পরনির্ভর সকল বা অধিকাংশ উপাদান থাকতে হবে। উদাহরণস্বরূপ, কোনো "বরফ যুগীয়" এলাকার অখণ্ডতার শর্তাবলি পূরণ হবে যদি এলাকাটির মধ্যে তুষারভূমি, হিমবাহ এবং কাটিং প্যাটার্ন, ডিপজিশন বা অবক্ষেপ ও উপনিবেশের নমুনা বিদ্যমান থাকে (যেমন, রেখাঙ্কিত দাগ, হিমবাহ দ্বারা পরিবাহিত মাটি ও কাঁকড়, উদ্ভিদের ধারাবাহিকতার প্রাথমিক পর্যায় ইত্যাদি); আগ্নেয়গিরির ক্ষেত্রে, ম্যাগমেটিক সিরিজ সম্পূর্ণ হতে হবে এবং সকল বা অধিকাংশ ধরনের নির্গমনীয় শিলা ও অগ্ন্যুৎপাতের ধরন থাকতে হবে।

৯৪. নির্ণায়ক (ix) অনুযায়ী প্রস্তাবিত সম্পদগুলির পর্যাপ্ত আকার এবং প্রক্রিয়াকরণের মূল দিকগুলি প্রদর্শন করার জন্য প্রয়োজনীয় ঐ সকল উপাদান থাকতে হবে যে উপাদানগুলি ইকোসিস্টেম বা প্রাণি, উদ্ভিদ ও পরিবেশের পারস্পরিক নির্ভরতা ব্যবস্থা ও জীব-বৈচিত্র্যের দীর্ঘমেয়াদি সংরক্ষণের জন্য আবশ্যক। উদাহরণস্বরূপ, গ্রীষ্মমণ্ডলীয় রেইন ফরেস্ট এলাকা তার অখণ্ডতার শর্তাবলি পূরণ করবে যদি সমুদ্রপৃষ্ঠ থেকে এর উচ্চতা, এর প্রাকৃতিক বৈশিষ্ট্য, মাটির প্রকারভেদ, প্যাচ সিস্টেম এবং স্বাভাবিকভাবে পুনরুদ্ভবক্ষম প্যাচ ইত্যাদি ক্ষেত্রে একটি নির্দিষ্ট মাত্রার ভিন্নতা এর মধ্যে থাকে; অনুরূপভাবে, একটি প্রবাল শৈলশ্রেণিতে, উদাহরণস্বরূপ, থাকতে হবে সমুদ্রঘাস, ম্যানগ্রোভ কিংবা অন্যান্য পারিপার্শ্বিক ইকোসিস্টেম যা শৈলশ্রেণিতে পুষ্টি ও বিভিন্ন ধরনের তলানির যোগান নিয়ন্ত্রণ করে থাকে।

৯৫. নির্ণায়ক (x) অনুযায়ী প্রস্তাবিত সম্পদগুলিকে জীব-বৈচিত্র্য সংরক্ষণের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ সম্পদ হতে হবে। যেসব সম্পদ জীববিজ্ঞানের ভিত্তিতে সবচেয়ে বেশি বৈচিত্র্যপূর্ণ এবং/অথবা এ ধরনের বৈচিত্র্যের প্রতিনিধিত্বমূলক, কেবল ঐ সকল সম্পদেরই এসব নির্ণায়ক পূরণের সম্ভাবনা রয়েছে। সম্পদগুলির মধ্যে বিবেচনাধীন জৈব-ভৌগোলিক প্রদেশ ও ইকোসিস্টেম-এর সবচেয়ে বেশি বৈচিত্র্যপূর্ণ প্রাণিকুল ও উদ্ভিদকুলের বৈশিষ্ট্য বজায় রাখার মতো পর্যাপ্ত আবাসস্থল থাকতে হবে। উদাহরণস্বরূপ, একটি গ্রীষ্মমণ্ডলীয় এলাকা বা তৃণময় সমতলভূমির মধ্যে যদি সমবিকশিত ঘাস-লতাপাতা ও উদ্ভিদের একটি সম্পূর্ণ সমাবেশ থাকে তবে তা অখণ্ডতার শর্তাবলি পূরণ করবে; একটি দ্বীপের ইকোসিস্টেম-এর মধ্যে এন্ডেমিক বায়োটা বজায় রাখার মতো আবাসস্থল থাকতে হবে; বিপুল সংখ্যক প্রজাতি বাস করে এমন কোনো সম্পদের মধ্যে ঐ সকল প্রজাতির সকল প্রাণীর টিকে থাকা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সবচেয়ে গুরুত্বপূর্ণ আবাসস্থল থাকতে পারে সম্পদটিকে এমন যথেষ্ট বড় হতে হবে; প্রচরণশীল প্রজাতির ঋতু প্রজনন ও আশ্রয়স্থলের জন্য নির্দিষ্ট স্থান ও যাতায়াতের পথ– যেখানেই থাকুক না কেন– পর্যাপ্ত পরিমাণে সুরক্ষিত হতে হবে।

## ২। চ সুরক্ষা ও ব্যবস্থাপনা

৯৬. বিশ্ব ঐতিহ্য সম্পদের সুরক্ষা ও ব্যবস্থাপনার মাধ্যমে এটা নিশ্চিত করতে হবে যে, তালিকায় অন্তর্ভুক্তির সময় অখণ্ডতা এবং/অথবা প্রামানিকতার শর্তাবলিসহ সম্পদগুলির অনন্য বৈশ্বিক মান বহুদিন ধরে টিকে থাকবে ও সমৃদ্ধ হবে। *অপারেশনাল গাইডলাইনে* যেভাবে সুনির্দিষ্ট করা হয়েছে[৪]– বিশ্ব ঐতিহ্যের পরিবীক্ষণ প্রক্রিয়ার কর্মকাঠামোর আওতায় সেভাবেই সম্পদ সংরক্ষণের সাধারণ অবস্থা এবং এর পাশাপাশি সম্পদগুলির অনন্য বৈশ্বিক মান-এর নিয়মিত পর্যালোচনা সম্পন্ন করা হবে।

৯৭. বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সকল সম্পদগুলির অবশ্যই দীর্ঘ-মেয়াদি আইনগত, নিয়ন্ত্রণমূলক, প্রাতিষ্ঠানিক এবং / অথবা ঐতিহ্যগত সুরক্ষা ও ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে– যাতে তাদের সুরক্ষা নিশ্চিত করা যায়। এই সুরক্ষার মধ্যে পর্যাপ্তভাবে বর্ণিত সীমানা অন্তর্ভুক্ত থাকতে হবে। একইভাবে মনোনীত সম্পদগুলোর জন্য রাষ্ট্রপক্ষসমূহেরও জাতীয়, আঞ্চলিক, পৌরসভা এবং / অথবা ঐতিহ্য পর্যায়ে পর্যাপ্ত সুরক্ষা ব্যবস্থা প্রদর্শন করতে হবে। সম্পদ সুরক্ষার জন্য রাষ্ট্রপক্ষের গৃহীত ব্যবস্থা কিভাবে ঐ সম্পদ সুরক্ষায় কাজ করবে তার স্পষ্ট ব্যাখ্যাসহ মনোনয়নের সঙ্গে যথাযথ বর্ণনা সংযুক্ত করতে হবে।

আইনগত, নিয়ন্ত্রণমূলক ও চুক্তিভিত্তিক সুরক্ষা পদক্ষেপসমূহ

৯৮. জাতীয় ও স্থানীয় পর্যায়ে আইনগত ও নিয়ন্ত্রণমূলক বিভিন্ন পদক্ষেপের মাধ্যমে– সামাজিক, অর্থনৈতিক ও অন্যান্য চাপ কিংবা অন্য কোনো পরিবর্তন, যা সম্পদের অখণ্ডতা এবং/ অথবা প্রামানিকতাসহ সম্পদটির অনন্য বৈশ্বিক মান-এর ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে– ইত্যাদি সমস্যা থেকে ঐ সম্পদের সুরক্ষা নিশ্চিত করতে হবে। রাষ্ট্রপক্ষগুলোকেও এ ধরনের পদক্ষেপের পূর্ণ ও কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। সিদ্ধান্ত 39 COM 11

কার্যকর সুরক্ষা সীমানা

৯৯. মনোনীত সম্পদের কার্যকর সুরক্ষা প্রতিষ্ঠায় সুরক্ষা সীমানা অঙ্কন একটি অপরিহার্য আবশ্যকতা। সম্পদের অনন্য বৈশ্বিক মান প্রকাশ করে সম্পদটির এমন সকল বৈশিষ্ট্য অন্তর্ভুক্ত করা এবং এর অখণ্ডতা এবং / অথবা প্রামানিকতা নিশ্চিত করার জন্য এই সুরক্ষা সীমানা নির্ধারণ করতে হবে। সিদ্ধান্ত 39 COM 11

[৪] *অপারেশনাল গাইডলাইনে* উল্লিখিত পরিবীক্ষণ প্রক্রিয়াগুলি হচ্ছে রিঅ্যাক্টিভ মনিটরিং বা সক্রিয় পরিবীক্ষণ (অনুচ্ছেদ ১৬৯-১৭৬ দেখুন) এবং সাময়িক প্রতিবেদন (অনুচ্ছেদ ১৯৯-২১০ দেখুন)।

**১০০.** (i) থেকে (vi) পর্যন্ত নির্ণায়ক অনুযায়ী মনোনীত সম্পদগুলির জন্য সুরক্ষা সীমানার মধ্যে ঐ সকল এলাকা, বিষয় ও বৈশিষ্ট্য অন্তর্ভুক্ত করতে হবে যা সম্পদগুলোর অনন্য বৈশ্বিক মান-এর প্রত্যক্ষ বিমূর্ত অভিব্যক্তির প্রকাশ ঘটায়। এর পাশাপাশি ঐ সকল এলাকা ও বিষয় অন্তর্ভুক্ত করতে হবে যার মধ্যে সম্ভাব্য ভবিষ্যৎ গবেষণার আলোকে এ ধরনের বোধগম্যতাকে সাহায্য ও উন্নত করার সম্ভাবনা রয়েছে।

**১০১.** (vii) থেকে (x) পর্যন্ত নির্ণায়ক অনুযায়ী মনোনীত সম্পদগুলির জন্য সুরক্ষা সীমানার মধ্যে বিভিন্ন আবাসস্থল, প্রজাতি, প্রক্রিয়া বা ঘটনাবলির স্থান সংক্রান্ত প্রয়োজনীয়তার প্রতিফলন থাকতে হবে যা বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদের অন্তর্ভুক্তি নিশ্চিতকরণের ভিত্তিস্বরূপ। মানুষের অবৈধ সীমালঙ্ঘন ও মনোনীত এলাকার বাইরে সম্পদ আহরণের প্রভাব থেকে সম্পদের ঐতিহ্যের মানসমূহ রক্ষার জন্য সুরক্ষা সীমানার মধ্যে অনন্য বৈশ্বিক মানসম্পন্ন এলাকা-সংলগ্ন পর্যাপ্ত বাড়তি এলাকা অন্তর্ভুক্ত করতে হবে।

**১০২.** মনোনীত সম্পদের সীমানা এক বা একাধিক বিদ্যমান বা প্রস্তাবিত সুরক্ষিত এলাকার সাথে মিলে যেতে পারে, যেমন– জাতীয় উদ্যান বা সংরক্ষিত প্রাকৃতিক এলাকা, সংরক্ষিত জীবমণ্ডল বা সুরক্ষিত সাংস্কৃতিক বা ঐতিহাসিক জেলা বা অন্যান্য অঞ্চল ও ভূখণ্ড। সুরক্ষার জন্য এ ধরনের প্রতিষ্ঠিত এলাকাগুলোর মধ্যে অনেকগুলো ব্যবস্থাপনা অঞ্চল থাকতে পারে, তবে মাত্র কয়েকটি অঞ্চলই তালিকায় অন্তর্ভুক্তির শর্ত পূরণ করতে পারে। সিদ্ধান্ত 39 COM 11

<u>সুরক্ষা বলয়সমূহ</u>

**১০৩.** সম্পদের যথাযথ সুরক্ষার জন্য যেখানে প্রয়োজন একটি পর্যাপ্ত সুরক্ষা বলয় প্রদান করতে হবে।

**১০৪.** মনোনীত সম্পদের কার্যকর সুরক্ষার উদ্দেশ্যে, সুরক্ষা বলয় হচ্ছে মনোনীত সম্পদের চতুর্দিক বেষ্টনকারী বাড়তি অঞ্চল। সম্পদ সুরক্ষার অতিরিক্ত স্তর প্রতিষ্ঠার লক্ষ্যে এই বাড়তি অঞ্চলের ব্যবহার ও উন্নয়নের ওপর সম্পূরক আইনগত এবং / অথবা প্রথাগত বিধিনিষেধ রয়েছে। এর মধ্যে মনোনীত সম্পদের অতি নিকটবর্তী পরিবেশ, গুরুত্বপূর্ণ দৃষ্টিভঙ্গি ও অন্যান্য বিষয় বা বৈশিষ্ট্য অন্তর্ভুক্ত থাকতে হবে যা মনোনীত সম্পদ এবং এর সুরক্ষার অনুকূলে ব্যবহারিকভাবে গুরুত্বপূর্ণ। প্রত্যেক ক্ষেত্রেই যথাযথ ব্যবস্থাপনার মাধ্যমে সুরক্ষা বলয় গঠনকারী এলাকাটি সুনির্দিষ্ট করে রাখতে হবে। আকার, বৈশিষ্ট্য ও সুরক্ষা বলয়ের অনুমোদিত ব্যবহার সম্পর্কিত বিশদ বিবরণসহ সম্পদ ও এর চারপাশের সুরক্ষা বলয়ের সুনির্দিষ্ট সীমানা নির্দেশক মানচিত্র মনোনয়নের সাথে দাখিল করতে হবে।

**১০৫.** সুরক্ষা বলয় কীভাবে সম্পদ সুরক্ষা করবে এ সম্পর্কিত স্পষ্ট ব্যাখ্যাও প্রদান করতে হবে।

**১০৬.** সম্পদের সাথে কোনো সুরক্ষা বলয় প্রস্তাব করা না হলে সেক্ষেত্রে মনোনয়নটিতে কেন সুরক্ষা বলয় প্রয়োজন নেই এ সম্পর্কিত বিবরণ অন্তর্ভুক্ত করতে হবে।

**১০৭.** সুরক্ষা বলয় মনোনীত কোনো সম্পদের অংশ না হলেও, বিশ্ব ঐতিহ্য তালিকায় কোনো সম্পদ অন্তর্ভুক্তির পর সুরক্ষা বলয়ে কোনো পরিবর্তন বা নতুন করে সুরক্ষা বলয় সৃষ্টি করা হলে বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক অল্প-বিস্তর সীমানা সংশোধন পদ্ধতি ব্যবহার করে তা অনুমোদিত হতে হবে (অনুচ্ছেদ ১৬৪ ও সংশোধনী ১১ দেখুন)। তালিকায় অন্তর্ভুক্তির পর সুরক্ষা বলয় তৈরির কাজ সাধারণত ছোটখাটো সীমানা পরিবর্তন[৫] হিসেবে বিবেচিত হয়।

---

[৫] আন্তর্জাতিক/ আন্তঃসীমান্ত সম্পদগুলির ক্ষেত্রে যে কোনো পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট সকল রাষ্ট্রপক্ষের চুক্তির প্রয়োজন হবে।

ব্যবস্থাপনা পদ্ধতি

**১০৮.** মনোনীত প্রতিটি সম্পদের জন্য একটি যথাযথ ব্যবস্থাপনা পরিকল্পনা বা নথিভুক্ত অন্য কোনো ব্যবস্থাপনা পদ্ধতি থাকতে হবে, যেখানে বিশেষ করে অংশগ্রহণমূলক উপায়ে সম্পদের অনন্য বৈশ্বিক মান কীভাবে সংরক্ষিত হবে– এ ব্যাপারে সুনির্দিষ্ট বর্ণনা থাকতে হবে।

**১০৯.** ব্যবস্থাপনা পদ্ধতির উদ্দেশ্য হলো বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য মনোনীত সম্পদের কার্যকর সুরক্ষা নিশ্চিত করা।

**১১০.** একটি কার্যকর ব্যবস্থাপনা পদ্ধতি নির্ভর করে মনোনীত সম্পদের ধরন, বৈশিষ্ট্য ও চাহিদা এবং এর সাংস্কৃতিক ও প্রাকৃতিক প্রেক্ষাপটের ওপর। বিভিন্ন সাংস্কৃতিক দৃষ্টিভঙ্গি, সম্পদের প্রাপ্যতা ও অন্য আরও কিছু কারণে ব্যবস্থাপনা পদ্ধতিও ভিন্ন ভিন্ন হতে পারে। এগুলির মধ্যে ঐতিহ্যগত অনুশীলন, বিদ্যমান শহুরে বা আঞ্চলিক পরিকল্পনা সরঞ্জাম এবং আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক উভয়বিধ নিয়ন্ত্রণ ব্যবস্থা অন্তর্ভুক্ত করতে পারে। সকল বিশ্ব ঐতিহ্য সম্পদের ক্ষেত্রে প্রস্তাবিত উদ্যোগসমূহের প্রভাব নিরূপণ করা অপরিহার্য।

**১১১.** উপরোল্লিখিত বৈচিত্র্যের স্বীকৃতির জন্য– কোনো কার্যকর ব্যবস্থাপনা পদ্ধতির মধ্যে যেসব সাধারণ উপাদান থাকতে পারে সেগুলি হলো: সিদ্ধান্ত 39 COM 11 সিদ্ধান্ত 43 COM 11A

- ক) স্থানীয় জনসাধারণ ও আদিবাসী জনগোষ্ঠীসহ সকল অংশীজনের সম্পদ সম্পর্কে অভিন্ন ও পুঙ্খানুপুঙ্খ বোঝাপড়া, সম্পদের সর্বজনীন, জাতীয় ও স্থানীয় মূল্য এবং এর সামাজিক ও পরিবেশগত প্রেক্ষাপট;
- খ) বৈচিত্র্য, ন্যায্যতা, জেন্ডার সমতা ও মানবাধিকারের প্রতি শ্রদ্ধা এবং অন্তর্ভুক্তি- ও অংশগ্রহণমূলক পরিকল্পনা ও অংশীজনদের সাথে পরামর্শ প্রক্রিয়ার ব্যবহার;
- গ) পরিকল্পনা, বাস্তবায়ন, পরিবীক্ষণ, মূল্যায়ন ও পরামর্শ চক্র;
- ঘ) প্রাকৃতিক দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন এবং বিভিন্ন সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত প্রভাবসহ অন্যান্য চাপ ও পরিবর্তনের কারণে সম্পদের সম্ভাব্য সকল বিপন্নতার ঝুঁকি মূল্যায়ন এবং বিদ্যমান প্রবণতা ও প্রস্তাবিত উদ্যোগসমূহের প্রভাব পরিবীক্ষণ;
- ঙ) বিভিন্ন সহযোগী সংগঠন ও অংশীজনের মধ্যে নানাবিধ কার্যক্রমে সম্পৃক্তি ও সমন্বয়সাধন ব্যবস্থার উন্নয়ন;
- চ) প্রয়োজনীয় সম্পদ বরাদ্দ;
- ছ) সক্ষমতা বৃদ্ধি;
- জ) ব্যবস্থাপনা পদ্ধতি কীভাবে কাজ করবে এ সম্পর্কিত একটি স্বচ্ছ ও জবাবদিহিতামূলক বিবরণ।

**১১২.** কার্যকরী ব্যস্থাপনার মধ্যে থাকবে মনোনীত সম্পদ সুরক্ষা, সংরক্ষণ ও উপস্থাপনার জন্য সংক্ষিপ্ত, মধ্যম ও দীর্ঘমেয়াদি কার্যক্রমের চক্র। সময়ের সাথে সাথে সম্পদসমূহের বিবর্তনের দিকনির্দেশনা ও তাদের অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত সকল বিষয়ের রক্ষণাবেক্ষণ নিশ্চিত করার জন্য পরিকল্পনা ও ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি সমন্বিত পদ্ধতি অত্যাবশ্যক। এই কৌশল কোনো সম্পদের মধ্যে সুরক্ষা বলয় ও বিস্তৃত পরিবেশ অন্তর্ভুক্তিরও বাইরের একটি ব্যাপার। বিস্তৃত পরিবেশ সম্পদের প্রাকৃতিক বৈশিষ্ট্য, প্রাকৃতিক ও কৃত্রিমভাবে নির্মিত পরিবেশ এবং অন্যান্য উপাদান, যেমন– অবকাঠামো, ভূমি ব্যবহারের ধরন, স্থানিক সংগঠন ও দৃশ্যগত সম্পর্কের সাথে সম্পর্কিত হতে পারে। এর মধ্যে আরও থাকতে পারে সংশ্লিষ্ট সামাজিক ও সাংস্কৃতিক অনুশীলন, অর্থনৈতিক প্রক্রিয়া এবং ধারণা ও সংযোগ-এর মতো ঐতিহ্যের অন্যান্য বিমূর্ত মাত্রা। বৃহত্তর পরিবেশ ব্যবস্থাপনা ঐ পরিবেশের অনন্য বৈশ্বিক মান সমর্থনের ভূমিকার সঙ্গে সম্পর্কিত। ঐতিহ্য ও সমাজের পারস্পরিক সুবিধা কাজে লাগানোর মাধ্যমে পরিবেশের কার্যকর ব্যবস্থাপনা টেকসই উন্নয়নেও গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। সিদ্ধান্ত 39 COM 11 সিদ্ধান্ত 43 COM 11A

**১১৩.** উপরন্তু, *সনদ* বাস্তবায়নের প্রেক্ষাপটে, বিশ্ব ঐতিহ্য কমিটি– রিঅ্যাক্টিভ মনিটরিং বা সক্রিয় পরিবীক্ষণ প্রক্রিয়া (অধ্যায় চার দেখুন) এবং সাময়িক প্রতিবেদন প্রক্রিয়া (অধ্যায় পাঁচ দেখুন) প্রতিষ্ঠা করেছে।

**১১৪.** ধারাবাহিক সম্পদসমূহের ক্ষেত্রে, পৃথক পৃথক উপাদানের সমন্বিত ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য একটি ব্যবস্থাপনা পদ্ধতি বা প্রক্রিয়া অপরিহার্য এবং মনোনয়নপত্রের মধ্যে এই পদ্ধতি বা প্রক্রিয়া নথিভুক্ত করতে হবে (অনুচ্ছেদ ১৩৭-১৩৯ দেখুন)।

**১১৫.** [বাদ দেওয়া হয়েছে] সিদ্ধান্ত 39 COM 11

**১১৬.** মনোনীত কোনো সাইটের অন্তর্নিহিত গুণাবলি মানুষের কর্মের ফলে হুমকির সম্মুখীন হলে এবং ৭৮-৯৫ অনুচ্ছেদে নির্ধারিত প্রামানিকতা বা অখণ্ডতার নির্ণায়কসমূহ ও শর্তাবলি পূরণ না হলে প্রয়োজনীয় সংশোধনী ব্যবস্থার রূপরেখা সংবলিত একটি কর্মপরিকল্পনা মনোনয়ন ফাইলের সাথে জমা দিতে হবে। মনোনয়ন প্রদানকারী রাষ্ট্রপক্ষ কর্তৃক দাখিলকৃত সংশোধনী ব্যবস্থা রাষ্ট্রপক্ষের প্রস্তাবিত সময়ের মধ্যে গ্রহণ করা না হলে কমিটি ঐ সম্পদকে কমিটির গৃহীত কার্যপদ্ধতি অনুযায়ী তালিকা থেকে বাদ দেওয়ার জন্য বিবেচনা করা হবে (অধ্যায় ৪। গ দেখুন)। সিদ্ধান্ত 39 COM 11

**১১৭.** কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদের কার্যকরী ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়নের দায়িত্ব হচ্ছে রাষ্ট্রপক্ষের। সম্পদের ব্যবস্থাপক, ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সংশ্লিষ্ট সংস্থা, স্থানীয় জনসাধারণ ও আদিবাসী জনগোষ্ঠী, স্বত্বাধিকারী ও অন্যান্য সহযোগী এবং সম্পদ ব্যবস্থাপনায় নিয়োজিত অন্যান্য অংশীজনের সাথে নিবিড় সহযোগিতার ভিত্তিতে ন্যায়ভিত্তিক শাসনব্যবস্থা, সহযোগিতামূলক ব্যবস্থাপনা পদ্ধতি ও প্রতিকার ব্যবস্থা উন্নয়নের মধ্য দিয়ে রাষ্ট্রপক্ষ এই দায়িত্ব পালন করবে। সিদ্ধান্ত 43 COM 11A

**১১৮.** কমিটি সুপারিশ করছে যে, রাষ্ট্রপক্ষগুলো তাদের ওয়ার্ল্ড হেরিটেজ সাইট বা বিশ্ব ঐতিহ্যের স্থান ব্যবস্থাপনা, পরিকল্পনা ও প্রশিক্ষণ কৌশলের মধ্যে উপাদান হিসাবে প্রাকৃতিক দুর্যোগ, জলবায়ু পরিবর্তন ও অন্যান্য ঝুঁকি ব্যবস্থাপনাকে অন্তর্ভুক্ত করবে। সিদ্ধান্ত 43 COM 11A

**১১৮ পুনশ্চ.** বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ১৭৯ ও ১৮০ সত্ত্বেও, রাষ্ট্রপক্ষসমূহ তাদের বিশ্ব ঐতিহ্য সম্পদের মধ্যে বা এর আশেপাশে পরিকল্পিত কোনো উন্নয়ন প্রকল্প ও কার্যক্রম বাস্তবায়নের পূর্বশর্ত হিসেবে পরিবেশগত প্রভাব নিরূপণ, ঐতিহ্যগত প্রভাব নিরূপণ, এবং/অথবা কৌশলগত পারিবেশিক অবস্থা নিরূপণ পরিচালনা নিশ্চিত করবে। এইসব নিরূপণ বা মূল্যায়ন পরিচালনার মাধ্যমে উন্নয়নের বিকল্প অন্বেষণ এবং সম্পদের অনন্য বৈশ্বিক মান (আউটস্ট্যান্ডিং ইউনিভার্সাল ভ্যালু)-র ওপর সম্ভাব্য ইতিবাচক ও নেতিবাচক উভয়বিধ প্রভাব সনাক্ত করতে হবে এবং সম্পদের ভেতরে বা এর আশেপাশের বৃহত্তর পরিসরে সাংস্কৃতিক বা প্রাকৃতিক ঐতিহ্যের অবক্ষয় বা অন্যান্য নেতিবাচক প্রভাব এড়াতে প্রতিকারমূলক ব্যবস্থা সুপারিশ করতে হবে। সিদ্ধান্ত 43 COM 11A

টেকসই ব্যবহার

**১১৯.** বিশ্ব ঐতিহ্য সম্পদে জীব-বৈচিত্র্য ও সাংস্কৃতিক বৈচিত্র্য অন্তর্নিহিত থাকতে পারে। এটি ইকোসিস্টেমে সহায়তা প্রদানসহ অন্যান্য উপকার সাধন করে থাকে, যা পরিবেশ ও সাংস্কৃতিক টেকসহিতায়ও অবদান রাখতে পারে। এই সম্পদগুলি চলমান ও প্রস্তাবিত বিভিন্ন ধরনের ব্যবহার-পদ্ধতির সহায়ক হয়ে উঠতে পারে যা পরিবেশগত ও সাংস্কৃতিকভাবে টেকসই এবং সংশ্লিষ্ট কমিউনিটির জীবনমান ও কল্যাণ উন্নয়নে সহায়ক। রাষ্ট্রপক্ষ ও তার সহযোগীদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে, এই সম্পদগুলির ব্যবহার যেন ন্যায়ভিত্তিক হয় এবং সম্পদের অনন্য বৈশ্বিক মানের প্রতি যেন পরিপূর্ণ সম্মান প্রদর্শন করা হয়। কিছু কিছু সম্পদের ক্ষেত্রে মানুষের দ্বারা ঐ সম্পদের ব্যবহার সঠিক নাও হতে পারে। বিশ্ব ঐতিহ্য সম্পদের ওপর প্রভাব ফেলে এমন সকল আইন, নীতি ও কৌশলের মাধ্যমে অনন্য বৈশ্বিক মান সুরক্ষা নিশ্চিত করতে হবে, প্রাকৃতিক ও সাংস্কৃতিক ঐতিহ্যের বৃহত্তর সংরক্ষণ সমর্থন করতে হবে এবং টেকসই সুরক্ষা, সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উপস্থাপনার আবশ্যকীয় শর্ত হিসেবে সম্পদের সাথে সংশ্লিষ্ট কমিউনিটি, আদিবাসী জনগোষ্ঠী ও অন্যান্য অংশীদারদের কার্যকর, অন্তর্ভুক্তিমূলক ও ন্যায়ভিত্তিক অংশগ্রহণ উৎসাহিত ও উন্নত করতে হবে। সিদ্ধান্ত 43 COM 11A

## তিন বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদ অন্তর্ভুক্তি প্রক্রিয়া

### ৩। ক মনোনয়ন প্রস্তুতি

**১২০.** মনোনয়ন ডকুমেন্ট একটি প্রাথমিক ভিত্তি যার উপর নির্ভর করে কমিটি বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদের অন্তর্ভুক্তি বিবেচনা করে থাকে। সকল প্রাসঙ্গিক তথ্য মনোনয়ন ডকুমেন্টে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে এবং তথ্যের উৎসের সাথে তথ্যগুলো মিলিয়ে দেখতে হবে।

১২১. পরিশিষ্ট ৩-এ সুনির্দিষ্ট প্রকারের সম্পদের মনোনয়ন প্রস্তুত করার জন্য রাষ্ট্রপক্ষগুলোকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

১২২. রাষ্ট্রপক্ষসমূহ বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য কোনো সম্পদের মনোনয়ন প্রস্তুতি শুরু করার পূর্বে অনুচ্ছেদ ১৬৮-তে বর্ণিত মনোনয়ন চক্রের সাথে পরিচিত হতে হবে। একটি পূর্ণ মনোনয়ন ডোসিয়ার উন্নয়নের কাজটি খুবই ব্যয়বহুল ও সময়সাপেক্ষ হতে পারে। এজন্য মনোনয়ন ডোসিয়ার উন্নয়নের আগে কোনো সম্পদের প্রামানিকতা ও অখণ্ডতাসহ তার অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত যৌক্তিকতা প্রমাণের সম্ভাবনা প্রতিষ্ঠার জন্য প্রাথমিক প্রস্তুতিমূলক কাজগুলো সম্পন্ন করা বাঞ্ছনীয়। এসব প্রস্তুতিমূলক কাজের মধ্যে সম্পদ সম্পর্কে বিদ্যমান তথ্য, থিম্যাটিক স্টাডিজ বা বিষয়বস্তুগত সমীক্ষা, অখণ্ডতা বা প্রামানিকতাসহ অনন্য বৈশ্বিক মান প্রমাণের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য স্কোপিং স্টাডিজ, অথবা উপদেষ্টা সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত গ্যাপ স্টাডিজের প্রেক্ষাপটে বিশ্লেষণসহ কোনো সম্পদের বৃহত্তর বৈশ্বিক বা আঞ্চলিক প্রেক্ষাপটে সম্পদটির প্রাথমিক তুলনামূলক সমীক্ষা ইত্যাদি অন্তর্ভুক্ত থাকতে পারে। প্রথম পর্যায়ের এসব কাজ সম্ভাব্য মনোনয়নপত্রের সম্ভাব্যতা প্রতিষ্ঠা এবং ব্যর্থতায় পর্যবশিত হতে পারে এমন মনোনয়ন তৈরিতে সম্পদের ব্যবহার এড়ানোর ক্ষেত্রে সহায়ক হবে। এই প্রথম পর্যায়ের কাজগুলির জন্য সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থা(সমূহ) থেকে আপস্ট্রিম পরামর্শ[৬] চাইতে এবং সুযোগ পাওয়া মাত্রই বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের সাথে যোগাযোগ করতে রাষ্ট্রপক্ষগুলোকে উৎসাহিত করা হচ্ছে।

সিদ্ধান্ত 34 COM 12 (III) "মনোনয়নের আপস্ট্রিম প্রক্রিয়া: মনোনয়ন প্রক্রিয়ার সৃজনশীল কৌশল" শীর্ষক বিশেষজ্ঞ পর্যায়ের সভার প্রতিবেদন (ফুকেট: ২০১০)

সিদ্ধান্ত 36 COM 13.I
সিদ্ধান্ত 39 COM 11
সিদ্ধান্ত 43 COM 11A

১২৩. সম্পদ রক্ষণাবেক্ষণে রাষ্ট্রপক্ষের সাথে যৌথ অংশীদারিত্ব গড়ে তুলতে সক্ষম করার জন্য মনোনয়ন প্রক্রিয়ায় স্থানীয় কমিউনিটি, আদিবাসী জনগোষ্ঠী, বিভিন্ন সরকারি, বেসরকারি ও প্রাইভেট সংগঠন এবং অন্যান্য অংশীজনের কার্যকর ও অন্তর্ভুক্তিমূলক অংশগ্রহণ অত্যাবশ্যক। রাষ্ট্রপক্ষগুলিকে তাদের অংশীজনদের সম্ভাব্য ব্যাপক অংশগ্রহণের মাধ্যমে মনোনয়ন প্রস্তুত করতে উৎসাহিত করা যাচ্ছে, এবং অন্যান্য কার্যক্রমের পাশাপাশি যথাযথ ভাষায় জনসাধারণ পর্যায়ে মনোনয়নের সরবরাহ নিশ্চিতকরণ এবং জনসাধারণ পর্যায়ে পরামর্শ ও শুনানির মাধ্যমে আদিবাসী জনগোষ্ঠীর স্বাধীন, পূর্ব ও জ্ঞাত সম্মতি পাওয়া গেছে– এটি দেখাতে হবে।

সিদ্ধান্ত 39 COM 11
সিদ্ধান্ত 43 COM 11A

১২৪. অধ্যায় ৭। ঙ-এর অনুসারে মনোনয়ন প্রস্তুতির জন্য রাষ্ট্রপক্ষসমূহ প্রস্তুতিমূলক সহায়তার জন্য অনুরোধ করতে পারে।

১২৫. রাষ্ট্রপক্ষসমূহকে সচিবালয়ের সাথে যোগাযোগ করার জন্য উৎসাহিত করা হচ্ছে, এই সংগঠনটি সমগ্র মনোনয়ন প্রক্রিয়ার সময় প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে পারে।

১২৬. এছাড়া সচিবালয় থেকে নিম্নলিখিত সহায়তাও পাওয়া যাবে:

ক) যথাযথ মানচিত্র ও ফটোগ্রাফ সনাক্তকরণ এবং জাতীয় সংস্থাসমূহ সনাক্তকরণে সাহায্য করা যেখান থেকে এসব মানচিত্র ও ফটোগ্রাফ পাওয়া যেতে পারে;

খ) সফল মনোনয়ন, ব্যবস্থাপনা ও আইনগত বিধিবিধানের উদাহরণ;

গ) বিভিন্ন ধরনের সম্পদ, যেমন– সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহ, শহর, খাল ও হেরিটেজ রুট বা ঐতিহ্যবাহী গমনাগমন পথ মনোনয়নের জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা (পরিশিষ্ট ৩ দেখুন)

---

[৬] আপস্ট্রিম প্রক্রিয়া: বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য স্থানসমূহের মনোনয়ন সম্পর্কিত "আপস্ট্রিম প্রসেস"-এর মধ্যে রয়েছে উপদেশ, পরামর্শ ও বিশ্লেষণ যা মনোনয়ন প্রস্তুতির আগেই ঘটে থাকে, যার লক্ষ্য হলো গুরুত্বপূর্ণ কিছু সমস্যার সম্মুখীন হয় এমন মনোনয়নের সংখ্যা হ্রাস করা। আপস্ট্রিম প্রক্রিয়ার মূলনীতি হচ্ছে সম্ভাব্য বিশ্ব ঐতিহ্যের মনোনয়ন তৈরি হওয়া পর্যন্ত পুরো প্রক্রিয়ায় রাষ্ট্রপক্ষসমূহকে সরাসরি দিকনির্দেশনা ও দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ প্রদানের জন্য উপদেষ্টা সংস্থা ও বিশ্ব ঐতিহ্য কেন্দ্রকে সক্ষম করে তোলা। আপস্ট্রিম প্রক্রিয়া যাতে কার্যকর হতে পারে সেজন্য এই প্রক্রিয়াকে প্রারম্ভিক পর্যায় থেকেই, অর্থাৎ রাষ্ট্রপক্ষগুলোর সম্ভাব্য তালিকা তৈরি বা সম্ভাব্য তালিকা সংশোধনের মুহূর্তেই গ্রহণ করা উচিত।

কোনো মনোনয়নের ক্ষেত্রে প্রদত্ত পরামর্শের উদ্দেশ্য– মনোনয়নের কারিগরি দোষগুণ ও প্রয়োজনীয় কারিগরি কর্মকাঠামো সম্পর্কে দিকনির্দেশনা প্রদানের মধ্যেই সীমাবদ্ধ, যাতে রাষ্টপক্ষকে অত্যাবশ্যকীয় টুলস্ সরবরাহ করা যায়– যা দিয়ে সম্ভাব্যতা মূল্যায়ন এবং/অথবা সম্ভাব্য মনোনয়ন প্রস্তুতির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে রাষ্ট্রপক্ষের সক্ষমতা গড়ে তোলা যায়।

অফিসিয়াল ফরম্যাট (বাস্তবায়ন নির্দেশিকার পরিশিষ্ট ১৫) ব্যবহার করে আপস্ট্রিম প্রক্রিয়ার জন্য আবেদন দাখিল করতে হবে। আবেদনের সংখ্যা কার্যসাধন সক্ষমতা ছাড়িয়ে গেলে অনুচ্ছেদ ৬১.গ অনুযায়ী অগ্রাধিকার পদ্ধতি প্রয়োগ করা হবে।

ঘ) সিরিয়াল বা ধারাবাহিক এবং আন্তঃসীমানা সম্পদগুলোর মনোনয়নের জন্য দিকনির্দেশনা (অনুচ্ছেদ ১৩৪-১৩৯ দেখুন)।

**১২৭.** রাষ্ট্রপক্ষগুলি বছরের যে কোনো সময় সচিবালয়ের মন্তব্য ও পর্যালোচনার জন্য সচিবালয়ের নিকট মনোনয়নপত্র জমা দিতে পারে। তবে রাষ্ট্রপক্ষগুলিকে তাদের যেসব খসড়া মনোনয়ন **১** ফেব্রুয়ারি শেষ তারিখের মধ্যে জমা দিতে ইচ্ছুক ঐ সকল খসড়া মনোনয়ন পূর্ববর্তী বছরের **৩০ সেপ্টেম্বরের মধ্যে** (অনুচ্ছেদ ১৬৮ দেখুন) সচিবালয়ে প্রেরণ করার জন্য জোরালোভাবে উৎসাহিত করা হয়। এই খসড়া মনোনয়নের মধ্যে প্রস্তাবিত সাইট বা স্থানের সীমানা নির্দেশক মানচিত্র অন্তর্ভুক্ত করতে হবে। খসড়া মনোনয়ন ইলেক্ট্রনিক ফরম্যাট অথবা মুদ্রিত সংস্করণ উভয় উপায়েই জমা দেওয়া যাবে (মানচিত্রসহ ১ কপি; কোনো পরিশিষ্টের প্রয়োজন নেই)। উভয় ক্ষেত্রেই একটি আবেদনপত্রের সাথে এসব প্রমাণপত্র জমা দিতে হবে। সিদ্ধান্ত 37 COM 12.II

**১২৮.** **বছরের যে কোনো সময়** মনোনয়ন জমা দেওয়া যাবে, তবে শুধুমাত্র "সম্পূর্ণ" (অনুচ্ছেদ ১৩২ ও পরিশিষ্ট ৫ দেখুন) ও সচিবালয় কর্তৃক **১ ফেব্রুয়ারি**[৭] বা তার আগে প্রাপ্ত মনোনয়নগুলো পরের বছর বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য বিশ্ব ঐতিহ্য কমিটি দ্বারা বিবেচনা করা হবে। কেবল রাষ্ট্রপক্ষের সম্ভাব্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদের মনোনয়নপত্রগুলোই কমিটি দ্বারা পরীক্ষা করা হবে (অনুচ্ছেদ ৬৩ ও ৬৫ দেখুন)। সিদ্ধান্ত 37 COM 12.II সিদ্ধান্ত 39 COM 11

## ৩।খ ফরম্যাট ও মনোনয়নের বিষয়বস্তু

**১২৯.** বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য সম্পদগুলির মনোনয়ন পরিশিষ্ট ৫-এর নির্ধারিত ফরম্যাট অনুযায়ী প্রস্তুত করতে হবে।

**১৩০.** ফরম্যাটে নিম্নলিখিত সেকশনগুলি অন্তর্ভুক্ত:

১. সম্পদ সনাক্তকরণ
২. সম্পদের বিবরণ
৩. তালিকায় অন্তর্ভুক্তির যৌক্তিকতা
৪. সংরক্ষণের অবস্থা এবং সম্পদের প্রতি হুমকির কারণসমূহ
৫. সুরক্ষা ও ব্যবস্থাপনা
৬. পরিবীক্ষণ
৭. নথিভুক্তকরণ
৮. দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের সাথে যোগাযোগের তথ্য
৯. রাষ্ট্রপক্ষ(সমূহ)-এর পক্ষে স্বাক্ষর

**১৩১.** বিশ্ব ঐতিহ্য তালিকার জন্য দাখিলকৃত মনোনয়ন উপস্থাপন উৎকর্ষের উপর নয়, বরং বিষয়বস্তুর উপর নির্ভর করে মূল্যায়ন করা হয়।

**১৩২.** মনোনয়নটি "সম্পূর্ণ" বিবেচিত হওয়ার জন্য নিম্নলিখিত সকল আবশ্যিক বিষয় (পরিশিষ্ট ৫-এ প্রদর্শিত ফরম দেখুন) পূরণ করতে হবে: সিদ্ধান্ত 37 COM 12.II সিদ্ধান্ত 39 COM 11 সিদ্ধান্ত 43 COM 11A

নির্বাহী সারসংক্ষেপ

নির্বাহী সার-এর মধ্যে মনোনীত সম্পদ ও সুরক্ষা বলয়ের (যেখানে প্রযোজ্য) সীমানা নির্দেশক হ্রাসকৃত আকারের মানচিত্র ও অনন্য বৈশ্বিক মান-এর খসড়া বিবরণসহ মনোনয়নের মূল পাঠ্য থেকে নেওয়া (পরিশিষ্ট ৫ দেখুন) গুরুত্বপূর্ণ তথ্যাদি অন্তর্ভুক্ত থাকবে। (মনোনয়নপত্রের সেকশন ৩.৩-এ প্রকাশিত একই পাঠ্য)।

[৭] ১ ফেব্রুয়ারি কোনো সাপ্তাহিক ছুটির দিন হলে মনোনয়নপত্র অবশ্যই পূর্ববর্তী শুক্রবার ১৭ঘ০০ গ্রীনিচ মান সময়ের পূর্বে প্রাপ্ত হতে হবে।

১. <u>সম্পদ সনাক্তকরণ</u>

মনোনীত সম্পদ ও যে কোনো সুরক্ষা বলয়ের মধ্যে (যদি থাকে) কোনো প্রকারের অস্পষ্টতা ছাড়াই পৃথকভাবে প্রদর্শন করে প্রস্তাবিত সম্পদের সীমানা সুনির্দিষ্টভাবে চিহ্নিত করতে হবে (অনুচ্ছেদ ১০৩-১০৭ দেখুন)। ভূমি এবং/অথবা জলাভূমির কোন এলাকা মনোনীত করা হয়েছে তা প্রদর্শনের জন্য মানচিত্রগুলি পর্যাপ্ত ও বিশদভাবে উপস্থাপন করতে হবে (পরিশিষ্ট ৫.ঙ-তে বর্ণিত ব্যাখ্যামূলক টীকা দেখুন)। সরকারিভাবে হালনাগাদকরণের পর প্রকাশিত সম্পদের সীমানা ও সুরক্ষা বলয় (যদি থাকে) প্রদর্শনের জন্য রাষ্ট্রপক্ষগুলোর মন্তব্যসহ প্রাকৃতিক বৈচিত্র্যগুলির মানচিত্রের মুদ্রিত সংস্করণ থাকলে তা সরবরাহ করতে হবে। কোনো মনোনয়নের মানচিত্রে পরিষ্কারভাবে সীমানা উল্লেখ করা না হলে মনোনয়নটি "অসম্পূর্ণ" হিসেবে বিবেচনা করা হবে।

২. <u>সম্পদের বর্ণনা</u>

সম্পদের বিবরণে সম্পদ সনাক্তকরণ এবং এর ইতিহাস ও বিকাশের সংক্ষিপ্ত বর্ণনা অন্তর্ভুক্ত করতে হবে। মানচিত্রে প্রদর্শিত সম্পদের সকল অংশ অবশ্যই চিহ্নিত ও বর্ণনা করতে হবে। বিশেষ করে, সিরিয়াল বা ধারাবাহিক সম্পদ প্রস্তবনার ক্ষেত্রে সম্পদের প্রতিটি অংশ সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে।

সম্পদের ইতিহাস ও বিকাশ অংশে সম্পদটি কিভাবে বর্তমান অবস্থায় এসে পৌঁছেছে এবং গুরুত্বপূর্ণ কী কী পরিবর্তন ঘটেছে তা অবশ্যই বর্ণনা করতে হবে। এর মধ্যে থাকবে সম্পদটির অনন্য বৈশ্বিক মান-এর নির্ণায়ক এবং অখণ্ডতা এবং/অথবা প্রামানিকতার শর্তাবলি পূরণ হয়েছে এই মর্মে এই প্রয়োজনীয় সকল প্রমাণসহ গুরুত্বপূর্ণ তথ্যাদি সরবরাহ করতে হবে।

৩. <u>তালিকায় অন্তর্ভুক্তির যৌক্তিকতা</u>

এই পরিচ্ছেদে পরিষ্কারভাবে তুলে ধরতে হবে যে, কেন সম্পদটির অনন্য বৈশ্বিক মান আছে বলে বিবেচনা করা হবে।

বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য সম্পদ মনোনয়নের সময় তুলনামূলক বিশ্লেষণকে যেন বিষয়বস্তুগত সমীক্ষা ভেবে ভুল করা না হয়, যা কমিটির অনুরোধে উপদেষ্টা সংস্থাসমূহ তৈরি করে থাকে (নিচে অনুচ্ছেদ ১৪৮ দেখুন)

সিদ্ধান্ত 7 EXT.COM 4A

৩.১.ক থেকে ৩.১.ঙ পর্যন্ত পরিচ্ছেদের টেক্সট-এ অনন্য বৈশ্বিক মান-এর প্রস্তাবিত বিবরণের সমর্থনে অধিকতর বিশদ তথ্য অন্তর্ভুক্ত করতে হবে।

পরিচ্ছেদ ৩.১.খ-এ ওয়ার্ল্ড হেরিটেজ-এর প্রতিটি নির্ণায়ক ব্যবহারের সুস্পষ্ট যুক্তিসহ সকল নির্ণায়ক উল্লেখ করা হয়েছে (অনুচ্ছেদ ৭৭ দেখুন), যার আওতায় সম্পদটি তালিকাভুক্তির জন্য প্রস্তাব করা হয়েছে। অখণ্ডতার বিবরণ ও (সাংস্কৃতিক সম্পদ বিষয়ক নির্ণায়ক প্রস্তাবনার ক্ষেত্রে) প্রামানিকতার বিবরণগুলি অন্তর্ভুক্ত করতে হবে এবং ৭৮ থেকে ৯৫ পর্যন্ত অনুচ্ছেদের মধ্যে বর্ণিত শর্তাবলি কীভাবে পূর্ণ হবে তা প্রদর্শন করতে হবে।

পরিচ্ছেদ ৩.২-এ, জাতীয় ও আন্তর্জাতিক উভয় পর্যায়ের সম্পদের ক্ষেত্রে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত থাক বা না থাক অনুরূপ অন্য কোনো সম্পদের সাথে তুলনা করে একটি তুলনামূলক বিশ্লেষণ উপস্থাপন করতে হবে। এই তুলনামূলক বিশ্লেষণে জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপটে মনোনীত সম্পদটির গুরুত্ব ব্যাখ্যা করতে হবে।

পরিচ্ছেদ ৩.৩-এ, সম্পদের অনন্য বৈশ্বিক মান (অনুচ্ছেদ ৪৯-৫৩ ও ১৫৫ দেখুন) সম্পর্কে প্রস্তাবিত বিবরণে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে যে, সম্পদটিকে কেন বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির উপযুক্ত হিসেবে বিবেচনা করা হয়েছে।

৪. সংরক্ষণের বর্তমান পরিস্থিতি এবং একে প্রভাবিত করছে এমন কারণসমূহ

এই পরিচ্ছেদে সম্পদ সংরক্ষণের বর্তমান অবস্থার সঠিক তথ্য অন্তর্ভুক্ত করতে হবে (সম্পদের বাস্তব অবস্থা এবং বিদ্যমান সংরক্ষণ পদক্ষেপসমূহের তথ্যসহ)। এছাড়া সম্পদের (অন্যান্য ঝুঁকিসহ) ওপর যে কোনো নেতিবাচক প্রভাব সৃষ্টির কারণসমূহের একটি বিবরণও অন্তর্ভুক্ত করতে হবে। এই পরিচ্ছেদে প্রদত্ত তথ্য ভবিষ্যতে মনোনীত সম্পদের সংরক্ষণ অবস্থা পরিবীক্ষণের জন্য প্রয়োজনীয় বেসলাইন উপাত্ত হিসেবে ব্যবহার করা হবে।

৫. সুরক্ষা ও ব্যবস্থাপনা

সুরক্ষা: পরিচ্ছেদ ৫-এ আইনগত, নিয়ন্ত্রণমূলক, চুক্তিভিত্তিক, পরিকল্পনা, প্রাতিষ্ঠানিক এবং / অথবা প্রচলিত পদক্ষেপসমূহের তালিকা অন্তর্ভুক্ত করতে হবে যা সম্পদের সুরক্ষার জন্য সবচেয়ে বেশি প্রাসঙ্গিক হতে পারে এবং এই সুরক্ষা আসলে কীভাবে পরিচালিত হয়ে থাকে এ ব্যাপারে বিস্তারিত বিশ্লেষণ থাকতে হবে। এছাড়াও ইংরেজি অথবা ফরাসি ভাষায় আইনগত, নিয়ন্ত্রণমূলক, চুক্তিভিত্তিক পরিকল্পনা এবং / অথবা প্রাতিষ্ঠানিক টেক্সট কিংবা টেক্সটের একটি সারসংক্ষেপ সংযুক্ত করতে হবে।

ব্যবস্থাপনা: একটি উপযুক্ত ব্যবস্থাপনা পরিকল্পনা বা অন্য কোনো ব্যবস্থাপনা পদ্ধতি অত্যাবশ্যক, এবং তা মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে। ব্যবস্থাপনা পরিকল্পনা বা অন্যান্য পরিচালন ব্যবস্থার কার্যকর বাস্তবায়নের নিশ্চয়তাও প্রদান করতে হবে। সম্পদের সুরক্ষা বলয় ও বৃহত্তর পরিবেশগত অবস্থাসহ সব ধরনের প্রাকৃতিক, সাংস্কৃতিক ও মিশ্র সম্পদের ব্যবস্থাপনা পদ্ধতির মধ্যে টেকসই উন্নয়ন নীতি সন্নিবিষ্ট করতে হবে।

ব্যবস্থাপনা পরিকল্পনা বা ব্যবস্থাপনা পদ্ধতির নথিপত্রের একটি অনুলিপি মনোনয়নের সঙ্গে সংযুক্ত করতে হবে। ইংরেজি বা ফরাসি ভাষা ছাড়া ব্যবস্থাপনা পরিকল্পনাটি অন্য কোনো ভাষায় বিদ্যমান থাকলে এর বিধিবিধানগুলো ইংরেজি বা ফরাসি ভাষায় বিস্তারিত বিবরণসহ সংযুক্ত করতে হবে।

মনোনয়নের পরিচ্ছেদ ৫.ঙ-তে ব্যবস্থাপনা পরিকল্পনা বা একটি নথিভুক্ত ব্যবস্থাপনা পদ্ধতির বিশদ বিশ্লেষণ বা ব্যাখ্যা প্রদান করতে হবে।

মনোনয়নের সাথে উপরোল্লিখত নথিপত্রাদি অন্তর্ভুক্ত না থাকলে এবং ব্যবস্থাপনা পরিকল্পনা চূড়ান্ত না হওয়া পর্যন্ত সম্পদের ব্যবস্থাপনা নির্দেশ এমন অন্য কোনো দলিলপত্রাদি প্রদান না করলে সেক্ষেত্রে মনোনয়নটি অসম্পূর্ণ বলে বিবেচিত হবে।

৬. পরিবীক্ষণ

রাষ্ট্রপক্ষগুলি বিদ্যমান প্রধান সূচক এবং / অথবা সম্পদ সংরক্ষণের অবস্থা পরিমাপ ও মূল্যায়নের জন্য প্রস্তাবিত সূচকসমূহ, সম্পদের ওপর নেতিবাচক প্রভাবের কারণসমূহ, সম্পদের বর্তমান সংরক্ষণ ব্যবস্থা, সম্পদ পরীক্ষার সময়কাল এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পরিচয় ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করবে।

৭. নথিভুক্তকরণ

মনোনয়নের প্রামানিকতা প্রমাণের জন্য প্রয়োজনীয় সকল নথিপত্র প্রদান করতে হবে। উপরোল্লিখিত বিষয়াবলি ছাড়াও এসব নথিপত্রের মধ্যে থাকবে: (ক) ছাপা বা মুদ্রণের জন্য উপযুক্ত মানের ছবি (সর্বনিম্ন ৩০০ ডিপিআই ডিজিটাল ফটোগ্রাফ, এবং প্রযোজ্য ক্ষেত্রে, সম্পূরক ফিল্ম, ভিডিও বা অন্যান্য অডিও-ভিস্যুয়াল উপকরণ); এবং (খ) চিত্র / অডিও-ভিস্যুয়াল তালিকাপত্র ও অনুমতি বা কর্তৃত্বপ্রদান ফরম (পরিশিষ্ট ৫, পয়েন্ট ৭.ক দেখুন)। মনোনয়নের পাঠ্য মুদ্রিত আকারে এবং এর পাশাপাশি ইলেক্ট্রনিক ফরম্যাট-এ (বিশেষ করে ওয়ার্ড এবং / অথবা পিডিএফ ফরম্যাটে) প্রেরণ করতে হবে।

৮. সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগের তথ্য

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগের জন্য বিস্তারিত তথ্য প্রদান করতে হবে।

৯. রাষ্ট্রপক্ষের পক্ষে স্বাক্ষর

রাষ্ট্রপক্ষের পক্ষে স্বাক্ষর করার জন্য অফিসিয়ালভাবে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার মূল স্বাক্ষর দিয়ে মনোনয়নপত্র শেষ হবে।

১০. প্রয়োজনীয় মুদ্রিত কপির সংখ্যা (সংযুক্ত মানচিত্রসহ)

সাংস্কৃতিক ও প্রাকৃতিক সম্পদের মনোনয়ন (সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহ বাদ দিয়ে): ২টি অবিকল কপি

মিশ্র সম্পদ এবং সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের মনোনয়ন: ৩টি অভিন্ন কপি

১১. মুদ্রিত/ছাপানো ও ইলেক্ট্রনিক ফরম্যাট

মনোনয়নগুলি A4-সাইজের কাগজ ব্যবহার করে এবং ইলেক্ট্রনিক ফরম্যাটে উপস্থাপন করতে হবে (ওয়ার্ড এবং / অথবা পিডিএফ ফরম্যাট)।

১২. প্রেরণ

রাষ্ট্রপক্ষসমূহ সঠিকভাবে স্বাক্ষর প্রদানপূর্বক ইংরেজি বা ফরাসি ভাষায় এই ঠিকানায় মনোনয়ন দাখিল করবে:

**UNESCO World Heritage Centre**
7, place de Fontenoy
75352 Paris 07 SP
France
Tel: +33 (0) 1 4568 1136
E-mail: wh-nominations@unesco.org

**১৩৩.** সচিবালয় মনোনয়নের সঙ্গে দাখিলকৃত প্রয়োজনীয় সকল নথিপত্র (মানচিত্র, পরিকল্পনা, ফটোগ্রাফিক উপাদান ইত্যাদি) সংরক্ষণ করবে।

## ৩। গ বিভিন্ন ধরনের সম্পদের মনোনয়নের প্রয়োজনীয় নথিপত্র

আন্তঃসীমান্ত সম্পদসমূহ

**১৩৪.** কোনো মনোনীত সম্পদ থাকতে পারে: সিদ্ধান্ত 7 EXT.COM 4A

ক) কোনো একটি রাষ্ট্রপক্ষের অঞ্চল বা ভূখণ্ডে, বা
খ) সংশ্লিষ্ট সকল প্রতিবেশি রাষ্ট্রপক্ষের সীমারেখা সংলগ্ন অঞ্চল বা ভূখণ্ডে (আন্তঃসীমান্ত সম্পদ)।

**১৩৫.** যেখানেই সম্ভব, আন্তঃসীমান্ত সম্পদের মনোনয়নগুলি রাষ্ট্রপক্ষসমূহ কর্তৃক *সনদের* ধারা ১১.৩ অনুসারে যৌথভাবে প্রস্তুত ও দাখিল করতে হবে। কোনো আন্তঃসীমান্ত সম্পদের ব্যবস্থাপনা পরিচালনার জন্য সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষগুলোকে একটি যৌথ ব্যবস্থাপনা কমিটি বা অনুরূপ কোনো সংস্থা প্রতিষ্ঠা করার জন্য বিশেষভাবে সুপারিশ করা হয়।

**১৩৬.** কোনো রাষ্ট্রপক্ষের ভূখণ্ডে অবস্থিত বিশ্ব ঐতিহ্য সম্পদের সম্প্রসারিত অংশকে আন্তঃসীমান্ত সম্পদ হিসেবে প্রতিষ্ঠার জন্য প্রস্তাব করা যেতে পারে।

ধারাবাহিক সম্পদ

**১৩৭.** ধারাবাহিক সম্পদের মধ্যে দুই বা ততোধিক লিংক দ্বারা সম্পর্কিত স্পষ্টভাবে বর্ণিত কম্পোনেন্টের অংশগুলো অন্তর্ভুক্ত থাকবে:

ক) কম্পোনেন্টের অংশগুলি সকল সময় সাংস্কৃতিক, সামাজিক বা কার্যকরী অন্য কোনো লিঙ্কের মাধ্যমে প্রতিফলিত হতে হবে যা, প্রযোজ্য ক্ষেত্রে, ল্যান্ডস্কেপ, ইকোলজিক্যাল, বিবর্তনমূলক বা আবাসস্থলের সাথে সংযোগ স্থাপন করতে পারে।

খ) উপাদানের প্রতিটি অংশকেই সামগ্রিকভাবে পর্যাপ্ত, বিজ্ঞানসম্মত, সহজে দৃশ্যমান ও সুনির্দিষ্ট পদ্ধতিতে কোনো সম্পদের অনন্য বৈশ্বিক মান-এর ক্ষেত্রে অবদান রাখতে হবে, এবং অন্যান্য বিষয়ের মধ্যে এতে কিছু বিমূর্ত গুণমানও অন্তর্ভুক্ত থাকতে পারে। ফলশ্রুতিস্বরূপ, সম্পদের অনন্য বৈশ্বিক মান সহজে উপলব্ধি ও অনুধাবন করা যাবে।

গ) সঙ্গতভাবে, এবং কম্পোনেন্টের অংশগুলির অত্যধিক বিভাজন এড়ানোর জন্য সম্পদের মনোনয়ন প্রক্রিয়ায় কম্পোনেন্টের অংশ নির্বাচনসহ সামগ্রিক ব্যবস্থাপনার সক্ষমতা ও সম্পদের সামঞ্জস্য বজায় রাখার বিষয় বিবেচনায় নিতে হবে (অনুচ্ছেদ ১১৪ দেখুন)।

এবং এই সিরিজগুলোকে অনন্য বৈশ্বিক মান-এর পৃথক পৃথক কম্পোনেন্ট হিসেবে না দেখে বরং পূর্ণাঙ্গ একটি অংশ হিসেবে বিবেচনা করতে হবে।

**১৩৮.** কোনো ধারাবাহিক মনোনীত সম্পদ থাকতে পারে:

ক) কোনো একক রাষ্ট্রপক্ষের অঞ্চল বা ভূখণ্ডে (ধারাবাহিক জাতীয় সম্পদ), বা সিদ্ধান্ত 7 EXT.COM 4A

খ) বিভিন্ন রাষ্ট্রপক্ষের ভিন্ন ভিন্ন অঞ্চল বা ভূখণ্ডে, যা পরস্পর সংলগ্ন হওয়ার প্রয়োজন নেই এবং যা সংশ্লিষ্ট সকল রাষ্ট্রপক্ষের সম্মতির পরিপ্রেক্ষিতে মনোনীত (ধারাবাহিক বহুজাতিক সম্পদ)।

**১৩৯.** এক বা বহুসংখ্যক রাষ্ট্রপক্ষের সিরিয়াল বা ধারাবাহিক মনোনয়নগুলি কয়েকটি মনোনয়ন চক্রে ভাগ করে মূল্যায়নের জন্য জমা দেওয়া পাতে পারে, তবে শর্ত থাকে যে, মনোনীত প্রথম সম্পদকে অবশ্যই নিজস্ব অধিকারবলে অনন্য বৈশ্বিক মানসম্পন্ন হতে হবে। ভিন্ন ভিন্ন মনোনয়ন চক্রের উপর ভিত্তি করে সিরিয়াল বা ধারাবাহিক মনোনয়ন পরিকল্পনাকারী রাষ্ট্রপক্ষগুলিকে একটি উত্তম পরিকল্পনা নিশ্চিত করার জন্য তাদের মনোনয়ন প্রদানের ইচ্ছা সম্পর্কে কমিটিকে জানাতে উৎসাহিত করা হয়ে থাকে।

## ৩। ঘ মনোনয়ন নিবন্ধন

**১৪০.** রাষ্ট্রপক্ষগুলি থেকে মনোনয়ন গ্রহণের পর সচিবালয় মনোনয়ন গ্রহণের বিষয় স্বীকার করবে এবং মনোনয়নের সম্পূর্ণতা যাচাই পূর্বক তা নিবন্ধন করবে। সচিবালয় সম্পূর্ণ মনোনয়নগুলো মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থার নিকট প্রেরণ করবে। এছাড়া কমিটির সদস্যদের কাছে মনোনয়নের টেক্সটগুলি সহজপ্রাপ্য করার জন্য সচিবালয় বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের ওয়েবসাইটে মনোনয়ন টেক্সটের ইলেকট্রনিক ফরম্যাট প্রকাশ করবে। কোনো অতিরিক্ত তথ্য প্রয়োজন হলে তার জন্য সচিবালয় রাষ্ট্রপক্ষ ও উপদেষ্টা সংস্থাকে অনুরোধ করবে। মনোনয়ন নিবন্ধন ও প্রক্রিয়াকরণের সময়সূচি অনুচ্ছেদ ১৬৮-তে বিশদভাবে উল্লেখ করা হয়েছে।

সিদ্ধান্ত 39 COM 11

**১৪১.** সচিবালয় প্রতিটি মনোনয়ন সম্পূর্ণ হলে "সম্পূর্ণ" বা অসম্পূর্ণ হলে "অসম্পূর্ণ" নির্দেশ করে প্রাপ্তির তারিখসহ সকল মনোনয়নপত্রের একটি তালিকা কমিটির প্রত্যেক অধিবেশনে প্রতিষ্ঠা ও দাখিল করবে করবে এবং এক্ষেত্রে অনুচ্ছেদ ১৩২ ও পরিশিষ্ট ৫ অনুসারে মনোনয়নটি "সম্পূর্ণ" বা "অসম্পূর্ণ" বিবেচিত হওয়ার তারিখও উল্লেখ করতে হবে।

সিদ্ধান্ত 26 COM 14
সিদ্ধান্ত 28 COM 14B.57
সিদ্ধান্ত 39 COM 11

**১৪২.** মনোনয়ন দাখিল এবং বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ পর্যন্ত মনোনয়নের একটি চক্র অতিক্রান্ত হয়। এই চক্র সাধারণত বছর ১-এর ফেব্রুয়ারি ও কমিটি কর্তৃক সিদ্ধান্ত গ্রহণের জন্য বছর ২-এর জুন মাস পর্যন্ত মোট দেড় বৎসর সময়কালের মধ্যে সম্পন্ন হয়।

## ৩।ঙ উপদেষ্টা সংস্থা কর্তৃক মনোনয়নসমূহ মূল্যায়ন

**১৪৩.** উপদেষ্টা সংস্থাসমূহ রাষ্ট্রপক্ষসমূহের মনোনীত সম্পদের অনন্য বৈশ্বিক মান আছে কিনা, মনোনীত সম্পদ অখণ্ডতা ও (প্রযোজ্য ক্ষেত্রে) প্রামানিকতার শর্তাবলি পূরণ করে কিনা এবং সুরক্ষা ও ব্যবস্থাপনার আবশ্যকতাগুলি পূরণ করে কিনা তা মূল্যায়ন করবে। ইকমস-এর কার্যসাধন পদ্ধতি ও ফরম্যাট এবং আইইউসিএন-এর মূল্যায়ন সম্পর্কে পরিশিষ্ট ৬-এ উল্লেখ করা হয়েছে। সিদ্ধান্ত 39 COM 11

**১৪৪.** সাংস্কৃতিক ঐতিহ্য মনোনয়নের মূল্যায়ন ইকমস কর্তৃক পরিচালিত হবে।

**১৪৫.** প্রাকৃতিক ঐতিহ্য মনোনয়নের মূল্যায়ন আইইউসিএন কর্তৃক পরিচালিত হবে।

**১৪৬.** 'সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ' বিভাগে সাংস্কৃতিক সম্পদগুলির মনোনয়নের জন্য, প্রযোজ্য ক্ষেত্রে, মূল্যায়নটি আই ইউসিএন-এর সাথে পরামর্শক্রমে ইকমস কর্তৃক পরিচালিত হবে। মিশ্র সম্পদসমূহের জন্য, আইওসিএমওএস এবং আইইউসিএন কর্তৃক যৌথভাবে মূল্যায়ন পরিচালিত হবে।

**১৪৭.** বিশ্ব ঐতিহ্য কমিটি বা প্রয়োজন অনুসারে ইকমস ও আইইউসিএন আঞ্চলিক, বৈশ্বিক বা ঐতিহাসিক প্রেক্ষাপটে প্রস্তাবিত বিশ্ব ঐতিহ্য সম্পদ মূল্যায়নের জন্য **থিম্যাটিক স্টাডিজ** বা **বিষয়বস্তুগত সমীক্ষা** পরিচালনা করবে। এসব সমীক্ষা রাষ্ট্রপক্ষ কর্তৃক দাখিলকৃত সম্ভাব্য তালিকা পর্যালোচনা করে এবং সম্ভাব্য তালিকার সামঞ্জস্য পরীক্ষার জন্য অনুষ্ঠিত সভার প্রতিবেদনের মাধ্যমে বা উপদেষ্টা সংস্থা ও যোগ্যতাসম্পন্ন অন্যান্য সংগঠন ও ব্যক্তি দ্বারা সঞ্চালিত অন্যান্য কারিগরি গবেষণার মাধ্যমে সম্পন্ন করতে হবে। ইতোমধ্যে পরিচালিত এ ধরনের সমীক্ষাসমূহের একটি তালিকা পরিশিষ্ট ৩-এর তৃতীয় অধ্যায় এবং উপদেষ্টা সংস্থাগুলির ওয়েব ঠিকানায় পাওয়া যাবে। বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য সম্পদ মনোনয়নের সময় রাষ্ট্রপক্ষসমূহের তৈরি **তুলনামূলক বিশ্লেষণ**-কে যেন বিষয়বস্তুগত সমীক্ষা ভেবে ভুল করা না হয় (অনুচ্ছেদ ১৩২ দেখুন)।

**১৪৮.** ইকমস এবং আইইউসিএন-এর সকল মূল্যায়ন ও উপস্থাপনার জন্য নিম্নলিখিত নীতিসমূহ অনুসরণ করতে হবে। মূল্যায়ন ও উপস্থাপনাগুলিকে: সিদ্ধান্ত 28 COM 14B.57 সিদ্ধান্ত 30 COM 13 সিদ্ধান্ত 39 COM 11

ক) *বিশ্ব ঐতিহ্য সনদ* এবং প্রাসঙ্গিক *বাস্তবায়ন নির্দেশিকা* ও কমিটির সিদ্ধান্তের ভিত্তিতে নির্ধারিত অন্য কোনো অতিরিক্ত নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;

খ) কোনো মনোনয়ন বিষয়ে উপদেষ্টা সংস্থাসমূহকে প্রদত্ত সকল তথ্য বিবেচনাসহ নৈর্ব্যক্তিক, কঠোর ও বিজ্ঞানসম্মত হতে হবে;

গ) মনোনয়ন প্রদানকারী রাষ্ট্রপক্ষগুলির সাথে পরামর্শ ও সংলাপের ভিত্তিতে সম্পূর্ণ মূল্যায়ন প্রক্রিয়াটি পেশাদারিত্ব, ন্যায্যতা ও স্বচ্ছতার সঙ্গতিপূর্ণ মান অনুযায়ী পরিচালিত করতে হবে;

ঘ) মূল্যায়ন ও উপস্থাপনা উভয় ক্ষেত্রেই, সচিবালয়ের সঙ্গে একমত হওয়ার জন্য স্ট্যান্ডার্ড ফরম্যাট ব্যবহার করতে হবে এবং ডেস্ক রিভিউয়ার ছাড়া (যারা গোপন অভিমত প্রদান করে থাকেন) মূল্যায়ন প্রক্রিয়ায় অংশগ্রহণকারী সকল বিশেষজ্ঞের নাম এবং একটি পরিশিষ্টে মূল্যায়ন সম্পর্কিত সকল খরচ ও ব্যয়ের বিস্তারিত বিভাজিত হিসাব অন্তর্ভুক্ত করতে হবে;

ঙ) সংশ্লিষ্ট বিষয়ে সম্যক জ্ঞান রয়েছে এমন আঞ্চলিক বিশেষজ্ঞদের সম্পৃক্ত করতে হবে;

চ) অনন্য বৈশ্বিক মান আছে কিনা, অখণ্ডতা এবং / অথবা প্রামানিকতার শর্তাবলি পূরণ করে কিনা এবং একটি ব্যবস্থাপনা পরিকল্পনা বা পদ্ধতি ও আইনগত সুরক্ষার শর্তাবলি পূরণ করে কিনা;

ছ) আপেক্ষিকভাবে অর্থাৎ রাষ্ট্রপক্ষের সীমানার ভেতরে বা বাইরে অবস্থিত একই ধরনের অন্যান্য সম্পদ সংরক্ষণের অবস্থার সাথে তুলনাসহ প্রতিটি সম্পদ ও এর সংরক্ষণের অবস্থা পদ্ধতিগতভাবে সকল প্রাসঙ্গিক নির্ণায়ক অনুযায়ী মূল্যায়ন করতে হবে;

জ) কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত ও বিবেচনাধীন মনোনয়ন সংক্রান্ত অনুরোধের রেফারেন্স অন্তর্ভুক্ত করতে হবে;

ঝ) মনোনয়ন বিবেচনা করার সনে **২৮ ফেব্রুয়ারি**-র পর রাষ্ট্রপক্ষ কর্তৃক দাখিলকৃত কোনো তথ্য বা বিবরণ বিবেচনা বা অন্তর্ভুক্ত না করা। নির্ধারিত তারিখের পরে তথ্যাদি এসে পৌঁছুলে এবং মূল্যায়নের জন্য বিবেচনা করা না হলে রাষ্ট্রপক্ষগুলিকে তা জানাতে হবে। এই সময়সীমা কঠোরভাবে প্রয়োগ করা হবে; এবং

ঞ) প্রযোজ্য ক্ষেত্রে, পরামর্শকৃত রেফারেন্সগুলির (লিটারেচার) একটি তালিকার মাধ্যমে তাদের মতামতের পক্ষে যৌক্তিকতা তুলে ধরতে হবে।

**১৪৯.** উপদেষ্টা সংস্থা-সমূহকে প্রতি বছর **৩১** জানুয়ারির মধ্যে বিশ্ব ঐতিহ্য কমিটির চেয়ারম্যানকে প্রদানের নিমিত্তে বিশ্ব ঐতিহ্য কেন্দ্রে একটি করে কপিসহ রাষ্ট্রপক্ষসমূহের নিকট মনোনয়ন মূল্যায়নের অবস্থা ও মূল্যায়ন সংক্রান্ত যে কোনো সমস্যা এবং সম্পূরক তথ্যের জন্য কোনো আবেদন বা অনুরোধের পূর্ণ বিবরণসহ *সনদের* দুটি ভাষার মধ্যে যে কোনো একটি ভাষায় একটি সংক্ষিপ্ত অন্তর্বর্তীকালীন প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত 7 EXT.COM 4B.1
সিদ্ধান্ত 39 COM 11

**১৫০.** পরিশিষ্ট **১২**-এর যথাযথ ফরমে দাখিলকৃত এবং উপদেষ্টা সংস্থা কর্তৃক মনোনয়ন মূল্যায়নের সময় চিহ্নিত হয়ে থাকতে পারে এমন যে কোনো তথ্য সংক্রান্ত ত্রুটির বিশদ বিবরণের উল্লেখসহ সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষসমূহের সকল পত্র কমিটির অধিবেশন উদ্বোধনের কমপক্ষে **১৪** দিন পূর্বে সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থাসমূহের নিকট কপিসহ বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক অবশ্যই প্রাপ্ত হতে হবে। পত্রগুলি প্রাসঙ্গিক আলোচ্যসূচির নথিপত্রের একটি পরিশিষ্টস্বরূপ কমিটির অধিবেশন উদ্বোধনের প্রথম দিনের মধ্যেই সরবরাহ করতে হবে। তবে সরবরাহ করার পূর্বে এসব পত্রে ওয়ার্ল্ড হেরিটেজ কেন্দ্র ও উপদেষ্টা সংস্থা ফরমের নির্দিষ্ট স্থানে তাদের মন্তব্য যোগ করতে পারে।

সিদ্ধান্ত 7 EXT.COM 4B.1
সিদ্ধান্ত 37 COM 12.II

**১৫১.** ইকমস এবং আইইউসিএন নিম্নলিখিত তিনটি বিভাগে তাদের সুপারিশ উল্লেখ করতে পারে:

ক) কোনো প্রকার সীমাবদ্ধতা ছাড়াই যেসব সম্পদ **তালিকাভুক্তির জন্য সুপারিশ করা হয়েছে;**

খ) যেসব সম্পদ তালিকাভুক্তির জন্য **সুপারিশ করা হয়নি;**

গ) যেসব মনোনয়ন রাষ্ট্রপক্ষকে ফিরিয়ে দেওয়া (রেফারাল) বা স্থগিত করার (ডেফারাল) জন্য **সুপারিশ করা হয়েছে;**

## ৩।চ মনোনয়ন প্রত্যাহার

**১৫২.** কমিটি কর্তৃক পরীক্ষা-নিরীক্ষার জন্য নির্ধারিত অধিবেশনের পূর্বে যে কোনো সময় কোনো রাষ্ট্রপক্ষ তাদের দাখিলকৃত মনোনয়ন প্রত্যাহার করে নিতে পারে। মনোনয়ন প্রত্যাহারের অভিপ্রায় সম্পর্কে সচিবালয়কে লিখিতভাবে জানাতে হবে। রাষ্ট্রপক্ষ ইচ্ছা করলে অনুচ্ছেদ **১৬৮**-তে বর্ণিত কার্যসাধন পদ্ধতি ও সময়সূচি অনুযায়ী ঐ সম্পদের জন্য পুনরায় মনোনয়ন দাখিল করতে পারবে, যা নতুন মনোনয়ন হিসাবে বিবেচিত হবে।

## ৩। ছ বিশ্ব ঐতিহ্য কমিটির সিদ্ধান্ত

**১৫৩.** সম্পদটি বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত করা হবে কিনা, কিংবা রাষ্ট্রপক্ষকে মনোনয়ন ফিরিয়ে দেওয়া (রেফারাল) বা মনোনয়নটি স্থগিত করা হবে কিনা– ইত্যাদি বিষয়ে বিশ্ব ঐতিহ্য কমিটি সিদ্ধান্ত গ্রহণ করে থাকে।

তালিকায় অন্তর্ভুক্তি

**১৫৪.** বিশ্ব ঐতিহ্য তালিকায় কোনো সম্পদ অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নেওয়ার সময় উপদেষ্টা সংস্থার নির্দেশনাক্রমে কমিটি ঐ সম্পদের অনন্য বৈশ্বিক মান সম্পর্কে একটি বিবৃতি গ্রহণ করে।

**১৫৫.** সম্পদের অখণ্ডতার শর্তাবলি এবং সাংস্কৃতিক ও মিশ্র সম্পদগুলির ক্ষেত্রে সম্পদের প্রামানিকতার নির্ণায়কসমূহ মূল্যায়নসহ অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত বিবৃতিতে এই মর্মে কমিটির প্রতিশ্রুতির একটি সারসংক্ষেপ অন্তর্ভুক্ত করতে হবে যে, সম্পদটির মধ্যে অনন্য বৈশ্বিক মান বিদ্যমান রয়েছে। এছাড়া সম্পদের বর্তমান সংরক্ষণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত বিবৃতি এবং এর ভবিষ্যৎ প্রয়োজনীয় সংরক্ষণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত বিবৃতিও এতে অন্তর্ভুক্ত করতে হবে। অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত বিবৃতিটি সম্পদের ভবিষ্যৎ সংরক্ষণ ও ব্যবস্থাপনার ওপর ভিত্তি করেই তৈরি করতে হবে। সিদ্ধান্ত 39 COM 11

প্রয়োজন হলে রাষ্ট্রপক্ষের সাথে পরামর্শ এবং এরপর উপদেষ্টা সংস্থাসমূহের পর্যালোচনার ভিত্তিতে অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত বিবৃতির সংরক্ষণ ও ব্যবস্থাপনা অংশটি বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক আপডেট বা হালনাগাদ করা যেতে পারে। সাময়িকভাবে এসব হালনাগাদ কাজ সাময়িক প্রতিবেদন চক্রের ফলাফলের ভিত্তিতে কিংবা প্রয়োজন হলে কমিটির যে কোনো অধিবেশনে সম্পন্ন করা যেতে পারে।

কোনো সম্পদের নাম পরিবর্তন সংক্রান্ত কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ওয়ার্ল্ড হেরিটেজ কেন্দ্র স্বয়ংক্রিয়ভাবে অনন্য বৈশ্বিক মান-এর বিবরণ হালনাগাদ ও সংরক্ষণ করবে এবং ক্ষুদ্রতর সীমানার পরিবর্তনের সাথে সম্পর্কিত ভূদৃশ্যের পরিবর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থার সাথে ঐকমত্য অনুযায়ী তথ্যগত ত্রুটিগুলি সংশোধন করবে।

ইউনেস্কোর জেন্ডার সমতার অগ্রাধিকার কর্মকাঠামোর আওতায় অনন্য বৈশ্বিক মান-এর বিবরণ প্রস্তুতির সময় জেন্ডার-নিরপেক্ষ ভাষার ব্যবহার উৎসাহিত করা হয়।

**১৫৬.** কোনো সম্পদ তালিকাভুক্ত করার সময় কমিটি বিশ্ব ঐতিহ্য সম্পদ সুরক্ষা ও ব্যবস্থাপনা সংক্রান্ত অন্যান্য আরও কিছু সুপারিশ করতে পারে।

**১৫৭.** কমিটি তার প্রতিবেদন ও প্রকাশনাসমূহে অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত বিবৃতি (কোনো নির্দিষ্ট সম্পদের বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির নির্ণায়কসহ) নির্ধারণ করবে।

তালিকাভুক্ত না করার সিদ্ধান্ত

**১৫৮.** কমিটি কোনো সম্পদ বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত না করার সিদ্ধান্ত গ্রহণ করলে কোনো বিশেষ বা ব্যতিক্রমী পরিস্থিতি ছাড়া ঐ সম্পদের মনোনয়ন পুনরায় উপস্থাপন করা যাবে না। এই বিশেষ বা ব্যতিক্রমী পরিস্থিতির মধ্যে থাকতে পারে নতুন নতুন আবিষ্কার, সম্পদ সম্পর্কিত নতুন বৈজ্ঞানিক তথ্য, বা প্রথম বা মূল মনোনয়নে উপস্থাপন করা হয়নি এমন ভিন্ন কোনো নির্ণায়ক। এক্ষেত্রে, সম্পূর্ণ নতুন মনোনয়ন জমা দিতে হবে।

মনোনয়নের সুপারিশ

**১৫৯.** অতিরিক্ত তথ্যের জন্য কমিটি যেসব মনোনয়ন রাষ্ট্রপক্ষের নিকট ফেরত পাঠানোর সিদ্ধান্ত নেয়, ঐ সকল মনোনয়ন কমিটির পরবর্তী সভায় পরীক্ষা-নিরীক্ষার জন্য পুনরায় দাখিল করা যেতে পারে। কমিটি কর্তৃক পরীক্ষা-নিরীক্ষার জন্য রাষ্ট্রপক্ষের প্রত্যাশিত বছরে **১ ফেব্রুয়ারির মধ্যে**[৮] অতিরিক্ত সকল তথ্য সচিবালয় কর্তৃক প্রাপ্ত হতে হবে। এরপরই সচিবালয় সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থার নিকট মনোনয়নটি প্রেরণ করবে। অনুচ্ছেদ ১৬৮-তে বর্ণিত পদ্ধতি ও সময়সূচি অনুযায়ী রাষ্ট্রপক্ষকে ফিরিয়ে দেওয়া কোনো মনোনয়ন কমিটির মূল সিদ্ধান্ত প্রদানের তিন বছরের মধ্যে কমিটিতে উপস্থাপন করা না হলে ঐ মনোনয়নটি পুনরায় দাখিল করার পর তা নতুন মনোনয়ন হিসেবে বিবেচনা করা হবে। কমিটির সুপারিশগুলো কীভাবে সমাধান করা যায় এ বিষয়ে রাষ্ট্রপক্ষগুলোকে সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থা(সমূহ) এবং / অথবা বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের কাছ থেকে পরামর্শ চাওয়ার জন্য উৎসাহিত করা হয়ে থাকে। সিদ্ধান্ত 39 COM 11

মনোনয়ন স্থগিতকরণ

**১৬০.** গভীর মূল্যায়ন বা অধ্যয়নের জন্য অথবা রাষ্ট্রপক্ষ কর্তৃক ব্যাপকতর সংশোধনের জন্য কমিটি মনোনয়ন স্থগিত করার সিদ্ধান্ত নিতে পারে। রাষ্ট্রপক্ষ যদি পরবর্তী কোনো বছরে তাদের স্থগিত হওয়া কোনো মনোনয়ন পুনরায় দাখিল করার সিদ্ধান্ত নেয়, তবে ঐ বছরের **১ ফেব্রুয়ারির মধ্যে**[৯] সচিবালয় কর্তৃক তা প্রাপ্ত হতে হবে। এরপর এই মনোনয়নগুলি পুনরায় মূল্যায়ন করা হবে (অনুচ্ছেদ ১৬৮-তে বর্ণিত পদ্ধতি ও সময়সূচি অনুযায়ী মূল্যায়ন মিশনসহ পুরো একটি মূল্যায়ন চক্র ও আরও অর্ধচক্র সময়কালের মধ্যে মনোনয়নটি সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থা পুনরায় মূল্যায়ন করবে)। কমিটির সুপারিশগুলো কীভাবে সমাধান করা যায় এ বিষয়ে রাষ্ট্রপক্ষগুলোকে সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থা(সমূহ) এবং / অথবা বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের কাছ থেকে পরামর্শ চাওয়ার জন্য উৎসাহিত করা হয়ে থাকে। প্রয়োজন হলে, রাষ্ট্রপক্ষগুলি একটি উপদেষ্টা মিশনকে আমন্ত্রণের বিষয় বিবেচনা করতে পারে। সিদ্ধান্ত 39 COM 11

## ৩।জ জরুরি ভিত্তিতে মনোনয়ন প্রক্রিয়াকরণ

**১৬১.** মনোনয়নপত্র দাখিল ও প্রক্রিয়াকরণের জন্য স্বাভাবিক সময়সূচি ও মনোনয়নের সম্পূর্ণতার প্রকৃত অর্থ ঐসব সম্পদের জন্য প্রযোজ্য হবে না যেসব সম্পদ নষ্ট হয়ে যাওয়া বা কোনো প্রাকৃতিক ঘটনা বা মানবিক কর্মকাণ্ডের দরুণ মারাত্মক ও কোনো নির্দিষ্ট বিপদের সম্মুখীন হতে পারে, যা এমন কিছু জরুরি অবস্থা সৃষ্টি করতে পারে যার জন্য কমিটিকে তাৎক্ষণিকভাবে ঐসব সম্পদের নিরাপত্তা নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সিদ্ধান্ত নিতে হতে পারে, এবং যা সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থা রিপোর্ট অনুযায়ী সন্দেহাতীতভাবে অনন্য বৈশ্বিক মান-এর প্রামানিকতা তুলে ধরতে পারে। এই মনোনয়নগুলি জরুরি ভিত্তিতে প্রক্রিয়াকরণ করা হবে এবং এসব মনোনয়নের পরীক্ষা-নিরীক্ষা কমিটির পরবর্তী অধিবেশনের আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করা হবে। এই সম্পদ বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত করা হতে পারে। এক্ষেত্রে, এসব সম্পদের নাম একই সাথে বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকাতেও (List of World Heritage in Danger) অন্তর্ভুক্ত করা হবে (অনুচ্ছেদ ১৭৭-১৯১ দেখুন)। সিদ্ধান্ত 37 COM 12.II

**১৬২.** জরুরিভিত্তিতে প্রক্রিয়াকরণ প্রয়োজন এমন মনোনয়নসমূহ: সিদ্ধান্ত 37 COM 12.II

[৮] ১ ফেব্রুয়ারি কোনো সাপ্তাহিক ছুটির দিন হলে মনোনয়নটি অবশ্যই পূর্ববর্তী শুক্রবারের ১৭ঘ০০ জিএমটি-র মধ্যে প্রাপ্ত হতে হবে।

[৯] ১ ফেব্রুয়ারি কোনো সাপ্তাহিক ছুটির দিন হলে মনোনয়নটি অবশ্যই পূর্ববর্তী শুক্রবারের ১৭ঘ০০ জিএমটি-র মধ্যে প্রাপ্ত হতে হবে।

ক) রাষ্ট্রপক্ষ জরুরি ভিত্তিতে প্রক্রিয়াকরণের অনুরোধসহ মনোনয়ন উপস্থাপন করবে। সম্পদটি রাষ্ট্রপক্ষ পূর্বেই বা অবিলম্বে তাদের সম্ভাব্য তালিকায় অন্তর্ভুক্ত করবে।

খ) মনোনয়নপত্রে:

i) সম্পদ এবং এর সীমানার পুঙ্খানুপুঙ্খ বর্ণনা থাকতে হবে;

ii) নির্ণায়ক অনুযায়ী সম্পদের অনন্য বৈশ্বিক মানের যৌক্তিকতা তুলে ধরতে হবে;

iii) সম্পদের অখণ্ডতা এবং/অথবা এর প্রামানিকতার সপক্ষে যুক্তি তুলে ধরতে হবে;

iv) এর সুরক্ষা ও ব্যবস্থাপনা পদ্ধতির বর্ণনা থাকতে হবে;

v) জরুরি অবস্থার প্রকৃতি এবং ক্ষয়ক্ষতির প্রকৃতি ও মাত্রা অথবা সুনির্দিষ্ট বিপন্নতার বর্ণনা থাকতে হবে এবং দেখাতে হবে যে, সম্পদের সংরক্ষণ নিশ্চিত করার জন্য কমিটি কর্তৃক অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

গ) সম্পদের গুণমান মূল্যায়নের অনুরোধ জানিয়ে সচিবালয় অবিলম্বে সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থার নিকট মনোনয়ন প্রেরণ করবে, যার ভেতর দিয়ে সম্পদের অনন্য বৈশ্বিক মান, এর বিপন্নতার প্রকৃতি এবং কমিটির সিদ্ধান্তের গুরুত্ব সম্পর্কে জানা যাবে। সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থা প্রয়োজন মনে করলে এবং সময় পেলে মাঠ পরিদর্শনের প্রয়োজন হতে পারে।

ঘ) এছাড়া মনোনয়ন পর্যালোচনার সময় কমিটি নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করবে:

vi) মনোনয়ন সম্পন্ন করার জন্য আন্তর্জাতিক সহায়তার বরাদ্দ প্রদান; এবং

vii) কমিটির সুপারিশমালা পূরণের জন্য তালিকাভুক্তির পর যত দ্রুত সম্ভব সচিবালয় ও সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থা কর্তৃক প্রয়োজনীয় ফলো-আপ মিশনের আয়োজন;

## ৩। ঝ সীমানা পরিবর্তন, অন্তর্ভুক্তির যৌক্তিকতার জন্য ব্যবহৃত নির্ণায়কসমূহ পরিবর্তন কিংবা কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদের নাম পরিবর্তন

<u>সীমানার ক্ষুদ্র পরিবর্তন</u>

**১৬৩.** কোনো ক্ষুদ্র পরিবর্তন হচ্ছে এমন একটি পরিবর্তন যা সম্পদের পরিসরে উল্লেখযোগ্য কোনো প্রভাব ফেলে না কিংবা এর অনন্য বৈশ্বিক মানকেও প্রভাবিত করে না।

**১৬৪.** যদি কোনো রাষ্ট্রপক্ষ বিশ্ব ঐতিহ্য তালিকায় আগে থেকেই অন্তর্ভুক্ত কোনো সম্পদের সীমানার ছোটখাট কোনো সংশোধনীর জন্য অনুরোধ করতে চায়, তবে অবশ্যই তা পরিশিষ্ট ১১-এর ফরম্যাট অনুযায়ী প্রস্তুত করতে হবে এবং অবশ্যই তা **১ ফেব্রুয়ারির মধ্যে**[১০] সচিবালয়ের মাধ্যমে কমিটি কর্তৃক প্রাপ্ত হতে হবে, এবং আবেদনকৃত পরিবর্তন বা সংশোধন বিবেচনা করা যাবে কিনা সচিবালয়কে এ ব্যাপারে সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থার নিকট থেকে মূল্যায়ন চাইতে হবে। সচিবালয় এরপর বিশ্ব ঐতিহ্য কমিটির নিকট উপদেষ্টা সংস্থার মূল্যায়ন জমা দেবে। কমিটি এ ধরনের সংশোধনী অনুমোদন করতে পারে, অথবা বিবেচনা করতে পারে যে, সম্পদের সীমানায় উল্লেখযোগ্য কোনো পরিবর্তনের জন্য সীমানা সংশোধন অতীব গুরুত্বপূর্ণ, এবং এক্ষেত্রে নতুন মনোনয়ন প্রক্রিয়াপ্রয়োগ করতে হবে। সিদ্ধান্ত 39 COM 11

[১০] ১ ফেব্রুয়ারি কোনো সাপ্তাহিক ছুটির দিন হলে মনোনয়নটি অবশ্যই পূর্ববর্তী শুক্রবারের ১৭ঘ০০ জিএমটি-র মধ্যে প্রাপ্ত হতে হবে।

সীমানার উল্লেখযোগ্য পরিবর্তন

**১৬৫.** যদি কোনো রাষ্ট্রপক্ষ বিশ্ব ঐতিহ্য তালিকায় আগে থেকেই অন্তর্ভুক্ত কোনো সম্পদের সীমানা উল্লেখযোগ্যভাবে সংশোধন করতে চায়, তবে রাষ্টপক্ষ এই প্রস্তাবকে একটি নতুন মনোনয়ন হিসেবে দাখিল করবে (সম্ভাব্য তালিকায় পূর্বে অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ – অনুচ্ছেদ ৬৩ ও ৬৫ দেখুন)। এই পুনঃমনোনয়নটি **১ ফেব্রুয়ারির মধ্যে**[১১] উপস্থাপন করতে হবে এবং অনুচ্ছেদ ১৬৮-তে উল্লিখিত পদ্ধতি এবং সময়সূচি অনুযায়ী মূল্যায়নের পুরো এক চক্র ও অর্ধচক্র সময়কালের মধ্যে তা মূল্যায়ন করা হবে। এই বিধানটি সীমানা বর্ধন (এক্সটেনশন) কিংবা সীমানা হ্রাসের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। সিদ্ধান্ত 39 COM 11

বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির যৌক্তিকতার জন্য ব্যবহৃত নির্ণায়কসমূহ পরিবর্তন

**১৬৬.** কোনো রাষ্ট্রপক্ষ প্রথম বা মূল তালিকাভুক্তির জন্য ব্যবহৃত নির্ণায়ক ব্যতিরেকে কোনো অতিরিক্ত, স্বল্পসংখ্যক বা ভিন্ন কোনো নির্ণায়কসমূহের অধীনে সম্পদের নাম তালিকাভুক্ত করতে চাইলে রাষ্ট্রপক্ষ এমনভাবে এই অনুরোধ দাখিল করবে যেন এটি একটি নতুন মনোনয়ন (সম্ভাব্য তালিকায় পূর্বে অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ – অনুচ্ছেদ ৬৩ ও ৬৫ দেখুন)। এই পুনঃমনোনয়নটি অবশ্যই ১ ফেব্রুয়ারির মধ্যে[১২] প্রাপ্ত হতে হবে এবং অনুচ্ছেদ ১৬৮-তে উল্লিখিত পদ্ধতি এবং সময়সূচি অনুযায়ী মূল্যায়নের পুরো এক চক্র ও অর্ধচক্র সময়কালের মধ্যে তা মূল্যায়ন করা হবে। সুপারিশকৃত সম্পদ শুধুমাত্র নতুন মানদণ্ডের অধীনে মূল্যায়ন করা হবে এবং এমনকি অতিরিক্ত নির্ণায়কসমূহের স্বীকৃতি পেতে ব্যর্থ হলেও সম্পদটি বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত থাকবে। সিদ্ধান্ত 39 COM 11

বিশ্ব ঐতিহ্য সম্পদের নাম পরিবর্তন

১৬৭. কোনো রাষ্ট্রপক্ষ[১৩] বিশ্ব ঐতিহ্য তালিকায় ইতোমধ্যেই অন্তর্ভুক্ত কোনো সম্পদের নাম পরিবর্তন বা সংশোধন অনুমোদনের জন্য কমিটিকে অনুরোধ করতে পারে। নাম পরিবর্তন বা সংশোধনের অনুরোধ বা আবেদন সচিবালয় কর্তৃক **কমিটির সভার অন্তত তিন মাস আগে** গৃহীত হতে হবে।

**৩। ঞ সময়সূচি – সারসংক্ষেপ**

**১৬৮.**

সিদ্ধান্ত 39 COM 11

| সময়সূচি | কার্যসাধন পদ্ধতি |
|---|---|
| **৩০ সেপ্টেম্বর (বর্ষ ১-এর পূর্বে)** | রাষ্ট্রপক্ষের নিকট থেকে সচিবালয় কর্তৃক খসড়া মনোনয়ন গ্রহণের ঐচ্ছিক শেষ তারিখ |
| **১৫ নভেম্বর (বর্ষ ১-এর পূর্বে)** | খসড়া মনোনয়নের সম্পূর্ণতা বিষয়ে মনোনয়ন দাখিলকারী রাষ্ট্রপক্ষের আবেদনের প্রতি সচিবালয় সাড়া দেবে, এবং মনোনয়ন অসম্পূর্ণ থাকলে তা সম্পূর্ণ করার জন্য বাদ পড়া আর কী কী তথ্য দিতে হবে তা নির্দেশ করবে। |
| **১ ফেব্রুয়ারি বর্ষ ১** | মূল্যায়নের উদ্দেশ্যে সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থার কাছে প্রেরণ করার জন্য সম্পূর্ণ মনোনয়ন এই তারিখের মধ্যে অবশ্যই সচিবালয় কর্তৃক প্রাপ্ত হতে হবে।<br>মনোনয়ন **১৭ঘ০০** জিএমটি-র মধ্যে প্রাপ্ত হতে হবে, অথবা, যদি এই তারিখটি (১ ফেব্রু.) কোনো সাপ্তাহিক ছুটির দিন হয়, তবে পূর্ববর্তী শুক্রবার **১৭ঘ০০** জিএমটি-র মধ্যে প্রাপ্ত হতে হবে।<br>এই তারিখের পর প্রাপ্ত মনোনয়ন ভবিষ্যৎ চক্রে মূল্যায়ন করা হবে। |

[১১] ১ ফেব্রুয়ারি কোনো সাপ্তাহিক ছুটির দিন হলে মনোনয়নটি অবশ্যই পূর্ববর্তী শুক্রবারের ১৭ঘ০০ জিএমটি-র মধ্যে প্রাপ্ত হতে হবে।

[১২] ১ ফেব্রুয়ারি কোনো সাপ্তাহিক ছুটির দিন হলে মনোনয়নটি অবশ্যই পূর্ববর্তী শুক্রবারের ১৭ঘ০০ জিএমটি-র মধ্যে প্রাপ্ত হতে হবে।

[১৩] বহুজাতিক/আন্তঃসীমান্ত সম্পদের ক্ষেত্রে, যে কোনো ধরনের পরিবর্তন বা সংশোধনের জন্য সংশ্লিষ্ট সকল রাষ্ট্রপক্ষের সম্মতি প্রয়োজন হবে।

| | |
|---|---|
| <u>**১ ফেব্রুয়ারি-১ মার্চ বর্ষ ১**</u> | নিবন্ধন, সম্পূর্ণতা মূল্যায়ন এবং সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থার নিকট প্রেরণ।<br>সচিবালয় প্রতিটি মনোনয়ন নিবন্ধন করবে, মনোনয়ন দাখিলকারী রাষ্ট্রপক্ষের নিকট মনোনয়নপ্রাপ্তি স্বীকার করবে এবং এর উপাদানগুলি সংরক্ষণ করবে। সচিবালয় মনোনয়ন দাখিলকারী রাষ্ট্রপক্ষকে মনোনয়নটি সম্পূর্ণ হয়েছে কিনা তা জানাবে।<br>যেসব মনোনয়ন সম্পূর্ণ নয় (অনুচ্ছেদ ১৩২ দেখুন) সেগুলি মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থাকে মনোনয়ন প্রেরণ করা হবে না। যদি কোনো মনোনয়ন অসম্পূর্ণ থাকে, তাহলে ভবিষ্যৎ চক্রে মনোনয়নটি পরীক্ষা করার জন্য পরবর্তী বছরের শেষ তারিখ ১ ফেব্রুয়ারির মধ্যে যাতে মনোনয়নটি দাখিল করা যায় সেজন্য প্রয়োজনীয় তথ্য সম্পর্কে সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষকে নির্দেশনা প্রদান করা হবে।<br>সম্পূর্ণ মূল্যায়নগুলি মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থার নিকট প্রেরণ করা হবে। কমিটির সকল সদস্যের নিকট মনোনয়নের ইলেক্ট্রনিক কপি পৌঁছানো বা সরবরাহের জন্য সচিবালয় বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের ওয়েবসাইটে তা প্রকাশ করবে। |
| <u>**১ মার্চ বর্ষ ১**</u> | এই শেষ তারিখের মধ্যে সচিবালয় মনোনয়ন প্রাপ্তি, মনোনয়ন সম্পূর্ণ বিবেচিত হয়েছে কিনা এবং ১ ফেব্রুয়ারির মধ্যে তা গৃহীত হয়েছে কিনা – এসব ব্যাপারে রাষ্ট্রপক্ষকে অবহিত করবে। |
| <u>**মার্চ বর্ষ ১- মে বর্ষ ২**</u> | উপদেষ্টা সংস্থা কর্তৃক মূল্যায়ন |
| <u>**৩১ জানুয়ারি বর্ষ ২**</u> | বর্ষ ২-এর ৩১ জানুয়ারির মধ্যে বিশ্ব ঐতিহ্য কমিটির সভাপতিকে প্রদানের জন্য বিশ্ব ঐতিহ্য কেন্দ্রে একটি করে কপিসহ রাষ্ট্রপক্ষগুলির নিকট মনোনয়নের অবস্থা এবং মনোনয়ন সংশ্লিষ্ট যে কোনো ধরনের সমস্যা তুলে ধরে এবং বিস্তারিত বিবরণসহ সম্পূরক তথ্যের জন্য অনুরোধ জানিয়ে *সনদের* কার্যকর দুটি ভাষার মধ্যে যে কোনো একটি ভাষায় একটি সংক্ষিপ্ত অন্তর্বর্তীকালীন প্রতিবেদন প্রেরণের জন্য উপদেষ্টা সংস্থাকে অনুরোধ করতে হবে। |
| <u>**২৮ ফেব্রুয়ারি বর্ষ ২**</u> | সচিবালয়ের মাধ্যমে রাষ্ট্রপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থা-র নিকট এই সময়সীমার মধ্যে চাহিত বা অনুরোধকৃত অতিরিক্ত তথ্য দাখিল করতে হবে।<br>অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী ইলেক্ট্রনিক ফরম্যাটে এই অনুচ্ছেদে উল্লিখিত সংখ্যক অনুলিপিসহ অতিরিক্ত তথ্য জমা দিতে হবে। নতুন ও পুরাতন টেক্সট-এর বিভ্রান্তি এড়ানোর জন্য যদি দাখিলকৃত অতিরিক্ত তথ্য মনোনয়নের মূল পাঠ্য থেকে ভিন্ন বা পরিবর্তিত হয়, তবে রাষ্ট্রপক্ষ মনোনয়নের মূল পাঠ্যের একটি সংশোধিত সংস্করণে এই পরিবর্তনগুলি দাখিল করবে। এক্ষেত্রে যে কোনো পরিবর্তন পরিষ্কারভাবে চিহ্নিত করতে হবে। কাগুজে সংস্করণের পাশাপাশি এই নতুন ভার্সনের একটি ইলেক্ট্রনিক সংস্করণও (সিডি-রম বা ইউএসবি ফ্লাশ ড্রাইভ-এ) জমা দিতে হবে। |
| <u>**বিশ্ব ঐতিহ্য কমিটির বার্ষিক অধিবেশনের ছয় সপ্তাহ পূর্বে - বর্ষ ২**</u> | সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থা-সমূহ তাদের মূল্যায়ন ও সুপারিশ বিশ্ব ঐতিহ্য কমিটি ও রাষ্ট্রপক্ষের নিকট প্রেরণের জন্য সচিবালয়ের কাছে হস্তান্তর করবে। |
| <u>**বিশ্ব ঐতিহ্য কমিটির বার্ষিক অধিবেশন উদ্বোধনের কমপক্ষে ১৪ কার্যদিবস পূর্বে- বর্ষ ২**</u> | রাষ্ট্রপক্ষ কর্তৃক তথ্যগত ভুলভ্রান্তি সংশোধন<br>সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষগুলি কমিটির সভার উদ্বোধনের কমপক্ষে ১৪ কার্যদিবস পূর্বে উপদেষ্টা সংস্থা কর্তৃক মনোনয়নপত্রের মূল্যায়নের মাধ্যমে চিহ্নিত তথ্যগত ভুলভ্রান্তিগুলো বিশদভাবে উল্লেখ করে উপদেষ্টা সংস্থা বরাবর অনুলিপিসহ চেয়ারপার্সনের নিকট একটি পত্র পাঠাতে পারে। |

| | |
|---|---|
| **বিশ্ব ঐতিহ্য কমিটির বার্ষিক অধিবেশন (জুন/জুলাই) - বর্ষ ২** | কমিটি মনোনয়ন যাচাই করবে এবং সিদ্ধান্ত গ্রহণ করবে। |
| **বিশ্ব ঐতিহ্য কমিটির বার্ষিক অধিবেশনের অব্যবহিত পর** | রাষ্ট্রপক্ষসমূহকে বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিতকরণ<br>যেসব রাষ্ট্রপক্ষের মনোনয়ন কমিটি কর্তৃক পরীক্ষিত হয়েছে সচিবালয় ঐ সকল রাষ্ট্রপক্ষকে বিজ্ঞপ্তির মাধ্যমে কমিটির প্রাসঙ্গিক সিদ্ধান্তের ব্যাপারে অবহিত করবে।<br>বিশ্ব ঐতিহ্য কমিটির বিশ্ব ঐতিহ্য তালিকায় কোনো সম্পদ তালিকাভুক্ত করার সিদ্ধান্তের পর, সচিবালয় তালিকায় অন্তর্ভুক্ত এলাকার একটি মানচিত্র ও সম্পদের অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত বিবৃতি প্রদানপূর্বক রাষ্ট্রপক্ষ ও সাইট ম্যানেজারের নিকট পত্র দেবে (পূরণকৃত নির্ণায়কসমূহের রেফারেন্স অন্তর্ভুক্ত করার জন্য)। |
| **বিশ্ব ঐতিহ্য কমিটির বার্ষিক অধিবেশনের অব্যবহিত পর** | কমিটির বার্ষিক অধিবেশনের পর সচিবালয় প্রতি বছর একটি হালনাগাদকৃত বিশ্ব ঐতিহ্য তালিকা প্রকাশ করবে।<br>যেসব রাষ্ট্রপক্ষ মনোনয়ন দাখিল করেছে এবং বিশ্ব ঐতিহ্য তালিকায় যেসব রাষ্ট্রপক্ষের সম্পদ তালিকাভুক্ত হয়েছে, ঐ সকল রাষ্ট্রপক্ষের নাম নিম্নোক্ত শিরোনামের অধীনে প্রকাশিত তালিকা আকারে উপস্থাপন করা হবে: “Contracting State having submitted the nomination of the property in accordance with the *Convention*"। |
| **বিশ্ব ঐতিহ্য কমিটির বার্ষিক অধিবেশন সমাপ্তির পরের মাসে** | সচিবালয় সকল রাষ্ট্রপক্ষের নিকট বিশ্ব ঐতিহ্য কমিটির সিদ্ধান্তসমূহের প্রকাশিত প্রতিবেদন প্রেরণ করবে। |

## ৩।ট মনোনয়ন মূল্যায়নের জন্য অর্থায়ন

**১৬৮.পুনশ্চ** উপদেষ্টা সংস্থা কর্তৃক মনোনয়ন মূল্যায়নের জন্য প্রত্যেক কমিটি অধিবেশনে উপস্থাপিত বিশ্ব ঐতিহ্য তহবিল সম্পর্কিত ডকুমেন্টে সচিবালয় দ্বারা নির্দেশিত গড় মূল্যায়ন ব্যয় বিবেচনায় নিয়ে নতুন মনোনয়ন বা মনোনয়ন দাখিলকারী রাষ্ট্রপক্ষসমূহ স্বেচ্ছায় তাদের মনোনয়ন মূল্যায়নের জন্য অর্থায়ন করবে বলে প্রত্যাশা করা হচ্ছে। এর কার্যপদ্ধতি নিম্নরূপ:

সিদ্ধান্ত 43 COM 11A
সিদ্ধান্ত 43 COM 14

(ক) বিশ্ব ঐতিহ্য তহবিলের সুনির্দিষ্ট উপ-হিসাব নম্বরে এই অর্থায়নের অর্থ জমা দিতে হবে;

(খ) স্বল্পোন্নত দেশ কিংবা নিম্ন-আয়ের দেশ (ইউনাটেড নেশনস্ ইকোনমিক অ্যান্ড সোশ্যাল কাউন্সিল’স্ কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি-র সংজ্ঞা অনুযায়ী), বিশ্ব ব্যাংকের সংজ্ঞা অনুযায়ী নিম্ন মধ্যম-আয়ের দেশ, উন্নয়নশীল ছোট ছোট দ্বীপরাষ্ট্র এবং দ্বন্দ্বপূর্ণ অবস্থা কিংবা দ্বন্দ্ব-পরবর্তী অবস্থায় বিদ্যমান রাষ্ট্রপক্ষের নিকট থেকে এই অর্থায়ন গ্রহণ করা হবে না;

(গ) আবেদনের পরিপূর্ণতা যাচাইয়ে ইতিবাচক ফল হলে মনোনয়ন মূল্যায়ন চক্রে প্রবেশ করার পর অর্থায়নের অর্থ প্রদান করতে হবে।

(ঘ) উপদেষ্টা সংস্থা কর্তৃক সাইটের বস্তুগত মূল্যায়নের ওপর, কিংবা মনোনয়ন নিয়ে কাজের সময় *বাস্তবায়ন নির্দেশিকা*-র সংজ্ঞানুযায়ী অগ্রাধিকারক্রমের ওপরও এ পদ্ধতি কোনো প্রভাব ফেলবে না।

## চার বিশ্ব ঐতিহ্য সম্পদের সংরক্ষণ পরিস্থিতি পর্যবেক্ষণ প্রক্রিয়া

### ৪। ক সক্রিয় পরিবীক্ষণ

সক্রিয় পরিবীক্ষণের সংজ্ঞা

**১৬৯.** সক্রিয় পরিবীক্ষণ হচ্ছে কমিটির নিকট সুনির্দিষ্ট ঝুঁকিপূর্ণ কোনো ওয়ার্ল্ড হেরিটেজ সম্পদ সংরক্ষণের অবস্থা সম্পর্কে সচিবালয়, ইউনেস্কোর অন্যান্য সেক্টর ও উপদেষ্টা সংস্থাসমূহের প্রতিবেদন। এই প্রেক্ষাপটে, যখনই কোনো ব্যতিক্রমী পরিস্থিতির উদ্ভব হবে কিংবা সম্পদের অনন্য বৈশ্বিক মান বা সম্পদ সংরক্ষণের অবস্থার ওপর প্রভাব ফেলতে পারে এমন কোনো কাজ শুরু হবে তখনই রাষ্ট্রপক্ষগুলি এ বিষয়ে সুনির্দিষ্ট প্রতিবেদন ও ইম্প্যাক্ট স্টাডি জমা দেবে । ১৭৭-১৯১ অনুচ্ছেদের বর্ণনা অনুসারে বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত বা অন্তর্ভুক্ত হতে যাচ্ছে এমন সকল সম্পদের বিবৃতি থেকেও সক্রিয় পরিবীক্ষণের বিষয় প্রতীয়মান হতে পারে। এছাড়া ১৯২-১৯৮ অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী বিশ্ব ঐতিহ্য তালিকা থেকে কোনো সম্পদ অপসারণ বা বাদ দেওয়ার কার্যপদ্ধতিতেও সক্রিয় পরিবীক্ষণের বিষয়টি প্রতীয়মান হতে পারে। সিদ্ধান্ত 39 COM 11

এই রিপোর্টগুলি সচিবালয় কর্তৃক বিশ্ব ঐতিহ্য কমিটির নিকট ইংরেজি বা ফরাসি ভাষায় পরিশিষ্ট ১৩-এর স্ট্যান্ডার্ড ফরম্যাট ব্যবহার করে জমা দিতে হবে:

ক) বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদসমূহের ক্ষেত্রে কমিটি কর্তৃক সম্পদ পরীক্ষার পূর্বে ১ ডিসেম্বরের মধ্যে,

খ) বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদের ক্ষেত্রে এবং সুনির্দিষ্ট সর্বাধিক জরুরি অবস্থার ক্ষেত্রে কমিটি কর্তৃক সম্পদ পরীক্ষার পূর্বে ১ ফেব্রুয়ারির মধ্যে।

সক্রিয় পরিবীক্ষণের উদ্দেশ্য

**১৭০.** সক্রিয় পরিবীক্ষণ প্রক্রিয়া গ্রহণের সময় কমিটি বিশেষভাবে বিবেচনায় নিয়েছে যে, তালিকা থেকে কোনো সম্পদের নাম মুছে ফেলা বা নাম অপসারণ প্রতিরোধের জন্য সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এই উদ্দেশ্যে রাষ্ট্রপক্ষগুলিকে যতটা সম্ভব কারিগরি সহযোগিতা প্রদানে কমিটি সদা প্রস্তুত।

**১৭১.** কমিটির সুপারিশ হচ্ছে, যেসব উপদেষ্টা সংস্থাকে কমিটি কর্তৃক বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদ সংরক্ষণের উদ্দেশ্যে পরিচালিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ ও প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে ঐ সকল উপদেষ্টা সংস্থাকে সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষসমূহ যেন প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করে।

*সনদের ধারা ৪:*

*"এই সনদের প্রতিটি রাষ্ট্রপক্ষ এটা স্বীকার করবে যে, ধারা ১ ও ২-এ উল্লিখিত এবং সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষের ভূখণ্ডে অবস্থিত সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যের পরিচয়, সুরক্ষা, সংরক্ষণ, উপস্থাপনা এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে ঐতিহ্যটির সঞ্চালন নিশ্চিতকরণের সকল দায়-দায়িত্ব মূলত ঐ রাষ্ট্রপক্ষের..."।*

রাষ্ট্রপক্ষ এবং/অথবা অন্যান্য উৎস থেকে প্রাপ্ত তথ্য

**১৭২.** বিশ্ব ঐতিহ্য কমিটি সনদের আওতায় সুরক্ষিত কোনো এলাকায় সম্পদের অনন্য বৈশ্বিক মান-কে প্রভাবিত করতে পারে এমন কোনো বড় ধরনের পুনর্বাসন বা পুনঃস্থাপন কাজ অথবা এমন যে কোনো নতুন নির্মাণ শুরু বা অনুমোদনের পরিকল্পনা সম্পর্কে সচিবালয়ের মাধ্যমে অবহিত করার জন্য কমিটি সনদের রাষ্ট্রপক্ষগুলোকে আমন্ত্রণ জানাবে। যত তাড়াতাড়ি সম্ভব (উদাহরণস্বরূপ, নির্দিষ্ট প্রকল্পের জন্য মূল নথিপত্রের খসড়া তৈরির আগে) এবং পরিবর্তন করা কঠিন হতে পারে এমন কোনো সিদ্ধান্ত গ্রহণের পূর্বেই এই নোটিশ প্রদান করতে হবে, যাতে সম্পদের অনন্য বৈশ্বিক মান-এর পূর্ণাঙ্গ সংরক্ষণ নিশ্চিতকরণে কমিটি যথাযথ সমাধানের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে পারে।

**১৭৩.** বিশ্ব ঐতিহ্য কমিটির অনুরোধ অনুযায়ী বিশ্ব ঐতিহ্য সম্পদ সংরক্ষণের অবস্থা পর্যালোচনার জন্য মিশন প্রতিবেদনে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে হবে: সিদ্ধান্ত 27 COM 7B.106

ক) বিশ্ব ঐতিহ্য কমিটির নিকট দাখিলকৃত শেষ প্রতিবেদনের পর সম্পদের প্রতি যে কোনো হুমকি বা সম্পদ সংরক্ষণে উল্লেখযোগ্য উন্নতি সম্পর্কিত বিবৃতি;

খ) সম্পদ সংরক্ষণের অবস্থা সম্পর্কে বিশ্ব ঐতিহ্য কমিটির পূর্ববর্তী সিদ্ধান্তগুলির যে কোনো ফলোআপ;

গ) যে অনন্য বৈশ্বিক মান, অখণ্ডতা এবং/অথবা প্রামানিকতার কারণে সম্পদটি বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছিল, এর যে কোনো একটির ওপর কোনো ধরনের হুমকি বা ক্ষয়-ক্ষতি বিষয়ক তথ্য।

**১৭৪.** তালিকাভুক্ত কোনো সম্পদের মারাত্মক অবক্ষয় ঘটেছে, অথবা প্রস্তাবিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কোনো সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়নি– রাষ্ট্রপক্ষ ছাড়া অন্য কোনো সূত্র থেকে এ ধরনের তথ্য প্রাপ্তির পর সচিবালয় যতদূর সম্ভব রাষ্ট্রপক্ষের সাথে পরামর্শের ভিত্তিতে ঐ সকল তথ্যের উৎস ও বিষয়বস্তু যাচাই করবে এবং এ ব্যাপারে সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষকে মতামত প্রদানের জন্য অনুরোধ করবে।

<u>বিশ্ব ঐতিহ্য কমিটির সিদ্ধান্ত</u>

**১৭৫.** প্রাপ্ত তথ্যের ওপর মতামত প্রদানের জন্য সচিবালয় সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থাকে অনুরোধ করবে।

**১৭৬.** রাষ্ট্রপক্ষ ও উপদেষ্টা সংস্থাসমূহের মন্তব্যসহ প্রাপ্ত তথ্য প্রতিটি সম্পদের জন্য সংরক্ষণ অবস্থার প্রতিবেদন আকারে কমিটির গোচরে আনা হবে, যার জন্য নিম্নলিখিত এক বা একাধিক পদক্ষেপ গ্রহণ করা লাগতে পারে: সিদ্ধান্ত 39 COM 11 সিদ্ধান্ত 43 COM 11A

ক) কমিটি সিদ্ধান্ত নিতে পারে যে, সম্পদটি গুরুতর কোনো ক্ষয়-ক্ষতির সম্মুখীন হয়নি এবং এর জন্য আর কোনো পদক্ষেপ গ্রহণের প্রয়োজন নেই;

খ) সম্পদটি গুরুতর ক্ষয়-ক্ষতির সম্মুখীন হয়েছে কিন্তু এমন মাত্রায় নয় যার পুনরুদ্ধার বা পুনর্বাসন করা অসম্ভব– এমন বিবেচনার ক্ষেত্রে কমিটি সিদ্ধান্ত নিতে পারে যে, সম্পদটির তালিকাভুক্তি অক্ষুণ্ন থাকবে, অর্থাৎ সম্পদটি তালিকা থেকে মুছে দেওয়া হবে না, তবে শর্ত থাকে যে, রাষ্ট্রপক্ষ ঐ সম্পদ পুনরুদ্ধার বা পুনর্বাসনের জন্য একটি যুক্তিসঙ্গত সময়কালের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। কমিটি এই সিদ্ধান্তও নিতে পারে যে, সম্পদটি পুনরুদ্ধারে গৃহীত কাজের জন্য বিশ্ব ঐতিহ্য তহবিলের অধীনে কারিগরি সহযোগিতা প্রদান করা যেতে পারে এবং সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষ এ ধরনের সহায়তা না চেয়ে থাকলে সহায়তা চাওয়ার অনুরোধ করতে প্রস্তাব দিতে হবে; কিছু পরিস্থিতিতে রাষ্ট্রপক্ষসমূহ সম্পদের অবক্ষয় ও হুমকি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপের ব্যাপারে উপদেশ বা দিকনির্দেশনা পাওয়ার জন্য সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থা বা অন্য কোনো সংগঠন বা বিশেষজ্ঞ কর্তৃক পরিচালনার জন্য অ্যাডভাইজরি মিশনকে আহ্বান জানাতে পারে।

গ) ১৭৭-১৮২ অনুচ্ছেদে নির্ধারিত প্রয়োজনীয়তা ও নির্ণায়কসমূহ পূরণ হলে কমিটি ১৮৩-১৮৯ অনুচ্ছেদে বর্ণিত নির্ধারিত কার্যসাধন পদ্ধতি অনুযায়ী সম্পদটি বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় তালিকাভুক্তির সিদ্ধান্ত গ্রহণ করতে পারে;

ঘ) সম্পদটি যদি এমনভাবে ক্ষতিগ্রস্ত হয়ে থাকে যে, যেসব বৈশিষ্ট্যের কারণে সম্পদটি তালিকাভুক্ত হয়েছিল ঐসব বৈশিষ্ট্য আর কোনোভাবেই ফিরিয়ে আনা সম্ভব নয়, তাহলে কমিটি তালিকা থেকে ঐ সম্পদের নাম বাদ দেওয়া বা মুছে ফেলার সিদ্ধান্ত নিতে পারে। তবে এ ধরনের কোনো পদক্ষেপ গ্রহণের আগে সচিবালয় সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষকে অবহিত করবে এবং এ ব্যাপারে রাষ্ট্রপক্ষের যে কোনো মন্তব্য কমিটির গোচরে আনা হবে;

(ঙ) অপ্রতুল তথ্যের কারণে কমিটি উপরোল্লিখিত ক), খ), গ), অথবা ঘ)-এ বর্ণিত ব্যবস্থাসমূহের মধ্যে একটিও যদি গ্রহণ করতে সক্ষম না হয়, তাহলে কমিটি সম্পদের বর্তমান অবস্থা, সম্পদের ঝুঁকি মোকাবেলা ও সম্পদ পুনরুদ্ধারের পর্যাপ্ত সম্ভাব্যতা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষের সাথে পরামর্শের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সচিবকে কর্তৃত্ব প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। এ ধরনের পদক্ষেপগুলির মধ্যে থাকতে পারে সক্রিয় পরিবীক্ষণ মিশন পাঠানো বা বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণ, অথবা একটি অ্যাডভাইজরি মিশন পাঠানো। সচিবালয় তার কর্মের ফলাফলের ওপর কমিটি বরাবর একটি রিপোর্ট পাঠাবে। জরুরি ভিত্তিতে পদক্ষেপ গ্রহণের প্রয়োজন হলে কমিটি জরুরি সহায়তার অনুরোধের মাধ্যমে বিশ্ব ঐতিহ্য তহবিল থেকে এর অর্থায়ন অনুমোদন করতে পারে।

## ৪।খ বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকা

<u>বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদের নাম অন্তর্ভুক্তির নির্দেশিকা</u>

**১৭৭.** *সনদের* ধারা **১১**, অনুচ্ছেদ ৪ অনুযায়ী নিম্নলিখিত শর্তাবলি পূরণ হলে কমিটি বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় কোনো সম্পদ অন্তর্ভুক্তির সিদ্ধান্ত গ্রহণ করতে পারে:

ক) বিবেচনাধীন সম্পদ বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত;

খ) সম্পদটি কোনো গুরুতর ও সুনির্দিষ্ট বিপদ বা ঝুঁকির মধ্যে রয়েছে;

গ) সম্পদটি সংরক্ষণের জন্য বড় ধরনের কোনো পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক;

ঘ) সম্পদের জন্য *সনদের* আওতায় সহায়তার অনুরোধ করা হয়েছে; কমিটি মনে করে যে, কিছু কিছু ক্ষেত্রে কমিটির সহায়তা বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় কোনো সম্পদ তালিকাভুক্তির মাধ্যমে পাঠানো বার্তাসহ কমিটির সর্বাধিক কার্যকরী উদ্বেগ-বার্তার মধ্যেই সীমাবদ্ধ থাকতে পারে, এবং কমিটির যে কোনো সদস্য বা সচিবালয় কর্তৃক এ ধরনের সহায়তার অনুরোধ করা যেতে পারে।

<u>বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদের নাম অন্তর্ভুক্তির নির্ণায়কসমূহ</u>

**১৭৮.** *সনদের* ধারা **১** ও ২-এ বর্ণিত সংজ্ঞা অনুযায়ী – কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদ কমিটি কর্তৃক বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় তখনই তালিকাভুক্ত করা যাবে যদি কমিটির নিকট প্রতীয়মান হয় যে, সম্পদটির অবস্থা নিম্নে বর্ণিত দুটি শর্তের মধ্যেই অন্তত একটি করে নির্ণায়ক পূরণ করতে পারে।

**১৭৯.** <u>সাংস্কৃতিক সম্পদের</u> ক্ষেত্রে:

ক) <u>সুনিশ্চিত বিপদ</u> - সম্পদটি সুনির্দিষ্ট ও প্রমাণিত আসন্ন বিপদের সম্মুখীন, যেমন:

i) উপাদানসমূহের মারাত্মক অবক্ষয়;

ii) কাঠামো এবং/অথবা নান্দনিক বৈশিষ্ট্যের মারাত্মক অবক্ষয়;

iii) স্থাপত্যশৈলী বা নগর-পরিকল্পনায় সামঞ্জস্যের ক্ষেত্রে মারাত্মক অবক্ষয়;

iv) শহর বা গ্রামীণ পরিবেশের, কিংবা প্রাকৃতিক পরিবেশের মারাত্মক অবক্ষয়;

v) ঐতিহাসিক প্রামানিকতার মারাত্মক ক্ষতি;

vi) সাংস্কৃতিক তাৎপর্যের গুরুত্বপূর্ণ ক্ষতি।

খ) সম্ভাব্য ঝুঁকি - কোনো সম্পদ এমন কিছু ঝুঁকির সম্মুখীন যার ফলে সম্পদের অন্তর্গত বৈশিষ্ট্যসমূহের ওপর মারাত্মক ক্ষতিকর প্রভাব পড়তে পারে। উদাহরণস্বরূপ, এ ধরনের হুমকি নিম্নরূপ হতে পারে:

i) সম্পদ সুরক্ষার মাত্রা কমিয়ে ফেলার মতো সম্পদের জুরিডিক্যাল বা বিচারিক অবস্থার পরিবর্তন;

ii) সংরক্ষণ নীতিমালার অভাব;

iii) আঞ্চলিক পরিকল্পনা প্রকল্পসমূহের ঝুঁকিপূর্ণ প্রভাব;

iv) নগর পরিকল্পনার ঝুঁকিপূর্ণ প্রভাব;

v) সশস্ত্র সংঘাতের প্রাদুর্ভাব বা হুমকি;

vi) জলবায়ুগত, ভৌগোলিক বা অন্যান্য পরিবেশগত উপাদানের ঝুঁকিপূর্ণ প্রভাব।

**১৮০.** প্রাকৃতিক সম্পদের ক্ষেত্রে: সিদ্ধান্ত 39 COM 11

ক) সুনির্দিষ্ট বিপদ - সম্পদটি সুনির্দিষ্ট ও প্রমাণিত আসন্ন বিপদ বা ঝুঁকির সম্মুখীন, যেমন:

i) কোনো বিপন্ন প্রজাতির প্রাণীর সংখ্যা বা যে অনন্য বৈশ্বিক মানের কারণে কোনো নির্দিষ্ট প্রজাতির প্রাণীর সুরক্ষা আইনগতভাবে প্রতিষ্ঠিত হয়েছিল সেই সর্বজনীন মানসম্পন্ন প্রাণীর সংখ্যা রোগের মতো প্রাকৃতিক কোনো কারণে কিংবা মানুষের দ্বারা সংঘটিত অন্য কোনো কারণে, যেমন– বেআইনীভাবে পশুপাখি বা জীবজন্তু চুরি বা শিকার করার কারণে, মারাত্মকভাবে কমে যাওয়া।

ii) মানব বসতির কারণে, সম্পদের গুরুত্বপূর্ণ কোনো অংশ বন্যায় ডুবে যাওয়ার মতো কোনো ধরনের জলাধার নির্মাণের কারণে, কীটনাশক ও সার ব্যবহার, বড় ধরনের সরকারি কর্মকাণ্ড, খনি খনন, দূষণ, জলাবদ্ধতা, বন থেকে জ্বালানি সংগ্রহ ইত্যাদিসহ শিল্প ও কৃষি উন্নয়নের কারণে কোনো সম্পদের প্রাকৃতিক সৌন্দর্য বা বিজ্ঞান সংক্রান্ত মূল্যমানের মারাত্মক অবক্ষয়।

iii) সীমানা বা প্রান্তবর্তী অঞ্চলে মানুষের অবৈধ দখল বা সীমালঙ্ঘন যা সম্পদের অখণ্ডতার প্রতি হুমকি সৃষ্টি করে।

খ) সম্ভাব্য বিপদ - কোনো সম্পদ এমন কিছু ঝুঁকির সম্মুখীন যার ফলে সম্পদের অন্তর্গত বৈশিষ্ট্যসমূহের ওপর মারাত্মক ক্ষতিকর প্রভাব পড়তে পারে। উদাহরণস্বরূপ, এ ধরনের হুমকি নিম্নরূপ হতে পারে:

i) এলাকার আইনগত প্রতিরক্ষামূলক অবস্থার পরিবর্তন;

ii) সম্পদের মধ্যে পরিকল্পিত পুনর্বাসন বা উন্নয়ন প্রকল্প কিংবা পুনর্বাসন বা উন্নয়ন প্রকল্প এমন স্থানে অবস্থিত যে, এর প্রভাবের কারণে সম্পদটি হুমকির সম্মুখীন;

iii) সশস্ত্র সংঘাতের প্রাদুর্ভাব বা হুমকি;

iii) ব্যবস্থাপনা পরিকল্পনা বা ব্যবস্থাপনা পদ্ধতির অভাব বা অপ্রতুলতা, অথবা সম্পূর্ণরূপে বাস্তবায়িত হয় না।

v) জলবায়ুগত, ভৌগোলিক বা অন্য কোনো পরিবেশগত কারণসমূহের প্রভাব।

**১৮১.** এছাড়া, সম্পদের অখণ্ডতার প্রতি হুমকি এবং / অথবা এ ধরনের সকল হুমকির ক্ষতিকর প্রভাব এমন হতে হবে যা মানুষের কর্মকাণ্ডের মাধ্যমে সংশোধন করা সম্ভব। সাংস্কৃতিক সম্পদের ক্ষেত্রে, প্রাকৃতিক ও মনুষ্য সৃষ্ট উভয়বিধ কারণই এ ধরনের সম্পদের প্রতি হুমকি সৃষ্টি করতে পারে, তবে প্রাকৃতিক সম্পদের ক্ষেত্রে সবচেয়ে বড় হুমকিগুলো মানুষের তৈরি এবং কোনো প্রাকৃতিক কারণে (যেমন, মহামারী রোগ) সম্পদের অখণ্ডতা খুব কমই হুমকির সম্মুখীন হয়ে থাকে। কোনো কোনো ক্ষেত্রে, বড় ধরনের কোনো সরকারি কর্মপ্রকল্প বাতিলকরণ বা আইনগত অবস্থার উন্নতির মতো প্রশাসনিক বা আইনগত পদক্ষেপের মাধ্যমে সম্পদের অখণ্ডতার ওপর কোনো হুমকি এবং/অথবা এ ধরনের হুমকির ক্ষতিকর প্রভাব সংশোধন করা যেতে পারে। সিদ্ধান্ত 39 COM 11

**১৮২.** বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় কোনো সাংস্কৃতিক বা প্রাকৃতিক সম্পদের অন্তর্ভুক্তি বিবেচনা করার সময় কমিটি নিম্নলিখিত সম্পূরক বিষয়গুলি আমলে নিতে পারে:

ক) সম্ভাব্য সকল বিষয়ের মধ্যে সমতা রক্ষার মাধ্যমে বিশ্ব ঐতিহ্য সম্পদের ওপর প্রভাব ফেলতে পারে এমন সিদ্ধান্ত সরকারকেই গ্রহণ করতে হবে। কোনো সম্পদ হুমকির সম্মুখীন হওয়ার পূর্বেই উপদেশ দেওয়া সম্ভব হলে বিশ্ব ঐতিহ্য কমিটির উপদেশ প্রায় সময়ই নিষ্পত্তিমূলক হতে পারে।

খ) বিশেষ করে কোনো নিশ্চিত বিপদের ক্ষেত্রে, সম্পদ কোনো ধরনের গাঠনিক বা সাংস্কৃতিক ক্ষয়ক্ষতির সম্মুখীন হলে তীব্রতা অনুযায়ী ঐ সকল ক্ষয়ক্ষতির প্রভাব বিচার করতে হবে এবং প্রতিটি ক্ষেত্রবিশেষে তা বিশ্লেষণ করতে হবে।

গ) সর্বোপরি, কোনো সম্পদের সম্ভাব্য বিপদের ক্ষেত্রে, বিবেচনা করতে হবে যে:

i) সম্পদটি যে সামাজিক ও অর্থনৈতিক কাঠামোর মধ্যে অবস্থিত তার স্বাভাবিক বিবর্তন অনুসারে সম্পদের ঝুঁকি বিচার করতে হবে;

ii) সাংস্কৃতিক বা প্রাকৃতিক সম্পদের উপর সশস্ত্র সংঘাতের হুমকির মতো প্রভাব নিরূপণ করা প্রায় সময়ই অসম্ভব;

iii) কিছু হুমকি প্রকৃতির মধ্যে যে আসন্ন এমন নয়, তবে অনুমান করা যেতে পারে মাত্র, যেমন– জনসংখ্যা বৃদ্ধি।

ঘ) পরিশেষে, কমিটির মূল্যায়নে সাংস্কৃতিক বা প্রাকৃতিক সম্পদকে বিপন্ন করে তোলে এমন যে কোনো অজানা বা অপ্রত্যাশিত কারণসমূহের মূল বিষয়কে বিবেচনায় নিতে হবে।

বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদের নাম অন্তর্ভুক্তির পদ্ধতি

**১৮৩.** বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় কোনো সম্পদের নাম অন্তর্ভুক্তি বিবেচনা করার সময় কমিটি যতটা সম্ভব রাষ্ট্রপক্ষের সাথে পরামর্শের ভিত্তিতে বিপন্ন বিশ্ব ঐতিহ্যের তালিকা থেকে সম্পদের নাম অপসারণের জন্য একটি কাঙ্ক্ষিত সংরক্ষণ অবস্থা এবং সংশোধনমূলক ব্যবস্থার জন্য কর্মসূচি উন্নয়ন ও গ্রহণ করবে।

**১৮৪.** পূর্ববর্তী অনুচ্ছেদে উল্লিখিত সংশোধন ব্যবস্থা প্রণয়নের লক্ষ্যে কমিটি সচিবালয়কে সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষের সাথে যতদূর সম্ভব সহযোগিতার ভিত্তিতে সম্পদের বর্তমান অবস্থা, সম্পদের ঝুঁকি ও সংশোধন ব্যবস্থা গ্রহণের সম্ভাব্যতা নিশ্চিত করার জন্য অনুরোধ করবে। এছাড়া কমিটি সম্পদ পরিদর্শন, হুমকির প্রকৃতি ও মাত্রা নির্ধারণ এবং প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ প্রস্তাব করার জন্য সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থা বা অন্যান্য সংগঠন থেকে রিয়্যাক্টিভ বা সক্রিয় পরিবীক্ষণ মিশন পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। কিছু কিছু পরিস্থিতিতে, প্রয়োজনীয় পরামর্শ ও দিকনির্দেশনা প্রদানের জন্য রাষ্ট্রপক্ষ কোনো উপদেষ্টা মিশনকে আমন্ত্রণ জানাতে পারে। সিদ্ধান্ত 39 COM 11

**১৮৫.** প্রযোজ্য ক্ষেত্রে রাষ্ট্রপক্ষ ও সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থা বা অন্যান্য সংগঠনের মতামতসহ প্রাপ্ত তথ্যাদি সচিবালয় কর্তৃক কমিটির গোচরে আনা হবে।

**১৮৬.** কমিটি বিদ্যমান তথ্যাদি পরীক্ষা করে দেখবে এবং বিপন্ন বিশ্ব ঐতিহ্যের তালিকায় সম্পদ অন্তর্ভুক্তির বিষয়ে সিদ্ধান্ত নেবে। কমিটির সদস্যদের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে তাদের উপস্থিতি ও ভোটে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। এরপর কমিটি সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের কর্মসূচি নির্ধারণ করবে। এই কর্মসূচি অবিলম্বে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষের নিকট প্রস্তাব করা হবে।

**১৮৭.** *সনদের* ধারা **১১.৪** অনুযায়ী সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষকে কমিটির সিদ্ধান্তের ব্যাপারে জানানো হবে এবং সিদ্ধান্তের গণবিজ্ঞপ্তি কমিটি কর্তৃক অবিলম্বে জারি করা হবে।

**১৮৮.** সচিবালয় মুদ্রিত আকারে বিপন্ন বিশ্ব ঐতিহ্যের তালিকা প্রকাশ করবে এবং তালিকাটি এখানে দেখা যেতে পারেঃ https://whc.unesco.org/en/danger

**১৮৯.** কমিটি বিশ্ব ঐতিহ্য তহবিলের একটি সুনির্দিষ্ট ও উল্লেখযোগ্য অংশ বিপন্ন বিশ্ব ঐতিহ্যের তালিকায় অন্তর্ভুক্ত বিশ্ব ঐতিহ্য সম্পদের জন্য প্রয়োজনীয় সম্ভাব্য সহায়তার অর্থায়নে বরাদ্দ প্রদান করবে।

<u>বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদের সংরক্ষণ অবস্থা নিয়মিত পর্যালোচনা</u>

**১৯০.** বিপন্ন বিশ্ব ঐতিহ্যের তালিকাভুক্ত সম্পদ সংরক্ষণের অবস্থা প্রতি বছরই পর্যালোচনা করবে। এই পর্যালোচনার মধ্যে এমন কিছু পরিবীক্ষণ পদ্ধতি ও বিশেষজ্ঞ মিশন অন্তর্ভুক্ত থাকবে যা কমিটি কর্তৃক আবশ্যকীয় হিসেবে নির্ধারণ করা হবে।

**১৯১.** এই নিয়মিত পর্যালোচনার ভিত্তিতে, কমিটি সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষের সাথে পরামর্শক্রমে সিদ্ধান্ত নেবেঃ

ক) সম্পদ সংরক্ষণের জন্য অতিরিক্ত ব্যবস্থা প্রয়োজন আছে কিনা;

খ) বিপন্ন বিশ্ব ঐতিহ্যের তালিকা থেকে সম্পদের নাম বাদ দেওয়া বা মুছে ফেলা হবে কিনা;

গ) অনুচ্ছেদ **১৯২-১৯৮**-এ নির্ধারিত কার্যসাধন পদ্ধতি অনুযায়ী সম্পদটি যদি এমনভাবে ক্ষতিগ্রস্ত হয়ে থাকে যে, যেসব বৈশিষ্ট্যের কারণে সম্পদটি বিশ্ব ঐতিহ্য তালিকায় স্থান পেয়েছিল ঐ সকল বৈশিষ্ট্য হারিয়ে গেছে, তাহলে বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকা ও বিশ্ব ঐতিহ্য তালিকা– এই উভয় তালিকা থেকেই সম্পদটির নাম বাদ দেওয়া হবে কিনা।

### ৪। গ বিশ্ব ঐতিহ্য তালিকা থেকে সম্পদের নাম চূড়ান্তভাবে বাদ দেওয়ার পদ্ধতি

**১৯২.** বিশ্ব ঐতিহ্য তালিকা থেকে সম্পদের নাম বাদ দেওয়ার জন্য কমিটি নিম্নলিখিত পদ্ধতি গ্রহণ করেছে: সিদ্ধান্ত 39 COM 11

ক) সম্পদটি এমনভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে যে, যেসব বৈশিষ্ট্যের কারণে সম্পদটি বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছিল ঐসকল বৈশিষ্ট্য হারিয়ে গেছে; এবং

খ) যেখানে মনোনয়নের সময়ই কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদের অন্তর্নিহিত গুণাবলি মানুষের কর্মকাণ্ডের ফলে হুমকির সম্মুখীন ছিল এবং যেখানে ঐ সময় রাষ্ট্রপক্ষের উল্লিখিত প্রয়োজনীয় সংশোধনী ব্যবস্থা প্রস্তাবিত সময়ের মধ্যে গ্রহণ করা হয়নি (অনুচ্ছেদ ১১৬ দেখুন)।

**১৯৩.** বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত কোনো সম্পদ গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হলে, কিংবা প্রস্তাবিত সময়ের মধ্যে প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ না করা হলে– যে রাষ্ট্রপক্ষের ভূখণ্ডে সম্পদটি অবস্থিত সেই রাষ্ট্রপক্ষের উচিত হবে সচিবালয়কে এ ব্যাপারে অবহিত করা।

**১৯৪.** সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষ ব্যতীত অন্য কোনো উৎস থেকে এ ধরনের তথ্য পেলে সচিবালয় যতটা সম্ভব সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষের সাথে পরামর্শের ভিত্তিতে ঐ তথ্যের উৎস ও বিষয়বস্তু যাচাই করবে এবং রাষ্ট্রপক্ষকে তাদের মন্তব্য দেওয়ার জন্য অনুরোধ করবে।

**১৯৫.** সচিবালয় সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থাকে প্রাপ্ত তথ্যাদি সম্পর্কে মন্তব্য প্রেরণের জন্য অনুরোধ করবে।

**১৯৬.** কমিটি বিদ্যমান সমস্ত তথ্য পরীক্ষা করবে এবং এ ব্যাপারে সিদ্ধান্ত নেবে। এ ধরনের যে কোনো সিদ্ধান্ত, *সনদের* ধারা ১৩ (৮) অনুযায়ী, সনদের সদস্যদের মধ্যে দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠ সদস্যদের উপস্থিতিতে ও ভোটে গ্রহণ করা হবে। সম্পদের নাম বাদ দেওয়ার ব্যাপারে রাষ্ট্রপক্ষের সাথে পরামর্শ না করে কমিটি এ ধরনের সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে না।

**১৯৭.** কমিটির সিদ্ধান্তের ব্যাপারে রাষ্ট্রপক্ষকে অবহিত করতে হবে এবং কমিটি কর্তৃক অবিলম্বে এই সিদ্ধান্তের গণবিজ্ঞপ্তি প্রদান করতে হবে।

**১৯৮.** কমিটির সিদ্ধান্তের ফলে বিশ্ব ঐতিহ্য তালিকায় কোনো ধরনের পরিবর্তন ঘটে থাকলে পরিবর্তনটি পরবর্তী সময়ে প্রকাশিত হালনাগাদকৃত তালিকায় প্রতিফলিত হবে।

## পাঁচ *বিশ্ব ঐতিহ্য সনদ বাস্তবায়ন সংক্রান্ত পর্যায়ক্রমিক প্রতিবেদন দাখিল*

### ৫। ক উদ্দেশ্যাবলি

**১৯৯.** রাষ্ট্রপক্ষগুলোকে তাদের নিজ ভূখণ্ডে অবস্থিত বিশ্ব ঐতিহ্য সম্পদ সংরক্ষণের অবস্থাসহ গৃহীত আইনগত ও প্রশাসনিক বিধান এবং সনদ বাস্তবায়নের জন্য পরিচালিত অন্যান্য কার্যক্রমের রিপোর্ট বিশ্ব ঐতিহ্য কমিটির মাধ্যমে ইউনেস্কো জেনারেল কনফারেন্সে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হয়।

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ২৯ এবং রাষ্ট্রপক্ষসমূহের জেনারেল অ্যাসেম্বলির **১১**শ অধিবেশন (১৯৯৭) এবং ইউনেস্কো জেনারেল কনফারেন্সের ২৯তম অধিবেশনের রেজুলেশন।

২০০. সাময়িক প্রতিবেদন হচ্ছে রাষ্ট্রপক্ষসমূহের নিজস্ব প্রতিবেদন প্রক্রিয়া এবং যতদূর সম্ভব প্রতিটি অঞ্চলে রাষ্ট্রপক্ষ এই প্রতিবেদন প্রস্তুতির জন্য নেতৃত্ব দেবে। বৈশ্বিক পর্যায়ে সচিবালয় সাময়িক প্রতিবেদন প্রক্রিয়া সমন্বয় করবে এবং প্রয়োজনীয় সহায়তা নিশ্চিত করবে। রাষ্ট্রপক্ষগুলি উপদেষ্টা সংস্থা ও সচিবালয়কে বিশেষজ্ঞ পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করতে পারে, এবং উপদেষ্টা সংস্থা ও সচিবালয়ও (সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষের সম্মতিক্রমে) বিশেষজ্ঞ পরামর্শের ব্যবস্থা করতে পারে। সিদ্ধান্ত 41 COM 11

২০১. সাময়িক প্রতিবেদন চারটি প্রধান উদ্দেশ্য পূরণ করে থাকে:

ক) রাষ্ট্রপক্ষ কর্তৃক *বিশ্ব ঐতিহ্য সনদের* আবেদনের একটি মূল্যায়ন প্রদান করা;

খ) সময়ের সাথে সাথে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদের অনন্য বৈশ্বিক মান বজায় রাখা হচ্ছে কিনা এ বিষয়ে মূল্যায়ন প্রদান করা;

গ) পরিবর্তিত পরিস্থিতি ও সম্পদ সংরক্ষণের অবস্থা রেকর্ড করার জন্য বিশ্ব ঐতিহ্য সম্পদ সম্পর্কে সর্বশেষ তথ্য প্রদান করা;

ঘ) *সনদ* ও বিশ্ব ঐতিহ্য সংরক্ষণ কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে রাষ্ট্রপক্ষসমূহের মধ্যে আঞ্চলিক সহযোগিতা এবং তথ্য ও অভিজ্ঞতা বিনিময়ের ব্যবস্থা প্রতিষ্ঠা করা।

২০২. তালিকাভুক্ত সম্পদের অধিকতর কার্যকর ও দীর্ঘমেয়াদী সংরক্ষণ এবং *সনদ* বাস্তবায়নের বিশ্বাসযোগ্যতা জোরদার করার জন্য সাময়িক প্রতিবেদন অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই প্রতিবেদন রাষ্ট্রপক্ষ কর্তৃক বাস্তবায়ন মূল্যায়ন এবং বিশ্ব ঐতিহ্য কমিটি ও জেনারেল অ্যাসেম্বলি কর্তৃক গৃহীত নীতিমালার মাধ্যমে বিশ্ব ঐতিহ্য সম্পদ মূল্যায়নেরও একটি গুরুত্বপূর্ণ টুল। সিদ্ধান্ত 41 COM 11

## ৫। খ পদ্ধতি ও ফরম্যাট

২০৩. সাময়িক প্রতিবেদন চক্রের ছয়-বছর সময়কালে বিশ্ব ঐতিহ্য কমিটির দ্বারা পরীক্ষার জন্য রাষ্ট্রপক্ষসমূহ একের পর এক অঞ্চলভেদে নিম্নলিখিত ক্রম অনুযায়ী প্রতিবেদন দাখিল করবে: সিদ্ধান্ত 22 COM VI.7 সিদ্ধান্ত 41 COM 11

- আরব রাষ্ট্রসমূহ
- আফ্রিকা
- এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল
- লাতিন আমেরিকা ও ক্যারিবীয় অঞ্চল
- ইউরোপ ও উত্তর আমেরিকা

২০৪. প্রতিটি চক্রের ষষ্ঠ বছর হলো প্রতিফলন ও মূল্যায়নের সময়। একটি নতুন চক্র শুরু হওয়ার আগে এই বিরতির ফলে সাময়িক প্রতিবেদন ব্যবস্থা মূল্যায়ন ও যথাযথভাবে তা সংশোধন করা সম্ভব হবে। এছাড়া বিশ্ব ঐতিহ্য কমিটি একটি বৈশ্বিক বিশ্ব ঐতিহ্য প্রতিবেদন উন্নয়ন ও প্রকাশনা উদ্যোগের জন্য এই প্রতিফলন ব্যবহার করারও সিদ্ধান্ত নিতে পারে। সিদ্ধান্ত 41 COM 11

২০৫. যথাযথ বিরতিতে, এবং যখনই প্রয়োজন মনে হবে, বিশ্ব ঐতিহ্য কমিটি পরিবীক্ষণ সূচক (মনিটরিং ইনডিকেটর) এবং সাময়িক প্রতিবেদনের জন্য একটি বিশ্লেষণাত্মক কর্মকাঠামো গ্রহণ ও সংশোধন করবে।

**২০৫পুনশ্চ.** সাময়িক প্রতিবেদন প্রক্রিয়াটি বিশেষ করে আন্তঃসীমান্ত ও বহুজাতিক সম্পদের ক্ষেত্রে আঞ্চলিক বিনিময় ও সহযোগিতার সুযোগ হিসাবে এবং রাষ্ট্রপক্ষসমূহের মধ্যে সক্রিয় সমন্বয় ও সুসংগতি উন্নয়নের জন্য ব্যবহার করা হয়ে থাকে। সিদ্ধান্ত 41 COM 11

**২০৬.** সাময়িক প্রতিবেদনের প্রশ্নমালা একটি অনলাইন টুল যা বিশ্ব ঐতিহ্য সম্পদগুলোর জাতীয় সমন্বয়কারী সংস্থা ও সাইট ব্যবস্থাপকগণ যথাযথভাবে পূরণ করবেন।

এই ফরম্যাটটি সাময়িক প্রতিবেদনের দ্বিতীয় চক্রের পর পর্যালোচনা করা হয় এবং বিশ্ব ঐতিহ্য কমিটির ৪১শ অধিবেশনে (ক্র্যাকো, ২০১৭) কমিটি কর্তৃক গৃহীত হয়।
সিদ্ধান্ত 41 COM 10A

(ক) ধারা ১-এ এই ক্ষেত্রে অর্জিত অভিজ্ঞতার বিশদ বিবরণসহ রাষ্ট্রপক্ষ কর্তৃক গৃহীত আইনগত ও প্রশাসনিক বিধানাবলি এবং *সনদ* বাস্তবায়নের জন্য গৃহীত অন্যান্য কার্যক্রম সম্পর্কে উল্লেখ করা হয়েছে। এতে বিশেষ করে *সনদের* সুনির্দিষ্ট ধারায় বর্ণিত সাধারণ বাধ্যবাধকতা সম্পর্কে বলা হয়েছে।

খ) **ধারা ২**-এ সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষের ভূখণ্ডে অবস্থিত সুনির্দিষ্ট বিশ্ব ঐতিহ্য সংরক্ষণের অবস্থার উল্লেখ রয়েছে। প্রত্যেক বিশ্ব ঐতিহ্য সম্পদের জন্যই এই ধারা পূরণ করতে হবে।

**২০৬পুনশ্চ.** সাময়িক প্রতিবেদন ফরম্যাটটি সাময়িক প্রতিবেদন দাখিলের প্রত্যেক চক্রের পরপর পর্যালোচনা করা যেতে পারে। ফরম্যাটের একটি রূপরেখা *বাস্তবায়ন নির্দেশিকার* পরিশিষ্ট ৭-এ দেওয়া হয়েছে। সিদ্ধান্ত 41 COM 11

**২০৭.** তথ্য ব্যবস্থাপনা ও বিশ্লেষণের সুবিধার জন্য রাষ্ট্রপক্ষসমূহকে বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের ওয়েবসাইটে প্রদত্ত অনলাইন টুল ব্যবহার করে ইংরেজি অথবা ফরাসি ভাষায় প্রতিবেদন জমা দিতে অনুরোধ করা হচ্ছে। পূর্ণ প্রশ্নমালার অনলাইন টুল এখানে পাওয়া যাবে: https://whc.unesco.org/en/periodicreporting/ সিদ্ধান্ত 41 COM 11

## ৫।গ মূল্যায়ন ও ফলো-আপ

**২০৮.** সচিবালয় ও উপদেষ্টা সংস্থা-সমূহ রাষ্ট্রপক্ষের জাতীয় প্রতিবেদনগুলি আঞ্চলিক পর্যায়ের বিশ্ব ঐতিহ্য প্রতিবেদন ফরম্যাটে নিয়ে পূরণ করতে সহায়তা করবে, যা এখানে https://whc.unesco.org/en/publications ইলেক্ট্রনিক ফরম্যাটে পাওয়া যাবে, এবং কাগুজে সংস্করণেও পাওয়া যাবে (ওয়ার্ল্ড হেরিটেজ পেপার সিরিজ)। সিদ্ধান্ত 41 COM 11

**২০৯.** বিশ্ব ঐতিহ্য কমিটি সাময়িক প্রতিবেদনগুলিতে উত্থাপিত সমস্যাবলি সাবধানতার সাথে পর্যালোচনা করবে এবং তাদের কাছ থেকে উদ্ভূত বিষয়ে সংশ্লিষ্ট অঞ্চলের রাষ্ট্রপক্ষসমূহকে পরামর্শ দেবে।

**২১০.** সচিবালয় ও উপদেষ্টা সংস্থা-সমূহের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করার জন্য রাষ্ট্রপক্ষসমূহ কমিটির কৌশলগত উদ্দেশ্য অনুযায়ী কাঠামোবদ্ধ দীর্ঘমেয়াদী আঞ্চলিক ফলো-আপ কর্মসূচি প্রণয়ন করবে এবং পরীক্ষা-নিরীক্ষার জন্য কর্মসূচিগুলি জমা দেবে। এইসব কর্মসূচি সাময়িক প্রতিবেদনের ফলো-আপ হিসেবে গৃহীত এবং সাময়িক প্রতিবেদনে চিহ্নিত রাষ্ট্রপক্ষের চাহিদার ভিত্তিতে নিয়মিতভাবে পর্যালোচনা করা হয়। এইসব কর্মসূচির ভেতর দিয়ে সংশ্লিষ্ট অঞ্চলের বিশ্ব ঐতিহ্যের অপরিহার্য বিভিন্ন চাহিদার যথাযথ প্রতিফলন ঘটবে এবং আন্তর্জাতিক সহায়তা (ইন্টারন্যাশনাল অ্যাসিসটেন্স) প্রদানের সুযোগ সৃষ্টি হবে।

সিদ্ধান্ত 36 COM 13.I
সিদ্ধান্ত 41 COM 11

# ছয় *বিশ্ব ঐতিহ্য সনদ সমর্থনে উৎসাহ প্রদান*

## ৬।ক উদ্দেশ্য

**২১১.** উদ্দেশ্যগুলো হচ্ছে:

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ২৭
সিদ্ধান্ত 43 COM 11A

ক ) দক্ষতা সৃষ্টি ও গবেষণা উন্নয়ন করা;

খ) সাধারণ জনগণের সচেতনতা বৃদ্ধি এবং সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সংরক্ষণে আবশ্যকীয় চাহিদা বিষয়ে বোধগম্যতা ও চাহিদাসমূহের সমাদর;

গ) সমাজ-জীবনে বিশ্ব ঐতিহ্যের কার্যকারিতা উন্নয়ন; এবং

ঘ) ঐতিহ্য সুরক্ষা ও উপস্থাপনার জন্য আদিবাসী জনগোষ্ঠীসহ স্থানীয় ও জাতীয় পর্যায়ে জনসাধারণের ন্যায়ভিত্তিক, অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর অংশগ্রহণ বৃদ্ধি।

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ৫(ক)

বিশ্ব ঐতিহ্য বিষয়ক বুদাপেস্ট ঘোষণা (২০০২)

**৬। খ দক্ষতা বৃদ্ধি ও গবেষণা**

**২১২.** কমিটি তার কৌশলগত উদ্দেশ্য (স্ট্র্যাটেজিক অবজেক্টিভস্) ও কমিটি কর্তৃক গৃহীত বিশ্ব ঐতিহ্য বিষয়ে দক্ষতা বৃদ্ধি কৌশল অনুযায়ী রাষ্ট্রপক্ষসমূহের মধ্যে দক্ষতা সৃষ্টির প্রয়াস গ্রহণ করবে।

<u>বিশ্ব ঐতিহ্য বিষয়ে দক্ষতা বৃদ্ধি কৌশল (ওয়ার্ল্ড হেরিটেজ ক্যাপাসিটি বিল্ডিং স্ট্র্যাটেজি)</u>

**২১৩.** বিশ্ব ঐতিহ্য সুরক্ষা, সংরক্ষণ ও উপস্থাপনের জন্য প্রয়োজনীয় উচ্চ পর্যায়ের দক্ষতা ও বহুসংশোধনীমূলক কৌশল অবলম্বন করে কমিটি বিশ্ব সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যের জন্য ওয়ার্ল্ড হেরিটেজ ক্যাপাসিটি বিল্ডিং স্ট্র্যাটেজি বা বিশ্ব ঐতিহ্য বিষয়ে দক্ষতা বৃদ্ধি কৌশল গ্রহণ করেছে। দক্ষতা সৃষ্টির সংজ্ঞায় তিনটি বৃহত্তর বিষয় চিহ্নিত করা হয়েছে যেখানে এইসব দক্ষতার উল্লেখসহ কোন কোন অভীষ্ট দলের জন্য এই দক্ষতাগুলি প্রয়োজন তা উল্লিখিত হয়েছে: প্র্যাক্টিশনার, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, কমিউনিটি ও বিভিন্ন নেটওয়ার্ক। ওয়ার্ল্ড হেরিটেজ ক্যাপাসিটি বিল্ডিং স্ট্র্যাটেজিতে পদক্ষেপ গ্রহণের কর্মকাঠামো উল্লেখ করা হয়েছে এবং ব্যক্তিপর্যায়ে দক্ষতা সৃষ্টিমূলক কার্যক্রম ছাড়াও আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে দক্ষতা সৃষ্টি কৌশল প্রণয়নের জন্য আন্তর্জাতিক, আঞ্চলিক বা জাতীয় পর্যায়ের অ্যাক্টরদের অবহিতকরণ করা হয়েছে। ক্যাপাসিটি বিল্ডিং স্ট্র্যাটেজি বা দক্ষতা সৃষ্টি কৌশলের প্রাথমিক লক্ষ্য হলো আরও ভালোভাবে *সনদ* বাস্তবায়নের জন্য সকল পক্ষের কর্মপ্রয়াসের মাধ্যমে প্রয়োজনীয় দক্ষতা উন্নয়ন নিশ্চিত করা। দ্বৈততা এড়ানো এবং কৌশলটি কার্যকরভাবে বাস্তবায়নের জন্য কমিটি অন্যান্য উদ্যোগ, যেমন– একটি প্রতিনিধিত্বমূলক, সুষম ও বিশ্বাসযোগ্য বিশ্ব ঐতিহ্য তালিকা ও সাময়িক প্রতিবেদনের জন্য গৃহীত গ্লোবাল কৌশল ইত্যাদির সঙ্গে সংযোগ নিশ্চিত করবে। কমিটি প্রতি বছর প্রাসঙ্গিক দক্ষতা সৃষ্টি ইস্যু পর্যালোচনা ও দক্ষতা সৃষ্টির চাহিদা নিরূপণ করবে, দক্ষতা উন্নয়নের উদ্যোগ বিষয়ক বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা করবে এবং ভবিষ্যৎ দক্ষতা উন্নয়ন উদ্যোগ গ্রহণের জন্য সুপারিশ প্রণয়ন করবে।

বিশ্ব ঐতিহ্য কমিটির ২৫তম অধিবেধনে কমিটি কর্তৃক গৃহীত বিশ্ব সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যের জন্য গ্লোবাল ট্রেনিং স্ট্র্যাটেজি (হেলসিংকি, ফিনল্যান্ড ২০০১) (WHC-01/CONF.208/24 ডকুমেন্টের পরিশিষ্ট ১০ দেখুন)
সিদ্ধান্ত 43 COM 11A

<u>জাতীয় দক্ষতা বৃদ্ধি কৌশল ও আঞ্চলিক সহযোগিতা</u>

সিদ্ধান্ত 43 COM 11A

**২১৪.** সকল পর্যায়ে জেন্ডার ভারসাম্যভিত্তিক পেশাদার কর্মজীবী ও বিশেষজ্ঞদের প্রতিনিধিত্ব নিশ্চিতকরণ এবং তাদেরকে যথাযথ প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করার জন্য রাষ্ট্রপক্ষকে উৎসাহিত করা হচ্ছে। এই উদ্দেশ্যকে সামনে রেখে রাষ্টপক্ষগুলিকে তাদের জাতীয় দক্ষতা সৃষ্টি কৌশল উন্নয়ন এবং এই কৌশলের অংশ হিসাবে এতে প্রশিক্ষণের জন্য আঞ্চলিক সহযোগিতা অন্তর্ভুক্ত করতে উত্সাহিত করা হচ্ছে। এ ধরনের আঞ্চলিক ও জাতীয় কৌশল প্রণয়নে ওয়ার্ল্ড হেরিটেজ ক্যাপাসিটি বিল্ডিং স্ট্র্যাটেজি বিবেচনায় নিয়ে উপদেষ্টা সংস্থা এবং বিশ্ব ঐতিহ্য সম্পর্কিত ইউনেস্কো ক্যাটেগরি ২ কেন্দ্রগুলোর সহায়তা নেয়া যেতে পারে।

**২১৪পুনশ্চ.** শিক্ষা ও দক্ষতা সৃষ্টিমূলক কর্মসূচি উন্নয়নের জন্য রাষ্ট্রপক্ষগুলোকে উৎসাহিত করা হচ্ছে, যা *কনভেনশনে* উল্লিখিত ঐতিহ্য ও সমাজের জন্য পারস্পরিক সুবিধা কাজে লাগানোর ক্ষেত্রে সহায়ক। এই কর্মসূচিগুলি নতুন উদ্ভাবন ও স্থানীয় শিল্পোদ্যোগের ভিত্তিতে বিশেষ করে মাঝারি, ছোট ও ক্ষুদ্র পরিসরে শুরু করা যেতে পারে; এর উদ্দেশ্য হচ্ছে স্থানীয় জনসাধারণের টেকসই ও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক উন্নয়ন, নানা ধরনের স্থানীয় উপকরণ ও সম্পদের ব্যবহার বৃদ্ধি এবং স্থানীয় পর্যায়ে সাংস্কৃতিক ও সৃজনশীল শিল্প ও বিশ্ব ঐতিহ্য সম্পদের সাথে যুক্ত বিমূর্ত ঐতিহ্য সুরক্ষা উৎসাহিত করার জন্য টেকসই উন্নয়ন প্রকল্পসমূহে সরকারি ও বেসরকারি বিনিয়োগের সুযোগ অন্বেষণ ও উন্নয়ন সাধন করা।

সিদ্ধান্ত 43 COM 11A

গবেষণা

**২১৫.** *সনদের* কার্যকর বাস্তবায়নের জন্য কমিটি প্রয়োজনীয় গবেষণা ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা উন্নয়ন ও সমন্বয়ন করে থাকে। বিশ্ব ঐতিহ্য সম্পদসমূহ সনাক্তকরণ, ব্যবস্থাপনা ও পরিবীক্ষণের মূল হচ্ছে জ্ঞান ও বোধগম্যতা, এজন্য রাষ্ট্রপক্ষগুলিকেও গবেষণা পরিচালনার জন্য প্রয়োজনীয় সম্পদ নিশ্চিতকরণে উৎসাহিত করা হচ্ছে। প্রয়োজনীয় সম্মতিসাপেক্ষে স্থানীয় জনসাধারণ ও বিভিন্ন আদিবাসী জনগোষ্ঠীর মধ্যে প্রচলিত দেশজ জ্ঞানসহ বৈজ্ঞানিক সমীক্ষা ও গবেষণা পদ্ধতি পরিচালনায় সমর্থন প্রদানের জন্য রাষ্ট্রপক্ষসমূহকে উৎসাহিত করা হচ্ছে। এ ধরনের সমীক্ষা ও গবেষণার লক্ষ্য হলো বিশ্ব ঐতিহ্য সম্পদ এবং এর সুরক্ষা বলয় ও বৃহত্তর পরিবেশের সংরক্ষণ ও ব্যবস্থাপনা টেকসই উন্নয়নে যে অবদান রাখে তা প্রদর্শন করা – যেমন, কমিউনিটিগুলোর মধ্যে বিরাজমান দ্বন্দ্ব নিরসনে প্রাসঙ্গিক ক্ষেত্রে ঐতিহ্যগত বা প্রচলিত উপায় কাজে লাগানোসহ বিভিন্ন ধরনের দ্বন্দ্ব-কলহের প্রতিকার ও সমাধানে বিশ্ব ঐতিহ্য সম্পদ ব্যবস্থাপনা বিশেষ অবদান রাখতে পারে। সিদ্ধান্ত 43 COM 11A

আন্তর্জাতিক সহায়তা

**২১৬.** রাষ্ট্রপক্ষগুলো বিশ্ব ঐতিহ্য তহবিল থেকে প্রশিক্ষণ ও গবেষণা সহায়তা চাইতে পারে (অধ্যায় সাত দেখুন)।

## ৬।গ সচেতনতা বৃদ্ধি ও শিক্ষা

সচেতনতা বৃদ্ধি

**২১৭.** বিশ্ব ঐতিহ্য সংরক্ষণের প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য রাষ্ট্রপক্ষগুলিকে উৎসাহিত করা হচ্ছে। বিশেষ করে, রাষ্ট্রপক্ষগুলোর নিশ্চিত করতে হবে যে, তাদের নিজ দেশের বিশ্ব ঐতিহ্যের স্থানটিতে ঐতিহ্যের মর্যাদা যেন যথাযথভাবে চিহ্নিত ও প্রচারিত হয়।

**২১৮.** সচিবালয় *সনদের* ব্যাপারে জনসচেতনতা বৃদ্ধি এবং বিশ্ব ঐতিহ্যের প্রতি আসন্ন বিপদের ঝুঁকি সম্পর্কে জনসাধারণকে অবহিত করার জন্য উন্নয়নমূলক কর্মকাণ্ডে রাষ্ট্রপক্ষকে সহায়তা প্রদান করে। সচিবালয় রাষ্ট্রপক্ষগুলোকে আন্তর্জাতিক সহায়তার মাধ্যমে অর্থায়নের লক্ষ্যে বিভিন্ন প্রচারণা ও শিক্ষামূলক প্রকল্পের প্রস্তুতি ও বাস্তবায়ন বিষয়ে রাষ্টপক্ষগুলিকে পরামর্শ দিয়ে থাকে। এসব প্রকল্প সম্পর্কে পরামর্শ প্রদানের জন্য উপদেষ্টা সংস্থা ও যথাযথ রাষ্ট্রীয় সংস্থাগুলিকেও অনুরোধ করা যেতে পারে।

শিক্ষা

**২১৯.** বিশ্ব ঐতিহ্য কমিটি বিভিন্ন শিক্ষা উপকরণ, কার্যক্রম ও কর্মসূচি উন্নয়নে উৎসাহিত ও সমর্থন প্রদান করে থাকে।

আন্তর্জাতিক সহায়তা

**২২০.** স্কুল, বিশ্ববিদ্যালয়, জাদুঘর এবং অন্যান্য স্থানীয় ও জাতীয় শিক্ষা কর্তৃপক্ষের অংশগ্রহণে যেখানেই সম্ভব প্রত্যেক জনগোষ্ঠীর উপযোগী করে প্রস্তুতকৃত বিভিন্ন শিখন পরিবেশের মাধ্যমে বিশ্ব ঐতিহ্যের সাথে সম্পর্কযুক্ত মানসম্পন্ন শিক্ষামূলক কার্যক্রম গড়ে তোলার জন্য রাষ্ট্রপক্ষগুলিকে উৎসাহিত করা হচ্ছে। *বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ২৭(১) সিদ্ধান্ত 43 COM 11A

**২২১.** ইউনেস্কো এডুকেশন সেক্টর এবং অন্যান্য অংশীদারদের সহযোগিতায় সচিবালয় বিশ্বব্যাপী মাধ্যমিক বিদ্যালয়গুলিতে ব্যবহারের জন্য “ওয়ার্ল্ড হেরিটেজ ইন ইয়াং হ্যান্ডস” শিরোনামে একটি ওয়ার্ল্ড হেরিটেজ এডুকেশনাল রিসোর্স কিট তৈরি ও প্রকাশ করে থাকে। অন্যান্য শিক্ষাস্তরে ব্যবহারের জন্যও এই কিটটি উপযোগী করে নেওয়া যায়। "World Heritage in Young Hands" এখানে পাওয়া যাবে: https://whc.unesco.org/en/wheducation/

**২২২.** সচেতনতা বৃদ্ধি এবং বিভিন্ন শিক্ষাকার্যক্রম বা শিক্ষা কর্মসূচি উন্নয়ন ও বাস্তবায়নের উদ্দেশ্যে বিশ্ব ঐতিহ্য তহবিল থেকে রাষ্ট্রপক্ষগুলো আন্তর্জাতিক সহায়তার অনুরোধ করতে পারে (অধ্যায় সাত দেখুন)।

## সাত বিশ্ব ঐতিহ্য তহবিল ও আন্তর্জাতিক সহায়তা

### ৭। ক বিশ্ব ঐতিহ্য তহবিল

**২২৩.** বিশ্ব ঐতিহ্য তহবিল ফিনানসিয়াল রেগুলেশন্স অব ইউনেস্কো-এর বিধিবিধান অনুযায়ী *সনদ* দ্বারা প্রতিষ্ঠিত একটি ট্রাস্ট ফান্ড। এই তহবিলের সম্পদ সনদের রাষ্ট্রপক্ষগুলির বাধ্যতামূলক ও স্বেচ্ছায় প্রদত্ত চাঁদা নিয়ে গঠিত, এবং এর মধ্যে রয়েছে আরও কিছু সম্পদ যা তহবিলের প্রবিধান দ্বারা অনুমোদিত।

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১৫

**২২৪.** তহবিলের জন্য আর্থিক প্রবিধানগুলি নিম্নলিখিত ওয়েব ঠিকানায় ডকুমেন্ট WHC/7- এখানে পাওয়া যাবে: https://whc.unesco.org/en/financialregulations

## সাত বিশ্ব ঐতিহ্য সনদের সমর্থনে অন্যান্য কারিগরি ও আর্থিক সম্পদ আহরণ এবং অংশীদারিত্ব

**২২৫.** যতটা সম্ভব, অন্যান্য উৎস থেকে আন্তর্জাতিক সাহায্যের জন্য অতিরিক্ত তহবিল সংগ্রহ করতে বিশ্ব ঐতিহ্য তহবিল ব্যবহার করতে হবে।

**২২৬.** কমিটি সিদ্ধান্ত নিয়েছে যে, বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত যে কোনো সম্পদের জন্য আন্তর্জাতিক সহায়তার প্রচারাভিযান ও ইউনেস্কোর অন্যান্য প্রকল্পের জন্য বিশ্ব ঐতিহ্য তহবিলে প্রদত্ত চাঁদা গ্রহণ করা হবে এবং *সনদের* অধ্যায় পাঁচ ও প্রচারাভিযান বা প্রকল্প পরিচালনার জন্য প্রতিষ্ঠিত পদ্ধতি অনুযায়ী তা আন্তর্জাতিক সহায়তা হিসাবে ব্যবহার করা হবে।

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১৫(৩)

**২২৭.** বিশ্ব ঐতিহ্য তহবিলে রাষ্ট্রপক্ষের প্রদত্ত বাধ্যতামূলক চাঁদা ছাড়াও *সনদ* সমর্থন করার জন্য রাষ্ট্রপক্ষকে আমন্ত্রণ জানানো হয়। বিশ্ব ঐতিহ্য তহবিলে অতিরিক্ত চাঁদা প্রদান বা সম্পদের জন্য সরাসরি আর্থিক ও কারিগরি উদ্যোগের মাধ্যমে এ ধরনের স্বেচ্ছা-সহায়তা প্রদান করা যেতে পারে।

**২২৮.** বিশ্ব ঐতিহ্য সুরক্ষার লক্ষ্যে ইউনেস্কো কর্তৃক সূচিত আন্তর্জাতিক তহবিল গঠনের প্রচারাভিযানে অংশগ্রহণের জন্য রাষ্ট্রপক্ষগুলোকে উৎসাহিত করা হচ্ছে।

**২২৯.** রাষ্ট্রপক্ষ ও অন্যান্য যারা এইসব প্রচারাভিযান বা বিশ্ব ঐতিহ্য সম্পদের জন্য ইউনেস্কোর অন্যান্য প্রকল্পে অবদান রাখতে চান তাদেরকে বিশ্ব ঐতিহ্য তহবিলের মাধ্যমে অবদান রাখতে উৎসাহিত করা হচ্ছে।

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১৭

**২৩০.** বিশ্ব ঐতিহ্য সংরক্ষণের প্রচেষ্টাগুলোকে সমর্থন করার জন্য তহবিল সংগ্রহের লক্ষ্যে জাতীয়, গণ ও ব্যক্তি পর্যায়ে ফাউন্ডেশন বা সমিতি প্রতিষ্ঠা উন্নয়নের জন্য রাষ্ট্রপক্ষকে উৎসাহিত করা হচ্ছে।

"ব্যক্তি শ্রেণির অংশীদারদের সম্পৃক্তিকরণের জন্য পৃথক কলাকৌশল"-সহ "সমন্বিত অংশীদারিত্ব কৌশলপত্র" 192 EX/5.INF
সিদ্ধান্ত 43 COM 11A

সিদ্ধান্ত 39 COM 11

**২৩১.** বিশ্ব ঐতিহ্য সংরক্ষণের জন্য আর্থিক ও কারিগরি সম্পদ আহরণের জন্য সচিবালয় সহায়তা প্রদান করে থাকে, এবং বিশ্ব ঐতিহ্য কমিটি ও ইউনেস্কোর রেগুলেশনস্ বা প্রবিধানবলে গৃহীত সিদ্ধান্ত ও কৌশল অনুযায়ী সক্রিয়ভাবে এবং বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব উন্নয়নের মাধ্যমে সম্পদ আহরণে সম্পৃক্ত থাকবে।

**২৩২.** বিশ্ব ঐতিহ্য তহবিলের অনুকূলে বাহির থেকে তহবিল সংগ্রহ বৃদ্ধির জন্য সচিবালয় ইউনেস্কোর "Comprehensive Partnership Strategy" নথি উল্লেখ করবে। এই নথিটি এখানে পাওয়া যাবে:
https://en.unesco.org/partnerships

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১৩(১)(২) এবং ১৯-২৬ দেখুন

## ৭। গ আন্তর্জাতিক সহায়তা

**২৩৩.** বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত কিংবা তালিকায় অন্তর্ভুক্তির জন্য সম্ভাব্য উপযুক্ত বিশ্ব সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সুরক্ষায় *সনদ* রাষ্ট্রপক্ষগুলোকে তাদের নিজ নিজ ভূখণ্ডে অবিস্থত ঐতিহ্যের জন্য আন্তর্জাতিক সহায়তা প্রদান করে থাকে। জাতীয় পর্যায়ে পর্যাপ্ত সম্পদ নিশ্চিত করা সম্ভব না হলে আন্তর্জাতিক সহায়তাকে বিশ্ব ঐতিহ্য ও সম্ভাব্য তালিকার সম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনায় গৃহীত জাতীয় প্রচেষ্টাসমূহের সম্পূরক উদ্যোগ হিসেবে দেখতে হবে।

**২৩৪.** আন্তর্জাতিক সহায়তা হলো *বিশ্ব ঐতিহ্য সনদের* অধীনে প্রতিষ্ঠিত বিশ্ব ঐতিহ্য তহবিল থেকে প্রাথমিকভাবে প্রদত্ত আর্থিক সহায়তা। কমিটি দ্বিবার্ষিক ভিত্তিতে আন্তর্জাতিক সহায়তার জন্য বাজেট নির্ধারণ করে থাকে। *বিশ্ব ঐতিহ্য সনদ* অধ্যায় চার

সিদ্ধান্ত 30 COM 14A
সিদ্ধান্ত 36 COM 13.I

**২৩৫.** বিশ্ব ঐতিহ্য কমিটি রাষ্ট্রপক্ষের অনুরোধের পরিপ্রেক্ষিতে বিভিন্ন ধরনের আন্তর্জাতিক সহায়তা সমন্বয় ও বরাদ্দ করে। নানা ধরনের আন্তর্জাতিক সহায়তা অগ্রাধিকারের ভিত্তিতে নিম্নে নির্ধারিত সংক্ষিপ্ত তালিকায় বর্ণিত হলো:

ক) জরুরি সহায়তা;

খ) সংরক্ষণ ও ব্যবস্থাপনা সহায়তা (প্রশিক্ষণ ও গবেষণা, কারিগরি সহযোগিতা এবং প্রচার ও শিক্ষার জন্য সহায়তাসহ);

গ) প্রস্তুতিমূলক সহায়তা।

### ৭। ঘ আন্তর্জাতিক সহায়তার নীতিমালা ও অগ্রাধিকার

*বিশ্ব ঐতিহ্য সনদের* ধারা ১৩(১)

**২৩৬.** বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদের জন্য আন্তর্জাতিক সহায়তা প্রদানে অগ্রাধিকার দেওয়া হয়। বিশ্ব ঐতিহ্য তহবিলের একটি উল্লেখযোগ্য অংশ যাতে বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদের জন্য বরাদ্দ করা হয় তা নিশ্চিত করার জন্য কমিটি একটি নির্দিষ্ট বাজেট লাইন সৃষ্টি করেছে।

সিদ্ধান্ত 13 COM XII.34

**২৩৭.** বিশ্ব ঐতিহ্য তহবিলে যেসব রাষ্ট্রপক্ষের বাধ্যতামূলক কিংবা স্বেচ্ছামূলক চাঁদা বকেয়া রয়েছে ঐ রাষ্ট্রপক্ষগুলি আন্তর্জাতিক সহায়তা পাওয়ার যোগ্য নয়। এর অর্থ এই যে, এই বিধান জরুরি সহায়তা সংক্রান্ত অনুরোধ বা আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

**২৩৮.** কৌশলগত উদ্দেশ্যাবলি সমর্থনের জন্য কমিটি তার সিদ্ধান্ত এবং সাময়িক প্রতিবেদনের (অনুচ্ছেদ ২১০ দেখুন) ফলোআপ হিসাবে কমিটি কর্তৃক গৃহীত আঞ্চলিক কর্মসূচির মধ্যে নির্ধারিত অগ্রাধিকার অনুযায়ী আন্তর্জাতিক সহায়তা বরাদ্দ করে। সিদ্ধান্ত 26 COM 17.2, সিদ্ধান্ত 26 COM 20 সিদ্ধান্ত 26 COM 25.3 সিদ্ধান্ত 36 COM 13.I

**২৩৯.** উপরোল্লিখিত অনুচ্ছেদ ২৩৬-২৩৮-এ বর্ণিত অগ্রাধিকার ছাড়াও আন্তর্জাতিক সহায়তার বরাদ্দ প্রদানে কমিটির সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়াদি বিবেচনা করা হয়: সিদ্ধান্ত 43 COM 11A

ক) প্রদত্ত সহায়তা অনুঘটক ও গুণক ('বীজ অর্থ')-এর মতো প্রভাব সৃষ্টি করবে এবং অন্যান্য উৎস থেকে আর্থিক ও কারিগরি সাহায্য পেতে ভূমিকা রাখবে এই সম্ভাবনা;

খ) যদি তহবিল সীমিত হয় এবং সহায়তার ক্ষেত্র নির্বাচন করতে হয়, তাহলে নিম্নলিখিত অগ্রাধিকারক্ষেত্রগুলো বিবেচনা করা হবে: সিদ্ধান্ত 31 COM 18B

- জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক কাউন্সিল কমিটির উন্নয়ন নীতিমালার বর্ণনা অনুযায়ী স্বল্পোন্নত দেশ বা নিম্ন আয়ের অর্থনীতি, অথবা
- বিশ্ব ব্যাংক কর্তৃক নির্ধারিত কোনো নিম্ন মধ্যম আয়ের দেশ, বা
- কোনো উন্নয়নশীল ছোট দ্বীপরাষ্ট্র (Small Island Developing State (SIDS)), বা
- সংঘাত-পরবর্তী অবস্থা মোকাবেলা করছে এমন কোনো রাষ্ট্রপক্ষ;

গ) বিশ্ব ঐতিহ্য সম্পদের স্থানটিতে সুরক্ষামূলক ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা;

ঘ) আইনগত, প্রশাসনিক এবং, যেখানে সম্ভব, কার্যক্রমটির জন্য গ্রহীতা রাষ্ট্রপক্ষের আর্থিক প্রতিশ্রুতি;

(ঙ) কমিটি কর্তৃক গৃহীত বাস্তবায়ন নীতিমালা বিষয়ক সকল কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নে গৃহীত কার্যক্রমের প্রভাব, যেমন– Policy Document for the Integration of a Sustainable Development Perspective into the Processes of the World Heritage Convention বা Policy Document on the Impact of Climate Change on World Heritage properties। *বাস্তবায়ন নির্দেশিকা* অনুচ্ছেদ ২৬

সিদ্ধান্ত 20 COM XII

চ) সক্রিয় পরিবীক্ষণ প্রক্রিয়ার মাধ্যমে এবং/অথবা আঞ্চলিক সাময়িক প্রতিবেদন বিশ্লেষণ করে যেসব চাহিদা সনাক্ত করা হয়েছে, কার্যক্রমটি ঐসব চাহিদা কতটা পূরণ করতে পারছে তার মাত্রা;

ছ) বৈজ্ঞানিক গবেষণা ও ব্যয় সাশ্রয়ী সংরক্ষণ কৌশল উন্নয়নের ক্ষেত্রে কার্যক্রমটি যে দৃষ্টান্ত স্থাপন করতে পেরেছে তার মূল্য;

জ) কার্যক্রম ও প্রত্যাশিত ফলাফলের জন্য ব্যয়; এবং

ঝ) বিশেষজ্ঞ ও সাধারণ জনগণকে প্রদত্ত উভয়বিধ প্রশিক্ষণের শিক্ষামূলক মান।

ঞ) গৃহীত কার্যক্রমের অন্তর্ভুক্তিমূলক প্রকৃতি, বিশেষ করে কোনো কার্যক্রমে জেন্ডার সমতা এবং স্থানীয় জনসাধারণ ও আদিবাসী জনগোষ্ঠীর সম্পৃক্ততা।

সর্বমোট আন্তর্জাতিক সহায়তার ৬৫% বাজেট সাংস্কৃতিক সম্পদের জন্য এবং ৩৫% বাজেট প্রাকৃতিক সম্পদের জন্য বরাদ্দ দেওয়া হয়

সিদ্ধান্ত 31 COM 18B
সিদ্ধান্ত 36 COM 13.I
সিদ্ধান্ত 37 COM 12.II

**২৪০.** সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যের মধ্যে, কিংবা সংরক্ষণ ও ব্যবস্থাপনা এবং প্রস্তুতিমূলক সহায়তার মধ্যে সম্পদ বণ্টনের ক্ষেত্রে ভারসাম্য বজায় রাখা হবে। কমিটি কর্তৃক নিয়মিতভাবে এবং প্রতি দুই বছর মেয়াদের দ্বিতীয় বছরে চেয়ারপার্সন বা বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক এই ভারসাম্য পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

## ৭।ঙ সারাংশ ছক

সিদ্ধান্ত 36 COM 13.I
সিদ্ধান্ত 30 COM 13.13
সিদ্ধান্ত 43 COM 11A

**২৪১.**

| আন্তর্জাতিক সহায়তার ধরন | উদ্দেশ্য | প্রতিটি অনুরোধের জন্য বাজেট সীমা | অনুরোধ বা আবেদন দাখিলের শেষ তারিখ | অনুমোদন প্রদানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| **জরুরি সহায়তা** | বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকা ও বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত যেসব সম্পদ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে কিংবা আকস্মিক ও অপ্রত্যাশিত ঘটনার কারণে কোনো মারাত্মক ক্ষতির ঝুঁকির মধ্যে রয়েছে ঐ সকল সম্পদের জন্য চিহ্নিত বা আসন্ন যে কোনো ঝুঁকি মোকাবেলায় এই সহায়তার জন্য অনুরোধ করা যেতে পারে। এ ধরনের ঘটনার মধ্যে থাকতে পারে ভূমি অধোগমন, ব্যাপক অগ্নিকাণ্ড, বিস্ফোরণ, বন্যা বা যুদ্ধবিগ্রহসহ মানব-সৃষ্ট নানা দুর্যোগ। ক্ষয়সাধন, দূষণ বা ভাঙনের ক্রমাগত প্রক্রিয়ার ফলে সম্পদের কোনো ক্ষতি বা অবক্ষয় হলে সেক্ষেত্রে এই সহায়তা প্রযোজ্য হবে না। কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদ সংরক্ষণের সাথে শক্তভাবে জড়িত কোনো জরুরি অবস্থা মোকাবেলায় এই সহায়তা প্রদান করা হয় (সিদ্ধান্ত 28 COM 10B 2.c দেখুন)। প্রয়োজনে কোনো রাষ্ট্রপক্ষের একাধিক বিশ্ব ঐতিহ্য সম্পদ সংরক্ষণে এই সহায়তা প্রদান করা যেতে পারে (সিদ্ধান্ত 6 EXT| COM 15.2 দেখুন)। উল্লিখিত বাজেট সীমাগুলি কেবল একটি বিশ্ব ঐতিহ্য সম্পদের জন্য।<br><br>যে উদ্দেশ্যে সহায়তার জন্য অনুরোধ করা যেতে পারে:<br><br>(i) সম্পদ সুরক্ষার জন্য জরুরি পদক্ষেপ গ্রহণ;<br><br>(ii) সম্পদের জন্য কোনো জরুরি পরিকল্পনা গ্রহণ। | ৫.০০০ ইউএস ডলার পর্যন্ত<br><br>৫.০০১ থেকে ৭৫.০০০ পর্যন্ত ইউএস ডলারের মধ্যে | যে কোনো সময়<br><br>যে কোনো সময় | বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের পরিচালক<br><br>কমিটির চেয়ারপার্সন |

| আন্তর্জাতিক সহায়তার ধরন | উদ্দেশ্য | প্রতিটি অনুরোধের জন্য বাজেট সীমা | অনুরোধ বা আবেদন দাখিলের শেষ তারিখ | অনুমোদন প্রদানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| **প্রস্তুতিমূলক সহায়তা** | যে উদ্দেশ্যে এই সহায়তার জন্য অনুরোধ করা যেতে পারে (অগ্রাধিকার ক্রম অনুসারে):<br>(i) বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তি-উপযোগী সম্পদগুলোর জাতীয় সম্ভাব্য তালিকা তৈরি বা হালনাগাদ করা; অনুমোদিত বিষয়বস্তুগত পরামর্শপত্রে উল্লিখিত স্বীকৃত স্থানগুলির মনোনয়নের ক্ষেত্রে রাষ্ট্রপক্ষের প্রতিশ্রুতি প্রয়োজন হবে, যেমন– তালিকায় উপযুক্ত সম্পদের অনুপস্থিতি অনুযায়ী উপদেষ্টা সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত বিষয়বস্তুগত সমীক্ষা;<br>(ii) একই ভূ-সাংস্কৃতিক এলাকার মধ্যে জাতীয় সম্ভাব্য তালিকার সমন্বয়নের জন্য সভা আয়োজন;<br>(iii) বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য সম্পদের মনোনয়ন তৈরি (উপদেষ্টা সংস্থা কর্তৃক পরিচালিত গ্যাপ স্টাডিজের প্রেক্ষাপটে প্রয়োজনীয় বিশ্লেষণ এবং বিশ্ব ঐতিহ্য তালিকার প্রস্তুতিমূলক অন্যান্য কার্য, যেমন– প্রাথমিক তথ্য সংগ্রহ, অখণ্ডতা ও প্রামানিকতাসহ অনন্য বৈশ্বিক মান প্রদর্শনের সম্ভাব্যতার স্কোপিং স্টাডি, উদ্দীষ্ট সম্পদের সাথে অনুরূপ অন্যান্য সম্পদের তুলনামূলক সমীক্ষা ইত্যাদি (পরিশিষ্ট ৫-এর ৩.২ দেখুন))। বিদ্যমান সম্পদ সংখ্যা ও তালিকাভূক্ত সম্পদের পার্থক্য অনুযায়ী অনুমোদিত পরামর্শপত্রে স্বীকৃত স্থানগুলির জন্য চাহিত সহায়তার অনুরোধ অগ্রাধিকার পাবে, যেখানে প্রাথমিক তদন্তে দেখা গেছে যে, বিশেষ করে যেসব রাষ্ট্রপক্ষের বিশ্ব ঐতিহ্যগুলি তালিকায় স্থান পায়নি বা কম গুরুত্বসহ স্থান পেয়েছে ঐ সল রাষ্ট্রপক্ষের ক্ষেত্রে পুনঃঅনুসন্ধান যুক্তিযুক্ত হতে পারে;<br>(iv) বিশ্ব ঐতিহ্য কমিটির বিবেচনার জন্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা সহায়তার আবেদন প্রস্তুত করা। | ৫.০০০ ইউএস ডলার পর্যন্ত<br><br>৫.০০১ থেকে ৩০.০০০ পর্যন্ত ইউএস ডলার পর্যন্ত | যে কোনো সময়<br><br>৩১ অক্টোবর | বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের পরিচালক<br><br>কমিটির চেয়ারপার্সন |
| **সংরক্ষণ ও ব্যবস্থাপনা সহায়তা**<br><br>(প্রশিক্ষণ ও গবেষণা সহায়তা, কারিগরি সহযোগিতার জন্য সহায়তা, এবং প্রচারাভিযান ও শিক্ষা সহায়তা) | যে যে উদ্দেশ্যে এই সহায়তার জন্য অনুরোধ করা যেতে পারে:<br>(i) দলীয় প্রশিক্ষণের ওপর গুরুত্ব প্রদানসহ বিশ্ব ঐতিহ্য সনাক্তকরণ, পরিবীক্ষণ, সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উপস্থাপনার জন্য মাঠ পর্যায়ের সকল স্তরে কর্মী ও বিশেষজ্ঞদের প্রশিক্ষণের ব্যবস্থা;<br>(ii) বিশ্ব ঐতিহ্য সম্পদের জন্য উপকারী বৈজ্ঞানিক গবেষণা অথবা বিশ্ব ঐতিহ্য সম্পদগুলোর সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উপস্থাপনার ক্ষেত্রে বিদ্যমান বৈজ্ঞানিক ও কারিগরি সমস্যা বিষয়ক সমীক্ষা;<br>(iii) বিশ্ব ঐতিহ্য সম্পদের জন্য সুবিধাজনক বা এর উপকারে আসে এধরনের জাতীয় নীতিমালা বা আইনী কর্মকাঠামো প্রতিষ্ঠা/ সংশোধন;<br>নোট: ইউনেস্কো থেকে ব্যক্তি পর্যায়ের প্রশিক্ষণ কোর্সের জন্য সহায়তার অনুরোধের ক্ষেত্রে "ফেলোশিপ-এর জন্য আবেদন" স্ট্যান্ডার্ড ফরম অনুযায়ী দাখিল করতে হবে। ফরমটি সচিবালয়ে পাওয়া যাবে।<br>(iv) বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকা ও বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভূক্ত সম্পদগুলোর সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উপস্থাপনার জন্য বিশেষজ্ঞ, প্রকৌশলী দক্ষ শ্রমিকের বিধান;<br>(v) বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকা ও বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভূক্ত সম্পদগুলোর সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উপস্থাপনার জন্য রাষ্ট্রপক্ষের প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ;<br>(vi) বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকা ও বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভূক্ত সম্পদগুলোর সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উপস্থাপনার লক্ষ্যে কার্যক্রম পরিচালনার জন্য স্বল্প-সুদ বা সুদমুক্ত ঋণের ব্যবস্থা; | কেবল (i) থেকে (vi) পর্যন্ত আইটেমের আবেদনের ক্ষেত্রে:<br><br>৫.০০০ ইউএস ডলার পর্যন্ত<br><br>৫.০০১ থেকে ৩০.০০০ পর্যন্ত ইউএস ডলারের মধ্যে<br><br>৩০.০০০ ইউএস ডলারের অধিক | কেবল (i) থেকে (vi) পর্যন্ত আইটেমের আবেদনের ক্ষেত্রে:<br><br>যে কোনো সময়<br><br>৩১ অক্টোবর<br><br>৩১ অক্টোবর | কেবল (i) থেকে (vi) পর্যন্ত আইটেমের আবেদনের ক্ষেত্রে:<br><br>বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের পরিচালক<br><br>কমিটির চেয়ারপার্সন<br><br>কমিটি |

| আন্তর্জাতিক সহায়তার ধরন | উদ্দেশ্য | প্রতিটি অনুরোধের জন্য বাজেট সীমা | অনুরোধ বা আবেদন দাখিলের শেষ তারিখ | অনুমোদন প্রদানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | দীর্ঘমেয়াদের ভিত্তিতে পরিশোধযোগ্য তালিকা।<br><br>(vii) আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে কর্মসূচি, কার্যক্রম ও ঐসকল সভা আয়োজন যা:<br>- সনদের প্রতি কোনো নির্দিষ্ট অঞ্চলের দেশসমূহের আগ্রহ সৃষ্টিতে সাহায্য করতে পারে;<br>- সনদ প্রয়োগের ক্ষেত্রে অধিকতর সক্রিয় সম্পৃক্ততা বিকাশের জন্য কনভেশন বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন ইস্যু সম্পর্কে বৃহত্তর সচেতনতা সৃষ্টি করতে পারে;<br>- অভিজ্ঞতা বিনিময়ের উপায় হতে পারে;<br>- শিক্ষা, তথ্য ও প্রচারণামূলক কর্মসূচি ও কার্যক্রম, বিশেষ করে যখন বিশ্ব ঐতিহ্য সংরক্ষণ কার্যক্রমে গৃহীত কর্মসূচি ও কার্যক্রমে যখন তারা যুবসম্প্রদায়কে সম্পৃক্ত করবে।<br>(viii) জাতীয় পর্যায়ে নিম্নলিখিত উদ্দেশ্যসাধনের জন্য:<br>- সনদের ধারা ১৭ অনুযায়ী, বিশেষ করে *সনদ* সম্পর্কে আরও ভালোভাবে জানানোর জন্য কিংবা জাতীয় বিশ্ব ঐতিহ্য সংগঠন বা সংস্থা প্রতিষ্ঠার জন্য যুবসম্প্রদায়ের মধ্যে আয়োজিত সভা;<br>- কোনো বিশেষ সম্পদের উন্নয়নের জন্য নয়, বরং বিশেষ করে যুবসম্প্রদায়ের জন্য *সনদ* ও বিশ্ব ঐতিহ্য তালিকার সাধারণ উত্তরণের লক্ষ্যে শিক্ষা ও তথ্য উপকরণ প্রস্তুতি বা এ সংক্রান্ত আলোচনা (যেমন, ব্রুশিয়র, প্রকাশনা, চলচ্চিত্র প্রদর্শনী, চলচ্চিত্র, বিভিন্ন প্রচার মাধ্যম সরঞ্জাম ইত্যাদি)। | কেবল (vii) ও (viii) নম্বর আইটেমের আবেদনের ক্ষেত্রে:<br><br>৫,০০০ ইউএস ডলার পর্যন্ত<br><br>৫,০০১ থেকে ১০,০০০ ইউএস ডলারের মধ্যে | কেবল (vii) ও (viii) নম্বর আইটেমের আবেদনের ক্ষেত্রে:<br><br>যে কোনো সময়<br><br>৩১ অক্টোবর | কেবল (vii) ও (viii) নম্বর আইটেমের আবেদনের ক্ষেত্রে:<br><br>বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের পরিচালক<br><br>কমিটির চেয়ারপার্সন |

## ৭। চ কার্যসাধন পদ্ধতি ও ফরম্যাট

**২৪২.** আন্তর্জাতিক সহায়তার জন্য অনুরোধ বা আবেদন জমাদানকারী রাষ্ট্রপক্ষসমূহকে ধারণায়ন, পরিকল্পনা ও প্রতিটি আবেদন বিশ্লেষণের সময় সচিবালয় ও উপদেষ্টা সংস্থার সাথে পরামর্শ করার জন্য উৎসাহিত করা হচ্ছে। রাষ্ট্রপক্ষের অনুরোধে তাদের কাজ সহজ করার জন্য সফল আন্তর্জাতিক সহায়তার আবেদনের দৃষ্টান্তগুলো তাদেরকে প্রদান করা যেতে পারে।

**২৪৩.** আন্তর্জাতিক সহায়তার আবেদন ফরম পরিশিষ্ট ৮-এ দেওয়া হয়েছে, এবং আবেদনের ধরন, টাকার পরিমাণ, আবেদনের শেষ তারিখ এবং অনুমোদনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের রূপরেখা অধ্যায় ৭। ঙ-এর সারাংশ ছকে বর্ণিত হয়েছে।

**২৪৪.** আবেদনটি ইংরেজি অথবা ফরাসি ভাষায় দাখিল করতে হবে, এবং ন্যাশনাল কমিশন ফর ইউনেস্কো (ইউনেস্কোর জাতীয় কমিশন), ইউনেস্কোয় রাষ্ট্রপক্ষের স্থায়ী প্রতিনিধি এবং/অথবা যথাযথ সরকারি অধিদফতর বা মন্ত্রণালয় কর্তৃক যথাযথভাবে স্বাক্ষরিত ও উপস্থাপিত হতে হবে। আবেদনটি নিচের ঠিকানায় পাঠাতে হবে:

**UNESCO World Heritage Centre**
7, place de Fontenoy
75352 Paris 07 SP
France
Tel: +33 (0) 1 4568 12 76
E-mail: wh-intassistance@unesco.org

২৪৫. আন্তর্জাতিক সহায়তার আবেদনের জন্য বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের অনলাইন ফরম্যাট পূরণ করে রাষ্ট্রপক্ষকে ইলেক্ট্রনিক মেইল (বা ইমেইল)-এর মাধ্যমে পাঠাতে হবে। অনলাইন ফরম্যাট বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের এই ওয়েবসাইটে পাওয়া যাবে: https://whc.unesco.org; এগুলোকে অবশ্যই অফিসিয়াল উপায়ে স্বাক্ষরিত কপিসহ পাঠাতে হবে। সিদ্ধান্ত 43 COM 11A

২৪৬. এটা গুরুত্বপূর্ণ যে, এই আবেদন ফরমে চাহিত সকল তথ্যই প্রদান করতে হবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে বা প্রয়োজন হলে, আবেদনের সম্পূরক অতিরিক্ত তথ্য, প্রতিবেদন ইত্যাদিও সংযুক্ত করা যেতে পারে।

**৭। ছ আন্তর্জাতিক সহায়তার আবেদন মূল্যায়ন**

২৪৭. আবেদন সম্পূর্ণ বিবেচিত হলে, অর্থের পরিমাণ যাই হোক না কেন – সকল আবেদন সচিবালয় কর্তৃক মূল্যায়ন করাতে হবে। এছাড়া ৩০,০০০ ইউএস ডলারের অধিক বাজেটের জন্য আবেদন করলে আবেদনটি নিম্নলিখিত উপায়ে মূল্যায়ন করা হবে: সিদ্ধান্ত 43 COM 11A

ক) সাংস্কৃতিক ঐতিহ্যের জন্য আবেদন মূল্যায়ন করবে ICOMOS (সব ধরনের সহায়তার আবেদন) এবং ICCROM (প্রিপারেটরি সহায়তা ব্যতীত অন্য সকল প্রকার সহায়তা);

খ) প্রাকৃতিক ঐতিহ্যের জন্য আবেদন মূল্যায়ন করবে IUCN।

গ) মিশ্র ঐতিহ্যের জন্য আবেদন মূল্যায়ন করবে ICOMOS এবং IUCN (সকল প্রকার সহায়তার আবেদন) এবং ICCROM (প্রিপারেটরি সহায়তা ব্যতীত অন্য সকল প্রকার সহায়তার আবেদন)।

জরুরি সহায়তার জন্য আবেদন হলে সচিবালয় ১০ কর্মদিবসের মধ্যে উক্ত আবেদনের প্রক্রিয়া শেষ করবে।

৩০,০০০ ইউএস ডলারের কম সহায়তার জন্য আবেদনের ক্ষেত্রে সচিবালয় যখনই প্রয়োজন উপদেষ্টা সংস্থার সাথে পরামর্শ করতে পারে।

বিশেষ করে যেসব আবেদনের জন্য এক বা একাধিক উপদেষ্টা সংস্থার সম্পৃক্ততা প্রয়োজন– এমন সকল আবেদনের ক্ষেত্রে ICOMOS, IUCN এবং ICCROM-এর সাথে পরামর্শ করতে হবে।

২৪৮. [বাদ দেওয়া হয়েছে] সিদ্ধান্ত 43 COM 11A

২৪৯. [বাদ দেওয়া হয়েছে] সিদ্ধান্ত 43 COM 11A

২৫০. [বাদ দেওয়া হয়েছে] সিদ্ধান্ত 43 COM 11A

২৫১. আন্তর্জাতিক সহায়তার সকল আবেদন মূল্যায়নের জন্য ব্যবহৃত নির্ণায়কসমূহের রূপরেখা পরিশিষ্ট ৯-এ উল্লেখ করা হয়েছে। সিদ্ধান্ত 31 COM 18B
সিদ্ধান্ত 43 COM 11A

২৫২. জরুরি সহায়তার আবেদন ছাড়া ৫,০০০ ইউএস ডলারের অধিক আন্তর্জাতিক সহায়তার সকল আবেদন পরীক্ষার জন্য, এবং চেয়ারপার্সন এবং/অথবা কমিটির নিকট সুপারিশ উপস্থাপনের জন্য বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের রিজিওনাল ডেস্ক এবং উপদেষ্টা সংস্থার প্রতিনিধিদের নিয়ে গঠিত প্যানেল, এবং সম্ভব হলে, বিশ্ব ঐতিহ্য কমিটির চেয়ারপার্সন অথবা চেয়ারপার্সন কর্তৃক নিযুক্ত অন্য কোনো ব্যক্তি পর্যবেক্ষকের ক্ষমতাবলে বছরে একবার বা দুবার সভায় অংশ নেবেন। সিদ্ধান্ত 31 COM 18.B
সিদ্ধান্ত 36 COM 13.I
সিদ্ধান্ত 43 COM 11A

২৫৩. চেয়ারপার্সন তাঁর নিজ দেশের দাখিলকৃত কোনো আবেদন অনুমোদন করতে পারবেন না। এধরনের সকল আবেদন কমিটি পরীক্ষা করবে।

২৫৪. প্রস্তুতিমূলক সহায়তা বা সংরক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত ৫,০০০-এর অধিক ইউএস ডলারের সকল আবেদন ৩১ অক্টোবর তারিখে বা এর পূর্বে সচিবালয় কর্তৃক গৃহীত হতে হবে। অসম্পূর্ণ ফরমগুলো যথাযথভাবে সম্পূর্ণ করে ৩০ নভেম্বর তারিখের মধ্যে জমা দেওয়া না হলে সেগুলো পরবর্তী চক্রে জমা দেওয়ার জন্য রাষ্ট্রপক্ষের নিকট ফেরত পাঠানো হবে। সম্পূর্ণ আবেদনগুলো জানুয়ারি মাসে অনুষ্ঠিত প্রথম প্যানেল দ্বারা পরীক্ষা-নিরীক্ষা করা হবে। যেসব আবেদনের জন্য প্যানেল কোনো ইতিবাচক বা নেতিবাচক সুপারিশ দিবে, ঐ সকল আবেদনপত্র সিদ্ধান্তের জন্য চেয়ারপার্সন/কমিটির নিকট দাখিল করা হবে। দ্বিতীয় প্যানেলটি কমিটির অধিবেশনের কমপক্ষে ৮ সপ্তাহ পূর্বে ঐসব আবেদনের জন্য অনুষ্ঠিত হবে যেগুলো প্রথম প্যানেলের পর থেকে সংশোধন করা হয়েছে। ব্যাপক সংশোধনের জন্য ফেরত পাঠানো আবেদনপত্রগুলো প্যানেল কর্তৃক আবেদন গ্রহণের তারিখের ওপর নির্ভর করে পরীক্ষা-নিরীক্ষা করা হবে। যেসব আবেদনে কেবল সামান্য কিছু সংশোধনী প্রয়োজন এবং প্যানেল কর্তৃক পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন নেই, ঐসব আবেদন যে বছর প্রথম পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছে ঐ বছরের মধ্যেই পুনরায় জমা দিতে হবে; অন্যথায় আবেদনপত্রগুলো আবারও পরবর্তী প্যানেলে পাঠিয়ে দেওয়া হবে। আবেদনপত্র দাখিল প্রক্রিয়ার বিশদ চার্ট পরিশিষ্ট ৮-এ সংযুক্ত করা হয়েছে।

সিদ্ধান্ত 36 COM 13.I
সিদ্ধান্ত 43 COM 11A

### ৭।জ চুক্তিভিত্তিক ব্যবস্থা

২৫৫. অনুমোদিত আন্তর্জাতিক সহায়তা বাস্তবায়নের জন্য অনুমোদিত মূল আবেদনপত্রে বর্ণিত কর্মপরিকল্পনা ও বাজেট বিশ্লেষণের পর ইউনেস্কোর বিধিবিধান অনুযায়ী চুক্তিগুলো ইউনেস্কো ও সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষ বা এর প্রতিনিধি(বৃন্দ)-এর মধ্যে স্বাক্ষরিত হবে।

### ৭।ঝ আন্তর্জাতিক সহায়তা মূল্যায়ন ও ফলোআপ

২৫৬. কার্যক্রম শেষ হওয়ার তিন মাসের মধ্যে আন্তর্জাতিক সহায়তার আবেদন বাস্তবায়নের পরিবীক্ষণ ও মূল্যায়ন অনুষ্ঠিত হবে। এইসব মূল্যায়নের ফলাফল উপদেষ্টা সংস্থাসমূহের সহায়তায় সচিবালয় কর্তৃক সংগ্রহ ও সংরক্ষণ এবং কমিটি কর্তৃক নিয়মিতভাবে পরীক্ষা-নিরীক্ষা করা হবে।

২৫৭. আন্তর্জাতিক সহায়তার কার্যকারিতা মূল্যায়ন এবং এর অগ্রাধিকারসমূহ পুনর্নির্ধারণের জন্য কমিটি আন্তর্জাতিক সহায়তার বাস্তবায়ন, মূল্যায়ন ও ফলোআপ পর্যালোচনা করবে।

## আট বিশ্ব ঐতিহ্যের প্রতীক

### ৮।ক মুখবন্ধ

২৫৮. কমিটির দ্বিতীয় অধিবেশনে (ওয়াশিংটন, ১৯৭৮) কমিটি কর্তৃক বিশ্ব ঐতিহ্যের প্রতীক গৃহীত হয়েছে। প্রতীকটি ডিজাইন করেছেন মি. মাইকেল অলিফ। বিশ্ব ঐতিহ্যের এই প্রতীকটি সাংস্কৃতিক ও প্রাকৃতিক সম্পদের পারস্পরিক নির্ভরতার তাৎপর্য নির্দেশ করে: এর কেন্দ্রের সমবাহু চতুর্ভুজের আকার হচ্ছে মানুষের সৃষ্টি এবং বৃত্তটি হচ্ছে প্রকৃতি, এবং এ দুটি খুবই ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত। প্রতীকটি পৃথিবীর মতো গোল, একই সাথে এটি সুরক্ষার প্রতীক। এটি *সনদেরও* প্রতীক, এর মাধ্যমে রাষ্ট্রপক্ষসমূহের *সনদ* মেনে চলার তাৎপর্য ফুটে ওঠে এবং বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদ সনাক্তকরণেও কাজ করে। এটি *সনদ* সম্পর্কে জনসাধারণের সম্যক জ্ঞানের সাথে সম্পর্কযুক্ত এবং এর মাধ্যমে *সনদের* বিশ্বাসযোগ্যতা ও মর্যাদার দাপ্তরিক অনুমোদন প্রকাশিত হয়। সর্বোপরি, এটি সর্বজনীন মানসমূহেরও প্রতীক, যার জন্য *সনদের* অবস্থান।

সিদ্ধান্ত 43 COM 11A

**২৫৯.** কমিটি সিদ্ধান্ত নিয়েছে যে, শিল্পীর প্রস্তাবিত প্রতীকটি যে কোনো রং বা আকারে ব্যবহার করা যেতে পারে, এবং তা নির্ভর করবে প্রতীকটির ব্যবহার, কারিগরি সম্ভাব্যতা এবং এর শৈল্পিক প্রকৃতি বিষয়ে নানা ধরনের বিবেচনার ওপর। প্রতীকটির সাথে সবসময়ই "WORLD HERITAGE. PATRIMOINE MONDIAL" – এই শব্দগুলো থাকতে হবে। তবে "PATRIMONIO MUNDIAL" লেখা স্থানটুকু যে দেশে প্রতীকটি ব্যবহার করা হবে সেই দেশের জাতীয় ভাষায় এর অনুবাদ লিখে ব্যবহার করা যেতে পারে।

**২৬০.** প্রতীকের অনুচিত ব্যবহার রোধের পাশাপাশি যতটা সম্ভব এর অধিকতর দৃশ্যমানতার মাধ্যমে যাতে উপকার পাওয়া যায় তা নিশ্চিত করার জন্য কমিটি তার ২২শ অধিবেশনে (কিওটো, ১৯৯৮) "বিশ্ব ঐতিহ্যের প্রতীক ব্যবহারের নির্দেশিকা ও মূলনীতিসমূহ" ("Guidelines and Principles for the Use of the World Heritage Emblem") গ্রহণ করে, যা পরবর্তী অনুচ্ছেদগুলোতে বর্ণনা করা হয়েছে। এছাড়া, একটি "ব্যবহারবিধি ছক" (পরিশিষ্ট ১৪)-তে কিছু সম্পূরক দিকনির্দেশনাও প্রদান করা হয়েছে।

**২৬১.** যদিও সনদের কোথাও প্রতীক সম্পর্কে কোনো উল্লেখ নেই, কিন্তু কমিটি ১৯৭৮ সালে *সনদ* গৃহীত হওয়ার পর থেকে *সনদ* দ্বারা সুরক্ষিত ও বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদসমূহ চিহ্নিত করার জন্য এই প্রতীকটির ব্যবহার নিয়ে প্রচারণা চালিয়েছে।

**২৬২.** বিশ্ব ঐতিহ্য কমিটির দায়িত্ব হচ্ছে বিশ্ব ঐতিহ্য প্রতীকের ব্যবহার নির্ধারণ করা এবং প্রতীক ব্যবহার সংক্রান্ত নীতিমালা প্রণয়নের লক্ষ্যে পরামর্শ দেওয়া। ২০০৭ সালের অক্টোবর মাসে ইউনেস্কো কর্তৃক *ইউনেস্কোর নাম, আদ্যাক্ষরা, লোগো ও ইউনেস্কোর ইন্টারনেট ডোমেনের নাম ব্যবহার সংক্রান্ত আদেশ*[১৪] গৃহীত হওয়ার পর থেকে বিশ্ব ঐতিহ্যের প্রতীককে যখনই সম্ভব ইউনেস্কোর লোগোর সাথে একটি সংযুক্ত লোগো ব্লক-এর অংশ হিসেবে ব্যবহারের জন্য বিশেষভাবে উৎসাহিত করা হয়। তবে বর্তমান *নির্দেশিকা* বা *গাইডলাইন্স* এবং ব্যবহারবিধি ছক (পরিশিষ্ট ১৪) অনুযায়ী কেবল বিশ্ব ঐতিহ্যের প্রতীকটি এককভাবে ব্যবহার করা সম্ভব। সিদ্ধান্ত 39 COM 11

**২৬৩.** কমিটির ২৬তম অধিবেশনে কমিটি কর্তৃক অনুরোধের পরিপ্রেক্ষিতে (বুদাপেস্ট, ২০০২), চতুর্দিকে ব্যবহৃত লেখাসহ ও লেখা ছাড়া বিশ্ব ঐতিহ্য প্রতীকটির বিষয়ে বিজ্ঞপ্তি জারি করা হয় এবং ১৮৮৩ সালে সালে গৃহীত এবং স্টকহোমে ১৯৬৭ সালে সংশোধিত "প্যারিস *সনদ* ফর দি প্রোটেকশন অব ইন্ডাস্ট্রিয়াল প্রোপার্টি"-এর ধারা ৬-এর আওতায় প্যারিস ইউনিয়নের সদস্য রাষ্ট্রসমূহ কর্তৃক ২১ মে ২০০৩ তারিখে গৃহীত হয়। সুতরাং যেখানেই ইউনেস্কো কিংবা *বিশ্ব ঐতিহ্য সনদের* সাথে মিথ্যা সংশ্লিষ্টতা দেখিয়ে বা অন্য কোনো অবৈধ উপায়ে বিশ্ব ঐতিহ্য প্রতীকের ব্যবহার হচ্ছে বলে প্রতীয়মান হবে, সেখানেই এ ধরনের অপব্যবহার রোধে ইউনেস্কোর সুযোগ রয়েছে প্যারিস *সনদের* সদস্য রাষ্ট্রসমূহের দেশীয় ব্যবস্থাপনা ব্যবহার করবার। সিদ্ধান্ত 26 COM 15 সিদ্ধান্ত 39 COM 11

**২৬৪.** প্রতীকের মাধ্যমে রয়েছে তহবিল সংগ্রহেরও সম্ভাবনা। পণ্যের বাজারমূল্য উন্নয়নে এই প্রতীক ব্যবহার করা যেতে পারে, যার সাথে প্রতীকটির সংযোগ রয়েছে। *সনদের* লক্ষ্য সম্প্রসারণ ও বিশ্বব্যাপী *সনদ* সম্পর্কিত জ্ঞান ছড়িয়ে দেওয়ার জন্য প্রতীক ব্যবহার এবং অযথার্থ, অসমীচিন ও অননুমোদিতভাবে বাণিজ্যিক বা অন্য কোনো উদ্দেশ্যে প্রতীকটির অপব্যবহার রোধের প্রয়োজনীয়তার মধ্যে ভারসাম্য বজায় রাখা প্রয়োজন।

**২৬৫.** প্রতীক ব্যবহার ও মাননিয়ন্ত্রণের কার্যপদ্ধতির জন্য প্রণীত নির্দেশিকা ও মূলনীতিসমূহ প্রচারণামূলক কার্যক্রমসমূহে সহযোগিতার ক্ষেত্রে কোনো ধরনের বাধা হয়ে দাঁড়াতে পারবে না। প্রতীক ব্যবহার বিষয়ে পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষগুলি নিম্নে উল্লিখিত সীমা বা প্যারামিটার এবং প্রতীক ব্যবহারবিধি ছকে (পরিশিষ্ট ১৪) প্রদত্ত সীমার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। সিদ্ধান্ত 39 COM 11

## ৮। খ প্রযোজ্যতা

**২৬৬.** এখানে প্রস্তাবিত নির্দেশিকা ও মূলনীতিসমূহে নিম্নলিখিত সংগঠন/সংস্থা কর্তৃক প্রতীকটির সব ধরনের প্রস্তাবিত ব্যবহার প্রসঙ্গ তুলে ধরা হয়েছে: সিদ্ধান্ত 39 COM 11

ক) বিশ্ব ঐতিহ্য কেন্দ্র;
খ) ইউনেস্কোর জনতথ্য বিভাগ ও অন্যান্য কার্যালয়;
গ) প্রত্যেক রাষ্ট্রপক্ষের অভ্যন্তরে *সনদ* বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত এজেন্সি বা জাতীয় কমিশন;
ঘ) বিশ্ব ঐতিহ্য সম্পদসমূহ;
ঙ) চুক্তি সম্পাদনের ভিত্তিতে অন্য কোনো পক্ষ, বিশেষ করে যারা প্রধানত বাণিজ্যিক উদ্দেশ্যে পরিচালিত হয়।

---

[১৪] *ইউনেস্কোর নাম, আদ্যাক্ষরা, লোগো ও ইউনেস্কোর ইন্টারনেট ডোমেনের নাম ব্যবহার সংক্রান্ত আদেশ*-এর সর্বশেষ সংস্করণটি জেনারেল কনফারেন্সের ৩৪তম অধিবেশনের রেজুলেশন ৮৬-র পরিশিষ্টে (34 C/Resolution 86) অথবা এই ওয়েব ঠিকানায় পাওয়া যাবে: http://unesdoc.unesco.org/images/0015/001560/156046e.pdf

## ৮।গ রাষ্ট্রপক্ষসমূহের দায়িত্ব

২৬৭. সনদের রাষ্ট্রপক্ষসমূহের উচিত নিজ নিজ দেশে কমিটি কর্তৃক সুস্পষ্টরূপে স্বীকৃত নয় এমন কোনো গোষ্ঠী বা এমন কোনো উদ্দেশ্যে প্রতীকের ব্যবহার রোধ করার জন্য সম্ভাব্য সকল পদক্ষেপ গ্রহণ করা। এক্ষেত্রে ট্রেডমার্ক আইনসহ জাতীয় আইনগুলির পূর্ণ ব্যবহার করতে রাষ্ট্রপক্ষগুলোকে উৎসাহ দেওয়া হয়।

## ৮।ঘ বিশ্ব ঐতিহ্য প্রতীকের সঠিক ব্যবহার বৃদ্ধি

২৬৮. ইউনেস্কোর লোগোর সাথে যৌথভাবে বিশ্ব ঐতিহ্যের প্রতীক ব্যবহার করে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদগুলি চিহ্নিত করতে হবে, তবে এগুলি এমনভাবে বসাতে হবে যে, লোগো বা প্রতীকের কারণে যাতে উদ্দীষ্ট সম্পদের দৃশ্যমানতা কোনোভাবেই বাধাগ্রস্ত না হয়।

<u>বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদের তালিকাভুক্তি স্মরণের জন্য ফলক তৈরি</u>

২৬৯. বিশ্ব ঐতিহ্য তালিকায় কোনো সম্পদ তালিকাভুক্ত হলে যখনই সম্ভব রাষ্ট্রপক্ষ এই তালিকাভুক্তি স্মরণের জন্য একটি ফলক তৈরি করে বসাবে। এই ফলকগুলি বিশেষভাবে ডিজাইন করা হয় এজন্য যে, সংশ্লিষ্ট দেশগুলোর জনসাধারণ ও বিদেশী দর্শকরা যাতে জানতে পারেন সম্পদটির একটি বিশেষ মূল্য রয়েছে যা আন্তর্জাতিক সম্প্রদায়ের স্বীকৃতি লাভ করেছে। অন্য কথায়, সম্পদটি ব্যতিক্রমী, এটি কেবল একটি দেশের জন্যই নয়, বরং সমগ্র বিশ্বের আগ্রহের বিষয়। তবে এসব ফলকের একটি অতিরিক্ত কাজ রয়েছে, আর তা হলো সাধারণ মানুষকে *বিশ্ব ঐতিহ্য সনদ* সম্পর্কে বা অন্ততপক্ষে বিশ্ব ঐতিহ্যের ধারণা ও বিশ্ব ঐতিহ্য তালিকা সম্পর্কে অবহিত করা।

২৭০. এইসব ফলক তৈরির জন্য কমিটি নিম্নলিখিত *নির্দেশিকাসমূহ* গ্রহণ করেছে:

ক) ফলকটি এমনভাবে স্থাপন করতে হবে যাতে সম্পদতে কোনো বিকৃতি বা বাধা সৃষ্টি না হয় এবং দর্শকরা তা সহজেই দেখতে পারে;

খ) ফলকে বিশ্ব ঐতিহ্যের প্রতীক থাকতে হবে;

গ) ফলকের লেখায় সম্পদের অনন্য বৈশ্বিক মান সম্পর্কে উল্লেখ করতে হবে; এক্ষেত্রে, সম্পদের অসামান্য বৈশিষ্ট্যসমূহের একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া যেতে পারে। রাষ্ট্রপক্ষসমূহ ইচ্ছে করলে বিশ্ব ঐতিহ্য বিষয়ক প্রকাশনায় বা বিশ্ব ঐতিহ্য প্রদর্শনীগুলোতে এই বিবরণ ব্যবহার করতে পারে, এবং বিবরণটি সচিবালয় থেকে সংগ্রহ করা যাবে;

ঘ) ফলকের লেখায় *বিশ্ব ঐতিহ্য সনদ* ও বিশেষ করে বিশ্ব ঐতিহ্য তালিকা এবং তালিকাভুক্তির মাধ্যমে প্রদত্ত আন্তর্জাতিক স্বীকৃতির বিষয় উল্লেখ থাকতে হবে (তবে, কমিটির কোন অধিবেশনে সম্পদটি তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে তা উল্লেখ করার প্রয়োজন নেই); যেসব সম্পদ দর্শনের জন্য বিদেশী দর্শক আসেন ঐসব সম্পদের ফলকের ওপরে বিবরণটি কয়েকটি ভাষায় দেওয়া যেতে পারে।

২৭১. উদাহরণস্বরূপ, কমিটি নিম্নলিখিত টেক্সট প্রস্তাব করছে:

"(সম্পদের নাম) *বিশ্ব সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সুরক্ষা বিষয়ক সনদ*-এর বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে। এই তালিকায় অন্তর্ভুক্তির অর্থ হলো কোনো সাংস্কৃতিক বা প্রাকৃতিক সম্পদের অনন্য বৈশ্বিক মান নিশ্চয়ন করা, যা সকল মানবতার মঙ্গলের জন্য সুরক্ষা করা প্রয়োজন।"

**২৭২.** এই লেখাটির পর ফলকের ওপর সংশ্লিষ্ট সম্পদের একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া যেতে পারে।

**২৭৩.** অধিকন্তু, বিশ্ব ঐতিহ্য সম্পদের জন্য ব্যাপকভাবে বিশ্ব ঐতিহ্য প্রতীক ব্যবহারে উৎসাহ দেওয়ার জন্য জাতীয় কর্তৃপক্ষসমূহের উদ্যোগ নেওয়া প্রয়োজন, যেমন– তাদের লেটারহেড, ব্রুশিয়র ও স্টাফদের ইউনিফরমে প্রতীকের ব্যবহার।

**২৭৪.** *বিশ্ব ঐতিহ্য সনদ* ও বিশ্ব ঐতিহ্য সম্পদ সম্পর্কিত যোগাযোগ উপকরণ উৎপাদনের অধিকারপ্রাপ্ত কোনো তৃতীয় পক্ষকে অবশ্যই প্রতীকটির যথাযথ দৃশ্যমানতা নিশ্চিত করতে হবে। তাদেরকে নির্দিষ্ট উপকরণ বা পণ্যের জন্য কোনো ভিন্ন প্রতীক সৃষ্টি এড়িয়ে চলতে হবে।

## ৮।ঙ বিশ্ব ঐতিহ্য প্রতীক ব্যবহারের নীতিমালা

**২৭৫.** দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষসমূহকে এতদ্বারা প্রতীক ব্যবহার সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে নিম্নলিখিত মূলনীতিগুলো অনুসরণের জন্য অনুরোধ করা হচ্ছে: সিদ্ধান্ত 39 COM 11

ক) প্রতীকটি *সনদের* প্রচারণার লক্ষ্যে কারিগরি ও আইনগতভাবে যত বেশি সম্ভব *সনদের* কর্মের সঙ্গে গভীরভাবে যুক্ত এবং ইতোমধ্যেই অনুমোদিত ও গৃহীত সকল প্রকল্পের জন্যই ব্যবহার করতে হবে।

খ) প্রতীকের ব্যবহার অনুমোদনের কোনো সিদ্ধান্ত অবশ্যই যে পণ্যের ওপর প্রতীকটি ব্যবহার করা হবে তার গুণগত মান ও বিষয়বস্তুর সাথে দৃঢ়ভাবে যুক্ত হতে হবে, এক্ষেত্রে পণ্যটির পরিমাণ বা এ থেকে আর্থিক লাভের প্রত্যাশা মোটেই বিবেচনা করা হবে না। অনুমোদনের ক্ষেত্রে প্রধান নির্ণায়ক বা মানদণ্ড হওয়া উচিত বিশ্ব ঐতিহ্যের মূলনীতি ও মূল্যবোধের বিচারে প্রস্তাবিত পণ্যের শিক্ষা, বিজ্ঞান, সাংস্কৃতিক বা শিল্পমূল্য। নিয়মিতভাবে যে কোনো পণ্যের ওপর প্রতীক ব্যবহারের অনুমোদন দেওয়া যাবে না, বিশেষ করে যেসব পণ্যের শিক্ষাক্ষেত্রে কোনো মূল্যই নেই, বা খুবই কম মূল্য রয়েছে, যেমন– কাপ, টি-শার্ট, পিন এবং অন্যান্য পর্যটন স্মারক। বিশেষ কিছু ক্ষেত্রে এই নীতির ব্যতিক্রম বিবেচনা করা যাবে, যেমন– কমিটির সভা এবং ফলক উন্মোচন উৎসবে প্রতীক ব্যবহার।

গ) প্রতীক ব্যবহারের কর্তৃত্ব প্রদান সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত অবশ্যই সম্পূর্ণরূপে সুস্পষ্ট হতে হবে এবং *বিশ্ব ঐতিহ্য সনদের* সুনির্দিষ্ট ও অন্তর্নিহিত সকল লক্ষ্য ও মান বজায় রাখতে সচেষ্ট হতে হবে।

ঘ) এইসব মূলনীতির ভিত্তিতে অনুমোদন প্রদান করা না হলে তা কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান দ্বারা বিশ্ব ঐতিহ্যের প্রতি সমর্থন প্রদর্শনের জন্য তাদের নিজস্ব উপকরণ ও পণ্যে সরাসরি প্রতীক ব্যবহৃত হলে তা বৈধ হবে না। তবে, কমিটি স্বীকার করে যে, কোনো ব্যক্তি, সংগঠন বা কোম্পানি বিশ্ব ঐতিহ্য সম্পদ সম্পর্কে তারা যা কিছু যথার্থ মনে করে তা স্বাধীনভাবে প্রকাশ ও উৎপাদন করতে পারে, কিন্তু এ ধরনের প্রকাশ ও উৎপাদনের জন্য বিশ্ব ঐতিহ্য প্রতীকের আওতায় অফিসিয়াল অনুমোদনের বিশেষ অধিকার একমাত্র কমিটিরই, যা এই নির্দেশিকা ও মূলনীতিসমূহের আলোকে এবং ব্যবহারবিধি ছক-এর বর্ণনা অনুযায়ী অনুশীলন করা যাবে।

ঙ) চুক্তির আওতায় অন্যান্য পক্ষের দ্বারা প্রতীক ব্যবহারের ক্ষেত্রে তা সাধারণভাবে কেবল ঐসময় অনুমোদিত হতে হবে যদি প্রতীকটির প্রস্তাবিত ব্যবহার সরাসরি বিশ্ব ঐতিহ্য সম্পদের সাথে সম্পর্কিত হয়। সংশ্লিষ্ট দেশগুলোর জাতীয় কর্তৃপক্ষসমূহের অনুমোদনের পর প্রতীকের এ ধরনের ব্যবহার মঞ্জুর করা যেতে পারে।

চ) যেসব ক্ষেত্রে বিশ্ব ঐতিহ্যের কোনো সুনির্দিষ্ট সম্পদের সম্পৃক্ততা নেই বা প্রতীকের প্রস্তাবিত ব্যবহারের জন্য কোনো সম্পদ প্রধান ফোকাস নয়, যেমন– বৈজ্ঞানিক ইস্যু বা সংরক্ষণ কৌশল বিষয়ক সাধারণ সেমিনার এবং / অথবা কর্মশালা, সেক্ষেত্রে কেবল এই নির্দেশিকা ও মূলনীতিসমূহ এবং ব্যবহারবিধি ছক অনুযায়ী এক্সপ্রেস অনুমোদনের পর প্রতীক ব্যবহার মঞ্জুর করা যেতে পারে। প্রতীকের এ ধরনের ব্যবহারের জন্য দাখিলকৃত আবেদনে কাজের ঐ সকল পদ্ধতি সুনির্দিষ্টভাবে নথিভুক্ত করতে হবে যার মাধ্যমে প্রস্তাবিত ব্যবহার প্রত্যাশিতভাবে সনদের কাজকে আরও উন্নত করবে।

ছ) কিছু ব্যতিক্রমী পরিস্থিতি এবং সাধারণভাবে কোনো বিশ্ব ঐতিহ্যের উপকার বা কোনো বিশেষ বিশ্ব ঐতিহ্য সম্পদ থেকে প্রমাণিত সুস্পষ্ট লাভ প্রাপ্তির ক্ষেত্র ছাড়া ট্রাভেল এজেন্সি, এয়ারলাইনস, বা অন্য কোনো ধরনের ব্যবসায় পরিচালনাকারী কোনো প্রতিষ্ঠানকে প্রধানত বাণিজ্যিক উদ্দেশ্যে প্রতীক ব্যবহারের অনুমতি দেওয়া যাবে না। এই নির্দেশিকা ও নীতিমালাসমূহের আলোকে এবং ব্যবহারবিধি ছক-এর বর্ণনা অনুযায়ী প্রতীকের এ ধরনের ব্যবহারের জন্য দাখিলকৃত আবেদনগুলির অনুমোদন দেওয়া যেতে পারে। এ ধরনের আবেদন সংশ্লিষ্ট জাতীয় কর্তৃপক্ষসমূহের দ্বারা অনুমোদিত হতে হবে এবং ইউনেস্কো / বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের সাথে নির্দিষ্ট অংশীদারিত্ব চুক্তির কর্মকাঠামোর আওতায় সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

"ব্যক্তি শ্রেণির অংশীদারদের সম্পৃক্তিকরণের জন্য পৃথক কলাকৌশল"-সহ "সমন্বিত অংশীদারিত্ব কৌশলপত্র" 192 EX/5.INF এবং PACT কৌশলপত্র (ডকুমেন্টেশন WHC-13/37.COM/5D)

সিদ্ধান্ত 37 COM 5D

প্রতীক ব্যবহারের জন্য কোনো প্রকার আর্থিক সম্মানীর বিনিময়ে বা আর্থিক সম্মানীর পরিবর্তে সচিবালয় কোনো ট্রাভেল এজেন্সি বা অনুরূপ অন্য কোনো কোম্পানির নিকট থেকে বিজ্ঞাপন, ভ্রমণ বা কোনো ধরনের প্রচারণামূলক বিষয় গ্রহণ করবে না।

জ) যদি কোনো প্রকার বাণিজ্যিক উপকারিতা অনুমান করা সম্ভব হয় তাহলে সচিবালয়ের এটা নিশ্চিত করতে হবে যে, বিশ্ব ঐতিহ্য তহবিল যেন রাজস্বের একটি ন্যায্য অংশ পায়, এবং প্রকল্প পরিচালনা সংক্রান্ত শর্তাবলির প্রকৃতি ও তহবিলে আয় জমা হওয়ার বিধিব্যবস্থা নথিভুক্ত করে রাখার জন্য একটি চুক্তি বা সম্মতিপত্র সম্পাদন করতে হবে। প্রতীকের বাণিজ্যিক ব্যবহারের সকল ক্ষেত্রে যে কোনো উদ্যোগের জন্য, কেবল নামমাত্র নয়, সচিবালয় বা অন্যান্য পর্যালোচক কর্তৃক নির্ধারিত কর্মকর্তা-কর্মচারীদের কর্মঘণ্টার মূল্য ও আনুষঙ্গিক অন্যান্য খরচ, যেমনটি প্রযোজ্য, অবশ্যই প্রতীক ব্যবহারের কর্তৃত্বের জন্য আবেদনকারী কর্তৃপক্ষকে সম্পূর্ণভাবে বহন করতে হবে।

জাতীয় কর্তৃপক্ষগুলিকে তাদের সম্পদগুলো বা বিশ্ব ঐতিহ্য তহবিল যাতে রাজস্বের একটি ন্যায্য অংশ পায় এবং প্রকল্প পরিচালনার শর্তাবলির প্রকৃতি ও যে কোনো আয়ের সুষ্ঠু বণ্টনের বিষয় যাতে নথিভুক্ত হয় তা নিশ্চিত করার জন্য আহ্বান জানানো হচ্ছে।

ঝ) সচিবালয় কর্তৃক কোনো স্পনসরের বণ্টন বা বিতরণব্যবস্থা আবশ্যক মনে হলে ঐ স্পন্‌সরকে পণ্য উৎপাদনের জন্য নিযুক্তির ক্ষেত্রে অংশীদার বা অংশীদারসমূহ নির্বাচন অবশ্যই সঙ্গতিপূর্ণ হতে হবে, এবং এক্ষেত্রে অন্ততপক্ষে, "ব্যক্তিশ্রেণি বা অংশীদারদের সম্পৃক্তির জন্য পৃথক কৌশল" 192 EX/5.INF এবং PACT কৌশলপত্র (ডকুমেন্ট WHC-13/37.COM/5D)-সহ "সমন্বিত অংশীদারিত্ব কৌশলপত্র"-এর সুনির্দিষ্ট নির্ণায়ক এবং তহবিল সংগ্রহের জন্য কমিটি কর্তৃক নির্ধারিত আরও কোনো নির্দেশিকা অনুযায়ী ব্যবস্থা নিতে হবে। এ ধরনের পণ্যগুলির প্রয়োজনীয়তা লিখিত উপস্থাপনার মাধ্যমে সুস্পষ্ট ও যৌক্তিকভাবে তুলে ধরতে হবে এবং এর অনুমোদন কমিটি কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে হতে হবে।

ঞ) প্রধানত লাভের জন্য বিশ্ব ঐতিহ্য প্রতীকের সাথে ইউনেস্কোর নাম, আদ্যক্ষরা, লোগো এবং/অথবা ইন্টারনেট ডোমেন ব্যবহার করে উৎপাদিত পণ্য বা সেবা বিক্রয় করা হলে তা *বাস্তবায়ন নির্দেশিকা*-এর উদ্দেশ্যে "বাণিজ্যিক ব্যবহার" হিসেবে বিবেচিত হবে। প্রতীকের এ ধরনের ব্যবহার বিশেষ কোনো চুক্তির আওতায় মহাপরিচালক কর্তৃক সুস্পষ্টভাবে অনুমোদিত হতে হবে (২০০৭ ইউনেস্কো লোগো ডিরেক্টিভস্ থেকে পরিবর্তিত সংজ্ঞা। ধারা III.2.1.3)।

## ৮। চ বিশ্ব ঐতিহ্য প্রতীক ব্যবহারের অনুমোদন পদ্ধতি

জাতীয় কর্তৃপক্ষসমূহের সাধারণ চুক্তি

**২৭৬.** জাতীয় কর্তৃপক্ষসমূহ কোনো জাতীয় প্রতিষ্ঠানকে প্রতীক ব্যবহারের অনুমতি দিতে পারে, তবে শর্ত থাকে যে, জাতীয় বা আন্তর্জাতিক যেমনই হোক না কেন– প্রকল্পটি অবশ্যই ঐ একই দেশের জাতীয় ভূখণ্ডে অবস্থিত বিশ্ব ঐতিহ্য সম্পদের সাথে সংশ্লিষ্ট হতে হবে। জাতীয় কর্তৃপক্ষসমূহের সিদ্ধান্তগুলো নির্দেশিকা ও মূলনীতিসমূহ এবং ব্যবহারবিধি ছক অনুযায়ী গৃহীত হতে হবে।

সিদ্ধান্ত 39 COM 11

**২৭৭.** প্রতীক ব্যবহার ব্যবস্থাপনার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষসমূহের নাম ও ঠিকানা প্রদানের জন্য রাষ্ট্রপক্ষসমূহকে আমন্ত্রণ জানানো হবে।

প্রজ্ঞাপনপত্র, তারিখ ১৪ এপ্রিল ১৯৯৯
https://whc.unesco.org/circs/circ99-4e.pdf

বিষয়বস্তুর মাননিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় চুক্তি

**২৭৮.** প্রতীক ব্যবহারের জন্য অন্য কোনো প্রকার অনুমোদনের আবেদনের ক্ষেত্রে নিম্নলিখিত কার্যসাধন পদ্ধতি গ্রহণ করতে হবে:

সিদ্ধান্ত 39 COM 11

ক) প্রতীক ব্যবহারের উদ্দেশ্য, এর সময়কাল এবং এলাকাগত বা ভূখণ্ডগত বৈধতা বিষয়ক আবেদনপত্রগুলি বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের পরিচালক বরাবর পাঠাতে হবে।

খ) বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের পরিচালকের এখতিয়ার রয়েছে নির্দেশিকা ও মূলনীতিসমূহের আলোকে প্রতীক ব্যবহারের অনুমোদন দেওয়ার। তবে নির্দেশিকা ও মূলনীতি এবং ব্যবহারবিধি ছক-এ উল্লেখ নেই বা পর্যাপ্তভাবে উল্লিখিত হয়নি এমন সকল ক্ষেত্রে পরিচালক বিষয়টি চেয়ারপার্সনের নিকট প্রেরণ করবেন, এবং খুবই দুরূহ ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য কমিটির নিকট প্রেরণ করতে পারেন। প্রতীকের অনুমোদিত ব্যবহার সম্পর্কিত একটি বাৎসরিক প্রতিবেদন বিশ্ব ঐতিহ্য কমিটির নিকট দাখিল করতে হবে।

গ) সচিবালয়ের কোনো প্রকার খরচ ছাড়া, পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের পক্ষ থেকে সংশ্লিষ্ট দেশের সাথে পরামর্শ এবং তাদের ভূখণ্ডে অবস্থিত সম্পদের বিবরণের ভাষা ও ছবি কীভাবে তুলে ধরতে হবে এ ব্যাপারে দেশগুলির অনুমোদন নেওয়ার জন্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রতিশ্রুতি এবং অনুমোদন নেওয়া হয়েছে মর্মে প্রমাণপত্র উপস্থাপনের শর্তে, কোনো অনির্ধারিত সময়কালব্যাপী ব্যাপকভাবে বড় ধরনের কোনো পণ্য বিতরণের জন্য প্রতীক ব্যবহারের অনুমোদন প্রদান করা যেতে পারে। অনুমোদনের জন্য প্রস্তুতকৃত ভাষ্যটি কমিটির যে-কোনো একটি অফিসিয়াল ভাষায় অথবা সংশ্লিষ্ট দেশের ভাষায় প্রদান করতে হবে। কোনো তৃতীয় পক্ষকে প্রতীক ব্যবহারের অনুমোদন প্রদানের জন্য রাষ্ট্রপক্ষ কর্তৃক ব্যবহারের জন্য একটি খসড়া নমুনা নিচে দেওয়া হলো।

বিষয়বস্তু অনুমোদন ফরম:

[**দেশের নাম**]-এর ভূখণ্ডে অবস্থিত বিশ্ব ঐতিহ্য সম্পদ বিষয়ক ভাষ্য ও ছবি অনুমোদনের জন্য দায়িত্বপ্রাপ্ত সংস্থা হিসেবে সরকারিভাবে নির্ধারিত [**দায়িত্বপ্রাপ্ত জাতীয় সংস্থার নাম**], এতদ্বারা [**উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম**]-কে নিশ্চয়ন প্রদান করা হচ্ছে যে, [**সম্পদ(সমূহ)-এর নাম**]– বিশ্ব ঐতিহ্যের এই সম্পদসমূহের জন্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের দাখিলকৃত ভাষ্য ও ছবি [**অনুমোদন করা হলো**] [**নিম্নলিখিত পরিবর্তনসাপেক্ষে অনুমোদন করা হলো**] [**অনুমোদন করা গেল না**]

(অপ্রয়োজ্য অংশ বাদ দিন, প্রয়োজন অনুযায়ী, ভাষ্য ও ছবির সংশোধিত অনুলিপি অথবা সংশোধনীসমূহের স্বাক্ষরিত তালিকা জমা দিন)।

জ্ঞাতব্য:,

ভাষ্যের প্রত্যেক পৃষ্ঠায় দায়িত্বপ্রাপ্ত জাতীয় অফিসিয়ালের স্বাক্ষর প্রদানের জন্য সুপারিশ করা হচ্ছে।

জাতীয় কর্তৃপক্ষসমূহ যে বিষয়বস্তু অনুমোদন করবে তার প্রাপ্তি স্বীকারের পর থেকে এক অনুমোদনের জন্য মাস সময় দেওয়া হবে এবং এরপর উৎপাদনকারী প্রতিষ্ঠান বিবেচনা করতে পারে যে, দাখিলকৃত বিষয়বস্তু মৌন সম্মতির মাধ্যমে অনুমোদিত হয়েছে, যদি দায়িত্বপ্রাপ্ত জাতীয় কর্তৃপক্ষসমূহ লিখিতভাবে দীর্ঘসময়ের জন্য অনুরোধ না করে থাকে।

ভাষ্যটি কমিটির দুটি দাপ্তরিক ভাষার মধ্যে যে-কোনো একটি ভাষায়, অথবা যে দেশে সম্পদসমূহ অবস্থিত সেই দেশের অফিসিয়াল ভাষায় (বা অফিসিয়াল ভাষাগুলোর মধ্যে যে কোনো একটি ভাষায়) সরবরাহ করতে হবে, যা উভয় পক্ষের জন্য সুবিধাজনক হতে পারে।

ঘ) আবেদনপত্রটি পরীক্ষিত এবং গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হওয়ার পর, অংশীদারের সাথে সচিবালয় একটি চুক্তি প্রতিষ্ঠা করতে পারে।

ঙ) যদি বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের পরিচালক বিবেচনা করেন যে, প্রতীক ব্যবহারের কোনো একটি প্রস্তাব গ্রহণযোগ্য নয়, তবে সচিবালয় সিদ্ধান্তটি আবেদনকারী প্রতিষ্ঠানকে লিখিতভাবে অবহিত করবে।

## ৮।ছ মাননিয়ন্ত্রণে রাষ্ট্রপক্ষসমূহের অধিকার

**২৭৯.** প্রতীক ব্যবহারের অনুমোদনের বিষয়টি জাতীয় কর্তৃপক্ষ কর্তৃক তাদের সংশ্লিষ্ট পণ্যের মাননিয়ন্ত্রণের আবশ্যকতার সাথে নিবিড়ভাবে জড়িত।

ক) সনদের রাষ্ট্রপক্ষসমূহ তাদের ভূখণ্ডে অবস্থিত সম্পদের ক্ষেত্রে বিশ্ব ঐতিহ্য প্রতীকের অধীনে বণ্টনকৃত যে কোনো পণ্যের বিষয়বস্তু (টেক্সট ও ছবি) অনুমোদনের জন্য একমাত্র কর্তৃত্বপ্রাপ্ত পক্ষ।

খ) আইনগতভাবে প্রতীকের সুরক্ষা প্রদানকারী রাষ্ট্রপক্ষসমূহ অবশ্যই এই সকল ব্যবহার পর্যালোচনা করবে।

গ) অন্যান্য রাষ্ট্রপক্ষ প্রতীকের প্রস্তাবিত ব্যবহার পর্যালোচনা করতে পারে বা এ ধরনের প্রস্তাব সচিবালয়ে পাঠিয়ে দিতে পারে। একটি যথোপযুক্ত জাতীয় কর্তৃপক্ষ খুঁজে বের করা এবং রাষ্ট্রপক্ষসমূহ প্রতীকের প্রস্তাবিত ব্যবহার পর্যালোচনা করতে কিংবা প্রতীকের অনুপযুক্ত ব্যবহার সনাক্ত করতে চায় কিনা এ ব্যাপারে সচিবালয়কে অবহিত করা রাষ্ট্রপক্ষেরই দায়িত্ব। সচিবালয় দায়িত্বপ্রাপ্ত জাতীয় কর্তৃপক্ষসমূহের একটি তালিকা সংরক্ষণ করবে।

## নয় তথ্যসূত্র

### ৯।ক সচিবালয় কর্তৃক সংগৃহীত তথ্য

**২৮০.** সচিবালয় বিশ্ব ঐতিহ্য কমিটি এবং *বিশ্ব ঐতিহ্য সনদের* রাষ্ট্রপক্ষসমূহের জেনারেল অ্যাসেম্বলির সকল ডকুমেন্টের একটি ডাটাবেজ পরিচালনা করে। ডাটাবেজটি এখানে পাওয়া যাবে:
https://whc.unesco.org/en/documents

**২৮১.** সচিবালয় রাষ্ট্রপক্ষের নিকট থেকে প্রাপ্ত মানচিত্র ও বিভিন্ন প্রাসঙ্গিক তথ্যসহ সম্ভাব্য তালিকা ও বিশ্ব ঐতিহ্যের মনোনয়নের অনুলিপিগুলো যাতে কাগজে মুদ্রিত আকারে এবং ইলেক্ট্রনিক ফরম্যাটে সংরক্ষিত থাকে তা নিশ্চিত করবে। এছাড়া সচিবালয় বিভিন্ন উপদেষ্টা সংস্থা কর্তৃক প্রণীত মূল্যায়নপত্র ও অন্যান্য ডকুমেন্ট, রাষ্ট্রপক্ষের নিকট থেকে প্রাপ্ত যে-কোনো যোগাযোগ বা প্রতিবেদনের অনুলিপি (সক্রিয় পরিবীক্ষণ ও সাময়িক প্রতিবেদনসহ) এবং সচিবালয় ও বিশ্ব ঐতিহ্য কমিটির যোগাযোগ সংক্রান্ত নথিপত্র ও উপকরণসহ তালিকাভুক্ত সম্পদসমূহের প্রাসঙ্গিক তথ্যাদি সংরক্ষণের ব্যবস্থাও করবে।

**২৮২.** সংগৃহীত উপকরণ দীর্ঘ মেয়াদি স্টোরেজের জন্য উপযুক্ত ব্যবস্থায় সংরক্ষণ করতে হবে। কাগজে মুদ্রিত অনুলিপি ও ইলেক্ট্রনিক কপি স্টোরেজের জন্য প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া রাষ্ট্রপক্ষসমূহের অনুরোধের পরিপ্রেক্ষিতে তাদেরকে অনুলিপি প্রদানের ব্যবস্থাও রাখতে হবে।

**২৮৩.** কমিটি কর্তৃক বিশ্ব ঐতিহ্য তালিকায় তালিকাভুক্ত বিভিন্ন সম্পদের মনোনয়ন ডোসিয়ার পরামর্শের জন্য উপস্থাপন করা হবে। রাষ্ট্রপক্ষসমূহকে নিজ নিজ ওয়েবসাইটে মনোনয়নের কপি আপলোড করবে এবং আপলোড হয়ে গেলে সচিবালয়কে এ ব্যাপারে অবহিত করবে। মনোনয়ন তৈরির সময় রাষ্ট্রপক্ষ তাদের ভূখণ্ডে অবস্থিত সম্পদের মনোনয়নপত্র অনুসন্ধান ও বিস্তৃত আকারে উপস্থাপনের জন্য দিকনির্দেশনা হিসেবে এসব তথ্য ব্যবহার করতে পারে।

**২৮৪.** তালিকায় অন্তর্ভুক্ত প্রতিটি সম্পদের ব্যাপারে অ্যাডভাজরি বডির মূল্যায়ন ও কমিটির সিদ্ধান্তসমূহ বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের ওয়েবসাইটে– বিশ্ব ঐতিহ্য তালিকার প্রতিটি সম্পদের জন্য নির্ধারিত পেইজে পাওয়া যাবে। তালিকায় নাম ওঠেনি এমন সাইটগুলোর জন্য উপদেষ্টা সংস্থার মূল্যায়ন– মনোনয়ন পরীক্ষার সময় বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের ওয়েবসাইটে– কমিশন অধিবেশনের নির্ধারিত পেইজে পাওয়া যাবে। সিদ্ধান্ত 43 COM 11A

### ৯।খ বিশ্ব ঐতিহ্য কমিটির সদস্য ও অন্যান্য রাষ্ট্রপক্ষের জন্য সুনির্দিষ্ট তথ্য

**২৮৫.** সচিবালয় দুটি ইলেক্ট্রনিক মেইলিং তালিকা রক্ষণাবেক্ষণ করে থাকে: এর একটি কমিটির সদস্যদের জন্য (wh-committee@unesco.org) এবং অন্যটি সকল রাষ্ট্রপক্ষের জন্য (wh-states@unesco.org)। এইসব তালিকা প্রতিষ্ঠার জন্য রাষ্ট্রপক্ষগুলোকে তাদের যথাযথ ইমেইল ঠিকানা সরবরাহের জন্য অনুরোধ করা হয়। এইসব ইলেক্ট্রনিক মেইলিং তালিকা রাষ্ট্রপক্ষগুলোর সাথে যোগাযোগ বা তাদেরকে কোনো বিষয়ে অবহিত করার ক্ষেত্রে সম্পূরক পন্থা হিসেবে কাজ করে, তবে এই পন্থা প্রচলিত অন্যান্য পন্থাকে বাদ দিয়ে ব্যবহৃত হয় না। এর মাধ্যমে সচিবালয় সময়মতো বিভিন্ন ডকুমেন্টের সরবরাহ বিষয়ে ঘোষণা, সভার সময়সূচি পরিবর্তন এবং কমিটির সদস্য ও অন্যান্য রাষ্ট্রপক্ষের নিকট প্রয়োজনীয় অন্যান্য ইস্যুর জন্য যোগাযোগ করতে পারে।

**২৮৬.** কমিটি, অন্যান্য রাষ্ট্রপক্ষ ও উপদেষ্টা সংস্থার সদস্যবৃন্দ সম্পর্কে সুনির্দিষ্ট তথ্যাদি অভিগমন বা প্রবেশের সীমাবদ্ধতাসহ বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের ওয়েবসাইটে (https://whc.unesco.org) পাওয়া যাবে। সিদ্ধান্ত 43 COM 11A

**২৮৭.** সচিবালয় কমিটির সিদ্ধান্ত এবং রাষ্ট্রপক্ষের সাধারণ সভার রেজুলেশনের একটি ডাটাবেজও পরিচালনা করে থাকে। রেজুলেশনের ডাটাবেজটি এখানে দেখা যেতে পারে:
https://whc.unesco.org/en/decisions সিদ্ধান্ত 28 COM 9

## ৯। গ জনসাধারণের নিকট সরবরাহকৃত তথ্য ও প্রকাশনা

**২৮৮.** সচিবালয় যখনই সম্ভব বিশ্ব ঐতিহ্য সম্পদ ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয় সম্পর্কে জনসাধারণের জন্য বিস্তরণযোগ্য ও কপিরাইটমুক্ত তথ্য পাওয়ার সুযোগ সৃষ্টি করবে।

**২৮৯.** বিশ্ব ঐতিহ্য সংশ্লিষ্ট বিভিন্ন ইস্যু বিষয়ক তথ্য সচিবালয়, উপদেষ্টা সংস্থা ও লাইব্রেরির ওয়েবসাইটে (https://whc.unesco.org) পাওয়া যাবে। অনলাইন ডাটাবেইজ এবং সংশ্লিষ্ট অন্যান্য ওয়েবসাইটের লিংকসমূহের তালিকা বিব্লিওগ্রাফি বা গ্রন্থপঞ্জি অধ্যায়ে দেখা যেতে পারে।

**২৯০.** সচিবালয় বিশ্ব ঐতিহ্য তালিকা, বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকা, বিশ্ব ঐতিহ্য সম্পদসমূহের সংক্ষিপ্ত বর্ণনা, বিশ্ব ঐতিহ্য পত্রিকা সিরিজ, নিউজলেটার, ব্রুশিয়র ও তথ্যসামগ্রীসহ বিশ্ব ঐতিহ্য সম্পর্কিত বিভিন্ন ধরনের প্রকাশনা বের করবে। এছাড়া, বিশেষ করে বিশেষজ্ঞ ও সাধারণ জনগণের জন্য অন্যান্য তথ্য উপকরণও তৈরি করা হবে। বিশ্ব ঐতিহ্য সম্পর্কিত প্রকাশনাসমূহের তালিকাটি গ্রন্থপঞ্জি কিংবা এই ওয়েবসাইটে দেখা যেতে পারে: https://whc.unesco.org/en/publications.

এইসব তথ্য-উপকরণ জনসাধারণের নিকট সরাসরি কিংবা রাষ্ট্রপক্ষ বা বিশ্ব ঐতিহ্যের বিভিন্ন অংশীদার কর্তৃক প্রতিষ্ঠিত জাতীয় ও আন্তর্জাতিক নেটওয়ার্ক বা সম্পর্কবলয়ের মাধ্যমে বিতরণ করা যেতে পারে।

# পরিশিষ্টসমূহ

United Nations Educational, Scientific and Cultural Organization

World Heritage Convention

# অনুসমর্থন / গ্রহণ-এর নমুনা সাধনী

**যেহেতু** ১৯৭২ সালের ১৬ নভেম্বর তারিখে ইউনেস্কোর জেনারেল অ্যাসেম্বলির ১৭শ অধিবেশনে অ্যাসেম্বলি কর্তৃক বিশ্ব সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সুরক্ষা বিষয়ক *সনদ* গৃহীত হয়েছে;

**সুতরাং এখন** ___________________________ সরকার পূর্বে উল্লিখিত সনদ বিবেচনাপূর্বক এতদ্বারা,

[সনদটি অনুসমর্থ করছে এবং বিশ্বস্ততার সাথে কর্মকাণ্ড পরিচালনার জন্য

[এতে উল্লিখিত শর্তাধীন সকল বিষয়

গ্রহণ করছে।

**যেখানে সাক্ষী হিসেবে**, আমি এই সাধনী স্বাক্ষর করছি এবং সীল প্রদান করছি।

___________ (স্থান) ________ (মাস) ২০____ (সন)-এর ________ (দিনে) স্বাক্ষরিত।

*(সীল)* *রাষ্ট্রপ্রধান,*

*প্রধানমন্ত্রী বা*

*পররাষ্ট্র মন্ত্রীর স্বাক্ষর*

- অনুসমর্থন / গ্রহণের নমুনা সাধনী ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য কেন্দ্র এবং এই ওয়েবসাইটে পাওয়া যাবেঃ https://whc.unesco.org/en/convention/
- পূরণকৃত ফরমের স্বাক্ষরিত মূল ভাষ্য বিশেষ করে অগ্রাধিকারভিত্তিতে ইংরেজি অথবা ফরাসি ভাষায় অফিসিয়াল অনুবাদসহ এই ঠিকানায় পাঠাতে হবেঃ Director-General, UNESCO, 7 place de Fontenoy, 75352
Paris 07 SP, France

United Nations Educational, Scientific and Cultural Organization

World Heritage Convention

# সম্মতি প্রদানের নমুনা সাধনী

**যেহেতু** ১৯৭২ সালের ১৬ নভেম্বর তারিখে ইউনেস্কোর জেনারেল অ্যাসেম্বলির ১৭শ অধিবেশনে অ্যাসেম্বলি কর্তৃক বিশ্ব সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সুরক্ষা বিষয়ক *সনদ* গৃহীত হয়েছে;

**সুতরাং এখন** ____________________ সরকার পূর্বে উল্লিখিত সনদ বিবেচনাপূর্বক এতদ্বারা সনদের ব্যাপারে সম্মতি প্রদান করছে এবং বিশ্বস্ততার সাথে কর্মকাণ্ড পরিচালনার জন্য এতে উল্লিখিত শর্তাধীন সকল বিষয় গ্রহণ করছে।

**যেখানে সাক্ষী হিসেবে,** আমি এই সাধনী স্বাক্ষর করছি এবং সীল প্রদান করছি।

___________ (স্থান) ________ (মাস) ২০____ (সন)-এর ________ (দিনে) স্বাক্ষরিত।

*(সীল)* *রাষ্ট্রপ্রধান,*

*প্রধানমন্ত্রী বা*

*পররাষ্ট্র মন্ত্রীর স্বাক্ষর*

- সম্মতি প্রদানের নমুনা সাধনী ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য কেন্দ্র এবং এই ওয়েবসাইটে পাওয়া যাবে: https://whc.unesco.org/en/convention/
- পূরণকৃত ফরমের স্বাক্ষরিত মূল ভাষ্যটি বরং ইংরেজি অথবা ফরাসি ভাষায় অফিসিয়াল অনুবাদসহ এই ঠিকানায় পাঠাতে হবে: Director-General, UNESCO, 7 place de Fontenoy, 75352 Paris 07 SP, France

United Nations Educational, Scientific and Cultural Organization
World Heritage Convention

# সম্ভাব্য তালিকা দাখিলের ফরম্যাট

**রাষ্ট্রপক্ষ:**

**জমা দানের তারিখ:**

**প্রস্তুতকারী:**

নাম:

ইমেইল:

ঠিকানা:

ফ্যাক্স: প্রতিষ্ঠান:

টেলিফোন:

**সম্পদের নাম:**

**রাষ্ট্র, প্রদেশ বা অঞ্চল:**

**অক্ষাংশ ও দ্রাঘিমাংশ, বা ইউটিএম কোঅর্ডিনেটস:**

**বর্ণনা:**

**অনন্য বৈশ্বিক মানের যৌক্তিকতা:**
(সম্পদের গুণমান প্রাথমিক পর্যায়ে চিহ্নিতকরণ, যা বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির যোগ্য)

**নির্ণায়ক পূরণ হয়েছে** [বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ৭৭ দেখুন]:
(প্রস্তাবিত নির্ণায়ক অনুযায়ী সঠিক ঘরটিতে টিকচিহ্ন দিন এবং নিচের প্রতিটি ব্যবহারের যৌক্তিকতা ব্যাখ্যা করুন)

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

**প্রামানিকতা এবং/অথবা অখণ্ডতার বিবরণ** [বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ৭৮-৯৫ দেখুন]:

**অনুরূপ অন্যান্য সম্পদের সাথে তুলনা:**
(তুলনামূলক চিত্রে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত অন্যান্য সম্পদের সাথে এর মিল সংক্রান্ত রূপরেখা তুলে ধরতে হবে এবং বর্তমান সম্পদটি কী কী কারণে অসাধারণ তা বর্ণনা করতে হবে)।

---

- সম্ভাব্য তালিকা দাখিলের ফরম্যাট ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের এবং এই ওয়েবসাইটে পাওয়া যাবে: https://whc.unesco.org/en/tentativelists
- সম্ভাব্য তালিকা প্রস্তুতি বিষয়ক আরও দিকনির্দেশনা বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ৬২-৬৭-তে দেখা যেতে পারে।
- একটি পূরণকৃত সম্ভাব্য তালিকা দাখিল ফরম্যাট-এর উদাহরণ এখানে দেখা যেতে পারে: https://whc.unesco.org/en/tentativelists
- রাষ্ট্রপক্ষগুলির দাখিলকৃত সকল সম্ভাব্য তালিকা এখানে পাওয়া যাবে: https://whc.unesco.org/en/tentativelists
- স্বাক্ষরিত পূরণকৃত সম্ভাব্য তালিকার মূল ভাষ্য দাখিলের ফরম্যাট ইংরেজি অথবা ফরাসি ভাষায় এই ঠিকানায় পাঠাতে হবে: UNESCO World Heritage Centre, 7 place de Fontenoy, 75352 Paris 07 SP, France
- রাষ্ট্রপক্ষসমূহকে এইসব তথ্য ইলেক্ট্রনিক ফরম্যাটে (ইউএসবি ফ্লাশ ড্রাইভ বা সিডি-রম) অথবা নিচের ঠিকানায় ইমেইলযোগে দাখিলের জন্যও উৎসাহিত করা হয়ে থাকে: wh-tentativelists@unesco.org

United Nations Educational, Scientific and Cultural Organization | World Heritage Convention

# ভবিষ্যৎ বহুজাতিক ও আন্তঃসীমান্ত মনোনয়নের সম্ভাব্য তালিকা দাখিল ফরম্যাট

**রাষ্ট্রপক্ষ:**

**জমা দানের তারিখ:**

**জমাদান[১৫] প্রস্তুতকারী:**

নাম:

ইমেইল:

পদবি:

ঠিকানা:

ফ্যাক্স:

প্রতিষ্ঠান:

টেলিফোন:

**১.ক ভবিষ্যৎ বহুজাতিক/আন্তঃসীমান্ত মনোনয়নের নাম[১৬]:**

**১.খ অংশগ্রহণকারী অন্যান্য রাষ্ট্রপক্ষ:**

**১.গ জাতীয় উপাদানের অংশ(সমূহের) নাম(সমূহ):**

**১.ঘ রাষ্ট্র, প্রদেশ বা অঞ্চল:**

**১.ঙ অক্ষাংশ, দ্রাঘিমাংশ অথবা ইউনিভার্সাল ট্রান্সভার্স মার্কেটর (ইউটিএম) কোঅর্ডিনেটস:**

**২.ক ভবিষ্যৎ বহুজাতিক/আন্তঃসীমান্ত মনোনয়নের[১৭] সংক্ষিপ্ত বর্ণনা:**

**২.খ উপাদানের অংশ(সমূহের) বর্ণনা:**

**৩. সামগ্রিকভাবে ভবিষ্যৎ মনোনয়নের অনন্য বৈশ্বিক মান[১৮]-এর যৌক্তিকতা**
(সামগ্রিকভাবে ভবিষ্যৎ মনোনয়নের গুণমান প্রাথমিক পর্যায়ে চিহ্নিতকরণ, যা বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির যোগ্য)

**৩.ক নির্ণায়ক[১৯] পূরণ হয়েছে** [*বাস্তবায়ন নির্দেশিকার* অনুচ্ছেদ ৭৭ দেখুন]:
(প্রস্তাবিত নির্ণায়ক অনুযায়ী সঠিক ঘরটিতে টিকচিহ্ন দিন এবং নিচের প্রতিটি ব্যবহারের যৌক্তিকতা ব্যাখ্যা করুন)

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

[১৫] এই জমাদান তখনই বৈধ হিসেবে গণ্য হবে যখন সেকশন ১.খ এ নির্দেশিত সকল রাষ্ট্রপক্ষ তাদের মনোনয়ন দাখিল করবে।

[১৬] এই সেকশনে প্রদত্ত ভাষ্য একই ভবিষ্যৎ বহুজাতিক/আন্তঃসীমান্ত সম্পদের মনোনয়ন দাখিলের সাথে সংশ্লিষ্ট সকল রাষ্ট্রপক্ষের জমাদানকৃত নথিপত্রের ঠিক অনুরূপ হতে হবে।

[১৭] বহুজাতিক/আন্তঃসীমান্ত সম্পদসমূহের ক্ষেত্রে যে কোনো প্রকার পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট সকল রাষ্ট্রপক্ষের সম্মতি প্রয়োজন হবে।

[১৮] বহুজাতিক/আন্তঃসীমান্ত সম্পদসমূহের ক্ষেত্রে যে কোনো প্রকার পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট সকল রাষ্ট্রপক্ষের সম্মতি প্রয়োজন হবে।

[১৯] বহুজাতিক/আন্তঃসীমান্ত সম্পদসমূহের ক্ষেত্রে যে কোনো প্রকার পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট সকল রাষ্ট্রপক্ষের সম্মতি প্রয়োজন হবে।

**৩.খ প্রামানিকতা এবং/অথবা অখণ্ডতার বিবরণ** [*বাস্তবায়ন নির্দেশিকার* অনুচ্ছেদ ৭৯-৯৫ দেখুন]:

**৩.গ.১ সামগ্রিকভাবে ভবিষ্যৎ মনোনয়ন-এর উপাদানের অংশ(সমূহ) নির্বাচনের যৌক্তিকতাঃ**

**৩.গ.২ অনুরূপ অন্যান্য সম্পদের সাথে তুলনা[২০] :**

(তুলনামূলক চিত্রে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত বা তালিকা বহির্ভূত অন্যান্য সম্পদের সাথে এর মিল সংক্রান্ত রূপরেখা তুলে ধরতে হবে এবং ভবিষ্যৎ মনোনয়নের ব্যতিক্রমী বৈশিষ্ট্যসমূহের কারণ বর্ণনা করতে হবে)

[২০] বহুজাতিক/আন্তঃসীমান্ত সম্পদসমূহের ক্ষেত্রে যে কোনো প্রকার পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট সকল রাষ্ট্রপক্ষের সম্মতি প্রয়োজন হবে।

# বিশ্ব ঐতিহ্য তালিকায় সুনির্দিষ্ট প্রকার সম্পদ অন্তর্ভুক্তির নির্দেশিকা

থিম্যাটিক স্টাডিজ-এর ইকমস তালিকা এখানে পাওয়া যাবে:
https://www.icomos.org/en

থিম্যাটিক স্টাডিজ-এর আইইউসিএন তালিকা এখানে পাওয়া যাবে:
https://www.iucn.org/

## পরিচিতি

১. এই পরিশিষ্টে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য রাষ্ট্রপক্ষসমূহকে সম্পদের মনোনয়ন তৈরিতে দিকনির্দেশনা প্রদানের জন্য নির্দিষ্ট প্রকারের বিভিন্ন সম্পদ সম্পর্কে তথ্য উপস্থাপন করা হয়েছে। নিম্নে উল্লিখিত তথ্যাদি কিছু নির্দেশিকা প্রতিষ্ঠা করে যা *বাস্তবায়ন নির্দেশিকার* অধ্যায় দুই-এর সাথে ব্যবহার করতে হবে; এগুলোর মধ্যেই বিশ্ব ঐতিহ্য তালিকায় সম্পদ তালিকাভুক্ত করার নির্ণায়কসমূহ অন্তর্ভুক্ত।

২. কমিটি সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ, শহর, খাল ও গমনপথ ইত্যাদি বিষয়ে বিশেষজ্ঞদের সভার ফলাফল অনুমোদন করেছে (নিচে, অংশ ১)।

৩. একটি প্রতিনিধিত্বমূলক, সুষম ও বিশ্বাসযোগ্য বিশ্ব ঐতিহ্য তালিকার জন্য বৈশ্বিক কৌশলপত্রের কর্মকাঠামোর আওতায় বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক চাহিত অন্যান্য বিশেষজ্ঞ সভার প্রতিবেদনগুলো অংশ ২-এ উল্লেখ করা হয়েছে।

৪. অংশ ৩-এ উপদেষ্টা সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত বিভিন্ন তুলনামূলক ও বিষয়গত সমীক্ষার তালিকা উপস্থাপন করা হয়েছে।

### ১. সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ, শহর, খাল ও গমনপথ

৫. বিশ্ব ঐতিহ্য কমিটি বেশ কয়েকটি সুনির্দিষ্ট প্রকারের সাংস্কৃতিক ও প্রাকৃতিক সম্পদ চিহ্নিত ও সংজ্ঞায়িত করেছে এবং বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির লক্ষ্যে মনোনয়ন প্রদানের পর ভিন্ন ভিন্ন প্রকারের এই সম্পদগুলোর মূল্যায়ন সহজীকরণের জন্য সুনির্দিষ্ট নির্দেশিকা প্রণয়ন করেছে। এ পর্যন্ত, এই প্রকরণগুলির মধ্যে নিম্নলিখিত শ্রেণিগুলি অন্তর্ভুক্ত হয়েছে, যদিও যথাসময়ে হয়তবা আরও কিছু প্রকরণ যুক্ত হওয়ার সম্ভাবনা রয়েছে:

ক) সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ;

খ) ঐতিহাসিক শহর ও শহর কেন্দ্রসমূহ;

গ) ঐতিহ্যবাহী খাল;

ঘ) ঐতিহ্যবাহী গমনপথ।

[২১] কমিটি সামনের বছরগুলোতে ভিন্ন কোনো শ্রেণির সম্পদসমূহের জন্য আরও কিছু অতিরিক্ত নির্দেশিকা প্রণয়ন করতে পারে।

## সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহ[২২]

### সংজ্ঞা

৬. সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ হচ্ছে সাংস্কৃতিক সম্পদ এবং এগুলিকে "প্রকৃতি ও মানুষের যৌথকর্ম" হিসেবে *সনদের* ধারা **১**-এ উল্লেখ করা হয়েছে। এই কর্মগুলি ভূ-প্রাকৃতিক পরিবেশ ও ধারাবাহিক বাহ্যিক ও অভ্যন্তরীণ উভয়বিধ সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক শক্তির ফলে সৃষ্ট ভৌতিক সীমাবদ্ধতা এবং/অথবা সুযোগ-সুবিধার প্রভাবে বহুকাল ব্যাপী মানবসমাজ ও তাদের বসতিস্থাপনের বিবর্তনের ইতিহাস চিত্রিত করে।

৭. অনন্য বৈশ্বিক মান এবং সুস্পষ্টভাবে নির্ধারিত ভূ-সাংস্কৃতিক অঞ্চলের ক্ষেত্রে সম্পদগুলির প্রতিনিধিত্বের ভিত্তিতে এবং এসব অঞ্চলের আবশ্যকীয় ও সুস্পষ্ট সাংস্কৃতিক বিভিন্ন উপাদান চিত্রায়নে সম্পদগুলির সামর্থ্য অনুযায়ী সাংস্কৃতিক ভূ-দৃশ্যাবলি নির্বাচিত হওয়া উচিত।

৮. "সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ" শব্দটির মধ্যে মানুষ ও তার প্রাকৃতিক পরিবেশের মধ্যেকার মিথষ্ক্রিয়া প্রকাশের বৈচিত্র্য অন্তর্নিহিত রয়েছে।

৯. যে প্রাকৃতিক পরিবেশে কোনো সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ প্রতিষ্ঠিত ঐ প্রাকৃতিক পরিবেশের যাবতীয় বৈশিষ্ট্য ও সীমাবদ্ধতা এবং প্রকৃতির সাথে সুনির্দিষ্ট আত্মিক সম্পর্কের ভিত্তিতে সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের মধ্যে প্রায়শই স্থিতিশীল ভূমি-ব্যবহারের সুনির্দিষ্ট কলাকৌশলের প্রতিফলন দেখা যায়। সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহ সুরক্ষার মধ্য দিয়ে স্থিতিশীল ভূমি-ব্যবহারের আধুনিক কলাকৌশল বিকাশ লাভ করে এবং এইসব কলাকৌশল ল্যান্ডস্কেপসমূহের প্রাকৃতিক মান বজায় রাখা বা উন্নয়নে ভূমিকা রাখতে পারে। ভূমি-ব্যবহারের প্রচলিত ধারাগুলির চলমান অস্তিত্ব বিশ্বের বিভিন্ন অঞ্চলে জীববৈচিত্র্য রক্ষায় সহায়ক হিসেবে কাজ করছে। সুতরাং বলা যায় যে, প্রচলিত সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের সুরক্ষা জীববৈচিত্র্য রক্ষায় বেশ উপকারী।

### সংজ্ঞা ও শ্রেণিবিভাগ

১০. সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহ তিনটি প্রধান শ্রেণিতে বিভক্ত, যেমন:

(i) সবচেয়ে সহজে সনাক্তযোগ্য হচ্ছে পরিষ্কারভাবে সংজ্ঞায়িত **ইচ্ছাকৃতভাবে মানুষের দ্বারা পরিকল্পিত ও সৃষ্ট ভূ-দৃশ্য**। এর মধ্যে রয়েছে সৌন্দর্যবর্ধনের উদ্দেশ্যে নির্মিত বাগান ও পার্কের ল্যান্ডস্কেপ যা প্রায়শই (কিন্তু সবসময় নয়) ধর্মীয় বা অন্য কোনো প্রকার স্মারক ভবনশ্রেণি বা এনসেম্বল-এর সাথে সম্পর্কিত।

(ii) দ্বিতীয় শ্রেণিটি হলো **প্রাকৃতিক বিবর্তনের ফলে সৃষ্ট ভূ-দৃশ্য**। এটি প্রাথমিক কোনো সামাজিক, অর্থনৈতিক, প্রশাসনিক এবং/অথবা ধর্মীয় অনুজ্ঞার ফলে সৃষ্টি হয় এবং প্রাকৃতিক পরিবেশের সাথে এর সম্পর্ক ও ক্রিয়ার কারণে এর বর্তমান গঠন বিকশিত হয়েছে। এ ধরনের ভূ-দৃশ্যগুলির গঠন ও উপাদানের বৈশিষ্ট্যসমূহের মধ্যে বিবর্তনের ঐ প্রক্রিয়াটি দেখতে পাওয়া যায়। এই ভূ-দৃশ্যগুলি আবার দুটি উপ-শ্রেণিতে বিভক্ত:

- একটি ধ্বংসাবশেষ (বা জীবাশ্ম) ভূ-দৃশ্য হচ্ছে ঐ ভূ-দৃশ্য যেখানে একটি বিবর্তনমূলক প্রক্রিয়া অতীতের কোনো এক সময়ে, হয় হঠাৎ করেই অথবা কিছু সময়কাল ধরে, এক ধরনের সমাপ্তিতে এসে পৌঁছেছে। তবে এর উল্লেখযোগ্য স্বতন্ত্র বৈশিষ্ট্যগুলি বস্তুগতভাবে এখনও দৃশ্যমান।
- একটি চলমান ভূ-দৃশ্য হলো সেই ভূ-দৃশ্য যা সমসাময়িক সমাজে প্রচলিত জীবনপদ্ধতির সাথে নিবিড়ভাবে জড়িত সক্রিয় কোনো সামাজিক ভূমিকা এখনো ধরে রেখেছে, এবং যার ভেতর বিবর্তনমূলক প্রক্রিয়া এখনো চলমান। একইসাথে এই ভূ-দৃশ্যটি কালপরিক্রমায় এর বিবর্তনের উল্লেখযোগ্য বস্তুগত প্রমাণও তুলে ধরে।

(iii) সর্বশেষ শ্রেণিটি হলো **অ্যাসোশিয়েটিভ সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহ**। বিশ্ব ঐতিহ্য তালিকায় এ ধরনের ভূ-দৃশ্যগুলির অন্তর্ভুক্তি বস্তুগত সাংস্কৃতিক প্রমাণের পরিবর্তে বরং শক্তিশালী ধর্মীয় ও প্রাকৃতিক উপাদানের শৈল্পিক বা সাংস্কৃতিক সম্পর্কের মাধ্যমেই সমর্থনযোগ্য, যেখানে বস্তুগত সাংস্কৃতিক প্রমাণ অনুল্লেখযোগ্য এবং এমনকি অনুপস্থিতও থাকতে পারে।

---

[২২] এই ভাষ্যটি সাংস্কৃতিক ভূ-দৃশ্য বিষয়ে একটি বিশেষজ্ঞ দল তৈরি করেছেন (La Petite Pierre, France, 24 - 26 October 1992) (*WHC-92/CONF.202/10/Add* ডকুমেন্টটি দেখুন)। ভাষ্যটি পরবর্তী সময়ে *অপারেশনাল গাইডলাইনে* অন্তর্ভুক্তির জন্য বিশ্ব ঐতিহ্য কমিটির **১৬**শ অধিবেধনে কমিটির অনুমোদন লাভ করে (Santa Fe 1992) (*WHC-92/CONF.002/12* ডকুমেন্টটি দেখুন)।

### বিশ্ব ঐতিহ্য তালিকায় সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের অন্তর্ভুক্তি

১১. বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য উপযুক্ত ল্যান্ডস্কেপসমূহের মাত্রা নির্ভর করবে তার কার্যকারিতা ও সুস্পষ্টতার ওপর। যে কোনো ক্ষেত্রে, নির্বাচিত নমুনাটি অবশ্যই যথেষ্ট ব্যাপক হতে হবে যাতে তা পর্যাপ্তভাবে দৃশ্যমান সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের সম্পূর্ণতা তুলে ধরতে পারে। দীর্ঘ সরলরৈখিক এলাকা চিহ্নিত করার সম্ভাবনা বাদ দেওয়া উচিত নয়, যা সাংস্কৃতিকভাবে তাৎপর্যপূর্ণ পরিবহন ও যোগাযোগ নেটওয়ার্কের পরিচয় বহন করে।

১২. সাংস্কৃতিক ল্যান্ডস্কেপের জন্য সুরক্ষা ও ব্যবস্থাপনার সাধারণ নির্ণায়কসমূহ সমানভাবে প্রযোজ্য। সাংস্কৃতিক ও প্রাকৃতিক উভয়বিধ ল্যান্ডস্কেপের মাধ্যমে প্রকাশিত সব ধরনের মানের প্রতি যথাযথ মনোযোগ দেওয়া একটি গুরুত্বপূর্ণ বিষয়। মনোনয়নসমূহ অবশ্যই স্থানীয় জনসাধারণের সহযোগিতা ও পূর্ণ অনুমোদন নিয়ে প্রস্তুত করতে হবে।

১৩. *বাস্তবায়ন নির্দেশিকার* অনুচ্ছেদ ৭৭-এ বর্ণিত নির্ণায়ক অনুযায়ী বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত "সাংস্কৃতিক ল্যান্ডস্কেপের" কোনো শ্রেণির অস্তিত্ব থেকে সাংস্কৃতিক ও প্রাকৃতিক উভয় ধরনের নির্ণায়কের বিচারে ব্যতিক্রমী গুরুত্ব রয়েছে এমন সকল সম্পদের অব্যাহতভাবে তালিকাভুক্তির সম্ভাবনা বাদ দেওয়া যায় না (অনুচ্ছেদ ৪৬-এ বর্ণিত মিশ্রিত সম্পদের সংজ্ঞা দেখুন)। এইসব ক্ষেত্রে, সম্পদগুলির অনন্য বৈশ্বিক মান অবশ্যই উভয় ধরনের সকল নির্ণায়কসমূহের দিক থেকে গ্রহণযোগ্য হতে হবে।

### ঐতিহাসিক শহর ও শহর-কেন্দ্রসমূহ[২৩]

#### সংজ্ঞা ও শ্রেণিবিভাগ

১৪. বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য উপযুক্ত শহরের ভবনগুলো তিনটি প্রধান শ্রেণিতে বিভক্ত করা যেতে পারে, যেমন:

(i) **যেসব শহরে আর জনবসতি নেই** কিন্তু অতীতের অপরিবর্তিত প্রত্নতাত্ত্বিক প্রমাণ তুলে ধরে; এ ধরনের সম্পদগুলো সাধারণত তাদের প্রামানিকতার মানদণ্ড পূরণ করে এবং সম্পদগুলোর সংরক্ষণের অবস্থা তুলনামূলকভাবে সহজেই নিয়ন্ত্রণ করা সম্ভব হতে পারে;

(ii) **যেসব ঐতিহাসিক শহরে এখনো জনবসতি রয়েছে** এবং তাদের প্রকৃতিগত কারণেই আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক পরিবর্তনের প্রভাবের আওতায়– যেখানে সম্পদগুলোর প্রামানিকতা নিরূপণ আরও কঠিন এবং যে কোনো সংরক্ষণ নীতি আরও বেশি সমস্যাসঙ্কুল হয়ে ওঠে– এমন পরিস্থিতির অধীনে সম্পদটি বিকশিত হয়েছে বা এর বিকাশ এখনো অব্যাহত রয়েছে;

(iii) **বিংশ শতাব্দির নতুন শহর** যার ভেতর উপরোল্লিখিত দুটি শ্রেণির কিছু সাধারণ উপাদান রয়েছে: এসব শহরের মূল শহুরে কাঠামো পরিষ্কার চিনতে পারা যায় এবং এগুলোর প্রামানিকতা অস্বীকার করার কোনো উপায় নেই, কিন্তু শহরটির ভবিষ্যৎ খুব একটা পরিষ্কার নয়, কারণ এগুলোর বিকাশ একেবারেই নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে।

### বিশ্ব ঐতিহ্য তালিকায় ঐতিহাসিক শহর ও শহর-কেন্দ্রসমূহের অন্তর্ভুক্তি

১৫. নিম্নে বর্ণিত উপাদানগুলোর মাধ্যমে ঐতিহাসিক শহর ও শহর-কেন্দ্রসমূহের গুরুত্ব পরীক্ষা করা যেতে পারে:

**(i) যেসব শহরে আর জনবসতি নেই**

যেসব শহরে আর জনবসতি নেই ঐসব শহরের মূল্যায়নের সময় সাধারণত প্রত্নতাত্ত্বিক সম্পদের কিছু সমস্যা ছাড়া অন্য কোনো প্রকার সমস্যা দেখা যায় না: যেসব নির্ণায়ক পুরনের জন্য স্বাতন্ত্র্য বা দৃষ্টান্তমূলক বৈশিষ্ট্য থাকা প্রয়োজন ঐসব মানদণ্ডের ফলে নির্মাণশৈলীগত দিক থেকে নিখুঁত হওয়া, স্মৃতিস্তম্ভগত আকর্ষণ এবং কোনো কোনো সময় এগুলির গুরুত্বপূর্ণ ঐতিহাসিক সংযোগের কারণে উল্লেখযোগ্য কিছু ভবন নির্বাচিত হয়ে থাকে। শহরের প্রত্নতাত্ত্বিক স্থানগুলি মৌলিক ইউনিট হিসেবে তালিকাভুক্ত হওয়া গুরুত্বপূর্ণ। বিলুপ্ত হয়ে গেছে এমন স্মৃতিস্তম্ভ-গুচ্ছ বা ছোট ছোট ভবনশ্রেণিগুলো কোনো শহরের

[২৩] এই ভাষ্যটি ১৯৮৪ সালের ৫-৭ সেপ্টেম্বর ইকমস আয়োজিত ঐতিহাসিক শহর নিয়ে বিশেষজ্ঞদের পরামর্শ সভার সিদ্ধান্তসমূহ কমিটির ৮ম অধিবেশনে (বুয়েনস্ আয়ার্স, ১৯৮৪) কমিটি কর্তৃক আলোচনার পর *বাস্তবায়ন নির্দেশিকার* জানুয়ারি ১৯৮৭ সংস্করণে অন্তর্ভুক্ত হয়।

বহুমাত্রিক ও জটিল কার্যকারিতার নিদর্শন হিসেবে উপস্থাপনের জন্য যথেষ্ট নয়; এ ধরনের শহরগুলির ধ্বংসাবশেষ যখনই সম্ভব শহরের প্রাকৃতিক পরিবেশসহ সম্পূর্ণরূপে সংরক্ষরণ করতে হবে।

### (ii) যেসব ঐতিহাসিক শহরে এখনো জনবসতি রয়েছে

যেসব ঐতিহাসিক শহরে এখনো জনবসতি রয়েছে ঐসব শহরের ক্ষেত্রে অজস্র সমস্যার সম্মুখীন হতে হয়, এর প্রধান কারণ শহরগুলির নানা ধরনের শহুরে কাঠামো (যার বেশির ভাগই শিল্প যুগের সূচনালগ্ন থেকে মারাত্মকভাবে ব্যাহত ও ধ্বংসপ্রাপ্ত হয়েছে) ও নগরায়নের অসম্ভব দ্রুত গতি, যার ফলে শহরের আশপাশ অতি দ্রুত শহরে পরিণত হয়েছে। তালিকাভুক্তির উপযুক্ত বিবেচিত হওয়ার জন্য শহরগুলির উচিত স্থাপত্যশৈলীর বিচারে তাদের স্বীকৃতি আদায় করা এবং অতীতের কোনো একসময় বুদ্ধিবৃত্তিক চর্চার স্থান হিসেবে ভূমিকা রাখার কারণে কিংবা বিশ্ব ঐতিহ্য তালিকায় সাংস্কৃতিক সম্পদ অন্তর্ভুক্তির নির্ধারিত মানদণ্ডের অধীনে (vi) ঐতিহাসিক নিদর্শনের গুণমানের বিচারে শহরগুলি তালিকাভুক্তির উপযুক্ত বলে বিবেচিত হওয়া উচিত নয় (*বাস্তবায়ন নির্দেশিকার* অনুচ্ছেদ ৭৭ (vi) দেখুন)। তালিকায় অন্তর্ভুক্তির উপযুক্ত হওয়ার জন্য কোনো ভবনশ্রেণির ত্রিমাত্রিক বিন্যাস, কাঠামো, উপকরণ, গঠন এবং, যেখানেই সম্ভব, কার্যকারিতার ভেতর দিয়ে অবশ্যই সভ্যতা বা সভ্যতার ধারাবাহিকতার প্রতিফলন ঘটতে হবে যার কারণে ঐ সম্পদের মনোনয়ন সম্পন্ন করা হয়েছে। এক্ষেত্রে চারটি শ্রেণি উল্লেখ করা যায়:

ক) যেসব শহর কোনো নির্দিষ্ট সময় বা সংস্কৃতির প্রতিনিধিত্বমূলক বৈশিষ্ট্য তুলে ধরে, এবং এসব বৈশিষ্ট্য প্রায় সম্পূর্ণরূপে সংরক্ষিত এবং পরবর্তী সময়ের যে-কোনো উন্নয়নের পরও অনেকটা অবিকৃত অবস্থাতেই রয়েছে। এখানে তালিকাভুক্তির জন্য অপেক্ষমান সম্পদটি হচ্ছে শহরের চারপাশসহ সম্পূর্ণ শহর, সুতরাং শহরের চারপাশও অবশ্যই সুরক্ষিত রাখতে হবে;

খ) যেসব শহর সুনির্দিষ্ট বৈশিষ্ট্যসূচক নকশায় বিকশিত হয়েছে এবং মাঝে মাঝে ব্যতিক্রমী প্রাকৃতিক পারিপার্শ্বিকতার মধ্যেও এর ত্রিমাত্রিক বিন্যাস ও কাঠামো সংরক্ষণে সক্ষম হয়েছে যা শহরটির ইতিহাসের ধারাবাহিক পর্যায়ের পরিচয় তুলে ধরে। এখানে পরিষ্কারভাবে বর্ণিত ঐতিহাসিক অংশটুকু সমসাময়িক পরিবেশের চেয়ে অগ্রাধিকার পেয়ে থাকে;

গ) "ঐতিহাসিক কেন্দ্রসমূহ" যা ঠিক প্রাচীন শহরগুলোর মতোই একই এলাকার প্রতিনিধিত্ব করে এবং বর্তমানে আধুনিক শহর দ্বারা বেষ্টিত। এখানে সম্পদটির সর্বাধিক ঐতিহাসিক মাত্রার সঠিক সীমা নির্ধারণ করা এবং শহরগুলোর অব্যবহিত পরিপার্শ্বের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন;

ঘ) সেক্টর, এলাকা বা বিচ্ছিন্ন ইউনিট যা, এমনকি যে ধরনের ধ্বংসাবশেষ অবস্থার মধ্যে সেগুলি টিকে আছে সেই ধ্বংসাবশেষ অবস্থাতেই, বিলুপ্ত কোনো ঐতিহাসিক শহরের বৈশিষ্ট্যের পরিষ্কার প্রমাণ তুলে ধরে। এইসব ক্ষেত্রে, টিকে থাকা এলাকা ও ভবনসমূহ যাতে সামগ্রিকভাবে পর্যাপ্ত সাক্ষ্য বহন করে তা দেখা উচিত।

ঐতিহাসিক কেন্দ্র ও ঐতিহাসিক কোনো এলাকা কেবল তখনই তালিকাভুক্ত করা উচিত যখন তার মধ্যে এমন কিছু গুরুত্বপূর্ণ স্মারক ভবনশ্রেণি থাকবে যা ব্যতিক্রমী ও আকর্ষণীয় শহরের বৈশিষ্ট্য হিসেবে স্বীকৃত হতে পারে। কতগুলি বিচ্ছিন্ন ও পরস্পর সম্পর্কহীন ভবনশ্রেণি মিলে আপাত দৃষ্টিতে একটি শহরের রূপ পরিগ্রহ করলেও তার শহুরে কাঠামোটি যদি দৃশ্যমান না হয়ে থাকে, তাহলে এ ধরনের কোনো শহরের মনোনয়ন উৎসাহিত করা হবে না।

তবে যেসব সম্পদ সীমিত কিছু জায়গা জুড়ে আছে কিন্তু নগর পরিকল্পনার ইতিহাসের ওপর বড় ধরনের কোনো প্রভাব ফেলেছে ঐসব সম্পদের মনোনয়ন উপস্থাপন করা যাবে। এক্ষেত্রে, মনোনয়নপত্রে এটা পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে যে, কেবল স্মারক ভবনশ্রেণির তালিকাভুক্তির জন্যই আবেদনটি করা হচ্ছে এবং যে শহরে সম্পদটি অবস্থিত তা শুধু স্থানের নাম হিসেবেই ঘটনাক্রমে উল্লেখ করা হচ্ছে। অনুরূপভাবে, পরিষ্কার প্রতীয়মান অনন্য বৈশ্বিক মানসম্পন্ন কোনো ভবনের যদি মারাত্মক কোনো অবক্ষয় বা নগরের অপর্যাপ্ত পরিপার্শ্বের মধ্যে অবস্থিত হয়ে থাকে তাহলে ঐ শহরের কোনো বিশেষ উল্লেখ না করেও তা তালিকাভুক্ত করা যেতে পারে।

### (iii) বিংশ শতাব্দির নতুন শহর

বিংশ শতাব্দির নতুন শহরগুলির গুণমান নিরূপণ করা কঠিন। কেবল ইতিহাসই বলতে পারে কোন শহরটি সমসাময়িক নগর পরিকল্পনার সবচেয়ে ভালো উদাহরণ হিসেবে কাজ করবে। এইসব শহর-নগরের নথিপত্রের পরীক্ষা-নিরীক্ষা– ব্যতিক্রম কিছু পরিস্থিতি ছাড়া– বিলম্বে সম্পাদন করা উচিত।

বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য সন্তোষজনক ও একেবারে পরিপূর্ণ তথ্য ও নথিপত্রাদি যেসব বড় বড় মহানগরগুলির ব্যাপারে তাৎক্ষণিকভাবে উপস্থাপন করা যায় না সেগুলি বাদ দিয়ে বরং ছোট বা

মাঝারি ঐসব শহর এলাকাকে অগ্রাধিকার দেওয়া উচিত যেসব এলাকা নিজেরাই তাদের সম্ভাব্য বৃদ্ধির ব্যবস্থাপনা চালিয়ে নিতে পারে।

বিশ্ব ঐতিহ্য তালিকায় কোনো শহরের অন্তর্ভুক্তির ফলে ভবিষ্যতে তার ওপর বিভিন্ন ধরনের প্রভাব পড়তে পারে– এ কারণে এ ধরনের তথ্যাদি উপস্থাপন বিশেষ গুরুত্ব বহন করে। তালিকায় এ ধরনের কোনো সম্পদ অন্তর্ভুক্ত হওয়া মানে ভবনশ্রেণি এবং এর পরিবেশের সুরক্ষা নিশ্চিত করার জন্য ইতোমধ্যেই প্রয়োজনীয় আইনগত ও প্রশাসনিক পদক্ষেপ গৃহীত হওয়া। সংশ্লিষ্ট জনসাধারণের জ্ঞাত সচেতনতা অত্যাবশ্যক, যাদের সক্রিয় অংশগ্রহণ ছাড়া যে কোনো সংরক্ষণ প্রকল্প অবাস্তব হিসেবে পরিগণিত হতে পারে।

### ঐতিহ্যবাহী খালসমূহ

১৬. ঐতিহ্যবাহী খাল বিষয়ক বিশেষজ্ঞ সভার প্রতিবেদনে “খাল” সম্পর্কিত ধারণাটি বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে (কানাডা, সেপ্টেম্বর ১৯৯৪)[২৪]।

### সংজ্ঞা

১৭. খাল হচ্ছে মানুষের প্রকৌশল উপায়ে তৈরি জলপথ। ইতিহাস কিংবা প্রযুক্তির দৃষ্টিকোণ থেকে এই খালও– হয় প্রকৃতিগত কারণে, অথবা এই শ্রেণির সাংস্কৃতিক সম্পদের প্রতিনিধিত্বকারী ব্যতিক্রমী উদাহরণ হিসেবে– অনন্য বৈশ্বিক মানের হতে পারে। খাল একটি স্মারক কর্ম হতে পারে, কোনো সরলরৈখিক সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যও হতে পারে, অথবা হতে পারে কোনো জটিল সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের অবিচ্ছেদ্য উপাদানও।

### বিশ্ব ঐতিহ্য তালিকায় ঐতিহ্যবাহী খাল অন্তর্ভুক্তিকরণ

১৮. কোনো ঐতিহ্যের মান বা মানসমূহের মধ্যেকার সম্পর্কের ওপর ঐতিহ্যটির প্রামানিকতা নির্ভর করে। ঐতিহ্য উপাদান হিসেবে খালের একটি বিশেষ বৈশিষ্ট্য হলো কালপরিক্রমায় এর বিবর্তন। খালটি বিভিন্ন সময়ে কীভাবে ব্যবহৃত হয়েছে এবং এটি সংশ্লিষ্ট কী কী প্রযুক্তিগত পরিবর্তনের মধ্যে দিয়ে গেছে– এই সবকিছুর সাথে বিবর্তনের ব্যাপারটি সম্পর্কিত। এইসব পরিবর্তনের মাত্রাই একটি ঐতিহ্যের উপাদান গঠন করে থাকে।

১৯. একটি খালের প্রামানিকতা ও ঐতিহাসিক ব্যাখ্যা-বিশ্লেষণে থাকে প্রকৃত সম্পদ (*সনদের* বিষয়), সম্ভাব্য স্থানান্তরযোগ্য সম্পদ (নৌকা ও অস্থায়ী নৌ সরঞ্জামাদি) এবং এগুলির সাথে সংশ্লিষ্ট কাঠামো (যেমন, সেতু) ও ভূ-দৃশ্যের মধ্যেকার সংযোগ।

২০. নিম্নে বর্ণিত প্রযুক্তিগত, অর্থনৈতিক, সামাজিক ও ভূ-দৃশ্যগত উপাদানসমূহের আওতায় খালের তাৎপর্য পরীক্ষা-নিরীক্ষা করা যেতে পারে:

**(i) প্রযুক্তি**

সেচ, নৌচলাচল, প্রতিরক্ষা, জলবিদ্যুৎ, বন্যা নিয়ন্ত্রণ, ভূ-মধ্য নর্দমাব্যবস্থা বা পানি নিষ্কাষণ ব্যবস্থা ও পানি সরবরাহ। প্রযুক্তির নিম্নলিখিত দিকগুলো গুরুত্বপূর্ণ বিবেচিত হতে পারে:

- ক) জলপথ তৈরি ও পানি-প্রতিরোধ ব্যবস্থা;
- খ) অন্যান্য স্থাপত্য ও প্রযুক্তির বিভিন্ন কাঠামোর তুলনামূলক বৈশিষ্ট্য সম্পর্কিত জলপথের বিভিন্ন প্রকৌশলগত কাঠামো;
- গ) নির্মাণ পদ্ধতিতে অত্যাধুনিকতার বিকাশ; এবং
- ঘ) প্রযুক্তি স্থানান্তর।

**(ii) অর্থনীতি**

বিভিন্ন উপায়ে খাল অর্থনীতিতে অবদান রাখতে পারে, যেমন– অর্থনৈতিক উন্নয়ন এবং মালামাল ও যাত্রী পরিবহনের ক্ষেত্রে। খাল হচ্ছে বৃহৎ বৃহৎ কার্গোর কার্যকর পরিবহনে মানুষের তৈরি প্রথম গমনপথ। সেচের জন্য খাল ব্যবহার অর্থনৈতিক উন্নয়নে প্রধান ভূমিকা পালন করেছে এবং করছে। এক্ষেত্রে নিম্নলিখিত উপাদানগুলো গুরুত্বপূর্ণ:

[২৪] বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক কমিটির ১৯তম অধিবেশনে (বার্লিন, জার্মানি, ১৯৯৫) (*WHC-95/CONF.203/16* ডকুমেন্ট দেখুন) আলোচিত “ঐতিহ্যবাহী খাল” বিষয়ক বিশেষজ্ঞ সভা (কানাডা, ১৫-১৯ সেপ্টেম্বর ১৯৯৪) (*WHC-94/CONF.003/INF.10* ডকুমেন্ট দেখুন)।

ক) জাতি গঠন;

খ) কৃষি উন্নয়ন;

গ) শিল্প উন্নয়ন;

ঘ) সম্পদ সৃষ্টি;

ঙ) অন্যান্য ক্ষেত্র শিল্পক্ষেত্রে ব্যবহৃত প্রকৌশলগত দক্ষতা; এবং

চ) পর্যটন।

**(iii) সামাজিক উপাদানসমূহ**

খাল নির্মাণের সমাজব্যবস্থায় পরিবর্তন ঘটেছে এবং খাল পরিচালনার ফলে এখনো সমাজজীবনের ওপর প্রবাব পড়ছে:

ক) সামাজিক ও সাংস্কৃতিক ফলাফলসহ সম্পদের পুনঃবণ্টন; এবং

খ) মানুষের যাতায়াত এবং বিভিন্ন সাংস্কৃতিক গোষ্ঠীর মিথস্ক্রিয়া।

**(iv) ভূ-দৃশ্য**

এ ধরনের বড় মাপের বিভিন্ন প্রকৌশল কর্মের ফলে প্রাকৃতিক ভূ-দৃশ্যের ওপরও ব্যাপক প্রভাব পড়েছে এবং এখনো পড়ছে। সংশ্লিষ্ট শিল্প কার্যাবলি এবং বসতিনির্মাণের পরিবর্তনশীল নানা রীতির ফলে ভূ-দৃশের গঠন ও রীতিতে দৃশ্যমান নানা পরিবর্তন সংঘটিত হয়।

**ঐতিহ্যবাহী গমনপথ**

২১. "আমাদের সাংস্কৃতিক ঐতিহ্যের অংশ হিসেবে বিভিন্ন গমনপথ" শীর্ষক বিশেষজ্ঞ পর্যায়ের আলোচনায় "গমনপথ" বা সাংস্কৃতিক পথপরিকল্পনা নিয়ে আলোচনা করা হয় (মাদ্রিদ, স্পেন, নভেম্বর ১৯৯৪)[২৫]।

**সংজ্ঞা**

২২. ঐতিহ্যবাহী গমনপথ-এর ধারণাকে একটি সমৃদ্ধ ও উর্বর ধারণা হিসেবে প্রদর্শন করা হয়েছে এবং এ বিষয়ে একটি কর্মকাঠামোও প্রণীত হয়েছে যেখানে পারস্পরিক বোঝাপড়া, ইতিহাস বিষয়ে বহুজাতিক কৌশল ও শান্তির সংস্কৃতি– ইত্যাদি সবই কাজ করতে পারে।

২৩. একটি ঐতিহ্যবাহী গমনপথ কিছু মূর্ত উপাদান নিয়ে গঠিত যার সাংস্কৃতিক গুরুত্ব উঠে আসে দেশ ও অঞ্চলসমূহের মধ্যে নানা আদান-প্রদান ও একটি বহু-মাত্রিক সংলাপের মাধ্যমে, আর এভাবেই স্থান ও সময়ের বিচারে গমনপথটি ধরে মানুষের চলাচল ও মিথস্ক্রিয়ার চিত্র ফুটে ওঠে।

**বিশ্ব ঐতিহ্য তালিকায় ঐতিহ্যবাহী গমনপথ অন্তর্ভুক্তিকরণ**

২৪. কোনো ঐতিহ্যবাহী গমনপথ বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির উপযুক্ত কিনা তা নির্ধারণের সময় নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করতে হবে:

(i) অনন্য বৈশ্বিক মান ধারণের আবশ্যকতা মনে রাখতে হবে।

(ii) ঐতিহ্যবাহী গমনপথ সম্পর্কিত ধারণাটি–

- মানুষের চলাচলের গতি এবং স্থান ও সময়ের **অব্যাহত অভিযাত্রা**-সহ আদান-প্রদান বিষয়ক জ্ঞানের ওপর প্রতিষ্ঠিত;
- একটি **সামগ্রিকতা**-কে নির্দেশ করে, যেখানে গমনপথের মূল্য যেসব উপাদানে গমনপথটি তৈরি হয়েছে তার সমষ্টির মূল্যের তুলনায় অনেক বেশি এবং এর মাধ্যমেই গমনপথটি তার সাংস্কৃতিক গুরুত্ব অর্জন করে থাকে;
- বিভিন্ন **দেশ বা অঞ্চলের মধ্যে** আদান-প্রদান ও সংলাপের গুরুত্ব তুলে ধরে;

---

[২৫] বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক কমিটির ১৯তম অধিবেশনে (বার্লিন, জার্মানি, ১৯৯৫) (*WHC-95/CONF.203/16* ডকুমেন্ট দেখুন) আলোচিত "আমাদের সাংস্কৃতিক অংশ হিসেবে গমনপথ" বিষয়ক বিশেষজ্ঞ সভা (কানাডা, ১৫-১৯ সেপ্টেম্বর ১৯৯৪) (*WHC-94/CONF.003/INF.10* ডকুমেন্ট দেখুন)।

- **বহু-মাত্রিক**, এর প্রধান উদ্দেশ্যের সাথে বিকাশমান ও ইতোমধ্যে যুক্ত বিভিন্ন বিষয়সহ, যেমন– ধর্মীয়, বাণিজ্যিক, প্রশাসনিক বা অন্য যে কোনো বিষয় হতে পারে।

(iii) কোনো ঐতিহ্যবাহী গমনপথ একটি সুনির্দিষ্ট, গতিশীল প্রকারের সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ হিসেবে বিবেচিত হতে পারে, ঠিক যেমনটি এই *বাস্তবায়ন নির্দেশিকার* আওতায় সাম্প্রতিক কিছু আলোচনা-সমালোচনার ফলে এ বিষয়টি গ্রহণযোগ্যতা পেয়েছে।

(iv) কোনো ঐতিহ্যবাহী গমনপথ সনাক্তকরণের বিষয়টি শক্তি-সামর্থ্য ও দৃঢ়তা, মূর্ত উপাদান, গমনপথটির গুরুত্বের সত্যায়ন ইত্যাদির ওপর নির্ভর করে।

(v) ঐতিহ্যবাহী গমনপথটির গুরুত্বের কারণ ও অন্যান্য যেসব উপাদানে এটি তৈরি – এই সবকিছুর ক্ষেত্রে প্রামানিকতা সংক্রান্ত শর্তগুলো প্রয়োগ করতে হবে। এক্ষেত্রে গমনপথের সময়কাল এবং হয়তবা গমনপথ হিসেবে এটিকে আজকাল কী পরিমাণ ব্যবহার করা হচ্ছে, এবং এর পাশাপাশি ক্ষতিগ্রস্ত মানুষগুলোর উন্নয়নের জন্য আইনসঙ্গত অভিপ্রায় বিবেচনায় নিতে হবে।

গমনপথের প্রাকৃতিক কর্মকাঠামো এবং এর বিমূর্ত ও প্রতীকী মাত্রিকতার আওতায় এই বিষয়গুলি বিবেচনা করতে হবে।

## ২। আঞ্চলিক ও বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ পর্যায়ের বিভিন্ন সভার প্রতিদেন

২৫. বিশ্ব ঐতিহ্য কমিটি একটি প্রতিনিধিত্বমূলক, সুষম ও বিশ্বাসযোগ্য বিশ্ব ঐতিহ্য তালিকার জন্য বৈশ্বিক কৌশলের কর্মকাঠামোর আওতায় বিভিন্ন ধরনের সম্পদ বিষয়ে বিশেষজ্ঞ পর্যায়ের আঞ্চলিক ও বিষয়ভিত্তিক সভা আহ্বান করেছে। এইসব সভার ফলাফল রাষ্ট্রপক্ষগুলির মনোনয়ন তৈরির ক্ষেত্রে দিকনির্দেশনা হিসেবে কাজ করতে পারে। বিশ্ব ঐতিহ্য কমিটির নিকট উপস্থাপিত বিশেষজ্ঞ পর্যায়ের বিভিন্ন সভার প্রতিবেদন এখানে পাওয়া যাবে: https://whc.unesco.org/en/globalstrategy

## ৩। উপদেষ্টা সংস্থা-সমূহের বিভিন্ন বিষয়ভিত্তিক ও তুলনামূলক সমীক্ষা

**২৬.** বিভিন্ন সাংস্কৃতিক ও প্রাকৃতিক সম্পদের মনোনয়ন মূল্যায়নে উপদেষ্টা সংস্থা-সমূহের বাধ্যবাধকতা পূরণের লক্ষ্যে সংস্থাগুলি তাদের মূল্যায়নের প্রেক্ষাপট তুলে ধরার জন্য বেশির ভাগ ক্ষেত্রেই বিভিন্ন সহযোগী সংগঠনের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে নানা বিষয়ে তুলনামূলক ও বিষয়ভিত্তিক সমীক্ষা পরিচালনা করেছে।

এই প্রতিবদেনগুলির মধ্যে রয়েছে (যাদের অধিকাংশই প্রতিবেদন-সংশ্লিষ্ট ওয়েব ঠিকানায় পাওয়া যাবে):

পৃথিবীর ভৌগোলিক ইতিহাস – বিশ্বের ঐতিহ্যপূর্ণ জীবাস্ম সাইট সম্পর্কিত মনোনয়ন মূল্যায়নের একটি প্রাসঙ্গিক কর্মকাঠামো (সেপ্টেম্বর ১৯৯৬) (Earth's Geological History - A Contextual Framework for Assessment of World Heritage Fossil Site Nominations) (September 1997))।

আন্তর্জাতিক স্মারক খালসমূহের তালিকা (১৯৯৬) (International Canal Monuments List (1996))
http://www.icomos.org/studies/canals-toc.htm

বিশ্বের ঐতিহ্যপূর্ণ সেতুসমূহ (১৯৯৬) (World Heritage Bridges (1996))
http://www.icomos.org/studies/bridges.htm

বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সুরক্ষিত বিভিন্ন বনএলাকার বৈশ্বিক সারসংক্ষেপ (সেপ্টেম্বর ১৯৯৭) (A Global Overview of Forest Protected Areas on the World Heritage List (September 1997))
http://www.unep-wcmc.org/wh/reviews/forests/

বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত সুরক্ষিত বিভিন্ন সমুদ্রএলাকার বৈশ্বিক সারসংক্ষেপ (সেপ্টেম্বর ১৯৯৭) A Global Overview of Wetland and Marine Protected Areas on the World Heritage List (September 1997)
http://www.unep-wcmc.org/wh/reviews/wetlands/

মানুষ কর্তৃক বিশ্বের ঐতিহ্যবাহী প্রাকৃতিক সাইটগুলির ব্যবহার (সেপ্টেম্বর ১৯৯৭) Human Use of World Heritage Natural Sites (September 1997) http://www.unep-wcmc.org/wh/reviews/human/

ফসিল হমিনিড সাইটসমূহ (১৯৯৭) (Fossil Hominid Sites (1997))
http://www.icomos.org/studies/hominid.htm

লাতিন আমেরিকার শহুরে স্থাপত্য ঐতিহ্য (১৯৯৮) (The Urban Architectural Heritage of Latin America (1998))
http://www.icomos.org/studies/latin-towns.htm

প্রাচীন থিয়েটার ও অ্যাম্ফি থিয়েটার (১৯৯৯) (Les Théâtres et les Amphithéâtres antiques (1999))
http://www.icomos.org/studies/theatres.htm

বিশ্ব ঐতিহ্য সাইট হিসেবে রেলপথ (Railways as World Heritage Sites (1999))
http://www.icomos.org/studies/railways.htm

বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত জীববৈচিত্র্যের বিশেষ গুরুত্বসম্পন্ন বিভিন্ন সুরক্ষিত এলাকার বৈশ্বিক সারসংক্ষেপ (সেপ্টেম্বর ১৯৯৭) (A Global Overview of Protected Areas on the World Heritage List of Particular Importance for Biodiversity (November 2000)) http://www.unep-wcmc.org/wh/reviews/

শিল্পের ঐতিহ্য-উপাদান হিসেবে শ্রমিকদের গ্রাম (Les villages ouvriers comme éléments du patrimoine de l'industrie (2001)) http://www.icomos.org/studies/villages-ouvriers.htm

ভূতত্ত্ববিষয়ক বিশ্ব ঐতিহ্যের জন্য একটি বৈশ্বিক কৌশল (ফেব্রুয়ারি ২০০২) (A Global Strategy for Geological World Heritage (February 2002)) (Rock-Art Sites of Southern Africa (2002))
http://www.icomos.org/studies/sarockart.htm

United Nations Educational, Scientific and Cultural Organization · World Heritage Convention

# *বিশ্ব ঐতিহ্য সনদ* সম্পর্কিত প্রামানিকতা

## পরিচিতি

এই পরিশিষ্টে **১৯৯৪** সালের **১**-৬ নভেম্বর জাপানের নারায় অনুষ্ঠিত '*বিশ্ব ঐতিহ্য সনদ* সম্পর্কিত প্রামানিকতা' শীর্ষক নারা কনফারেন্সের ৪৫ জন অংশগ্রহণকারী কর্তৃক খসড়া হিসেবে প্রণীত 'প্রামানিকতার নারা ডকুমেন্ট'-টি হুবহু তুলে ধরা হয়েছে। নারা কনফারেন্সটি ইউনেস্কো, ইকরম এবং ইকমস-এর সহযোগিতায় অনুষ্ঠিত হয়।

বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক কমিটির **১৮**তম অধিবেশনে প্রামানিকতা সম্পর্কিত নারা সভার প্রতিবেদনটি পরীক্ষা-নিরীক্ষা করা হয় (ফুকেট, থাইল্যান্ড, **১৯৯৪**) (WHC-94/CONF.003/16 ডকুমেন্ট দেখুন)।

পরবর্তী সময়ে বিশেষজ্ঞ পর্যায়ের বিভিন্ন সভায় বিশ্ব ঐতিহ্য সনদ সম্পর্কিত প্রামানিকতার ধারণাটি সমৃদ্ধ হয় (*বাস্তবায়ন নির্দেশিকার* গ্রন্থপঞ্জী দেখুন)।

## ১। প্রামানিকতা সম্পর্কিত নারা ডকুমেন্ট

*মুখবন্ধ*

১. *আমরা, জাপানের নারায় একত্রিত বিশেষজ্ঞগণ, সময়োচিত এই ফোরাম আয়োজনে জাপান কর্তৃপক্ষের উদার মনোভাব ও বুদ্ধিবৃত্তিক সাহসিকতার প্রতি কৃতজ্ঞতা স্বীকার করতে চাই, যে ফোরামে সংরক্ষণ ক্ষেত্রে প্রচলিত চিন্তাভাবনাকে আমরা চ্যালেঞ্জ করতে পেরেছি, এবং সংরক্ষণ অনুশীলনের ক্ষেত্রে সাংস্কৃতিক ও এতিহ্যগত বৈচিত্র্যের প্রতি বৃহত্তর সম্মান বয়ে আনার জন্য আমাদের দিগন্তকে আরও প্রসারিত করার পন্থা ও উপায় নিয়ে বিতর্ক করতে পেরেছি।*

২. *আমরা, বিভিন্ন উপায়ে প্রামানিকতার পরীক্ষা প্রয়োগের ক্ষেত্রে বিশ্ব ঐতিহ্য কমিটির ইচ্ছায় প্রদত্ত আলোচনা সংক্রান্ত কর্মকাঠামোর মূল্য স্বীকার করতে চাই, যা বিশ্ব ঐতিহ্য তালিকার জন্য প্রস্তাবিত সাংস্কৃতিক সম্পদগুলোর অনন্য বৈশ্বিক মান পরীক্ষার সময় সকল সমাজের সামাজিক ও সাংস্কৃতিক মূল্যবোধের প্রতি পূর্ণ সম্মান প্রদর্শন করে।*

৩. *প্রামানিকতা সম্পর্কিত নারা ডকুমেন্টটি ১৯৬৪ সালের চার্টার অব ভেনিস-এর নৈতিক সমর্থনের প্রেক্ষিতে গৃহীত হয়েছে এবং আমাদের সমসাময়িক বিশ্বে সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কিত উদ্বেগ ও আগ্রহের ক্রমসম্প্রসারণশীল সুযোগের পরিপ্রেক্ষিতে এটি সমৃদ্ধ ও সম্প্রসারিত হচ্ছে।*

৪. *বিশ্ব যখন ক্রমবর্ধমান বিশ্বায়ন ও সমজাতিকীকরণ শক্তিগুলোর অধীন হয়ে পড়ছে, যেখানে কখনও কখনও আক্রমণাত্মক বা আগ্রাসী জাতীয়তাবাদের মাধ্যমে এবং সংখ্যালঘুদের সংস্কৃতি অবদমিত করে সাংস্কৃতিক পরিচয়ের স্বীকৃতি পাওয়ার চেষ্টা করা হচ্ছে, এমন একটি বিশ্বে সংরক্ষণ অনুশীলনের ক্ষেত্রে প্রামানিকতা নিরূপণের আবশ্যকীয় উদ্যোগ মানবতার সম্মিলিত স্মৃতিকে পরিষ্কার ও আলোকিত করার লক্ষ্যেই গৃহীত হচ্ছে।*

### *সাংস্কৃতিক বৈচিত্র্য ও ঐতিহ্যগত বৈচিত্র্য*

৫. *আমাদের বিশ্বে সাংস্কৃতিক ও ঐতিহ্যগত বৈচিত্র্য সকল মানবতার জন্য আত্মিক ও বুদ্ধিবৃত্তিক সমৃদ্ধির অপ্রতিস্থাপনীয় উৎসই বটে। আমাদের বিশ্বে সাংস্কৃতিক ও ঐতিহ্যগত বৈচিত্র্যের সুরক্ষা ও উন্নয়নের বিষয়টি মানবতা বিকাশের আবশ্যকীয় দিক হিসেবে সক্রিয়ভাবে উন্নত করতে হবে।*

৬. *সাংস্কৃতিক বৈচিত্র্য সময় ও স্থান– এ দুটি উপাদানের মধ্যে বিদ্যমান থাকে। সাংস্কৃতিক বৈচিত্র্যের জন্য প্রয়োজন অন্যান্য সংস্কৃতির প্রতি সম্মান ও বিশ্বাস ব্যবস্থার প্রয়োজনীয় সকল দিক নিশ্চিত করা। সাংস্কৃতিক মূল্যবোধগুলো সংঘাতের সম্মুখীন হলে ঐ সকল ক্ষেত্রে সাংস্কৃতিক বৈচিত্র্যের প্রতি সম্মান প্রতিষ্ঠার জন্য সকল পক্ষের সাংস্কৃতিক মূল্যবোধের আইনগত স্বীকৃতি প্রয়োজন।*

৭. *সকল সংস্কৃতি ও সমাজের মূল ঐ সংস্কৃতি ও সমাজের মূর্ত ও বিমূর্ত প্রকাশভঙ্গির বিশেষ গঠন ও পন্থার মধ্যেই প্রোথিত, যার ফলে তাদের ঐতিহ্য নির্মিত হয়, আর এগুলিকেই সম্মান জানাতে হবে।*

৮. *এই মর্মে ইউনেস্কোর একটি মৌলিক মূলনীতি গ্রহণ করা গুরুত্বপূর্ণ যে, যে-কারো সাংস্কৃতিক ঐতিহ্য মানে সকলের সাংস্কৃতিক ঐতিহ্য। সাংস্কৃতিক ঐতিহ্য এবং এর ব্যবস্থাপনার দায়িত্ব প্রথমত ঐ কমিউনিটির যে-কমিউনিটি ঐতিহ্যটি সৃষ্টি করেছে, এবং এরপরই এর দায়িত্ব তাদের যারা এর পরিযত্ন করে থাকে।*

*তবে এসব দায়িত্ব ছাড়াও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের লক্ষ্যে বিকশিত আন্তর্জাতিক চার্টার ও সনদ মেনে চলার মাধ্যমে এসব চার্টার ও সনদ থেকে উৎসারিত মূলনীতি ও দায়িত্বসমূহ আইনগতভাবে পালনের বিষয় বিবেচনার ক্ষেত্রে বাধ্যবাধকতা তৈরি হয়। অন্যান্য সাংস্কৃতিক কমিউনিটির প্রয়োজনীয় বিষয়াদির সাথে নিজেদের প্রয়োজনীয় বিষয়াদির সমতা সৃষ্টি করা প্রত্যেক কমিউনিটির জন্য খুবই বাঞ্ছনীয়, তবে শর্ত থাকে হলো এ ধরনের সমতার কারণে যেন কারো মৌলিক সাংস্কৃতিক মূল্যবোধগুলো ক্ষুণ্ন না হয়।*

### *মূল্যবোধ ও প্রামানিকতা*

৯. *ঐতিহ্যের সকল রূপে এবং সকল ঐতিহাসিক সময়কালে সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের বিষয়টি ঐতিহ্যের মূল্যবোধগুলোর মধ্যেই দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত। এই মূল্যবোধগুলি বুঝতে পারার জন্য আমাদের সক্ষমতা আংশিকভাবে নির্ভর করে এইসব মূল্যবোধের তথ্যসূত্রগুলি কতটা বিশ্বাসযোগ্য বা সত্যনিষ্ঠ তার ওপর। সাংস্কৃতিক ঐতিহ্যের মূল ও পরবর্তী সকল বৈশিষ্ট্যের সাথে সম্পর্কিত এইসব তথ্যসূত্রের জ্ঞান ও বোধগম্যতা এবং এই সবকিছুর অর্থ, প্রামানিকতার সব দিক মূল্যায়ন করার জন্য একটি প্রয়োজনীয় ভিত্তি।*

১০. *এইভাবে বিবেচিত এবং চার্টার অব ভেনিসে উল্লিখিত 'প্রামানিকতা'– মূল্যবোধ সংক্রান্ত অপরিহার্য যোগ্যতার উপাদান হিসাবে উঠে এসেছে। প্রামানিকতা সম্পর্কিত বোধগম্যতা সাংস্কৃতিক ঐতিহ্যের সকল বৈজ্ঞানিক গবেষণা, সংরক্ষণ ও পুনঃস্থাপনের পরিকল্পনা, এবং বিশ্ব ঐতিহ্য সনদ ও অন্যান্য সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকাপত্রের জন্য ব্যবহৃত অন্তর্ভুক্তি বা তালিকাভুক্তি পদ্ধতিতে একটি মৌলিক ভূমিকা পালন করে থাকে।*

১১. *সাংস্কৃতিক সম্পদগুলির সাথে সম্পর্কিত মূল্যবোধের বিচার-বিশ্লেষণ এবং সংশ্লিষ্ট তথ্যসূত্রগুলোর বিশ্বাসযোগ্যতা ভিন্ন ভিন্ন সংস্কৃতির ক্ষেত্রে, এবং এমনকি একই সংস্কৃতির মধ্যেও, ভিন্ন ভিন্ন হতে পারে। এজন্য কোনো স্থায়ী নির্ণায়কসমূহের আওতায় মূল্যবোধ ও প্রামানিকতার বিচার-বিশ্লেষণকে ভিত্তি হিসাবে গ্রহণ করা সম্ভব নয়। বিপরীতক্রমে, সকল সংস্কৃতির প্রতি সম্মান প্রতিষ্ঠার জন্য ঐতিহ্যপূর্ণ সম্পদগুলিকে অবশ্যই তাদের স্ব স্ব প্রেক্ষাপটে বিচার-বিবেচনা করা উচিত।*

১২. *সুতরাং সর্বাধিক গুরুত্বপূর্ণ ও জরুরি বিষয় হলো প্রত্যেক সংস্কৃতির মধ্যে ঐতিহ্যের মূল্যবোধগুলির সুনির্দিষ্ট প্রকৃতি এবং সংশ্লিষ্ট তথ্যসূত্রগুলির বিশ্বাসযোগ্যতা ও সত্যনিষ্ঠতাকেই স্বীকৃতি দিতে হবে।*

১৩. *সাংস্কৃতিক ঐতিহ্যের প্রকৃতি, এর সাংস্কৃতিক প্রেক্ষাপটে এবং কালপরিক্রমায় এর বিবর্তনের উপর ভিত্তি করে প্রামানিকতার বিচার-বিশ্লেষণ বিভিন্ন ধরনের তথ্যসূত্রের মূল্যের সাথে সংযুক্ত করা যেতে পারে। তথ্যসূত্রের বিভিন্ন বিষয়ের মধ্যে তথ্যসূত্রের গঠন ও বিন্যাস, উপকরণ ও সম্পদ, ব্যবহার ও প্রয়োগ, ঐতিহ্য ও কলাকৌশল, অবস্থান ও পরিবেশ, এবং চেতনা ও অনুভূতিসহ অন্যান্য অভ্যন্তরীণ ও বাহ্যিক বিভিন্ন দিক অন্তর্ভুক্ত থাকতে পারে। এই তথ্যসূত্রগুলি ব্যবহার করলে পরীক্ষাধীন সাংস্কৃতিক ঐতিহ্যের সুনির্দিষ্ট শৈল্পিক, ঐতিহাসিক, সামাজিক ও বৈজ্ঞানিক মাত্রা বিশ্লেষণেরও অনুমতি পাওয়া যাবে।*

### পরিশিষ্ট ১: ফলো-আপ এর জন্য পরামর্শ

১. সাংস্কৃতিক বৈচিত্র্য ও ঐতিহ্যগত বৈচিত্র্যের প্রতি সম্মান প্রতিষ্ঠার জন্য বিশেষ কোনো স্মৃতিসৌধ ও সাইটের প্রামানিকতার সীমা নির্দেশ বা নির্ধারণের সময় কোনো আরোপিত অধিযন্ত্রবাদমূলক সূত্র বা মেকানিস্টিক ফরমুলা কিংবা স্ট্যান্ডার্ডাইজড্ প্রসিডিউয়ার বা গুণমান প্রমিতকরণ কার্যপদ্ধতির প্রয়োগ থেকে বিরত থাকার জন্য সচেতনভাবে কর্মপ্রচেষ্টা গ্রহণ করা প্রয়োজন।

২. সাংস্কৃতিক বৈচিত্র্য ও ঐতিহ্যগত বৈচিত্র্যের প্রতি সম্মান বজায় রেখে এগুলির প্রামানিকতা যাচাইয়ের কর্মপ্রচেষ্টার জন্য প্রয়োজন এমন কিছু পন্থা যা সংশ্লিষ্ট ঐতিহ্যের প্রকৃতি ও চাহিদার জন্য সুনির্দিষ্ট বিশ্লেষণমূলক প্রক্রিয়া ও সরঞ্জামাদি উন্নয়নে ঐ সংস্কৃতিকে উৎসাহিত করে। এসব পন্থার মধ্যে কয়েকটি অভিন্ন দিক থাকতে পারে:

- প্রামানিকতা মূল্যায়ন নিশ্চিত করার জন্য প্রয়োজন বহুশৃঙ্খলামূলক সহযোগিতা এবং বিদ্যমান সকল দক্ষতা ও বিশেষজ্ঞ জ্ঞানের সঠিক ব্যবহার;

- কোনো সংস্কৃতির মান বা মূল্যবোধকে সত্যিকার অর্থে ঐ সংস্কৃতি ও তার আকর্ষণীয় দিকগুলোর বৈচিত্র্যের, বিশেষ করে স্মৃতিস্তম্ভ ও সাইটগুলির প্রতিনিধিত্বমূলক হিসাবে নিশ্চিত করার কর্মপ্রয়াস;

- ভবিষ্যৎ পরিযত্ন ও পরিবীক্ষণের জন্য একটি বাস্তব নীতিমালা হিসাবে স্মৃতিস্তম্ভ ও সাইটগুলির প্রামানিকতার বিশেষ প্রকৃতি পরিষ্কারভাবে নথিভুক্ত করার কর্মপ্রচেষ্টা;

- পরিবর্তনশীল মান বা মূল্যবোধ ও পরিস্থিতির আলোকে প্রামানিকতা মূল্যায়ন হালনাগাদকরণের কর্মপ্রয়াস।

৩. ঐতিহ্যের মান বা মূল্যবোধকে যেন সম্মান দেখানো হয় তা নিশ্চিত করা, এবং মান বা মূল্যবোধ নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণের সময় যতদূর সম্ভব একটি বহুশৃঙ্খলামূলক সহমত ও কমিউনিটির ঐকমত্য তৈরির প্রয়াস যেন থাকে নিশ্চিত করার বিভিন্ন উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

৪. এসব কৌশলের মাধ্যমে প্রতিটি সংস্কৃতির বৈচিত্র্যপূর্ণ প্রকাশ বা অভিব্যক্তি এবং মান বা মূল্যবোধের জন্য বিশ্বজনীন সম্মান ও সহমত উন্নয়নের লক্ষ্যে সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে আগ্রহী সকলের জন্য আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও সহায়তা প্রদান করতে হবে।

৫. মানবতার সাধারণ ঐতিহ্য সংরক্ষণে প্রামানিকতা বিবেচনার বাস্তব মান বৃদ্ধির ক্ষেত্রে পূর্বশর্ত হচ্ছে এই সংলাপ বিশ্বের বিভিন্ন অঞ্চলে বিভিন্ন সংস্কৃতির জন্য অব্যাহত রাখা এবং সম্প্রসারণ করা।

৬. অতীতের ধ্বংসাবশেষ বা অতীত অস্তিত্ব সুরক্ষার জন্য কিছু সুনির্দিষ্ট ব্যবস্থার বিষয়ে সিদ্ধান্তে পৌঁছার লক্ষ্যে ঐতিহ্যের এই মৌলিক মাত্রা সম্পর্কে জনসাধারণের মধ্যে ক্রমবর্ধিষ্ণু সচেতনতা সৃষ্টি বিশেষভাবে প্রয়োজনীয়। এর অর্থ হলো সাংস্কৃতিক সম্পদগুলির নিজস্ব মান বা মূল্যবোধ সম্পর্কে বৃহত্তর সহমত ও বোধগম্যতা সৃষ্টি করা এবং সমসাময়িক সমাজে এধরনের স্মৃতিসৌধ ও সাইটগুলির ভূমিকার প্রতি সম্মান প্রদর্শন করা।

### পরিশিষ্ট ২: সংজ্ঞা

সংরক্ষণ: সাংস্কৃতিক ঐতিহ্যকে বুঝতে পারা, এর ইতিহাস ও অর্থ জানা, এর বস্তুগত সুরক্ষা নিশ্চিত করা এবং প্রয়োজন অনুযায়ী এর উপস্থাপনা, পুনর্নির্মাণ ও উন্নয়নের সংশ্লিষ্ট সকল কর্মপ্রচেষ্টা। (বিশ্ব ঐতিহ্য সনদের ধারা ১ অনুযায়ী আমরা সাংস্কৃতিক ঐতিহ্যকে এভাবে বুঝব যে, এর মধ্যে সাংস্কৃতিক মানসম্পন্ন স্মৃতিস্তম্ভ, ভবনশ্রেণি ও সাইট অন্তর্ভুক্ত থাকবে)।

তথ্যসূত্র: লিখিত, মুখে মুখে প্রচলিত ও সংখ্যাতাত্ত্বিক উৎস যার ফলে সাংস্কৃতিক ঐতিহ্যটির প্রকৃতি, বিভিন্ন বৈশিষ্ট্য, অর্থ, ইতিহাস ইত্যাদি জানা সম্ভব হয়।

## ২। প্রামানিকতা বিষয়ক পর্যায়ক্রমিক গ্রন্থপঞ্জি

*নারা বৈঠকের আগে প্রকাশিত সকল প্রকাশনা যা নারায় অনুষ্ঠিত প্রামানিকতা বিষয়ক আলোচনার প্রেক্ষাপট তৈরিতে সহায়ক হয়েছে:*

*লার্সেন, নুট আইনার, A note on the authenticity of historic timber buildings with particular reference to Japan, , বিশ্ব ঐতিহ্য সনদ-এর সাময়িক প্রবন্ধসমূহ, আইসিএমওএস, ডিসেম্বর ১৯৯২।*

*লার্সেন, নুট আইনার, Authenticity and Reconstruction: Architectural Preservation in Japan, নরওয়েজিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি, ভলিউম ১-২, ১৯৯৩।*

*নারা বৈঠকের প্রস্তুতির জন্য নরওয়ের বার্গেনে ৩১ জানুয়ারি-১ ফেব্রুয়ারি ১৯৯৪ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভা:*

*লার্সেন, নুট আইনার এবং মারস্টাইন, নিলস (সম্পাদক), Conference on authenticity in relation to the World Heritage Convention Preparatory workshop, বার্গেন, নরওয়ে, ৩১ জানুয়ারি-২ ফেব্রুয়ারি ১৯৯৪, ট্যাপির ফরল্যাগ, ট্রন্ডহেইম ১৯৯৪।*

*নারা বৈঠক, ১-৬ নভেম্বর ১৯৯৪, নারা, জাপান:*

*লারসেন, নুট আইনার, একটি সম্পাদকীয় দলসহ (জোকিলেহতো, লিমেয়ার, মাসুদা, মারস্টাইন, স্টোভেল), Nara conference on authenticity in relation to the World Heritage Convention. Conférence de Nara sur l'authenticité dans le cadre de la Convention du Patrimoine Mondial. নারা, জাপান, ১-৬ নভেম্বর ১৯৯৪, ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য কেন্দ্র, এজেন্সি অব কালচারাল অ্যাফেয়ার্স, ইকরম এবং ইকমস, ১৯৯৪ দ্বারা প্রকাশিত কার্যবিবরণী।*

*নারা বৈঠকে বিশ্বের বিভিন্ন অঞ্চলের ২৬টি দেশ ও আন্তর্জাতিক সংগঠনের মোট ৪৫ জন বিশেষজ্ঞ প্রতিনিধি উপস্থিত ছিলেন। তাঁদের প্রবন্ধগুলো নারা ডকুমেন্ট হিসেবে উপরোল্লিখিত গ্রন্থে অন্তর্ভুক্ত হয়েছে। বৈঠকের ১২ জন অংশগ্রহণকারীর সমন্বয়ে গঠিত একটি ওয়ার্কিং গ্রুপ এটি প্রস্তুত করেছে এবং রেইমন্ড লিমেয়ার ও হার্ব স্টোভেল এটি সম্পাদনা করেছেন। কার্যবিবরণী সংবলিত এই গ্রন্থের মাধ্যমে নারা ডকুমেন্টের বিষয়গুলির আলোচনা বিশ্বের অন্যান্য অঞ্চলে ছড়িয়ে দেওয়ার জন্য ইকমস-এর সদস্য ও অন্য সদস্যদেরও আমন্ত্রণ জানানো হয়েছে।*

*নারা-পরবর্তী গুরুত্বপূর্ণ আঞ্চলিক বৈঠকসমূহ (জানুয়ারি ২০০৫ পর্যন্ত):*

*প্রামানিকতা ও পরিবীক্ষণ, অক্টোবর ১৭-২২, ১৯৯৫, সেস্কি ক্রুমলভ, চেক প্রজাতন্ত্র, ইকমস ইউরোপিয়ান কনফারেন্স, ১৯৯৫।*

*১৯৯৫ সালের ১৭-২২ অক্টোবর চেক প্রজাতন্ত্রের সেস্কি ক্রুমলভে অনুষ্ঠিত ইউরোপিয়ান ইকমস কনফারেন্সে ইকমস-এর ১৮ জন ইউরোপীয় সদস্য ১৪টি দেশের প্রামানিকতা সংক্রান্ত ধারণা প্রয়োগ সংক্রান্ত জাতীয় দৃষ্টিভঙ্গি উপস্থাপনের উদ্দেশ্যে একত্রিত হন। এই উপস্থাপনাগুলির একটি সংশ্লেষের মাধ্যমে– সংরক্ষণ সমস্যাবলি নিরসনের ক্ষেত্রে সত্যনিষ্ঠতা, আন্তরিকতা ও সৎ-দৃষ্টিভঙ্গি নিশ্চয়নের উপায় হিসেবে আমরা যে বিশ্লেষণমূলক প্রক্রিয়া প্রয়োগ করে থাকি তার অধীনে 'প্রামানিকতা' নিরূপণের গুরুত্ব তুলে ধরা হয়েছে এবং যথাযথভাবে সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ ও শহুরে পরিবেশে প্রামানিকতার বিচার-বিশ্লেষণ প্রয়োগের লক্ষ্যে গতিশীল সংরক্ষণের ধারণাকে শক্তিশালী করার জন্য গুরুত্বারোপ করা হয়েছে।*

*'সাংস্কৃতিক ঐতিহ্যের সংরক্ষণ ও ব্যবস্থাপনায় প্রামানিকতা' শীর্ষক ইন্টারআমেরিকান সিম্পোজিয়াম, ইউএস/ ইকমস, দ্য গেটি কনজারভেশন ইনস্টিটিউট, সান আন্তোনিও, টেক্সাস ১৯৯৬।*

*১৯৯৬ সালের মার্চে মার্কিন যুক্তরাষ্ট্রের সান অ্যান্তোনিয়ায় অনুষ্ঠিত 'প্রামানিকতা' বিষয়ক এই বৈঠকে নারার ধারণাসমূহের প্রয়োগ নিয়ে আলোচনার জন্য উত্তর, মধ্য ও দক্ষিণ আমেরিকার ইকমস-এর সকল জাতীয় কমিটি থেকে অংশগ্রহণকারী সদস্যবৃন্দ উপস্থিত হন। বৈঠকে সান অ্যান্তোনিও ঘোষণাপত্র গৃহীত হয়, যেখানে প্রামানিকতা এবং পরিচয়, ইতিহাস, উপকরণ, সামাজিক মূল্যবোধ, গতিশীল ও স্থায়ী সাইটসমূহ, খাদ্য সরবরাহ পরিষেবা ও অর্থনীতির মধ্যে সম্পর্ক নিয়ে আলোচনাসহ প্রামানিকতার প্রকৃত স্বরূপ বা মান, অখণ্ডতা, প্রেক্ষাপট, পরিচয়, ব্যবহার, কার্যকারিতা ইত্যাদি বিষয়ের প্রতিফলন অন্তর্ভুক্ত করার জন্য প্রামানিকতার "প্রমাণাদি"সংক্রান্ত সুপারিশমালা তুলে ধরা হয়েছে।*

*সউমা-ফরেরো, গালিয়া, (সম্পাদিত), Authenticity and integrity in an African context: expert meeting, Great Zimbabwe, জিম্বাবুয়ে, ২৬-২৯ মে ২০০০, ইউনেস্কো- বিশ্ব ঐতিহ্য কেন্দ্র, প্যারিস ২০০১।*

*বিশ্ব ঐতিহ্য কেন্দ্র কর্তৃক আয়োজিত গ্রেট জিম্বাবুয়ের বৈঠকে আফ্রিকার প্রেক্ষাপটে প্রামানিকতা ও অখণ্ডতা উভয় বিষয়ের ওপর দৃষ্টিপাত করা হয়। এতে ১৮ জন বক্তা সাংস্কৃতিক ও প্রাকৃতিক উভয়বিধ ঐতিহ্যবাহী সম্পদের ব্যবস্থাপনা ক্ষেত্রে বিরাজমান সমস্যা নিয়ে আলোচনা করেন। বৈঠকের ফলস্বরূপ উপরোল্লিখিত প্রকাশনাটি প্রকাশিত হয়, যেখানে অংশগ্রহণকারীদের সুপারিশমালা তুলে ধরা হয়েছে। এইসব সুপারিশমালার ভেতর দিয়ে ব্যবস্থাপনা পদ্ধতি, ভাষা ও বিমূর্ত ঐতিহ্যের অন্যান্য রূপ অন্তর্ভুক্ত করার পরামর্শ অন্তর্ভুক্ত করা হয়, যার ভেতর দিয়ে ঐতিহ্য সম্পর্কিত প্রামানিকতা প্রকাশিত হয়ে থাকে, এবং টেকসই ঐতিহ্য ব্যবস্থাপনা প্রক্রিয়ায় স্থানীয় কমিউনিটির অংশগ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়।*

*বিশ্ব ঐতিহ্য সনদের প্রেক্ষাপটে পুনর্নির্মাণ সম্পর্কিত আলোচনা (জানুয়ারি ২০০৫ পর্যন্ত):*

*রিগা, ২৪ অক্টোবর ২০০০, ইউনেস্কোর ল্যাটভিয়ান ন্যাশনাল কমিশন - বিশ্ব ঐতিহ্য কেন্দ্র, ইকরম-এর আঞ্চলিক সম্মেলন কর্তৃক গৃহীত সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কিত প্রামানিকতা ও ঐতিহাসিক পুনর্নির্মাণ শীর্ষক রিগা চার্টার।*

*ইনসার্টি মেডিসি, এলেনা ও স্টোভেল, হার্ব, Authenticity and historical reconstruction in relationship with cultural heritage, regional conference, Riga, Latvia, October 23-24 2000: summary report, ইউনেস্কো - বিশ্ব ঐতিহ্য কেন্দ্র, প্যারিস, ইকরম, রোম ২০০১।*

*স্টোভেল, হার্ব, The Riga Charter on authenticity and historical reconstruction in relationship to cultural heritage, Riga, Latvia, October 2000,* in *Conservation and management of archaeological sites, ভলিউম ৪, এন. ৪, ২০০১.*

*Alternatives to historical reconstruction in the World Heritage Cities, টলিন, ১৬-১৮ মে ২০০২, টলিন সাংস্কৃতিক ঐতিহ্য বিভাগ, এস্তোনিয়া ন্যাশনাল কমিশন ফর ইউনেস্কো, এস্তোনিয়া ন্যাশনাল হেরিটেজ বোর্ড।*

United Nations Educational, Scientific and Cultural Organization
World Heritage Convention

# বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য সম্পদ মনোনয়নের ফরম্যাট

**এই ফরম্যাটটি ২ ফেব্রুয়ারি ২০০৫-এর পর দাখিলকৃত সকল মনোনয়নের জন্য অবশ্যই ব্যবহার করতে হবে**

- মনোনয়ন ফরম্যাটটি এখানে পাওয়া যাবে:
  https://whc.unesco.org/en/nominationform
- মনোনয়ন তৈরির জন্য আরও দিকনির্দেশনা *বাস্তবায়ন নির্দেশিকার* অধ্যায় তিন-এ দেখা যেতে পারে।
- সম্পূর্ণ মনোনয়ন ফরম্যাটের স্বাক্ষরিত মূল সংস্করণের কপি ইংরেজি অথবা ফরাসি ভাষায় নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হবে:
  **UNESCO World Heritage Centre**
  7, place de Fontenoy
  75352 Paris 07 SP
  France
  Telephone: +33 (0) 1 4568 1136
  Fax: +33 (0) 1 4568 5570
  E-mail: wh-nominations@unesco.org

## নির্বাহী সারসংক্ষেপ

**রাষ্ট্রপক্ষ এই তথ্যটি সরবরাহ করবে এবং বিশ্ব ঐতিহ্য কমিটির সিদ্ধান্তের পর তথ্যটি সচিবালয় কর্তৃক হালনাগাদ করা হবে। এরপর কিসের ভিত্তিতে সম্পদটি বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত করা হলো তার নিশ্চয়নসহ সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষের নিকট পাঠিয়ে দেওয়া হবে।**

| | |
|---|---|
| **রাষ্ট্রপক্ষ** | |
| **রাষ্ট্র, প্রদেশ বা অঞ্চল** | |
| **সম্পদের নাম** | |
| **ভৌগোলিক স্থানাঙ্ক (নিকটতম সেকেন্ডে)** | |
| **মনোনয়নকৃত সম্পদের সীমারেখা(সমূহের) ভাষাগত বর্ণনা** | |
| **মনোনয়নকৃত সম্পদের A4 অথবা A3 আকারের মানচিত্র(সমূহ), যা সীমারেখা ও সুরক্ষা বলয় (যদি থাকে) প্রদর্শন করে** | **মনোনয়নকৃত সম্পদ ও তার সুরক্ষা বলয়ের (যদি থাকে) ভূতাত্ত্বিক বা ক্যাডাস্ট্রাল মানচিত্রের মূল কপির সংকুচিত মানচিত্র(সমূহ) সম্ভাব্য সবচেয়ে বড় আকারে A4 অথবা A3 আকারের কাগজে মুদ্রিত করে মনোনয়নের সঙ্গে অন্তর্ভুক্ত বা সংযুক্ত করুন।** |
| **যেসব নির্ণায়কের আওতায় সম্পদটি মনোনয়নকৃত করা হয়েছে (দফাওয়ারি নির্ণায়কসমূহ উল্লেখ করুন)**<br>(*বাস্তবায়ন নির্দেশিকার* অনুচ্ছেদ ৭৭ দেখুন) | |
| **অনন্য বৈশ্বিক মান-এর খসড়া বিবরণী** (বর্ণনায় এটা সুস্পষ্ট করা দরকার যে, মনোনয়নকৃত সম্পদের দ্বারা প্রকাশিত কী কী বিষয় অনন্য বৈশ্বিক মান হিসেবে বিবেচনা করা হবে আনুমানিক ১-২ পৃষ্ঠার ফরম্যাট) | অনুচ্ছেদ ১৫৫ অনুসারে, অনন্য বৈশ্বিক মানের বিবরণীতে নিম্নলিখিত বিষয়গুলো থাকতে হবে:<br><br>ক) সংক্ষিপ্ত সংশ্লেষ<br>খ) নির্ণায়কসমূহের যৌক্তিকতা<br>গ) অখণ্ডতার বিবরণী (সকল সম্পদের জন্য)<br>ঘ) নির্ণায়ক (i) ও (vi)-এর আওতায় মনোনয়নকৃত সম্পদসমূহের প্রামানিকতার বিবরণী<br>ঙ) সুরক্ষা ও ব্যবস্থাপনার আবশ্যিক উপাদান পরিশিষ্ট ১০-এর ফরম্যাট দেখুন। |
| **অফিসিয়াল স্থানীয় প্রতিষ্ঠান/এজেন্সির নাম ও যোগাযোগ সম্পর্কিত তথ্য** | সংগঠন:<br>ঠিকানা:<br>টেল:<br>ফ্যাক্স:<br>ইমেইল:<br>ওয়েব ঠিকানা: |

## বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য সম্পদসমূহ

জ্ঞাতব্য: মনোনয়ন প্রস্তুতির সময়, রাষ্ট্রপক্ষগুলোকে ব্যাখ্যামূলক নোটগুলি মুছে দিয়ে এই ফরম্যাটটি ব্যবহার করতে হবে।

| মনোনয়ন ফরম্যাট | ব্যাখ্যামূলক নোট |
|---|---|
| **১. সম্পদ সনাক্তকরণ** | অনুচ্ছেদ ২-এর পাশাপাশি এই অংশটি মনোনয়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ অধ্যায়। এই অংশের মাধ্যমে কমিটির কাছে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে যে, সম্পদটি কোথায় অবস্থিত এবং কীভাবে এটিকে ভৌগোলিকভাবে সংজ্ঞায়িত করা হয়েছে। সিরিয়াল বা ধারাবাহিক মনোনয়নের ক্ষেত্রে, একটি সারণি সন্নিবেশ করুন যেখানে কম্পোনেন্ট-অংশের নাম, অঞ্চল (যদি ভিন্ন ভিন্ন কম্পোনেন্টের জন্য ভিন্ন হয়ে থাকে), কোঅর্ডিনেটস্ বা স্থানাঙ্ক, এলাকা ও সুরক্ষা ভলয় সুস্পষ্টভাবে দেখা যাবে। অন্যান্য ক্ষেত্রগুলিও যুক্ত করা যেতে পারে (পৃষ্ঠার উল্লেখ বা মানচিত্র নম্বর, ইত্যাদি) যাতে বিভিন্ন কম্পোনেন্টকে পৃথক ও সুস্পষ্টভাবে উপস্থাপন করা যায়। |
| **১.ক দেশ (ও রাষ্ট্রপক্ষ, যদি ভিন্ন হয়ে থাকে)** | |
| **১.খ রাষ্ট্র, প্রদেশ অথবা অঞ্চল** | |
| **১.গ সম্পদের নাম** | এটি সম্পদটির অফিসিয়াল নাম যা বিশ্ব ঐতিহ্য সম্পর্কে প্রকাশিত উপকরণে মুদ্রিত হবে। নামটি সংক্ষিপ্ত হতে হবে। স্পেস ও যতিচিহ্নসহ ২০০টি অক্ষর (ক্যারেক্টার) অতিক্রম করা যাবে না।<br><br>সিরিয়াল বা ধারাবাহিক মনোনয়নের ক্ষেত্রে (*বাস্তবায়ন নির্দেশিকা*-এর অনুচ্ছেদ ১৩৭-১৩৯ দেখুন), কয়েকটি সম্পদগুচ্ছের জন্য একটি নাম ব্যবহার করুন (যেমন, ফিলিপাইনের বারক গীর্জাসমূহ)। কোনো সিরিয়াল বা ধারাবাহিক মনোনয়নের বিভিন্ন কম্পোনেন্ট বা উপাদানগুলির নাম অন্তর্ভুক্ত করবেন না, যা ১.ঘ এবং ১.ঙ-এর অংশ হিসাবে একটি সারণিতে অন্তর্ভুক্ত করতে হবে। |
| **১.ঘ ভৌগোলিক স্থানাঙ্ক (নিকটতম সেকেন্ডে)** | এই অংশে অক্ষাংশ ও দ্রাঘিমাংশের স্থানাঙ্ক (নিকটতম সেকেন্ডে), অথবা মনোনয়নকৃত সম্পদের আনুমানিক কেন্দ্রের কেন্দ্রবিন্দুর ইউটিএম স্থানাঙ্ক (নিকটতম ১০ মিটার) উল্লেখ করুন। আর কোনো স্থানাঙ্ক পদ্ধতি ব্যবহার করবেন না। কোনো প্রকার সন্দেহের সৃষ্টি হলে সচিবালয়ের পরামর্শ নিন।<br><br>সিরিয়াল বা ধারাবাহিক মনোনয়নের ক্ষেত্রে, প্রতিটি কম্পোনেন্টের অংশের নাম, তার অঞ্চল (বা প্রযোজ্যতা অনুযায়ী নিকটতম শহরের নাম), এবং সম্পদটির কেন্দ্রবিন্দুর স্থানাঙ্ক প্রদর্শন করে একটি সারণি প্রদান করুন। সমন্বয় ফরম্যাটের উদাহরণ:<br><br>N 45° 06' 05" W 15° 37' 56" or<br>UTM Zone 18 Easting: $^{5}$45670<br>Northing: $^{45}$86750 |

| আইডি নম্বর | কম্পোনেন্ট অংশের নাম | অঞ্চল/ জেলা | মধ্যভাগের স্থানাঙ্ক | মনোনয়নকৃত সম্পদের কম্পোনেন্ট-এর আয়তন (হে.) | সুরক্ষা বলয়ের আয়তন (হে.) | মানচিত্র নম্বর |
|---|---|---|---|---|---|---|
| ০০১ | | | | | | |
| ০০২ | | | | | | |
| ০০৩ | | | | | | |
| ০০৪ | | | | | | |
| ইত্যাদি | | | | | | |
| | | | **সর্বমোট আয়তন (হেক্টরে)** | হে. | হে. | |

| মনোনয়ন ফরম্যাট | | ব্যাখ্যামূলক নোট |
|---|---|---|
| **১.ঙ** | **মনোনয়নকৃত সম্পদ ও সুরক্ষা বলয়ের সীমা প্রদর্শন করে মানচিত্র ও পরিকল্পনা উপস্থাপন করুন** | মনোনয়নের সাথে পরিশিষ্ট যুক্ত করুন এবং পরিমাপ ও তারিখসহ নিচে তালিকা উল্লেখ করুন:<br><br>(i) মনোনয়নকৃত সম্পদের ভূতাত্ত্বিক মানচিত্রসমূহের মূল অনুলিপি, সম্ভাব্য সর্বাধিক স্কেল বা পরিমাপে সম্পদের মানচিত্র দেখাতে হবে যাতে সম্পূর্ণ সম্পদটি বুঝতে পারা যায়। মনোনয়নকৃত সম্পদ ও সুরক্ষা বলয়ের সীমানা পরিষ্কারভাবে চিহ্নিত করতে হবে। বিশেষ আইনি সুরক্ষার আওতাধীন যেসব জোন থেকে সম্পদের কিছু উপকার সাধিত হয়– মনোনয়ন টেক্সটের সুরক্ষা ও ব্যবস্থাপনা অধ্যায়ে অন্তর্ভুক্ত করাার জন্য– ঐসব জোনের সীমানা মানচিত্রে রেকর্ড করতে হবে। সিরিয়াল বা ধারাবাহিক মনোনয়নের জন্য একাধিক মানচিত্র প্রয়োজন হতে পারে (১.ঘ-এর সারণি দেখুন)। প্রদত্ত মানচিত্রগুলি সম্ভাব্য সর্বাধিক ও ব্যবহারিক স্কেল বা পরিমাপের হতে হবে, যাতে প্রাকৃতিক বৈশিষ্ট্যের নানা উপাদান, যেমন– আশপাশের বসতি, ভবন ও গমনপথ ইত্যাদি সনাক্ত করা যায় এবং যাতে সম্পদটির মধ্যে, পাশ্ববর্তী এলাকা কিংবা সীমানার উপর যে-কোনো প্রস্তাবিত উন্নয়নের প্রভাব সুস্পষ্টভাবে মূল্যায়ন করা যায়। প্রস্তাবিত সাইটের সীমানাগুলি পরিষ্কারভাবে দেখানোর জন্য পর্যাপ্ত স্কেল বেছে নেওয়া অপরিহার্য এবং এটি তালিকায় অন্তর্ভুক্তির জন্য প্রস্তাবিত সাইটের শ্রেণিবিভাগ অনুযায়ী হতে হবে: সাংস্কৃতিক সাইটের জন্য ক্যাডাস্ট্রাল মানচিত্রের প্রয়োজন হবে, অন্যদিকে প্রাকৃতিক সাইট বা সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের জন্য প্রাকৃতিক বৈশিষ্ট্যসূচক মানচিত্রের প্রয়োজন হবে (সাধারণত ১:২৫ ০০০ থেকে ১:৫০ ০০০ স্কেল)।<br><br>মানচিত্রে সীমানারেখা আঁকার ক্ষেত্রে সঠিক প্রস্থের জন্য সর্বাধিক যত্নের প্রয়োজন হবে, কারণ পুরু সীমানারেখা সম্পদের প্রকৃত সীমানাকে অস্পষ্ট করে তুলতে পারে।<br><br>এই ওয়েবসাইটে প্রদর্শিত ঠিকানাসমূহ থেকে মানচিত্র পাওয়া যেতে পারে: https://whc.unesco.org/en/mapagencies.<br><br>সকল মানচিত্রই যেন ভূ-রেফারেন্সের দিক থেকে ব্যবহারযোগ্য হয়, এজন্য মানচিত্রের বিপরীত পার্শ্বে কমপক্ষে তিনটি পয়েন্টে পূর্ণ সেট স্থানাঙ্ক উল্লেখ করতে হবে। মানচিত্রের কোথাও কাটা থাকবে না, এবং এতে স্কেল, দিক, অভিক্ষেপ, ডেটাম, সম্পদের নাম ও তারিখ প্রদর্শন করতে হবে। সম্ভব হলে, মানচিত্রগুলি গোল কুণ্ডলি বানিয়ে পাঠাতে হবে, ভাঁজ করে নয়।<br><br>সম্ভব হলে ডিজিটাল ফরমে ভৌগোলিক তথ্যাদি দাখিলের জন্য উৎসাহ দেওয়া হয়, যা জিআইএস (জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম)-এ অন্তর্ভুক্ত করার জন্য উপযুক্ত। তবে মুদ্রিত মানচিত্র জমা দেওয়ার পরিবর্তে এটি করা যাবে না। এক্ষেত্রে সীমানাচিত্রটি (মনোনয়নকৃত সম্পদ ও সুরক্ষা বলয়) ভেক্টর আকারে সম্ভাব্য সর্বাধিক স্কেলে উপস্থাপন করতে হবে। এ বিষয়ে আরও তথ্যের জন্য রাষ্ট্রপক্ষগুলোকে সচিবালয়ের সাথে যোগাযোগের জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে।<br><br>(ii) রাষ্ট্রপক্ষের মধ্যে সম্পদের অবস্থান দেখনোর জন্য একটি ‘অবস্থান’ মানচিত্র,<br><br>(iii) সম্পদের ব্যক্তিগত বৈশিষ্ট্যগুলো প্রদর্শনের জন্য সম্পদের প্ল্যান এবং বিশেষভাবে তৈরি মানচিত্র বেশ সহায়ক এবং এগুলো সংযোজনী হিসেবে সংযুক্ত করা যেতে পারে।<br><br>অনুলিপি তৈরি এবং উপদেষ্টা সংস্থা ও বিশ্ব ঐতিহ্য কমিটির নিকট উপস্থাপনের সুবিধার জন্য সম্ভব হলে A4 (বা “letter”) কাগজে হ্রাসকৃত আকারে এবং মূল মানচিত্রের একটি ডিজিটাল ইমেজ-ফাইলের কপি মনোনয়নের টেক্সটের সাথেও অন্তর্ভুক্ত করা যেতে পারে।<br><br>কোনো সুরক্ষা বলয় প্রস্তাব করা না হলে মনোনয়নকৃত সম্পদটির যথাযথ সুরক্ষার জন্য কেন একটি সুরক্ষা বলয়ের প্রয়োজন নেই এ বিষয়ে মনোনয়নে একটি বিবৃতি অন্তর্ভুক্ত করতে হবে। |

| মনোনয়ন ফরম্যাট | ব্যাখ্যামূলক নোট |
|---|---|
| **১.চ মনোনয়নকৃত সম্পদের আয়তন (হে.) ও প্রস্তাবিত সুরক্ষা বলয় (হে.)**<br><br>মনোনয়নকৃত সম্পদের আয়তন: __________ হে.<br><br>সুরক্ষা বলয় __________ হে.<br><br>সর্বমোট __________ হে. | **সিরিয়াল বা ধারাবাহিক মনোনয়নের ক্ষেত্রে**, একটি সারণি সন্নিবেশ করুন যেখানে কম্পোনেন্ট-অংশের নাম, অঞ্চল (যদি ভিন্ন ভিন্ন কম্পোনেন্টের জন্য ভিন্ন হয়ে থাকে), কোঅর্ডিনেটস্ বা স্থানাঙ্ক, এলাকা ও সুরক্ষা বলয় সুস্পষ্টভাবে দেখা যাবে।<br><br>পৃথক মনোনয়নকৃত এলাকা ও সুরক্ষা বলয়(সমূহের) আকার দেখানোর জন্য সিরিয়াল বা ধারাবাহিক মনোনয়নের সারণিও ব্যবহার করতে হবে। |
| **২. বর্ণনা** | |
| **২.ক সম্পদের বর্ণনা** | এই বিভাগটি মনোনয়নের তারিখের মধ্যে মনোনয়নকৃত সম্পদের বিবরণ দিয়ে শুরু করতে হবে। এখানে সম্পদের সকল গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য উল্লেখ করতে হবে।<br><br>সাংস্কৃতিক সম্পদের ক্ষেত্রে, যে যে উপাদান সম্পদকে সংস্কৃতির দিক থেকে তাৎপর্যপূর্ণ করে তোলে এই বিভাগে ঐ সকল উপাদানের বিবরণ অন্তর্ভুক্ত করতে হবে। এতে যে কোনো ভবন বা ভবনসমূহ ও তাদের স্থাপত্যশৈলী, নির্মাণের তারিখ, উপকরণ ইত্যাদির বিবরণ অন্তর্ভুক্ত করা যেতে পারে। এই বিভাগে পরিবেশের আরও কিছু গুরুত্বপূর্ণ দিক, যেমন– উদ্যান, পার্ক ইত্যাদি সম্পর্কে বর্ণনা করা যেতে পারে। উদাহরণস্বরূপ, কোনো শিলা-শিল্প সাইটের জন্য বর্ণনায় শিলা-শিল্প সাইটসহ এর পার্শ্ববর্তী ভূ-দৃশ্য বা ল্যান্ডস্কেপেরও উল্লেখ করতে হবে। কোনো ঐতিহাসিক শহর বা জেলার ক্ষেত্রে, প্রতিটি ভবন সম্পর্কে পৃথক পৃথক বর্ণনা তুলে ধরার প্রয়োজন নেই, তবে গুরুত্বপূর্ণ পাবলিক ভবনগুলি সম্পর্কে পৃথকভাবে বর্ণনা করা উচিত এবং ঐ এলাকার জন্য ভবিষ্যৎ পরিকল্পনা বা লেআউট, রাস্তার প্যাটার্ন ইত্যাদির বর্ণনা দিতে হবে।<br><br>প্রাকৃতিক সম্পদের ক্ষেত্রে, গুরুত্বপূর্ণ ভৌতিক বৈশিষ্ট্য, ভূতত্ত্ব, আবাসস্থল, প্রজাতি ও জনসংখ্যার আকার এবং অন্যান্য উল্লেখযোগ্য বাস্তুসংস্থান-সংক্রান্ত বৈশিষ্ট্য ও প্রক্রিয়ার বর্ণনা তুলে ধরতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে প্রজাতির তালিকা প্রদান করতে হবে, এবং হুমকি বা মহামারীর শিকার জীবকুলের উপস্থিতি স্পষ্টভাবে তুলে ধরতে হবে। প্রাকৃতিক সম্পদ ব্যবহারের পরিমাণ ও পদ্ধতি বর্ণনা করতে হবে।<br><br>সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের ক্ষেত্রে, উপরোল্লিখিত সকল বিষয়ের আওতায় একটি বিবরণ তৈরি করতে হবে। মানুষ ও প্রকৃতির মধ্যেকার পারস্পরিক ক্রিয়ার বিষয়ে বিশেষ মনোযোগ প্রদান করতে হবে।<br><br>অধ্যায় ১-এ সনাক্তকৃত (সম্পদ সনাক্তকরণ) মনোনয়নকৃত সমগ্র সম্পদ বর্ণনা করতে হবে। সিরিয়াল বা ধারাবাহিক মনোনয়নের ক্ষেত্রে (*বাস্তবায়ন নির্দেশিকার* অনুচ্ছেদ ১৩৭-১৪০ দেখুন), কম্পোনেন্টের প্রতিটি অংশ পৃথকভাবে বর্ণনা করতে হবে। |
| **২.খ ইতিহাস ও উন্নয়ন** | সাম্প্রতিক সংরক্ষণ ইতিহাসের বর্ণনাসহ সম্পদটি কীভাবে তার বর্তমান রূপ ও অবস্থায় এসে পৌঁছেছে এবং এটি গুরুত্বপূর্ণ কী কী পরিবর্তনের মধ্য দিয়ে গেছে তা উল্লেখ করতে হবে।<br><br>স্মৃতিসৌধ, সাইট, ভবন বা ভবনশ্রেণির ক্ষেত্রে নির্মাণ পর্যায়কালের কিছু বিবরণ অন্তর্ভুক্ত করতে হবে। কাজ সমাপ্তির পর বড় ধরনের কোনো পরিবর্তন, ক্ষয়ক্ষতি বা পুনর্নির্মাণ হয়ে থাকলে তা বর্ণনা করতে হবে।<br><br>প্রাকৃতিক সম্পদের ক্ষেত্রে, সম্পদের বিবর্তনকে প্রভাবিত করেছে এমন কোনো ইতিহাস বা ইতিহাস-পূর্ব কোনো তাৎপর্যপূর্ণ ঘটনার বর্ণনা তুলে ধরতে হবে এবং মানবজাতির সঙ্গে সম্পদটির মিথষ্ক্রিয়ারও একটি বিবরণ দিতে হবে। সম্পদটি ব্যবহারের ক্ষেত্রে যে-কোনো পরিবর্তন এবং জীবজন্তু শিকার, মাছ ধরা বা কৃষি ইত্যাদি প্রাকৃতিক সম্পদ, বা জলবায়ু পরিবর্তন, বন্যা, ভূমিকম্প বা অন্যান্য প্রাকৃতিক বিপর্যয়ের দরুণ সংঘটিত পরিবর্তনসমূহ এই বর্ণনায় অন্তর্ভুক্ত করতে হবে।<br><br>এছাড়া সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের ক্ষেত্রেও এধরনের তথ্য প্রয়োজন হবে, যেখানে ঐ এলাকায় মানুষের বিভিন্ন কার্যক্রমের ইতিহাসের নানা দিক তুলে ধরা দরকার। |

| মনোনয়ন ফরম্যাট | ব্যাখ্যামূলক নোট |
|---|---|
| **৩. সম্পদ তালিকাভুক্তির যৌক্তিকতা**[২৬] | নিম্নোক্ত বিভাগগুলির আওতায় যৌক্তিকতা তুলে ধরতে হবে।<br>এই বিভাগে সম্পদটি কেন 'অনন্য বৈশ্বিক মান'-সম্পন্ন বিবেচনা করা হবে তা পরিষ্কার করে বর্ণনা করতে হবে।<br>*বাস্তবায়ন নির্দেশিকার* প্রয়োজনীয় সকল বিষয় সতর্কতার সাথে উল্লেখপূর্বক মনোনয়নপত্রের এই বিভাগটি পূরণ করতে হবে। এখানে সম্পদ বা এর ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়গুলো বিস্তারিতভাবে বর্ণনার প্রয়োজন নেই যা অন্যান্য বিভাগে বর্ণনা করা হয়েছে, তবে সম্পদের অনন্য বৈশ্বিক মানের সংজ্ঞা সম্পর্কিত গুরুত্বপূর্ণ দিকগুলি তুলে ধরতে হবে। |
| **৩.১.ক সংক্ষিপ্ত সংশ্লেষ** | সংক্ষিপ্ত মনোনয়ন সংশ্লেষণটিতে থাকবে (i) প্রকৃত তথ্যপূর্ণ সারাংশ এবং (ii) গুণাবলির সংক্ষিপ্ত বিবরণ। প্রকৃত তথ্যপূর্ণ সারাংশে ভৌগোলিক ও ঐতিহাসিক প্রেক্ষাপট এবং প্রধান প্রধান বৈশিষ্ট্য তুলে ধরতে হবে। আর গুণাবলির সংক্ষিপ্ত বিবরণে নীতিনির্ধারক ও সাধারণ জনগণের জন্য সম্পদের সম্ভাব্য অনন্য বৈশ্বিক মান উপস্থাপন করতে হবে যা টেকসই করে তোলা প্রয়োজন, এবং এর পাশাপাশি সম্পদের গুণাবলির সারাংশ অন্তর্ভুক্ত করতে হবে যাতে সম্পদটির সম্ভাব্য ঐ সকল অনন্য বৈশ্বিক মান সম্পর্কে জানা যায় যেগুলির সুরক্ষা, ব্যবস্থাপনা ও পরিবীক্ষণ প্রয়োজন। মনোনয়নের যথার্থতা যাচাইয়ের জন্য সারাংশটি অবশ্যই উল্লিখিত সকল নির্ণায়কের সাথে সম্পর্কিত হতে হবে। এভাবে সংক্ষিপ্ত সংশ্লেষণটিতে মনোনয়ন ও প্রস্তাবিত তালিকাভুক্তির পূর্ণাঙ্গ যুক্তি সন্নিবেশ করতে হবে। |
| **৩.১.খ নির্ণায়কসমূহ, যার আওতায় তালিকাভুক্তির বিষয়টি প্রস্তাব করা হচ্ছে (এবং এসব নির্ণায়কের আওতায় তুলিকাভুক্তির যৌক্তিকতা)** | *বাস্তবায়ন নির্দেশিকার* অনুচ্ছেদ ৭৭ দেখুন।<br>উল্লিখিত প্রতিটি নির্ণায়কের জন্য পৃথক পৃথক একটি করে যুক্তি উপস্থাপন করুন।<br>সম্পদটি যেসব মানদণ্ডের অধীনে মনোনয়ন করা হয়েছে ঐসকল মানদণ্ড কীভাবে পূরণ হয়েছে তা সংক্ষেপে উল্লেখ করুন (যেখানে প্রয়োজন, মনোনয়নের 'বিবরণ' ও 'তুলনামূলক বিশ্লেষণ' বিভাগের রেফারেন্স উল্লেখ করুন, কিন্তু এ দুটি বিভাগে পূর্বে উল্লিখিত টেক্সটের পুনরাবৃত্তি করবেন না) এবং প্রতিটি মানদণ্ডের জন্য প্রাসঙ্গিক গুণাবলি বর্ণনা করুন। |
| **৩.১.গ অখণ্ডতার বিবরণ** | অখণ্ডতার বিবরণীর মধ্যে এটা দেখানো প্রয়োজন যে, সম্পদটি *বাস্তবায়ন নির্দেশিকার* অধ্যায় ২। ঘ-এ বর্ণিত অখণ্ডতার সকল শর্ত পূরণ করে, এবং শর্তগুলো এই বিবরণীতে বিস্তারিতভাবে উপস্থাপন করতে হবে।<br>সম্পদের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি কতটা বর্তমান আছে– অপারেশনাল গাইডলাইনে তার মাত্রা নির্ধারণ করার প্রয়োজনীয়তা তুলে ধরা হয়েছে:<br>• সম্পদের অনন্য বৈশ্বিক মান প্রকাশের জন্য প্রয়োজনীয় সকল উপাদান;<br>• সম্পদের সকল বৈশিষ্ট্যের পরিপূর্ণ উপস্থাপনা ও প্রক্রিয়া নিশ্চিত করার জন্য সম্পদটির পর্যাপ্ত আকার– যাতে এই উপস্থাপনা ও প্রক্রিয়ার মাধ্যমে সম্পদটির তাৎপর্য তুলে ধরা যায়;<br>• উন্নয়নের ওপর কোনো বিরূপ প্রভাব পড়ে এবং / অথবা অবহেলার শিকার হয় (অনুচ্ছেদ ৮৮)।<br>অপারেশনাল গাইডলাইনে বিভিন্ন বিশ্ব ঐতিহ্য নির্ণায়কসমূহ সম্পর্কিত সুনির্দিষ্ট দিকনির্দেশনা প্রদান করা হয়েছে, যা বোঝা গুরুত্বপূর্ণ (অনুচ্ছেদ ৮৯-৯৫)। |
| **৩.১.ঘ প্রামানিকতার বিবরণ (নির্ণায়ক (i) ও (vi)-এর অধীনে তৈরি মনোনয়নের জন্য)** | প্রামানিকতার বিবরণীর মধ্যে এটা দেখানো প্রয়োজন যে, সম্পদটি *বাস্তবায়ন নির্দেশিকার* অধ্যায় ২। ঘ-এ বর্ণিত অখণ্ডতার সকল শর্ত পূরণ করে, এবং শর্তগুলো এই বিবরণীতে বিস্তারিতভাবে উপস্থাপন করতে হবে। |

[২৬] এছাড়া অনুচ্ছেদ ১৩২ ও ১৩৩ দেখুন।

| মনোনয়ন ফরম্যাট | ব্যাখ্যামূলক নোট |
|---|---|
| | এই বিভাগে প্রয়োজনীয় সকল তথ্য সংক্ষিপ্তভাবে উপস্থাপন করতে হবে, বিস্তারিত বিবরণ মনোনয়নের অধ্যায় ৪-এ (এবং সম্ভবত অন্যান্য অধ্যায়ে) অন্তর্ভুক্ত করা যেতে পারে, এবং ঐ সকল অধ্যায়ে যতটা বিশদভাবে উপস্থাপন করা হবে ঠিক অনুরূপ বিশদ বর্ণনা এখানকার এই সংক্ষিপ্ত উপস্থাপনায় অন্তর্ভুক্ত করা যাবে না।<br><br>প্রামানিকতা শুধুমাত্র সাংস্কৃতিক সম্পদের ক্ষেত্রে এবং 'মিশ্রিত' সম্পদের বিভিন্ন সাংস্কৃতিক বৈশিষ্ট্যের ক্ষেত্রে প্রযোজ্য।<br><br>*অপারেশনাল গাইডলাইনে* উল্লেখ করা হয়েছে, 'সম্পদের সাংস্কৃতিক মূল্যবোধগুলি সত্যনিষ্ঠ ও বিশ্বাসযোগ্যতার সাথে নির্দিষ্ট গুণাবলির মাধ্যমে (প্রস্তাবিত মনোনয়ন নির্ণায়কসমূহের মধ্যে যেভাবে উল্লেখ করা হয়েছে) প্রকাশিত হলেই কেবল বোঝা যাবে সম্পদটি প্রামানিকতার শর্তাবলি পূরণ করেছে কিনা' (অনুচ্ছেদ ৮২)।<br><br>*অপারেশনাল গাইডলাইনে* উল্লেখ করা হয়েছে, নিম্নলিখিত বিভিন্ন গুণাবলি সম্পদের অনন্য বৈশ্বিক মান বহন করে বা প্রকাশ করে বলে বিবেচনা করা যেতে পারে:<br>• গঠন ও বিন্যাস;<br>• উপকরণ ও সম্পদ;<br>• ব্যবহার ও প্রয়োগ;<br>• ঐতিহ্য, কৌশল ও ব্যবস্থাপনা পদ্ধতি;<br>• অবস্থান ও পরিবেশ;<br>• ভাষা এবং বিমূর্ত ঐতিহ্যের অন্যান্য রূপ;<br>• চেতনা ও অনুভূতি, এবং<br>• অন্যান্য অভ্যন্তরীণ ও বাহ্যিক বিষয়াবলি। |
| **৩.১.ঙ সুরক্ষা ও ব্যবস্থাপনার প্রয়োজনীয়তা** | এই বিভাগে সুরক্ষা ও ব্যবস্থাপনার আবশ্যকীয় শর্তাবলি কীভাবে পূরণ হবে তা বর্ণনা করতে হবে, যাতে কালপরিক্রমায় সম্পদের অনন্য বৈশ্বিক মান বজায় রাখা সম্ভব হয়। এখানে সুরক্ষা ও ব্যবস্থাপনার একটি সামগ্রিক কাঠামোর বিশদ বিবরণ এবং সম্পদ সুরক্ষার জন্য সুনির্দিষ্ট দীর্ঘমেয়াদি প্রত্যাশাগুলি অন্তর্ভুক্ত করতে হবে।<br><br>এই বিভাগে কিছু তথ্য সংক্ষিপ্তভাবে তুলে ধরা যেতে পারে যা মনোনয়ন দলিল-দস্তাবেজের ৫ নং অধ্যায়ে (এবং এছাড়াও সম্ভব হলে ৪ ও ৬ অধ্যায়ে) আরো বিস্তারিতভাবে অন্তর্ভুক্ত করা যেতে পারে। তবে ঐ বিভাগগুলিতে উল্লিখিত বিশদ বিবরণের মতো অতটা বিশদভাবে একই বিষয়ের পুনরাবৃত্তি করতে হবে না।<br><br>এই বিভাগের শুরুতেই সুরক্ষা ও ব্যবস্থাপনা কাঠামোর রূপরেখা উপস্থাপন করতে হবে। এর মধ্যে সুরক্ষার প্রয়োজনীয় কলাকৌশল, ব্যবস্থাপনা পদ্ধতি এবং / অথবা ব্যবস্থাপনা পরিকল্পনা (বর্তমানে কার্যকর আছে কিংবা প্রণয়ন করা প্রয়োজন– যেমনই হোক না কেন) অন্তর্ভুক্ত করতে হবে। এই কাঠামোর মাধ্যমে সম্পদের ঐসব গুণমান সুরক্ষা ও সংরক্ষণ করার ব্যবস্থা থাকবে যেসব গুণমানের ভেতর দিয়ে সম্পদটির অনন্য বৈশ্বিক মান প্রকাশ পায় এবং সম্পদের যে কোনো ঝুঁকি ও বিপদাপন্নতা চিহ্নিত করা যায়। এগুলির মধ্যে থাকতে পারে প্রধান প্রধান অংশীজন বা ব্যবহারকারী গোষ্ঠীর সাথে সম্পর্ক, পর্যাপ্ত সংখ্যক কর্মী ও আর্থিক সম্পদ, উপস্থাপনার জন্য মূল আবশ্যকীয় বিষয়াবলি (যেখানে প্রযোজ্য), এবং কার্যকরী ও প্রতিক্রিয়ামূলক পরিবীক্ষণ ব্যবস্থাসহ শক্তিশালী ও কার্যকর আইনগত সুরক্ষা ব্যবস্থা ও পরিষ্কারভাবে নথিভুক্ত ব্যবস্থাপনা পদ্ধতি।<br><br>দ্বিতীয়ত এই বিভাগে সম্পদ সুরক্ষা ও ব্যবস্থাপনার প্রয়োজনীয় দীর্ঘমেয়াদি চ্যালেঞ্জসমূহ স্বীকার করতে হবে, এবং এসব চ্যালেঞ্জ মোকাবেলার কলাকৌশল কীভাবে দীর্ঘমেয়াদি হতে পারে তাও উল্লেখ করতে হবে। সম্পদটির সর্বাধিক গুরুত্বপূর্ণ ঝুঁকি এবং বিপদাপন্নতা ও প্রামানিকতা অথবা অখণ্ডতার ক্ষেত্রে নেতিবাচক পরিবর্তনগুলি তুলে ধরা, এবং এই সুরক্ষা ও ব্যবস্থাপনা কীভাবে সম্পদের বিপদাপন্নতা ও ঝুঁকি মোকাবেলা বা যে-কোনো প্রতিকূল পরিবর্তন রোধে ভূমিকা রাখবে তা উল্লেখ করা প্রাসঙ্গিক হবে।<br><br>বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক স্বীকৃত অফিসিয়াল বিবৃতি হিসাবে অনন্য বৈশ্বিক মানের বিবরণসহ এই বিভাগে সম্পদের দীর্ঘমেয়াদি সুরক্ষা ও ব্যবস্থাপনার জন্য রাষ্ট্রপক্ষ কর্তৃক প্রণীত সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতিগুলি তুলে ধরতে হবে। |

| মনোনয়ন ফরম্যাট | ব্যাখ্যামূলক নোট |
|---|---|
| **৩.২ তুলনামূলক বিশ্লেষণ** | সম্পদগুলিকে অবশ্যই, বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত থাক বা না থাক, একই ধরনের সম্পদের সাথে তুলনা করতে হবে। এ ধরনের তুলনামূলক বিশ্লেষণে অন্যান্য সম্পদের সাথে মনোনীত সম্পদের বিভিন্ন সাদৃশ্যের রূপরেখা তুলে ধরতে হবে এবং যেসব কারণে সম্পদটি অন্যান্য সম্পদের তুলনায় উল্লেখযোগ্যভাবে লক্ষ্যণীয় ঐ কারণসমূহ উল্লেখ করতে হবে। তুলনামূলক বিশ্লেষণের লক্ষ্য হবে জাতীয় ও আন্তর্জাতিক উভয় প্রেক্ষাপটে মনোনয়নকৃত সম্পদের গুরুত্ব ব্যাখ্যা করা (অনুচ্ছেদ ১৩২ দেখুন)।<br><br>তুলনামূলক বিশ্লেষণের উদ্দেশ্য হলো, বিদ্যমান থিম্যাটিক স্টাডিজ ব্যবহার করে তালিকায় কোনো সম্পদ অন্তর্ভুক্তির যে সুযোগ রয়েছে তা তুলে ধরা, এবং সিরিয়াল বা ধারাবাহিক সম্পদের ক্ষেত্রে, কম্পোনেন্টের অংশগুলি নির্বাচনের সপক্ষে যুক্তি প্রদর্শন করা। |
| **৩.৩ অনন্য বৈশ্বিক মানের প্রস্তাবিত বিবরণ** | অনন্য বৈশ্বিক মানের বিবরণ হচ্ছে বিশ্ব ঐতিহ্য তালিকায় কোনো সম্পদ অন্তর্ভুক্তির সময় বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক গৃহীত অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত অফিসিয়াল বিবৃতি। বিশ্ব ঐতিহ্য তালিকায় কোনো সম্পদ তালিকাভুক্ত করার জন্য যখন বিশ্ব ঐতিহ্য কমিটি সম্মত হয়, তখন কমিটি অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত বিবৃতির ব্যাপারেও সম্মতি প্রকাশ করে। বিবৃতিতে কেন সম্পদটি অনন্য বৈশ্বিক মানসম্পন্ন হিসেবে বিবেচিত হয়েছে, এর প্রাসঙ্গিক নির্ণায়কসমূহ, এর অখণ্ডতা ও (সাংস্কৃতিক সম্পদের ক্ষেত্রে) প্রামানিকতার শর্তাবলি কীভাবে পূরণ হয়েছে এবং দীর্ঘমেয়াদে অনন্য বৈশ্বিক মান বজায় রাখার জন্য সম্পদের সুরক্ষা ও ব্যবস্থাপনার প্রয়োজনীয় শর্তাবলি কীভাবে পূরণ হয়েছে ইত্যাদি বিষয় এই বিবৃতিতে থাকবে।<br><br>অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত বিবৃতিটি সংক্ষিপ্ত এবং এটি একটি স্ট্যান্ডার্ড ফরম্যাট অনুযায়ী বিন্যস্ত হতে হবে। এসব বিবৃতি সম্পদের মান বা মূল্য সম্পর্কে সচেতনতা গড়ে তুলতে, সংরক্ষণের অবস্থা নিরূপণে দিকনির্দেশনা প্রদান করতে এবং সুরক্ষা ও ব্যবস্থাপনা সম্পর্কে জানতে সাহায্য করবে। অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত বিবৃতি কমিটি কর্তৃক একবার গৃহীত হলে তা সম্পদের স্থানে এবং ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।<br><br>অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত বিবৃতির প্রধান বিভাগগুলি নিম্নরূপ:<br><br>ক) সংক্ষিপ্ত সংশ্লেষণ<br>খ) নির্ণায়কসমূহের সপক্ষে যুক্তি<br>গ) অখণ্ডতা সম্পর্কিত বিবৃতি (সকল সম্পদের জন্য)<br>ঘ) নির্ণায়ক অনুযায়ী মনোনয়নকৃত সম্পদগুলির প্রামানিকতা সম্পর্কিত বিবৃতি (i) থেকে (vi)<br>ঙ) সুরক্ষা ও ব্যবস্থাপনার প্রয়োজনীয়তা |
| **৪. সংরক্ষণের অবস্থা এবং সম্পদের ওপর নেতিবাচক প্রভাবের কারণসমূহ** | |
| **৪.ক সংরক্ষণের বর্তমান অবস্থা** | এই বিভাগে উপস্থাপিত তথ্যাদি মনোনয়নকৃত সম্পদ সংরক্ষণ অবস্থার ভবিষ্যৎ নিরীক্ষণের জন্য বেস-লাইন হিসেবে ব্যবহৃত হবে। এই বিভাগে সম্পদের ভৌতিক অবস্থা, সম্পদের অনন্য বৈশ্বিক মান-এর প্রতি যে-কোনো হুমকি এবং সম্পদ সংরক্ষণের জন্য গৃহীত ব্যবস্থা সম্পর্কে তথ্য প্রদান করতে হবে (অনুচ্ছেদ ১৩২ দেখুন)।<br><br>উদাহরণস্বরূপ, যেসব ঐতিহাসিক শহর বা এলাকা, ভবন, স্মৃতিস্তম্ভ বা অন্য কোনো কাঠামোর বড় ধরনের বা ছোটখাটো কোনো মেরামত কাজ প্রয়োজন, ঐ সকল এলাকা, ভবন, স্মৃতিস্তম্ভ বা কাঠামোর জন্য স্কেল ও সময়কালসহ সম্প্রতি বাস্তবায়িত বা গৃহীতব্য প্রধান প্রধান মেরামত প্রকল্প সম্পর্কে তথ্য উপস্থাপন করতে হবে।<br><br>প্রাকৃতিক সম্পদের ক্ষেত্রে, সম্পদ এলাকার সকল প্রজাতি বা ইকো-সিস্টেমের অখণ্ডতার ধারা সম্পর্কিত তথ্য প্রদান করতে হবে। এই তথ্যগুলি গুরুত্বপূর্ণ, কারণ সম্পদটির অবস্থার ক্ষেত্রে সংঘটিত যে কোনো পরিবর্তনের সাথে তুলনা করার জন্য ভবিষ্যতে মনোনয়নটি ব্যবহার করা হবে।<br><br>সম্পদ সংরক্ষণের অবস্থা পরিবীক্ষণে প্রয়োজনীয় সূচক ও পরিসংখ্যানগত বেঞ্চমার্কের জন্য নিচের বিভাগ ৬ দেখুন। |

| মনোনয়ন ফরম্যাট | ব্যাখ্যামূলক নোট |
|---|---|
| **৪.খ সম্পদের ওপর নেতিবাচক প্রভাবের কারণসমূহ** | এই বিভাগে সম্পদের অনন্য বৈশ্বিক মানের ওপর প্রভাব ফেলে বা হুমকি সৃষ্টি করে এ ধরনের সম্ভাব্য সকল উপাদান বা কারণ সম্পর্কে তথ্য প্রদান করতে হবে। এই ধরনের সমস্যা মোকাবেলায় কোনো অসুবিধা বা সমস্যার সম্মুখীন হলে সেগুলিও বর্ণনা করতে হবে। এই বিভাগে প্রস্তাবিত সকল কারণ সকল সম্পদের জন্য যথাযথ নয়। এই কারণগুলি ইঙ্গিতবহ মাত্র এবং প্রতিটি নির্দিষ্ট সম্পদের সাথে সংশ্লিষ্ট কারণ চিহ্নিত করার ক্ষেত্রে রাষ্ট্রপক্ষকে সহায়তা করাই এগুলির উদ্দেশ্য। |
| **(i) উন্নয়নের জন্য চাপ (যেমন, অবৈধ লাভের জন্য সীমালঙ্ঘন, রূপান্তর, কৃষি, খনি খনন ইত্যাদি)** | সম্পদের ওপর প্রভাব ফেলতে পারে এমন যে কোনো উন্নয়নের চাপ প্রয়োগের ধরনগুলি উল্লেখ করুন, যেমন– ধ্বংসের জন্য চাপ, পুনর্নির্মাণ বা নতুন নির্মাণ; বিদ্যমান ভবনগুলি নতুনভাবে ব্যবহারের জন্য রূপান্তর বা অভিযোজন যার ফলে এগুলির প্রামানিকতা বা অখণ্ডতা ক্ষতিগ্রস্ত হয়; চাষ, বনাঞ্চল বা চারণভূমি, অথবা পর্যটনের দুর্বল ব্যবস্থাপনা বা অন্য কোনো প্রকার ব্যবহারের মাধ্যমে অবৈধ লাভ অর্জন বা যে কোনো ধরনের সীমালঙ্ঘনের ফলে আবাসস্থলের পরিবর্তন, সংস্কার বা ধ্বংস; অনুপযুক্ত বা অস্থায়িত্বশীল উপায়ে প্রাকৃতিক সম্পদের ব্যবহার; খনি খননের ফলে সৃষ্ট ক্ষয়ক্ষতি; কোনো বহিরাগত প্রজাতির কারণে প্রাকৃতিক পরিবেশগত প্রক্রিয়ায় ব্যাঘাত ঘটার সম্ভাবনা, সম্পদের মধ্যে বা কাছাকাছি এলাকায় মানুষের জন্য নতুন নতুন কেন্দ্র তৈরি যার ফলে সম্পদ বা এর পরিবেশের ক্ষতি সাধিত হয় ইত্যাদি। |
| **(ii) পরিবেশগত চাপ (যেমন, দূষণ, জলবায়ু পরিবর্তন, মরুকরণ ইত্যাদি)** | নির্মাণশৈলী, উদ্ভিদ ও প্রাণীকুলের ওপর প্রভাব ফেলতে পারে এমন যে কোনো পরিবেশগত ক্ষয়ক্ষতির প্রধান উৎসসমূহের তালিকা ও সারসংক্ষেপ উপস্থাপন করুন। |
| **(iii) প্রাকৃতিক দুর্যোগ ও ঝুঁকি ব্যবস্থাপনা (ভূমিকম্প, বন্যা, তাপদাহ ইত্যাদি)** | সম্পদের ওপর সম্ভাব্য ঝুঁকি সৃষ্টিকারী বিপর্যয়ের একটি তালিকা উপস্থাপন করুন যেখানে এইসব বিপর্যয় মোকাবেলায় সম্ভাব্য পরিকল্পনা প্রণয়নের জন্য– ভৌতিক সুরক্ষা পদক্ষেপ বা কর্মী প্রশিক্ষণ যাই হোক না কেন– কী কী উদ্যোগ গ্রহণ করা হয়েছে এ সম্পর্কে জানা যাবে। |
| **(iv) বিশ্ব ঐতিহ্যের সাইটগুলিতে দর্শনার্থীদের দায়িত্বশীল ভূমিকা** | সম্পদ পরিদর্শনের অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করুন (যেমন, বিদ্যমান বেসলাইন তথ্য-উপাত্ত; সম্পদ ব্যবহারের ধরনসহ এর বিভিন্ন অংশে পরিচালিত কার্যক্রমের মাত্রা; এবং ভবিষ্যতের জন্য পরিকল্পিত কার্যক্রমসমূহ)।<br><br>তালিকাভুক্তি বা অন্যান্য উপাদানের কারণে পরিদর্শনের জন্য প্রাক্কলিত স্তর বর্ণনা করুন।<br><br>সম্পদের বহন-ক্ষমতা বা ধারণ-ক্ষমতা নির্ধারণ করুন এবং যে-কোনো ধরনের প্রতিকুল প্রভাব এড়িয়ে বর্তমান সংখ্যক কিংবা প্রত্যাশিত সংখ্যক দর্শনার্থীর লক্ষ্য পূরণে কীভাবে সম্পদের ব্যবস্থাপনা উন্নত করা যায় তা বর্ণনা করুন।<br><br>দর্শনার্থীদের চাপ ও তাদের আচরণসহ সম্পদের বিমূর্ত গুণাবলির ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে এমন যে-কোনো প্রকার ক্ষয়ক্ষতির সম্ভাব্য রূপ বিবেচনা করুন। |
| **(v) সম্পদ এবং এর সুরক্ষা বলয়ের অধিবাসী সংখ্যা**<br><br>বসবাসকারী জনসংখ্যা:<br>________________<br>মনোনয়নকৃত সম্পদের আয়তন: ________________<br><br>সুরক্ষা বলয় ________________<br><br>মোট আয়তন ________________<br><br>বছর________________ | মনোনয়নকৃত সম্পদ এবং এর সুরক্ষা বলয়ের মধ্যে বসবাসকারী জনসংখ্যা সংক্রান্ত বিদ্যমান সর্বোত্তম পরিসংখ্যান বা আনুমানিক সংখ্যা উপস্থাপন করুন। যে বছরে এই প্রাক্কলিত হিসাব বা গণনা সম্পন্ন করা হয়েছে তাও উল্লেখ করুন। |
| **৫. সম্পদ সুরক্ষা ও ব্যবস্থাপনা** | আইনসঙ্গত, নিয়ন্ত্রণমূলক, চুক্তিভিত্তিক, পরিকল্পনা সংক্রান্ত, প্রাতিষ্ঠানিক অথবা ঐতিহ্যবাহী নানা ধরনের পদক্ষেপ (*বাস্তবায়ন নির্দেশিকার* অনুচ্ছেদ ১৩২ দেখুন) এবং *বিশ্ব ঐতিহ্য সনদ* অনুযায়ী সম্পদ সুরক্ষা ও ব্যবস্থাপনার জন্য |

| মনোনয়ন ফরম্যাট | ব্যাখ্যামূলক নোট |
|---|---|
| | বিদ্যমান ব্যবস্থাপনা পরিকল্পনা বা অন্য কোনো ব্যবস্থাপনা পদ্ধতির (অপারেশন গাইডলাইনের অনুচ্ছেদ ১০৮ থেকে ১১৮) সুস্পষ্ট চিত্র তুলে ধরাই হচ্ছে মনোনয়নের এই বিভাগটির উদ্দেশ্য। এই অংশে নীতিগত দিক, আইনগত অবস্থা ও সুরক্ষামূলক ব্যবস্থা এবং দৈনন্দিন প্রশাসনিক ও ব্যবস্থাপনার বাস্তব অবস্থাসমূহ বর্ণনা করতে হবে। |
| **৫.ক মালিকানা** | ভূমি মালিকানার প্রধান প্রধান শ্রেণিবিভাজন বর্ণনা করুন (রাষ্ট্রীয়, প্রাদেশিক, ব্যক্তিগত, সম্প্রদায়ভিত্তিক, ঐতিহ্যবাহী বা প্রচলিত, প্রথাভিত্তিক ও বেসরকারি মালিকানা ইত্যাদি) |
| **৫.খ সুরক্ষামূলক বিবরণ** | সম্পদের প্রাসঙ্গিক আইনগত, নিয়ন্ত্রণমূলক, চুক্তিভিত্তিক, পরিকল্পনা-সংক্রান্ত, প্রাতিষ্ঠানিক এবং/অথবা ঐতিহ্যগত অবস্থা: উদাহরণস্বরূপ, জাতীয় কিংবা প্রাদেশিক পার্ক, ঐতিহাসিক স্মৃতিস্তম্ভ, জাতীয় আইন বা প্রথার অধীনে সুরক্ষিত এলাকা; বা অন্যান্য বিবরণ তালিকাভুক্ত করুন।<br><br>বিবরণের বছর এবং যে আইনী ধারার অধীনে সম্পদের অবস্থা তুলে ধরা হয়েছে সেই আইনী ধারা উল্লেখ করুন।<br><br>বিভিন্ন দলিল-দস্তাবেজ যদি ইংরেজি অথবা ফরাসি ভাষায় প্রদান করা সম্ভব না হয়, তাহলে ইংরেজি অথবা ফরাসি ভাষায় নির্বাহী সারাংশ আকারে প্রধান প্রবিধানগুলি উল্লেখ |
| **৫.গ সুরক্ষামূলক পদক্ষেপসমূহ বাস্তবায়নের উপায়** | বিভাগ ৫.খ-এ বর্ণিত সুরক্ষা বিষয়ক আইনগত, নিয়ন্ত্রণমূলক, চুক্তিভিত্তিক, পরিকল্পনা সংক্রান্ত, প্রাতিষ্ঠানিক এবং/ অথবা ঐতিহ্যবাহী বা প্রচলিত অবস্থার বিধিবিধানের অধীনে প্রদত্ত সুরক্ষা ব্যবস্থা কীভাবে বা কতটা কাজ করছে তা বর্ণনা করুন। |
| **৫.ঘ পৌর এলাকা ও অন্যান্য অঞ্চল সম্পর্কিত বিদ্যমান পরিকল্পনা, যেখানে প্রস্তাবিত সম্পদটি অবস্থিত (যেমন, আঞ্চলিক বা স্থানীয় পরিকল্পনা, সুরক্ষা পরিকল্পনা, পর্যটন উন্নয়ন পরিকল্পনা)** | যথাযথ তারিখের মধ্যে পরিকল্পনা গ্রহণের জন্য দায়িত্বশীল এজেন্সি কর্তৃক গৃহীত সর্বসম্মত পরিকল্পনাগুলির একটি তালিকা তৈরি করুন। এই বিভাগটিতে প্রাসঙ্গিক বিধানগুলির সারাংশ উপস্থাপন করতে হবে। বিভাগ ৭.খ-এর নির্দেশনা অনুযায়ী পরিকল্পনার একটি অনুলিপি সংযুক্ত নথি হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে।<br><br>যদি পরিকল্পনাগুলি ইংরেজি অথবা ফরাসি ভাষা ছাড়া অন্য কোনো ভাষায় বিদ্যমান থাকে, তবে প্রধান প্রধান প্রবিধান উল্লেখ করে ইংরেজি বা ফরাসি ভাষায় একটি নির্বাহী সারাংশ উপস্থাপন করতে হবে। |
| **৫.ঙ সম্পদ ব্যবস্থাপনা পরিকল্পনা বা অন্যান্য পরিকল্পনা পদ্ধতি** | *বাস্তবায়ন নির্দেশিকার* অনুচ্ছেদ ১৩২-এ উল্লিখিত বর্ণনা অনুযায়ী, একটি যথোপযুক্ত ব্যবস্থাপনা পরিকল্পনা বা অন্য কো না ব্যবস্থাপনা পদ্ধতি অপরিহার্য এবং মনোনয়নপত্রে তা প্রদান করতে হবে। ব্যবস্থাপনা পরিকল্পনা বা অন্যান্য ব্যবস্থাপনা পদ্ধতির কার্যকর বাস্তবায়নের নিশ্চয়তা থাকতে হবে। টেকসই উন্নয়নের নীতিসমূহ ব্যবস্থাপনা পদ্ধতির সাথে সমন্বিতভাবে উপস্থাপন করতে হবে।<br><br>ব্যবস্থাপনা পরিকল্পনার একটি অনুলিপি বা ব্যবস্থাপনা পদ্ধতির নথিপত্রাদি ইংরেজি অথবা ফরাসি ভাষায় বিভাগ ৭.খ-এ উল্লিখিত নির্দেশনা অনুযায়ী মনোনয়নের সাথে সংযুক্ত করতে হবে।<br><br>ব্যবস্থাপনা পরিকল্পনা ইংরেজি বা ফরাসি ভাষা ছাড়া অন্য কোনো ভাষায় বিদ্যমান থাকলে এর বিধানগুলির বিস্তারিত বিবরণ ইংরেজি বা ফরাসি ভাষায় সংযুক্ত করতে হবে। ব্যবস্থাপনা পরিকল্পনার শিরোনাম, তারিখ এবং ব্যবস্থাপনা পরিকল্পনার লেখকের নাম মনোনয়নের সঙ্গে সংযুক্ত করতে হবে।<br><br>ব্যবস্থাপনা পরিকল্পনার একটি বিস্তারিত বিশ্লেষণ বা ব্যাখ্যা অথবা নথিভুক্ত ব্যবস্থাপনা পদ্ধতি উপস্থাপন করতে হবে।<br><br>ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়নের সময়সূচি উল্লেখ করার জন্য সুপারিশ করা হলো। |
| **৫.চ অর্থায়নের উৎস ও স্তরসমূহ** | বার্ষিক ভিত্তিতে সম্পদের জন্য নির্ধারিত তহবিলের উৎস ও স্তর প্রদর্শন করুন। এছাড়া প্রাপ্তব্য সম্পদের পর্যাপ্ততার একটি আনুমানিক হিসাব উল্লেখ করা যেতে পারে, বা তহবিল সংক্রান্ত অন্যান্য তথ্য– বিশেষ করে তহবিলের অভাব বা সম্পদ-স্বল্পতা অথবা সম্পদ ও তহবিলের অন্য কোনো ক্ষেত্র চিহ্নিত করতে হবে, যেখানে সহায়তা প্রয়োজন। |
| **৫.ছ সংরক্ষণ ও ব্যবস্থাপনা কলাকৌশলের ক্ষেত্রে দক্ষতা ও প্রশিক্ষণের উৎস** | জাতীয় কর্তৃপক্ষ বা সম্পদের দায়িত্বে নিয়োজিত অন্যান্য সংগঠন থেকে প্রাপ্ত দক্ষতা ও প্রশিক্ষণ উল্লেখ করুন। |

| মনোনয়ন ফরম্যাট | | ব্যাখ্যামূলক নোট |
|---|---|---|
| **৫.জ** | **দর্শনার্থীর সুযোগ-সুবিধা, ও অবকাঠামো** | এই বিভাগে দর্শনার্থীদের জন্য সাইটে নির্ধারিত সামগ্রিক সুবিধাদি বর্ণনা করতে হবে এবং দেখাতে হবে যে, এই সকল সুবিধা সম্পদের সুরক্ষা ও ব্যবস্থাপনার প্রয়োজনীয়তার জন্য যথার্থ। এখানে দর্শনার্থীদের চাহিদা পূরণের জন্য সম্পদে দর্শনার্থীদের নিরাপদ ও যথাযথ প্রবেশগম্যতার বিধানসহ এইসব সুবিধা ও পরিষেবার মাধ্যমে কীভাবে সম্পদের কার্যকর ও সামগ্রিক উপস্থাপনা তুলে ধরা যায় তা নির্ধারণ করতে হবে। এই বিভাগে দর্শনার্থীদের সুবিধাগুলি বিবেচনা করতে হবে এবং এর মধ্যে থাকতে পারে বিশ্লেষণ/ব্যাখ্যা (নাম ও চিহ্ন, পথনির্দেশনা, বিজ্ঞপ্তি বা প্রকাশনা, দর্শনার্থীদের জন্য সাহায্যকারী গাইড); সম্পদ, দর্শনার্থী বা বিশ্লেষণ কেন্দ্রের জন্য নিবেদিত যাদুঘর / প্রদর্শনী; এবং / অথবা ডিজিটাল প্রযুক্তি ও পরিষেবার সম্ভাব্য ব্যবহার (রাতে থাকার জায়গা; রেস্তোরাঁ; গাড়ি পার্কিং, বিশ্রামকক্ষ-টয়লেট-গোসলখানা; অনুসন্ধান ও উদ্ধার ব্যবস্থা ইত্যাদি)। |
| **৫.ঝ** | **সম্পদের উপস্থাপন ও উন্নয়ন সংক্রান্ত নীতিমালা ও কর্মসূচি** | এই বিভাগে *সনদের* ধারা ৪ ও ৫ অনুযায়ী সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যকে ভবিষ্যৎ প্রজন্মের কাছে উপস্থাপন ও সঞ্চারণ সম্পর্কিত বর্ণনা তুলে ধরতে হবে। মনোনয়নকৃত সম্পদ উপস্থাপনা ও উন্নয়ন বা সম্পদ সম্পর্কিত প্রচারণার জন্য নীতিমালা ও কর্মসূচি সংক্রান্ত তথ্য সরবরাহে রাষ্ট্রপক্ষসমূহকে উৎসাহিত করা হচ্ছে। |
| **৫.ঞ** | **কর্মকর্তা-কর্মচারীদের স্তর ও দক্ষতা (পেশাদারি, কারিগরি, রক্ষণাবেক্ষণ)** | সম্পদ পরিদর্শন ও ভবিষ্যৎ প্রশিক্ষণের চাহিদাসহ সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য বিদ্যমান প্রয়োজনীয় দক্ষতা ও যোগ্যতা বিষয়ে উল্লেখ করুন। |
| **৬.** | **পরিবীক্ষণ** | মনোনয়নের এই বিভাগে সম্পদ সংরক্ষণের অবস্থা সম্পর্কিত প্রমাণাদি উপস্থাপন করতে হবে, যার ওপর ভিত্তি করে নিয়মিতভাবে সম্পদের অবস্থা পর্যালোচনা এবং এ সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপনের মাধ্যমে সম্পদটির প্রবহমান ধারা সম্পর্কে জানা সম্ভব হবে। |
| **৬.ক** | **সংরক্ষণের অবস্থা পরিমাপের প্রধান সূচকসমূহ** | পুরো সম্পদ সংরক্ষণের অবস্থা পরিমাপের জন্য যেসব সূচক নির্বাচন করা হয়েছে– সারণী আকারে ঐসব প্রধান প্রধান সূচকের একটি তালিকা তৈরি করুন (উপরে অধ্যায় ৪.ক দেখুন)। এই সূচকগুলি পর্যালোচনার সময়সীমা এবং যেখানে নথিপত্রগুলি রাখা হয় তার অবস্থান উল্লেখ করুন। এগুলি সম্পদের গুরুত্বপূর্ণ দিকসমূহ তুলে ধরতে পারে এবং অনন্য বৈশ্বিক মান-এর বিবরণের সাথে যতটা সম্ভব ঘনিষ্ঠভাবে জড়িত হতে পারে (উপরে অধ্যায় ২.খ দেখুন)। সম্ভব হলে এগুলিকে সংখ্যাসূচক হিসেবে প্রকাশ করা যেতে পারে, আর তা সম্ভব না হলে এগুলিকে এক ধরনের পুনরাবৃত্তিমূলক উপায়ে উপস্থাপন করা যেতে পারে, যেমন– একই বিন্দু থেকে ছবি তুলে উপস্থাপন করা যায়। ভালো সূচকের উদাহরণ হলো:<br>(i) কোনো প্রাকৃতিক সম্পদে প্রজাতির সংখ্যা, কিংবা মূল প্রজাতির জনসংখ্যা;<br>(ii) কোনো ঐতিহাসিক শহর বা জেলায় বড় ধরনের মেরামত প্রয়োজন এমন ভবনের শতকরা হার;<br>(iii) প্রধান সংরক্ষণ কর্মসূচি সম্পন্ন হওয়ার ঠিক আগে বিগত বছরগুলোর সংখ্যা;<br>(iv) কোনো নির্দিষ্ট ভবন বা ভবনের কোনো উপাদানের স্থিতিশীলতা বা আন্দোলনের মাত্রা;<br>(v) সম্পদ থেকে যে কোনো ধরনের অবৈধ লাভ অর্জনের হার বৃদ্ধি বা হ্রাস। |

| **সূচক** | **গময়কাল** | **নথিপত্রের অবস্থান** |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

| মনোনয়ন ফরম্যাট | | ব্যাখ্যামূলক নোট |
|---|---|---|
| ৬.খ | **সম্পদ পরিবীক্ষণের জন্য প্রশাসনিক ব্যবস্থা** | ৬.ক-এ উল্লিখিত পরিবীক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত এজেন্সি(সমূহ)-এর নাম ও যোগাযোগ সংক্রান্ত তথ্য দিন। |
| ৬.গ | **বিগত প্রতিবেদন অনুশীলনের ফলাফল** | সম্পদ সংরক্ষণের অবস্থা সংক্রান্ত পূর্বের সকল প্রতিবেদনের সংক্ষিপ্ত সারাংশসহ একটি তালিকা তৈরি করুন এবং প্রকাশিত উৎসগুলির উদ্ধৃতি ও রেফারেন্স প্রদান করুন (উদাহরণস্বরূপ, আন্তর্জাতিক চুক্তিপত্র ও কর্মসূচিসমূহ অনুযায়ী দাখিলকৃত প্রতিবেদন, যেমন, Ramsar, MAB)। |
| ৭. | **নথিভুক্তকরণ** | একটি সম্পূর্ণ মনোনয়ন প্রস্তুতির জন্য মনোনয়নপত্রের এই বিভাগে প্রয়োজনীয় সকল নথিপত্রাদির চেক-লিস্ট বা যাচাই-তালিকা উপস্থাপন করতে হবে। |
| ৭.ক | **আলোকচিত্র ও অডিও-ভিস্যুয়াল ইমেজের তালিকাপত্র ও ক্ষমতা অর্পণ ফরম** | সম্পদের একটি ভালো সার্বিক চিত্র উপস্থাপনের জন্য রাষ্ট্রপক্ষসমূহ সাম্প্রতিক কালের পর্যাপ্ত সংখ্যক চিত্র প্রদান করবে (প্রিন্ট, স্লাইড এবং, যেখানে সম্ভব, ইলেকট্রনিক ফরম্যাট, ভিডিও ও আকাশ থেকে তোলা আলোকচিত্র)।<br><br>স্লাইডগুলি ৩৫মিমি ফরম্যাটের এবং ইলেকট্রনিক ছবিগুলি ন্যূনতম ৩০০ ডিপিআই (ডট পার ইঞ্চ) রেজুলিউশনের জেপিজি ফরম্যাটের হতে হবে। কোনো চলচ্চিত্র উপকরণ সরবরাহ করা হলে গুণগত নিশ্চয়তার জন্য তা বিটা এসপি ফরম্যাটে জমা দেওয়ার জন্য সুপারিশ করা হচ্ছে।<br><br>এই উপকরণটি নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী চিত্রের তালিকাপত্র এবং আলোকচিত্র ও অডিও-ভিস্যুয়াল কর্তৃত্বপ্রদান ফরম-এর সাথে জমা দিতে হবে।<br><br>সম্পদের সার্বিক চিত্র তুলে ধরার প্রকাশিত পাবলিক ওয়েব পেজে ব্যবহার করা যেতে পারে এমন অন্তত একটি আলোকচিত্র অন্তর্ভুক্ত করতে হবে।<br><br>রাষ্ট্রপক্ষের প্রদত্ত সকল বা প্রয়োজনীয় সংখ্যক চিত্র বা ছবি ডিজিটাল-সহ যে-কোনো আকারে বা যে-কোনো সমর্থনযোগ্য উপায়ে প্রচার করতে, জনসাধারণের নিকট উপস্থাপন করতে, প্রকাশ করতে, পুনঃউৎপাদন বা পুনর্নির্মাণ করতে ও ব্যবহার করতে, লিখিত আকারে ও বিনামূল্যে ইউনেস্কোকে অনুমতি দিতে এবং কোনো তৃতীয় পক্ষকে এই সকল কাজের লক্ষ্যে লাইসেন্স প্রদান করতে রাষ্ট্রপক্ষগুলোকে উৎসাহিত করা হচ্ছে।<br><br>অন-একান্ত অধিকার সমর্পণের অর্থ বুদ্ধিগত সম্পদের অধিকার প্রদান নয় (ফটোগ্রাফার / ভিডিও পরিচালক বা অন্য কেউ হলে কপিরাইট মালিক বা স্বত্বাধিকারীর অধিকার) এবং ইউনেস্কো যখনই ছবিগুলি বিতরণ করবে তখনই ফটোগ্রাফার / ভিডিও পরিচালকের স্বীকৃতি ও নাম যথাযথভাবে উল্লেখ করবে, যদি তা স্পষ্টভাবে ফরমে উল্লেখ করা হয়।<br><br>এ ধরনের অন-একান্ত অধিকারের ফলে প্রাপ্ত সম্ভাব্য সকল লাভ ও আয় বিশ্ব ঐতিহ্য তহবিলে জমা পড়বে। |

## আলোকচিত্র ও অডিও-ভিস্যুয়াল চিত্রের তালিকাপত্র এবং কর্তৃত্বপ্রদান ফরম

| আইডি নম্বর | ফরম্যাট (স্লাইড/ প্রিন্ট/ ভিডিও) | ক্যাপশন | প্রদত্ত ছবির বছর (মাস/বছর) | ফটোগ্রাফার/ভিডিও পরিচালক | স্বত্বাধিকারী (ফটোগ্রাফার/ভিডিও পরিচালক ছাড়া অন্য কেউ হলে) | স্বত্বাধিকারীর সাথে যোগাযোগের তথ্য (নাম, ঠিকানা, টেলি/ফ্যাক্স, এবং ইমেইল) | অন-একান্ত অধিকার সমর্পণ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

| মনোনয়ন ফরম্যাট | | ব্যাখ্যামূলক নোট |
|---|---|---|
| **৭.খ** | **সুরক্ষামূলক বর্ণনার টেক্সট, সম্পদ ব্যবস্থাপনা পরিকল্পনা বা নথিভুক্ত ব্যবস্থাপনা পদ্ধতির অনুলিপি এবং সম্পদের প্রাসঙ্গিক অন্যান্য পরিকল্পনার উল্লেখযোগ্য অংশ** | উপরে উল্লিখিত ৫.খ, ৫.গ ও ৫.ঘ বিভাগের নির্দেশনা অনুযায়ী টেক্সট সংযুক্ত করুন। |
| **৭.গ** | **সর্বশেষ নথিপত্র বা সম্পদের তালিকাপত্রের ফরম ও তারিখ** | সম্পদের সবচেয়ে সাম্প্রতিক নথিপত্র বা তালিকাপত্রের ফরম ও তারিখসহ একটি সহজবোধ্য ও সুস্পষ্ট বিবরণ উপস্থাপন করুন। কেবল এখনো পাওয়া যায় এমন নথিপত্র অর্থাৎ এখন পর্যন্ত বিদ্যমান নথিপত্র বর্ণনা করতে হবে। |
| **৭.ঘ** | **তালিকাপত্র, নথিপত্র ও আর্কাইভ যে ঠিকানায় রয়েছে** | যেসব সংস্থার কাছে নথিপত্রের তালিকা রয়েছে (ভবন, স্মৃতিস্তম্ভ, উদ্ভিদকুল বা প্রাণিকুলের বিভিন্ন প্রজাতি), ওই সকল সংস্থার নাম ও ঠিকানা উল্লেখ করুন। |
| **৭.ঙ** | **গ্রন্থপঞ্জি** | গ্রন্থপঞ্জির ফরম্যাট ব্যবহার করে প্রকাশিত প্রধান প্রধান রেফারেন্স গ্রন্থের তালিকা উপস্থাপন করুন। |
| **৮.** | **দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের সাথে যোগাযোগের তথ্য** | মনোনয়নপত্রের এই বিভাগে নির্দিষ্ট সম্পদ সংক্রান্ত বিশ্ব ঐতিহ্য সংবাদ ও অন্যান্য বিষয়ে চলমান তথ্য উপস্থাপনে সচিবালয়কে অনুমতি প্রদান করতে হবে। |
| **৮.ক** | **প্রস্তুতকারী**<br><br>**নামঃ**<br>**পদবিঃ**<br>**ঠিকানাঃ**<br>**শহর, প্রদেশ/রাষ্ট্র, দেশঃ**<br>**টেলিঃ**<br>**ফ্যাক্সঃ**<br>**ইমেইলঃ** | মনোনয়নপত্র প্রস্তুত করার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম, ঠিকানা এবং ইমেইল ঠিকানাসহ যোগাযোগের প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করুন। |
| **৮.খ** | **অফিসিয়াল স্থানীয় প্রতিষ্ঠান/এজেন্সি** | সম্পদ ব্যবস্থাপনায় স্থানীয়ভাবে দায়িত্বপ্রাপ্ত এজেন্সি, যাদুঘর, প্রতিষ্ঠান, কমিউনিটি বা ব্যবস্থাপকের নাম উল্লেখ করুন। যদি স্বাভাবিক রিপোর্টিং প্রতিষ্ঠানটি কোনো জাতীয় সংস্থা হয়ে থাকে, তাহলে জাতীয় সংস্থাটির সাথে যোগাযোগের যাবতীয় তথ্য প্রদান করুন। |
| **৮.গ** | **অন্যান্য স্থানীয় প্রতিষ্ঠান** | বিশ্ব ঐতিহ্য সম্পর্কিত ঘটনাবলিসহ প্রাসঙ্গিক নানা বিষয় নিয়ে প্রকাশিত *বিশ্ব ঐতিহ্য নিউজলেটার* যাদের নিকট বিনামূল্যে পাঠাতে হবে ওই সকল জাদুঘর, দর্শনীয় স্থান ও সরকারি পর্যটন অফিসের পুরো নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, ফ্যাক্স নম্বর ও ইমেইল ঠিকানা তালিকাভুক্ত করুন। |
| **৮.ঘ** | **অফিসিয়াল ওয়েবসাইট**<br><br>**http://**<br>**সংশ্লিষ্ট ব্যক্তির নামঃ**<br>**ইমেইলঃ** | মনোনয়কৃত সম্পদের কোনো অফিসিয়াল ওয়েবসাইট বিদ্যমান থাকলে তা উল্লেখ করুন। এ ধরনের ওয়েবসাইট প্রতিষ্ঠায় কোনো ভবিষ্যৎ পরিকল্পনা থাকলে যোগাযোগের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম ও ইমেইল ঠিকানা উল্লেখ করুন। |
| **৯.** | **রাষ্ট্রপক্ষের পক্ষে স্বাক্ষরকারীর স্বাক্ষর** | রাষ্ট্রপক্ষের পক্ষে স্বাক্ষর প্রদানের জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর দিয়ে মনোনয়নপত্র শেষ করতে হবে। |

# মনোনয়নের জন্য উপদেষ্টা সংস্থার মূল্যায়ন পদ্ধতি

এই পরিশিষ্টে রয়েছে:

ক. সাংস্কৃতিক সম্পদ মূল্যায়নের জন্য ইকমস-এর কার্যসাধন পদ্ধতি

খ. প্রাকৃতিক সম্পদ মূল্যায়নের জন্য আইইউসিএন-এর কার্যসাধন পদ্ধতি

গ. উপদেষ্টা সংস্থার সহযোগিতা– সাংস্কৃতিক ও প্রাকৃতিক সম্পদ এবং সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ মূল্যায়নের কার্যসাধন পদ্ধতি

আরও তথ্যের জন্য *বাস্তবায়ন নির্দেশিকার* অনুচ্ছেদ ১৪৩-১৫১ দেখুন।

## ক. সাংস্কৃতিক সম্পদ মূল্যায়নের জন্য ইকমস-এর কার্যসাধন পদ্ধতি

সাংস্কৃতিক সম্পদসমূহের মনোনয়ন মূল্যায়ন পরিচালনার জন্য ইকমস (ইন্টারন্যাশনাল কাউন্সিল অব মন্যুমেন্টস অ্যান্ড সাইটস্) *বাস্তবায়ন নির্দেশিকা*-র দিকনির্দেশনা অনুসরণ করে থাকে; অনুচ্ছেদ ১৪৮ দেখুন)।

ইউনেস্কো বিশ্ব ঐতিহ্য কেন্দ্র কর্তৃক নতুন মনোনয়নসমূহের পূর্ণাঙ্গতা যাচাই করার পর যেসব মনোনয়ন সম্পূর্ণ হিসেবে বিবেচিত হবে ওই সকল মনোনয়নের ডোসিয়ার ইকমস নিকট পাঠাতে হবে এবং ইকমস ওয়ার্ল্ড হেরিটেজ ইউনিট এইসব ডোসিয়ার নিয়ে কাজ করবে। এই সময় থেকে মনোনয়ন জমাদানকারী রাষ্ট্রপক্ষগলোর সাথে সংলাপ ও পরামর্শ শুরু হতে পারে এবং মূল্যায়ন প্রক্রিয়া চলাকলীন সময় পর্যন্ত তা চলতে থাকবে। মনোনয়ন জমাদানকারী রাষ্ট্রপক্ষগুলোর সাথে সংলাপের সুযোগ বৃদ্ধির জন্য ইকমস তার বিদ্যমান সম্পদগুলি ন্যায়সঙ্গত, দক্ষ ও কার্যকরভাবে বরাদ্দ প্রদানের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ করবে।

ইকমস-এর মূল্যায়ন প্রক্রিয়ায় নিম্নলিখিত ধাপগুলি অনুসরণ করা হয়ে থাকে যা চিত্র ১-এ প্রদর্শন করা হয়েছে:

### ১. অতিরিক্ত তথ্যের জন্য অনুরোধ

অতিরিক্ত তথ্য প্রয়োজন কিংবা বিদ্যমান তথ্যের স্পষ্টীকরণ প্রয়োজন এরূপ প্রতীয়মান হলে প্রয়োজনীয়তা পূরণের উপায় অনুসন্ধানের জন্য ইকমস রাষ্ট্রপক্ষগুলির সাথে সংলাপ শুরু করবে। এর মধ্যে চিঠিপত্র আদান-প্রদান, মুখোমুখি বৈঠক, টেলিকনফারেন্স, অথবা ইকমস এবং সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষের মধ্যে মতৈক্যের ভিত্তিতে অন্য কোনো প্রকার যোগাযোগ অন্তর্ভুক্ত থাকতে পারে।

### ২. ডেস্ক পর্যালোচনা

প্রতিটি মনোনয়নপত্র দশজন পর্যন্ত বিশেষজ্ঞের দ্বারা মূল্যায়ন করা হবে যাঁরা ভূ-সাংস্কৃতিক প্রেক্ষাপটে সম্পদের বিষয়ে অভিজ্ঞ এবং যাঁরা মনোনয়নকৃত সম্পদের প্রস্তাবিত "অনন্য বৈশ্বিক মান" সম্পর্কে পরামর্শ দিয়ে থাকেন। এটি মূলত "পাঠাগার" অনুশীলন, যা ইকমস-এর জাতীয় ও আন্তর্জাতিক কমিটি, অথবা ইকমস-এর সাথে যুক্ত অন্য অনেক বিশেষজ্ঞ নেটওয়ার্ক বা প্রতিষ্ঠানের সদস্যদের মধ্যে থেকে বিশেষজ্ঞ পণ্ডিতগণ পরিচালনা করে থাকেন।

### ৩. অন-সাইট মিশন

এই কার্যক্রমগুলি বিশেষজ্ঞদের দ্বারা পরিচালিত হয় যাঁদের ব্যক্তিগত সম্পদ ব্যবস্থাপনা, সংরক্ষণ ও প্রামানিকতার নানাদিক সম্পর্কিত বাস্তব অভিজ্ঞতা রয়েছে। এইসব বিশেষজ্ঞ নির্বাচন প্রক্রিয়ায় ইকমস-এর পূর্ণ নেটওয়ার্ক ব্যবহার করা হয়। ইন্টারন্যাশনাল সায়েন্টিফিক কমিটি ও ব্যক্তিগত সদস্যদের পরামর্শ চাওয়া হয়, যেমন– ইকমস-এর সাথে অংশীদারিত্ব চুক্তি রয়েছে এমন বিশেষজ্ঞ সংস্থাসমূহ। উদাহরণস্বরূপ, ইন্টারন্যাশনাল কমিটি ফর দ্য কনজারভেশন অব দ্য ইন্ডাস্ট্রিয়াল হেরিটেজ (টিআইসিসিআইএইচ), দ্য ইন্টারন্যাশনাল ফেডারেশন অব ল্যান্ডস্কেপ আর্কিটেক্টস্ (আইএফএলএ), এবং ইন্টারন্যাশনাল কমিটি ফর দি ডকুমেন্টেশন অ্যান্ড কনজারভেশন অব মন্যুমেন্টস্ অ্যান্ড সাইটস অব দ্য মডার্ন মুভমেন্ট (ডোকোমোমো-DoCoMoMo)।

অন-সাইট মিশন পরিচালনার জন্য বিশেষজ্ঞ নির্বাচনের ক্ষেত্রে, ইকমস-এর মূলনীতি হলো সম্ভব হলে মনোনয়নকৃত সম্পদ যে-অঞ্চলে অবস্থিত সেই অঞ্চল থেকে কাউকে নির্বাচন করা। এ ধরনের বিশেষজ্ঞদের ঐতিহ্য ব্যবস্থাপনা ব্যবস্থাপনা ও সংরক্ষণে অভিজ্ঞ হতে হবেঃ অনিবার্যভাবে তাদেরকে উচ্চ একাডেমিক বিশেষজ্ঞ হতে হবে এমন নয়। পেশাদারি সমতার ভিত্তিতে সাইট ম্যানেজারদের সাথে কথা বলা এবং ব্যবস্থাপনা পরিকল্পনা, সংরক্ষণ অনুশীলন, দর্শনার্থী বা পরিদর্শক সামলানো ইত্যাদি বিষয়ে মূল্যায়ন পরিচালনায় সক্ষম হতে হবে। তাদের নিকট বিস্তারিত বিবরণ উপস্থাপন করা হবে, যার মধ্যে থাকবে ডোসিয়ারে প্রকাশিত প্রাসঙ্গিক তথ্যসমূহের অনুলিপি। রাষ্ট্রপক্ষসমূহের সাথে পরামর্শের ভিত্তিতে তাদের ভ্রমণের তারিখ ও কর্মসূচি ঠিক করা হবে এবং রাষ্ট্রপক্ষগুলোকে এটা নিশ্চিত করতে অনুরোধ জানানো হচ্ছে যেন ইকমস-এর মূল্যায়ন মিশনগুলিকে মিডিয়ার ক্ষেত্রে কম প্রোফাইল দেওয়া হয়। ইকমস বিশেষজ্ঞগণ গোপনীয়তা বজায় রেখে সংশ্লিষ্ট সম্পদের বাস্তব নানা দিক নিয়ে তাদের প্রতিবেদন দাখিল করবেন এবং মনোনয়নের অন্যান্য দিক সম্পর্কে তাদের প্রতিবেদনে তাঁদের মন্তব্য তুলে ধরতে পারেন।

### ৩.পুনশ্চ তথ্যের অন্যান্য উৎস

মূল্যায়ন প্রক্রিয়ার সময় অন্যান্য প্রাসঙ্গিক প্রতিষ্ঠান, যেমন– ইউনেস্কোর সভাপতিমণ্ডলী, বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের সাথে পরামর্শ করা যেতে পারে এবং মূল্যায়ন প্রতিবেদনে এইসব প্রতিষ্ঠানের নাম যথাযথভাবে তালিকাভুক্ত করা যেতে পারে।

### ৪. ইকমস প্যানেল কর্তৃক পর্যালোচনা

ইকমস ওয়ার্ল্ড হেরিটেজ প্যানেল পৃথক পৃথকভাবে ইকমস-এর সদস্যদের সমন্বয়ে গঠিত, যারা সামগ্রিকভাবে বিশ্বের সকল অঞ্চলের প্রতিনিধিত্ব করেন এবং তাঁদের প্রত্যেকেরই ব্যাপক প্রাসঙ্গিক সাংস্কৃতিক ঐতিহ্য দক্ষতা ও অভিজ্ঞতা রয়েছে। এই সদস্যদের মধ্যে কিছু সংখ্যক সদস্য নির্দিষ্ট মেয়াদে প্যানেলে দায়িত্ব পালন করেন এবং অন্যেরা পরীক্ষাধীন মনোনয়নকৃত সম্পদগুলির বৈশিষ্ট্য অনুযায়ী শুধুমাত্র এক বছরের জন্য নিযুক্ত হন। ইকমস তার প্যানেল সদস্যদের মধ্যে এমন কিছু বিশেষজ্ঞ অন্তর্ভুক্ত করবে যাঁদের রাষ্ট্রপক্ষের প্রতিনিধি হিসাবে কাজ করার অতীত অভিজ্ঞতা রয়েছে, কিন্তু বর্তমানে বিশ্ব ঐতিহ্য কমিটির সদস্য হিসেবে কাজ করেন না। এই বিশেষজ্ঞগণ ব্যক্তিগত ও পেশাদারি ক্ষমতায় কাজ করবেন।

প্যানেল বছর দুবার বৈঠকে মিলিত হবে, প্রথমে ডিসেম্বর মাসে এবং এরপর মার্চ মাসে। প্রথম বৈঠকে ডেস্ক বিশেষজ্ঞ ও সাইট মিশনের প্রতিবেদনগুলির ভিত্তিতে প্যানেলটি প্রত্যেক মনোনয়ন মূল্যায়ন করে থাকে।

প্যানেলটি ঐকমত্যের ভিত্তিতে মনোনয়নের সম্পর্কে তাদের সুপারিশমালা প্রণয়নের লক্ষ্য গ্রহণ করে।

প্রথম প্যানেল কিছু মনোনয়ন সম্পর্কে চূড়ান্ত সামগ্রিক সুপারিশমালায় পৌঁছতে পারে, তবে কিছু কিছু মনোনয়নের ক্ষেত্রে অতিরিক্ত তথ্যের জন্য বা মনোনয়ন পদ্ধতি সমন্বয়ের প্রয়োজনীয়তার ব্যাপারে সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষগুলোর সাথে একমত পোষণ করতে পারে। যদি প্যানেলটি এই সিদ্ধান্তে উপনীত হয় যে, মনোনয়নটির অনন্য বৈশ্বিক মান প্রমাণিত হওয়ার কোনো সম্ভাবনা নেই, তাহলে ইকমস এই পর্যায়ে সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষের সাথে যোগাযোগ করবে। সনদের দুটি কার্যকরী ভাষার মধ্যে যে-কোনো একটি ভাষায় মনোনয়নের অবস্থা ও মূল্যায়ন প্রক্রিয়ার সাথে সম্পর্কিত অন্য যে-কোনো সমস্যা এবং সম্পূরক তথ্যের জন্য পুনর্বার অনুরোধের বিষয় উল্লেখ করে প্রতিটি মনোনয়নপত্রের জন্য জানুয়ারি মাসে মনোনয়ন জমাদানকারী রাষ্ট্রপক্ষ বরাবর একটি করে সংক্ষিপ্ত অন্তর্বর্তী প্রতিবেদন পাঠাতে হবে এবং বিশ্ব ঐতিহ্য কমিটির সভাপতির নিকট প্রেরণের জন্য বিশ্ব ঐতিহ্য কেন্দ্রে অনুলিপি জমা দিতে হবে।

দ্বিতীয় প্যানেল ওই সকল মনোনয়নের পুনর্মূল্যায়ন পরিচালনা করবে যেসব মনোনয়নের জন্য অতিরিক্ত তথ্য বা রাষ্ট্রপক্ষগুলির সাথে সংলাপের ফলাফল প্রাপ্তির পর তার ভিত্তিতে এখনো কোনো সুপারিশে পৌঁছানো হয়নি। এরপর প্যানেলটি অবশিষ্ট সামষ্টিক সুপারিশের ব্যাপারে সম্মত হয়। দ্বিতীয় প্যানেলের বৈঠকের পর, সমস্ত মূল্যায়ন পাঠ্য বা টেক্সট চূড়ান্ত করা হয় এবং রাষ্ট্রপক্ষসমূহের নিকট বিতরণের জন্য বিশ্ব ঐতিহ্য কেন্দ্রে পাঠানো হয়। এরপর প্যানেল সদস্যদের নাম ও যোগ্যতা বিশ্ব ঐতিহ্য কেন্দ্রে প্রদান করা হয় এবং ইকমস-এর ওয়েব সাইটে প্রকাশ করা হয়।

ইকমস-এর মূল্যায়নের ভেতর দিয়ে নির্ণায়কসমূহের প্রয়োগ-যোগ্যতা এবং অখণ্ডতা ও প্রামানিকতার আবশ্যকতা, আইনগত সুরক্ষা, ব্যবস্থাপনার পর্যাপ্ততা নিরূপণ, সংরক্ষণ অবস্থা এবং সবশেষে সম্পদ তালিকাভুক্তির ব্যাপারে বিশ্ব ঐতিহ্য কমিটির সুপারিশমালার খসড়াসহ সংশ্লিষ্ট সম্পদের অনন্য বৈশ্বিক মান নিরূপণ করা হয়ে থাকে।


বিশ্ব ঐতিহ্য কমিটির নিকট ইকমস-এর প্রতিবেদন
ইকমস বিশ্ব ঐতিহ্য দ্বিতীয় প্যানেল
রাষ্ট্রপক্ষ কর্তৃক প্রদত্ত অতিরিক্ত তথ্য
ইকমস বিশ্ব ঐতিহ্য প্যানেল
ইকমস বিশেষজ্ঞ
ইকমস বিশ্ব ঐতিহ্য ইউনিট
সাংস্কৃতিক মূল্যায়ন
রাষ্ট্রপক্ষ কর্তৃক প্রদত্ত অতিরিক্ত তথ্য
তাৎক্ষণিক মিশন বিশেষজ্ঞ
ইকমস আন্তর্জাতিক বিজ্ঞান বিষয়ক কমিটি
সহযোগী বিজ্ঞান বিষয়ক প্রতিষ্ঠানসমূহ
ইকমস জাতীয় কমিটি
ব্যক্তি পর্যায়ের বিশেষজ্ঞ
ইকমস বিশ্ব ঐতিহ্য ইউনিট
ইউনেস্কো বিশ্ব ঐতিহ্য কেন্দ্র
মনোনয়ন ডোসিয়ার

## খ. প্রাকৃতিক সম্পদ মূল্যায়নের জন্য আইইউসিএন-এর কার্যসাধন পদ্ধতি

১. প্রাকৃতিক সম্পদের মনোনয়নের মূল্যায়ন সম্পন্ন করার জন্য আইইউসিএন (ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অব ন্যাচার) *বাস্তবায়ন নির্দেশিকা*-র দিকনির্দেশনা অনুসরণ করে থাকে (অনুচ্ছেদ ১৪৮ দেখুন)। মূল্যায়ন প্রক্রিয়ায় (চিত্র ২ দেখুন) পাঁচটি উপাদান অন্তর্ভুক্ত:

(i) উপাত্ত সমাবেশ: বিশ্ব ঐতিহ্য কেন্দ্র থেকে মনোনয়ন ডোসিয়ার পাওয়ার পর ওয়ার্ল্ড ডেটাবেস অন প্রোটেক্টেড এরিয়াস্ এবং আইইউসিএন-এর অন্যান্য বৈশ্বিক ডেটাবেস ও বিষয়গত সমীক্ষা বা থিম্যাটিক স্টাডিজ ব্যবহার করে সম্পদ সম্পর্কে একটি প্রমিত বিশ্লেষণ সংকলন করা হয়। এর মধ্যে ইউএনইপি ওয়ার্ল্ড কনজারভেশন মনিটরিং সেন্টার (ইউএনইপি-ডব্লিউসিএমসি)-এর সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে গৃহীত জীব-বৈচিত্র্য মূল্যায়নের তুলনামূলক বিশ্লেষণ অন্তর্ভুক্ত হতে পারে। মূল্যায়ন মিশন চলাকালে এবং প্রক্রিয়াটির অন্যান্য পর্যায়ে– উপাত্ত বিশ্লেষণের মূল ফলাফলই হচ্ছে রাষ্ট্রপক্ষের সাথে সংলাপের উপজীব্য।

(ii) বহিরাগত পর্যালোচনা: মূল্যায়নের জন্য মনোনয়নটি স্বতন্ত্র বিশেষজ্ঞদের কাছে পাঠানো হয় যাঁরা সম্পদ এবং / অথবা মনোনয়নের বিষয় অর্থাৎ সম্পদের মান সম্পর্কিত বিষয়ে অভিজ্ঞ, যাঁরা প্রাথমিকভাবে আইইউসিএন-এর বিশেষজ্ঞ কমিশন ও নেটওয়ার্কগুলির সদস্য, অথবা আইইউসিএন-এর সহযোগী সংস্থাগুলির বিশেষজ্ঞ সদস্য। আইইউসিএন-এর ডেস্ক পর্যায়ের পর্যালোচনার দিকনির্দেশনার জন্য ব্যবহৃত নথিপত্র ওদলিল-দস্তাবেজ আইইউসিএন-এর এই ওয়েবসাইটে পাওয়া যায়: www.iucn.org/worldheritage

(iii) সম্পদের মূল্যায়ন মিশন: যথাযথ যোগ্যতাসম্পন্ন একজন বা দুজন আইইউসিএন বিশেষজ্ঞ মনোনয়নকৃত প্রতিটি সম্পদের এলাকা সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা, সাইট ব্যবস্থাপনা মূল্যায়ন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও অংশীদারদের সাথে মনোনয়ন বিষয়ে আলোচনা করার জন্য সম্পদ পরিদর্শন করেন। সম্পদ সংরক্ষণ ও প্রাকৃতিক ইতিহাস সম্পর্কে বৈশ্বিক দৃষ্টিভঙ্গি এবং সনদ সম্পর্কে জ্ঞানের জন্য নির্বাচিত আইইউসিএন বিশেষজ্ঞগণ সাধারণত IUCN World Commission on Protected Areas-এর অভিজ্ঞ সদস্য। (বিশেষ পরিস্থিতিতে এই মাঠ পরিদর্শন ইকমস-এর সাথে যৌথভাবে সম্পন্ন করা হয় - নিচে গ. অংশ দেখুন)। আইইউসিএন-এর মাঠ মূল্যায়ন মিশন-এর প্রতিবেদনের ফরম্যাট আইইউসিএন-এর এই ওয়েবসাইটে পাওয়া যাবে: www.iucn.org/worldheritage

(iv) অন্যান্য তথ্যসূত্র: আইইউসিএন প্রাসঙ্গিক অন্যান্য সাহিত্য আলোচনা করে এবং মনোনয়নের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন স্থানীয় বেসরকারি সংগঠন, কমিউনিটি, আদিবাসী লোকজন এবং আগ্রহী অন্যান্য গোষ্ঠীর মন্তব্যও গ্রহণ করতে পারে। প্রয়োজন হলে আইইউসিএন অন্যান্য আন্তর্জাতিক সংরক্ষণ দলিলপত্র, যেমন– রামসর সনদ, দ্য ম্যান অ্যান্ড বায়োস্ফেয়ার প্রোগ্রাম এবং দ্য গ্লোবাল জিওপার্কস্ নেটওয়ার্ক-এর সাথেও সমন্বয় করবে, এবং যথাযথ মনে হলে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের সাথেও পরামর্শ করবে।

(v) আইইউসিএন ওয়ার্ল্ড হেরিটেজ প্যানেল-এর পর্যালোচনা: আইইউসিএন ওয়ার্ল্ড হেরিটেজ প্যানেলটি আইইউসিএন-এর মহাপরিচালক কর্তৃক প্রতিষ্ঠিত, এবং এর উদ্দেশ্য হচ্ছে বিশ্ব ঐতিহ্য কমিটির উপদেষ্টা সংস্থা হিসেবে আইইউসিএন-এর কাজে উচ্চমানসম্পন্ন ও স্বাধীন কারিগরি ও বিজ্ঞান সংক্রান্ত পরামর্শ প্রদান এবং আইইউসিএন-এর বিভিন্ন কর্মসূচির মাধ্যমে বিশ্ব ঐতিহ্য নিয়ে আইইউসিএন-এর কাজে কৌশলগত পরামর্শ প্রদান। ওয়ার্ল্ড হেরিটেজ প্যানেলের সুনির্দিষ্ট কাজ হচ্ছে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য মনোনয়নকৃত প্রাকৃতিক ও মিশ্র সম্পদগুলির মনোনয়নপত্র কঠোরভাবে মূল্যায়ন করা এবং বিশ্ব ঐতিহ্য সনদ-এর বাস্তবায়ন নির্দেশিকায় প্রতিষ্ঠিত সুনির্দিষ্ট প্রয়োজনীয়তা অনুযায়ী প্রতিটি নতুন মনোনয়নের জন্য আইইউসিএন-এর অবস্থান বিষয়ে প্যানেল-এর সুপারিশ প্রণয়ন করা। প্যানেলটি বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য মনোনয়নকৃত সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের মনোনয়নপত্র সম্পর্কে ইকমস-কে প্রয়োজন অনুযায়ী মন্তব্যও প্রদান করে থাকে। প্যানেলটি মূল্যায়ন প্রক্রিয়ায় সাধারণত কমপক্ষে দুবার বৈঠকে মিলিত হয়, প্রথমবার ডিসেম্বরে (বছর ১) এবং দ্বিতীয়বার বৈঠক অনুষ্ঠিত হয় মার্চ / এপ্রিলে (বছর ২);

প্যানেল সদস্যপদ যাঁদের নিয়ে গঠিত তাঁরা হচ্ছেন আইইউসিএন-এর জ্যেষ্ঠ কর্মী, আইইউসিএন কমিশনের সদস্য এবং উচ্চ স্তরের অভিজ্ঞতা ও বিশ্ব ঐতিহ্য নিয়ে আইইউসিএন-এর কাজের সাথে সম্পর্কিত বিষয়গত এবং / অথবা আঞ্চলিক দৃষ্টিভঙ্গির ভারসাম্যসহ বিশেষ দক্ষতা ও জ্ঞানের স্বীকৃতির কারণে নির্বাচিত বহিরাগত বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ। প্যানেলে এমন কিছু সংখ্যক বিশেষজ্ঞও অন্তর্ভুক্ত থাকেন– রাষ্ট্রপক্ষের প্রতিনিধি হিসেবে যাঁদের অতীত অভিজ্ঞতা রয়েছে, কিন্তু বিশ্ব ঐতিহ্য কমিটির বর্তমানে কর্মরত সদস্যগণ প্যানেল সদস্য হতে পারবেন না। এই বিশেষজ্ঞগণ ব্যক্তিগত ও পেশাদারি ক্ষমতায় কাজ করতে পারবেন। আইইউসিএন ওয়ার্ল্ড হেরিটেজ প্যানেল সকল মাঠ মূল্যায়ন প্রতিবেদন (এবং সাধারণত মিশন দলের সরাসরি প্রতিক্রিয়া ও পরামর্শ শোনেন), সমালোচকদের মন্তব্য, ইউএনইপি-ডব্লিউসিএমসি ও অন্যান্য বিশ্লেষণ এবং মনোনয়নকৃত প্রতিটি সম্পদের জন্য আইসিইউএন-এর মূল্যায়ন প্রতিবেদনের টেক্সট চূড়ান্ত করার আগে অন্য সকল ব্যাকগ্রাউন্ড সামগ্রী ও উপকরণ পর্যালোচনা করে থাকে।

আইইউসিএন ওয়ার্ল্ড হেরিটেজ প্যানেলের সদস্যপদ, টার্মস অব রেফারেন্স ও কর্মপদ্ধতি আইইউসিএন-এর ওয়েবসাইটে পাওয়া যাবে, এবং এগুলি ওয়ার্ল্ড হেরিটেজ কমিটির নিকটও প্রেরণ করা হয়।

প্রতিটি মূল্যায়ন প্রতিবেদনে মনোনয়কৃত সম্পদের প্রস্তাবিত অনন্য বৈশ্বিক মানের একটি সংক্ষিপ্ত সারসংক্ষেপ, অনুরূপ অন্যান্য সাইটের সাথে তুলনা করে একটি তুলনামূলক বৈশ্বিক বিশ্লেষণ (বিশ্ব ঐতিহ্য সম্পদ ও অন্যান্য সুরক্ষিত এলাকাসহ) এবং সম্পদের অখণ্ডতা ও ব্যবস্থাপনা বিষয়াবলির পর্যালোচনা উপস্থাপন করা হয়। প্রতিবেদনটি নির্ণায়কসমূহের প্রয়োগ-উপযোগিতার মূল্যায়ন এবং বিশ্ব ঐতিহ্য কমিটির নিকট সুস্পষ্ট সুপারিশমালা প্রণয়নের মাধ্যমে শেষ হয়। মূল্যায়ন প্রক্রিয়ায় সম্পৃক্ত সকল বিশেষজ্ঞের নাম চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়। তবে যেসব পর্যালোচক গোপন পর্যালোচনা সম্পন্ন করেছেন তাঁদের নাম প্রকাশ করা হয় না।

আইইউসিএন মনোনয়ন প্রক্রিয়ার সকল পর্যায়ে মনোনয়ন জমাদানকারী রাষ্ট্রপক্ষের সঙ্গে সংলাপ অনুষ্ঠানের আয়োজন করে। মনোনয়ন জমাদানকারী রাষ্ট্রপক্ষগুলোর সাথে সংলাপের সুযোগ বৃদ্ধির জন্য আইইউসিএন তার বিদ্যমান সম্পদগুলি ন্যায়সঙ্গত, দক্ষ ও কার্যকরভাবে বরাদ্দ প্রদানের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ করবে। মূল্যায়ন প্রক্রিয়ার শুরু থেকেই সংলাপ শুরু হয় এবং ডিসেম্বরে অনুষ্ঠিত আইইউসিএন বিশ্ব ঐতিহ্য প্যানেলের বৈঠকের পর সংলাপের মাত্রা বৃদ্ধি পায়। সংলাপের বিষয়গুলি নিম্নরূপ:

i) মূল্যায়ন মিশনের পূর্বে, মনোনয়ন নথিপত্রের যেসব প্রশ্নে অতিরিক্ত তথ্য ও সুস্পষ্ট ব্যাখ্যা প্রয়োজন– আইইউসিএন ওই সকল ব্যাখ্যা ও তথ্যের জন্য অনুরোধ করতে পারে এবং মূল্যায়ন মিশনের জন্য প্রস্তুতি নিতে সবসময় রাষ্ট্রপক্ষের সাথে যোগাযোগ করবে।

ii) মূল্যায়ন মিশনের সময় আইইউসিএন মিশন টিম রাষ্ট্রপক্ষসমূহের প্রতিনিধি ও অংশীজনদের সাথে তাৎক্ষণিক গভীর আলোচনা পরিচালনা করতে পারে।

iii) মূল্যায়ন মিশনের পর, মিশন টিম দ্বারা সনাক্তকৃত বিষয়াদি নিয়ে আইইউসিএন আলোচনা করতে পারে এবং প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত তথ্যের জন্য রাষ্ট্রপক্ষকে অনুরোধ করতে পারে।

iv) সাধারণত ডিসেম্বর মাসে অনুষ্ঠিত আইইউসিএন এর প্রথম বিশ্ব ঐতিহ্য প্যানেলের বৈঠকের পর প্যানেল দ্বারা উত্থাপিত বিষয়াদি নিয়ে আইইউসিএন আলোচনা করবে এবং প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত তথ্যের জন্য রাষ্ট্রপক্ষকে অনুরোধ করবে। অবস্থার রূপরেখা ও মূল্যায়ন সংক্রান্ত যে-কোনো সমস্যা এবং সম্পূরক তথ্যের জন্য অনুরোধপত্রের বিশদ বিবরণ, সনদের দুটি অফিসিয়াল ভাষার মধ্যে যে-কোনো একটি ভাষায়, বিশ্ব ঐতিহ্য কমিটির চেয়ারপারসনের নিকট প্রেরণের জন্য বিশ্ব ঐতিহ্য কেন্দ্রে অনুলিপিসহ মনোনয়ন জমাদানকারী রাষ্ট্রপক্ষ/সমূহকে একটি অন্তর্বর্তীকালীন প্রতিবেদন পাঠাতে হবে। পারস্পরিক সম্মতি অনুযায়ী টেলিকনফারেন্স এবং / অথবা মুখোমুখি বৈঠকের মাধ্যমে সংলাপ ও পরামর্শ অনুষ্ঠিত হবে।

আইইউসিএন-এর মূল্যায়নে নির্ধারিত সময়সীমার মধ্যে রাষ্ট্রপক্ষ কর্তৃক বিশ্ব ঐতিহ্য কেন্দ্রে লিখিতভাবে দাখিলকৃত সকল তথ্য বিবেচনায় নিতে হবে (*বাস্তবায়ন নির্দেশিকা*-এর অনুচ্ছেদ ১৪৮ দেখুন)। তবে, উপরোল্লিখিত প্রতিটি পর্যায়ে মনোনয়নপত্রের যে-কোনো অংশীজন তাদের তথ্য সরবরাহের জন্য আইইউসিএন-এর সাথে যোগাযোগ করা বা না করার এখতিয়ার রাখে।

এছাড়াও আইইউসিএন সবসময় মনোনয়ন সম্পর্কিত বিশ্ব ঐতিহ্য কমিটির সকল অতীত সিদ্ধান্তগুলি পরিপূর্ণভাবে বিবেচনা করে থাকে, যেমন– কমিটি কর্তৃক পূর্বে ফেরত দেওয়া কিংবা স্থগিত বা বিলম্বিত করা হয়েছে এমন সকল মনোনয়নের ক্ষেত্রে, অথবা যেখানে কমিটি মূলনীতির কোনো সমস্যার বিষয়ে কোনো বিশেষ অবস্থান গ্রহণ করেছে এমন ক্ষেত্রে।

বিদ্যমান কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদের পুনঃমনোনয়ন, সম্প্রসারণ ও সীমানা পরিবর্তনের ক্ষেত্রে– বিশ্ব ঐতিহ্য কমিটিকে পূর্বে অবহিত করা হয়েছে– আইইউসিএন সম্পদের সংরক্ষণ অবস্থা সম্পর্কিত এ ধরনের সকল বিষয় বিবেচনা করে থাকে। এছাড়াও আইইউসিএন সম্পদ সংরক্ষণের অবস্থা সম্পর্কিত প্রতিবেদন দাখিল প্রক্রিয়ার মাধ্যমে যে-কোনো গুরুত্বপূর্ণ বিষয় কমিটির মনোযোগ আকর্ষণের জন্য বিবেচনা করতে পারে, যদি মূল্যায়ন প্রক্রিয়ার সময় এ ধরনের বিষয়াবলি প্রথমবারের মতো চিহ্নিত হয়ে থাকে।

**তুলনামূলক বিশ্লেষণের ভিত্তিস্বরূপ জৈব-ভৌগোলিক শ্রেণিবিভাজন পদ্ধতি**

২. মূল্যায়নের ক্ষেত্রে আইইউসিএন উডভার্ডির "বিশ্বের জৈব-ভৌগোলিক অঞ্চলসমূহ" ("Biogeographical Provinces of the World" (1975)) এবং তাদের তুলনামূলক বৈশ্বিক বিশ্লেষণ কৌশলের প্রধান উপাদান হিসেবে অতি সাম্প্রতিক স্থলজ, মিঠা পানি

ও বিশ্বের সামুদ্রিক পরিবেশ-অঞ্চলসমূহের মতো জৈব-ভৌগোলিক শ্রেণিবিভাজন পদ্ধতি ব্যবহার করে থাকে। এই পদ্ধতিগুলি অনুসরণের ফলে যেসব সাইটে মনোনয়নকৃত সম্পদের অনুরূপ জলবায়ু- ও পরিবেশগত অবস্থা বিরাজমান ওই সকল সাইটের সাথে মনোনয়নকৃত সম্পদের তুলনা করার বিভিন্ন পন্থা প্রয়োগ করা যায়।

৩. তবে এই সকল জৈব-ভৌগোলিক শ্রেণিবিভাজন পদ্ধতি কেবল তুলনা করার জন্যই একটি পরিমাপ হিসাবে ব্যবহার করা হয় এবং এর অর্থ এই নয় যে, বিশ্ব ঐতিহ্য সম্পদগুলি শুধুমাত্র এর ভিত্তিতেই নির্বাচিত হবে, এবং এর অর্থ এও নয় যে, এ ধরনের সকল শ্রেণিবিভাজন পদ্ধতি নির্বাচন প্রক্রিয়ার ভিত্তি হিসেবে কাজ করবে। এক্ষেত্রে মূলনীতিটি হলো বিশ্ব ঐতিহ্য সম্পদগুলি অবশ্যই অনন্য বৈশ্বিক মানসম্পন্ন হতে হবে।

**সংরক্ষণের জন্য অগ্রাধিকার ক্ষেত্র সনাক্তকরণের পদ্ধতিসমূহ**

৪. আইইউসিএন আরও কিছু পদ্ধতি ব্যবহার করে থাকে যা সংরক্ষণের জন্য অগ্রাধিকার ক্ষেত্রগুলি সনাক্তকরণে সাহায্য করে, যেমন– World Wide Fund for Nature's (WWF) Global 200 Ecoregions, WWF/IUCN's Centres of Plant Diversity, Conservation International's Biodiversity Hotspots and High-Biodiversity Wilderness Areas, Birdlife International's Endemic Bird Areas and Important Bird Areas, এবং অন্যান্য আরও কিছু প্রধান জীব-বৈচিত্র্য ক্ষেত্র, যেমন– Alliance for Zero Extinction সাইটসমূহ। এই পদ্ধতিগুলির ফলে জীব-বৈচিত্র্য সংরক্ষণের জন্য মনোনয়নকৃত সম্পদগুলির গুরুত্ব সম্পর্কে অতিরিক্ত তথ্য জানা যায়, তবে এ ধরনের সকল সাইটই যে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত করা হবে এমনটি ধরে নেওয়া উচিত নয়। এক্ষেত্রে মূলনীতিটি হলো বিশ্ব ঐতিহ্য সম্পদগুলি অবশ্যই অনন্য বৈশ্বিক মানসম্পন্ন হতে হবে।

**মৃত্তিকা বিজ্ঞান মান-এর জন্য সম্পদ মূল্যায়ন পদ্ধতি**

৫. ভূতাত্ত্বিক মানের কারণে যেসব সম্পদ মনোনয়ন করা হয়েছে ওই সকল সম্পদ মূল্যায়নের ক্ষেত্রে আইইউসিএন ইউনেস্কো মৃত্তিকা বিজ্ঞান বিভাগ (UNESCO Earth Sciences Division), ভূ-পরিবর্তন তাত্ত্বিকদের আন্তর্জাতিক সংস্থা (International Association of Geomorphologists), আন্তর্জাতিক গুহাবিজ্ঞান ইউনিয়ন (International Union of Speleology), এবং ভূতত্ত্ববিষয়ক বিজ্ঞানের আন্তর্জাতিক ইউনিয়ন (আইইউজিএস) (International Union of Speleology- IUGS)-এর মতো বিশেষ সংস্থাগুলির সাথে পরামর্শ করে থাকে।

**মূল্যায়ন প্রক্রিয়ায় ব্যবহৃত অতিরিক্ত সন্ধানগ্রন্থ প্রকাশনা**

৬. মূল্যায়ন প্রক্রিয়ার মধ্যে বিশ্বের সুরক্ষিত এলাকাসমূহ নিয়ে আইইউসিএন এবং বিভিন্ন আন্তর্জাতিক সংরক্ষণ সংস্থাসমূহ কর্তৃক প্রকাশিত মূল সন্ধানগ্রন্থ বা রেফারেন্স বুক-এর প্রকাশনা বিবেচনার বিষয়ও অন্তর্ভুক্ত। এই দলিলপত্রাদি থেকে কিছু সার্বিক পদ্ধতিগত সারসংক্ষেপ জানতে পারা যায় এবং এর মাধ্যমে বিশ্বব্যাপী সুরক্ষিত এলাকাসমূহ সংরক্ষণের গুরুত্ব তুলনা করা যায়। প্রাকৃতিক বিশ্ব ঐতিহ্য উপস্থাপনা ও বিশ্ব ঐতিহ্যের সম্ভাব্য সম্পদগুলির শূন্যতা খুঁজে বের করার জন্য আইইউসিএন বিভিন্ন বিষয়ভিত্তিক সমীক্ষাও পরিচালনা করেছে। এ ধরনের বিভিন্ন সমীক্ষা আইইউসিএন-এর এই ওয়েবসাইটে দেখা যেতে পারেঃ www.iucn.org/worldheritage

বিভিন্ন সাইটের মান ও সংরক্ষণ সংক্রান্ত নানা সমস্যা বিষয়ে অন্তর্দৃষ্টি অর্জনের জন্য আইইউসিএন মনোনয়নকৃত সম্পদের সম্পর্কে সুনির্দিষ্ট কিছু রেফারেন্সের উপর নির্ভর করে থাকে।

**সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহ মূল্যায়ন (পরিশিষ্ট ৩ দেখুন)**

৭. অনেক সাংস্কৃতিক সম্পদের বিষয়েই আইইউসিএন-এর আগ্রহ রয়েছে, বিশেষ করে সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ হিসেবে মনোনয়নকৃত সম্পদসমূহের বিষয়ে। এ কারণেই, ইকমস-এর সাথে মনোনয়নকৃত সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের যৌথ মাঠপরিদর্শনে আইইউসিএন মাঝে মাঝেই অংশগ্রহণ করবে (নিচে গ. অংশ দেখুন)।

৮. পরিশিষ্ট ৩, অনুচ্ছেদ ১১-এ চিহ্নিত নির্দিষ্ট সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের প্রাকৃতিক গুণাবলির পরিপ্রেক্ষিতে আইইউসিএন-এর মূল্যায়ন নিম্নলিখিত বিষয়গুলির সাথে সংশ্লিষ্ট:

(i) বিভিন্ন প্রাকৃতিক ও আধা-প্রাকৃতিক ব্যবস্থা এবং বন্য প্রজাতির প্রাণিকুল ও উদ্ভিদকুল সংরক্ষণ;
(ii) টেকসই ব্যবহার ব্যবস্থাদির আওতায় জীব-বৈচিত্র্য সংরক্ষণ (কৃষি, প্রথাগত মৎস্য চাষ, অরণ্যবিদ্যা);
(iii) ভূমি ও জলের টেকসই ব্যবহার;
(iv) নৈসর্গিক সৌন্দর্য বৃদ্ধি;
(v) Ex-situ সংগ্রহ, যেমন– উদ্ভিদ উদ্যান বা বনজ বৃক্ষ;
(vi) প্রকৃতির সাথে মানবতার আন্তঃসম্পর্কের অসাধারণ উদাহরণ;
(vii) ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ আবিষ্কার

নিচের সারণিতে উপরোল্লিখিত বিষয়সমূহের প্রত্যেক বিষয়কে পরিশিষ্ট ৩-এ বর্ণিত সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের শ্রেণিবিভাজনের প্রেক্ষাপটে স্থাপন করা যায়, এর ফলে প্রতিটি বিষয় কোথায় ঘটবে তা জানা যায় (কোনো বিষয়ের অনুপস্থিতির মানে এই নয় যে, বিষয়টি কখনোই ঘটবে না, শুধু বলা যায় যে, তার সম্ভাবনা নেই):

| সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহের ধরন (এছাড়াও পরিশিষ্ট ৩ দেখুন) | সম্ভাব্য সর্বাধিক প্রাসঙ্গিক প্রাকৃতিক বিষয়াবলি (উপরে অনুচ্ছেদ ১৬ দেখুন) | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| নকশাকৃত ভূ-দৃশ্য | | | | | (v) | | |
| জৈবিকভাবে বিবর্তনাধীন ভূ-দৃশ্য - চলমান | (i) | (ii) | (iii) | (iv) | | | |
| জৈবিকভাবে বিবর্তনাধীন ভূ-দৃশ্য - জীবাশ্ম | (i) | | | | | (vi) | |
| অংশীদারিত্বমূলক ভূ-দৃশ্য | | | | | | | (vii) |

চিত্র ২: আইইউসিএন-এর মূল্যায়ন পদ্ধতির সারাংশ



## গ. উপদেষ্টা সংস্থার সহযোগিতা

**মিশ্রিত সম্পদের মনোনয়ন**

১. প্রাকৃতিক ও সাংস্কৃতিক উভয় নির্ণায়কের অধীনে মনোনয়নকৃত সম্পদগুলির জন্য আইইউসিএন ও ইকমস-এর যৌথ মিশন প্রয়োজন। এই মিশনের পর আইইউসিএন ও ইকমস সংশ্লিষ্ট নির্ণায়কসমূহের অধীনে (উপরে দ্রষ্টব্য) সম্পদের পৃথক পৃথক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে এবং যতটা সম্ভব তাদের মূল্যায়ন সামঞ্জস্যপূর্ণ ও সমন্বয় করে থাকে।

**সাংস্কৃতিক ল্যান্ডস্কেপসমূহ**

২. সাংস্কৃতিক ল্যান্ডস্কেপ হিসাবে মনোনয়নকৃত সম্পদ ইকমস কর্তৃক নির্ণায়ক (i) - (vi)-এর অধীনে মূল্যায়ন করা হয় (*বাস্তবায়ন নির্দেশিকা*-এর অনুচ্ছেদ ৭৭ দেখুন)। আইইউসিএন মনোনয়নকৃত সম্পদের প্রাকৃতি মূল্য এবং সংরক্ষণ ও ব্যবস্থাপনা বিষয়ে প্রাসঙ্গিক ক্ষেত্রে পরামর্শ প্রদান করতে পারে এবং ইকমস কর্তৃক উত্থাপিত যে-কোনো প্রশ্নের সমাধান করতে পারে। কিছু কিছু ক্ষেত্রে যৌথ মিশন প্রয়োজন।

**প্রকৃতি ও সংস্কৃতির মধ্যেকার সংযোগ**

৩. বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য মনোনয়নকৃত অধিকাংশ সম্পদের মধ্যে প্রকৃতি ও সংস্কৃতির মিথস্ক্রিয়া সংক্রান্ত ব্যবস্থাপনার বিভিন্ন দিক রয়েছে, এ কারণে মূল্যায়ন প্রক্রিয়া চলাকালে আইইউসিএন এবং ইকমস এ ধরনের মিথস্ক্রিয়া সম্পর্কে যতদূর সম্ভব আলোচনা করবে।

# বিশ্ব ঐতিহ্য সনদ প্রয়োগ বিষয়ক সাময়িক প্রতিবেদন দাখিলের ফরম্যাট

- সাময়িক প্রতিবেদন দাখিলের ফরম্যাট এখানে পাওয়া যাবে: https://whc.unesco.org/en/periodicreporting
- প্রতিবেদন দাখিল বিষয়ক আরও দিকনির্দেশনা *বাস্তবায়ন নির্দেশিকা*-র বিভাগ পাঁচ-এ দেখা যেতে পারে।
- তথ্য ব্যবস্থাপনা সহজীকরণের জন্য রাষ্ট্রপক্ষসমূহকে ইংরেজি অথবা ফরাসি ভাষায় ইলেক্ট্রনিক ফরম্যাট ও মুদ্রিত আকারে নিম্ন ঠিকানায় প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হচ্ছে:

**UNESCO World Heritage Centre**
7, place de Fontenoy
75352 Paris 07 SP
France
এখান থেকে ইমেইল করুন: https://whc.unesco.org/en/contacts

# ফরম্যাট

## বিশ্ব ঐতিহ্য সনদ প্রয়োগ বিষয়ক সাময়িক প্রতিবেদন দাখিল

এই পরিশিষ্টে সাময়িক প্রতিবেদন দাখিলের প্রশ্নমালার রূপরেখা উপস্থাপন করা হয়েছে। পূর্ণ প্রশ্নমালাটি এখানে পাওয়া যাবে: https://whc.unesco.org/en/periodicreporting/.

**সাধারণ আবশ্যকতা**

- তথ্য যতটা সম্ভব যথার্থ, সুনির্দিষ্ট ও সংক্ষিপ্ত হতে হবে। যেখানে সম্ভব সংখ্যা বা পরিমাণবাচক তথ্য দিতে হবে এবং তথ্যসূত্র উল্লেখ করতে হবে।
- প্রত্যেক অধ্যায়ে মন্তব্য প্রকাশের সুযোগ রয়েছে।
- প্রকাশিত যে কোনো মতামত যথাযথ কর্তৃপক্ষের নাম উল্লেখসহ সমর্থিত হতে হবে এবং প্রমাণস্বরূপ উপস্থাথিত তথ্য-উপাত্ত সত্যায়নযোগ্য হতে হবে।

**প্রথম ভাগ:**
**রাষ্ট্রপক্ষ কর্তৃক *বিশ্ব ঐতিহ্য সনদ* বাস্তবায়ন**

প্রথম ভাগ-এ বিশ্ব ঐতিহ্য সনদ বাস্তবায়ন ক্ষেত্রে অর্জিত অভিজ্ঞতার বিশদ বিবরণসহ এই সনদ বাস্তবায়নে রাষ্ট্রপক্ষসমূহের গৃহীত আইনগত ও প্রশাসনিক ব্যবস্থাদি এবং অন্যান্য কার্যক্রম সম্পর্কিত তথ্য প্রদান করতে বা বিদ্যমান তথ্যাদি সত্যায়ন করতে অনুরোধ করা হয়েছে (*বিশ্ব ঐতিহ্য সনদ*-এর ধারা ২৯.১)।

### ১. ভূমিকা

অধ্যায় ১-এ রাষ্ট্রপক্ষের নাম এবং অনুসমর্থন বা *সনদ* গ্রহণ করে নেয়ার সন উল্লেখ করতে হবে এবং প্রতিবেদনের প্রথম ভাগ তৈরির সাথে সম্পৃক্ত গোষ্ঠী বা দল ও প্রতিষ্ঠানের তথ্য উপস্থাপন করতে হবে।

### ২. প্রাকৃতিক ও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের লক্ষ্যে অন্যান্য সনদ, কার্যক্রম ও সুপারিশের মধ্যে পারস্পরিক সহযোগিতা

অধ্যায় ২-এর লক্ষ্য হলো বহুপাক্ষিক পরিবেশ চুক্তি (Multilateral Environmental Agreements) এবং অন্যান্য ইউনেস্কো সনদ, কার্যক্রম ও সুপারিশমালার মধ্যে বিদ্যমান ও সম্ভাব্য সহযোগিতা সংক্রান্ত তথ্য সংগ্রহ করা। বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক গৃহীত প্রাসঙ্গিক নীতিমালাগুলো রাষ্ট্রপক্ষগুলি কতটা বাস্তবায়ন করেছে এ সম্পর্কিত তথ্য সরবরাহের জন্য রাষ্ট্রপক্ষগুলোকে আমন্ত্রণ জানানো হয়েছে।

### ৩. সম্ভাব্য তালিকা

অধ্যায় ৩-এর লক্ষ্য হলো সম্ভাব্য তালিকা, ব্যবহৃত সরঞ্জাম ও নির্দেশিকা প্রণয়ন প্রক্রিয়া, সম্ভাব্য তালিকায় অন্তর্ভুক্ত সম্পদগুলোর জন্য অন্যান্য সনদের সাথে সম্ভাব্য সহযোগিতা, এবং বিশ্ব ঐতিহ্য ও টেকসই উন্নয়ন নীতিমালা (২০১৫) অনুসারে গৃহীত প্রক্রিয়ার স্থায়িত্বশীলতা সম্পর্কিত তথ্য সংগ্রহ করা।

### ৪. মনোনয়ন

অধ্যায় ৪-এর লক্ষো হলো বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য সম্পদসমূহের মনোনয়ন প্রক্রিয়া, ব্যবহৃত সরঞ্জাম ও নির্দেশিকা, এবং বিশ্ব ঐতিহ্য ও টেকসই উন্নয়ন নীতিমালা (২০১৫) অনুসারে প্রক্রিয়ার টেকসহিতা বা স্থায়িত্বশীলতা সম্পর্কিত তথ্য সংগ্রহ করা।

### ৫. সাধারণ নীতিমালা উন্নয়ন

অধ্যায় ৫-এর লক্ষ্য হচ্ছে সাংস্কৃতিক এবং/অথবা প্রাকৃতিক ঐতিহ্য সুরক্ষা, সংরক্ষণ ও উপস্থাপনার আইনি কাঠামো এবং এইসব ঐতিহ্যের কার্যকারিতা বিষয়ক তথ্য সংগ্রহ করা।

### ৬. সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যের তালিকাপত্র/ তালিকা / রেজিস্টার

অধ্যায় ৬-এর লক্ষ্য হলো জাতীয় গুরুত্বসম্পন্ন সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যের তালিকাপত্র/ তালিকা / রেজিস্টারের অবস্থা এবং এগুলি একত্রিত করার জন্য ব্যবহৃত প্রক্রিয়া সম্পর্কিত তথ্য সংগ্রহ করা।

### ৭. সুরক্ষা, সংরক্ষণ ও উপস্থাপনা পরিষেবার অবস্থা

অধ্যায় ৭-এর লক্ষ্য হলো সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সনাক্তকরণ, সুরক্ষা, সংরক্ষণ ও উপস্থাপনের জন্য রাষ্ট্রপক্ষের ভূখণ্ডের আওতায় বিদ্যমান পরিষেবা এবং সংশ্লিষ্ট অংশীজনদের মধ্যে সহযোগিতা সম্পর্কিত তথ্য সংগ্রহ করা।

### ৮. অর্থনৈতিক অবস্থা ও মানবসম্পদ

অধ্যায় ৮-এর লক্ষ্য হচ্ছে সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সংরক্ষণ ও সুরক্ষার জন্য আর্থিক সম্পদের প্রাপ্যতা ও পর্যাপ্ততা সম্পর্কে তথ্য সংগ্রহ করা।

### ৯. সক্ষমতা উন্নয়ন

অধ্যায় ৯-এর লক্ষ্য হলো ওয়ার্ল্ড হেরিটেজ ক্যাপাসিটি বিল্ডিং স্ট্র্যাটেজি (২০১১) অনুসারে ঐতিহ্য সংরক্ষণ, সুরক্ষা, উপস্থাপনা এবং ব্যবস্থাপনায় সক্ষমতা গড়ে তোলা সম্পর্কিত তথ্য সংগ্রহ করা।

### ১০. বিশ্ব ঐতিহ্য সম্পদ বিষয়ক নীতিমালা ও রিসোর্সিং

অধ্যায় ১০-এর লক্ষ্য হচ্ছে বিশ্ব ঐতিহ্য সুরক্ষা, সংরক্ষণ, উপস্থাপনা ও ব্যবস্থাপনার জন্য সুনির্দিষ্ট আইন, নীতি ও পদক্ষেপ সম্পর্কিত তথ্য সংগ্রহ করা।

### ১১. আন্তর্জাতিক সহযোগিতা ও তহবিল সংগ্রহ

অধ্যায় ১১-এর লক্ষ্য হচ্ছে সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্যের ক্ষেত্রে অন্যান্য রাষ্ট্রপক্ষসমূহের সাথে সহযোগিতা সংক্রান্ত তথ্য সংগ্রহ করা।

### ১২. শিক্ষা, তথ্য ও সচেতনতা সৃষ্টি

অধ্যায় ১২-এর লক্ষ্য হলো সাংস্কৃতিক ও প্রাকৃতিক ঐতিহ্য সুরক্ষা ও সংরক্ষণ সম্পর্কে নীতিনির্ধারক, সম্পদের মালিক ও সাধারণ জনগণ, এবং বিশেষ করে যুবকদের সচেতনতা বৃদ্ধির জন্য গৃহীত উদ্যোগ সম্পর্কিত তথ্য সংগ্রহ করা।

### ১৩. উপসংহার ও সুপারিশকৃত কার্যক্রম

অধ্যায় ১৩-তে প্রশ্নমালায় প্রদত্ত উত্তরের উপর ভিত্তি করে স্বয়ংক্রিয়ভাবে প্রথম ভাগ-এর প্রতিটি বিষয়ের অধীনে প্রধান প্রধান সিদ্ধান্ত তৈরি হয়। এছাড়া *বিশ্ব ঐতিহ্য সনদ* বাস্তবায়ন বিষয়ে রাষ্ট্রপক্ষগুলোর গৃহীত কার্যক্রম সম্পর্কিত তথ্যও প্রদান করতে হবে।

### ১৪. *বিশ্ব ঐতিহ্য সনদ* বাস্তবায়নের ক্ষেত্রে উত্তম অনুশীলনসমূহ

অধ্যায় ১৪-তে জাতীয় পর্যায়ে বাস্তবায়িত বিশ্ব ঐতিহ্য সুরক্ষা, সনাক্তকরণ, সংরক্ষণ বা ব্যবস্থাপনা ক্ষেত্রে উত্তম অনুশীলন একটি উদাহরণ উপস্থাপনের সুযোগ রয়েছে।

### ১৫. সাময়িক প্রতিবেদন দাখিলের অবস্থা নিরূপণ

অধ্যায় ১৫-তে সাময়িক প্রতিবেদনের উদ্দেশ্য কতটা পূরণ হয়, সংগৃহীত ও উদ্ভাবিত তথ্যগুলি কীভাবে ব্যবহার করা হয় এবং উত্তরদাতাগণ কী কী প্রশিক্ষণ ও দিকনির্দেশনা পেয়ে থাকেন ইত্যাদি উল্লেখসহ সাময়িক প্রতিবেদন দাখিলের ফরম্যাট, বিষয়বস্তু ও প্রক্রিয়া নিরূপণ করা হয়।

## দ্বিতীয় ভাগ:
## সুনির্দিষ্ট বিশ্ব ঐতিহ্য সম্পদসমূহ সংরক্ষণের অবস্থা

দ্বিতীয় ভাগ-এ সাইট-পর্যায়ে *সনদ* বাস্তবায়ন সম্পর্কিত তথ্য উপস্থাপন করা হয় এবং প্রতিটি বিশ্ব ঐতিহ্য সম্পদের জন্যই এই তথ্যাদি উপস্থাপন সম্পন্ন করতে হবে। এই প্রতিবেদন তৈরির সম্পদের দৈনন্দিন ব্যবস্থাপনায় নিয়োজিত সবাইকে অন্তর্ভুক্ত করতে হবে। আন্তঃসীমানাবিশিষ্ট সম্পদগুলির ক্ষেত্রে সুপারিশ করা হয় যে, সংশ্লিষ্ট সকল সংস্থা যৌথভাবে বা নিবিড় সহযোগিতার মাধ্যমে প্রতিবেদনগুলি তৈরি করবে।

### ১. বিশ্ব ঐতিহ্য সম্পর্কিত উপাত্ত

অধ্যায় ১-এর জন্য প্রয়োজন সম্পদ সম্পর্কিত মূল উপাত্ত সম্পর্কিত তথ্য সরবরাহ করা কিংবা বিদ্যমান তথ্য (নাম, তালিকাভুক্তির বছর, ভৌগোলিক স্থানাঙ্ক, মানচিত্র, সামাজিক গণমাধ্যমের উপস্থিতি ইত্যাদি) সত্যায়ন করা, এবং এই অধ্যায়ে প্রতিবেদনের প্রথম ভাগ প্রস্তুত করার জন্য বিভিন্ন সংগঠন বা স্বতন্ত্র সত্তা সম্পর্কিত তথ্য উপস্থাপন করা হয়।

### ২. অন্যান্য সনদ / কার্যক্রম যার অধীনে বিশ্ব ঐতিহ্য সম্পদের সুরক্ষা নিশ্চিত করা হচ্ছে

অধ্যায় ২-এ সম্পদের জন্য প্রাসঙ্গিক অন্যান্য সনদ ও কার্যক্রমের সুবিধা ও সহযোগিতা সংক্রান্ত তথ্য (ইউনেস্কো এবং অন্যদের) উপস্থাপন, এবং (যেখানে প্রযোজ্য) এই সনদ ও কার্যক্রমসমূহের মধ্যে বিদ্যমান সহযোগিতা ও পূর্ণতার মাত্রা সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে হবে।

### ৩. অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত বিবরণ ও গুণাবলি নির্ধারণ

অধ্যায় ৩-এ অনন্য বৈশ্বিক মান (ওইউভি)-এর গুণাবলি ও তাদের বর্তমান অবস্থা এবং সর্বশেষ চক্রের সাময়িক প্রতিবেদন দাখিলের পর থেকে সম্পদের গুণাবলির বর্তমান অবস্থার ধারা সম্পর্কিত তথ্য উপস্থাপন করতে হবে।

### ৪. সম্পদের ওপর প্রভাব পড়ার কারণসমূহ

অধ্যায় ৪-এ সম্পদের ওপর বর্তমানে ইতিবাচক ও নেতিবাচক উভয় ধরনের প্রভাব ফেলছে কিংবা প্রভাব ফেলার জোরালো সম্ভাবনা রয়েছে এ ধরনের বিভিন্ন কারণ সম্পর্কিত তথ্য উপস্থাপন করতে হবে।

### ৫. সম্পদ সুরক্ষা ও ব্যবস্থাপনা

অধ্যায় ৫-এ ব্যবস্থাপনার বাস্তব বিষয়াদি, এবং সুরক্ষা, ব্যবস্থাপনা ও সম্পদ পরিবীক্ষণের কার্যকারিতা এবং সম্পদটির অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত তথ্য উপস্থাপন করতে হবে।

### ৬. আর্থিক ও মানবসম্পদ

অধ্যায় ৬-এ প্রাপ্তব্য তহবিলের বিভিন্ন উৎস, ব্যবস্থাপনা চাহিদা পূরণের জন্য বাজেটের পর্যাপ্ততা এবং মানসম্পদ ও সম্পদ বিষয়ক সক্ষমতা বৃদ্ধির পর্যায় সম্পর্কিত তথ্য উপস্থাপন করতে হবে।

### ৭. বৈজ্ঞানিক সমীক্ষা ও গবেষণা প্রকল্প

অধ্যায় ৭-এ বিশ্ব ঐতিহ্য সম্পদের মূল্য ও গুণাবলি এবং ব্যবস্থাপনার চাহিদা পূরণ এবং/অথবা অনন্য বৈশ্বিক মান বিষয়ক বোধগম্যতা উন্নয়নে পরিচালিত গবেষণা কার্যক্রমের বিদ্যমানতা সম্পর্কে প্রাপ্ত (বৈজ্ঞানিক ও ঐতিহ্যগত উভয় ধরনের) জ্ঞানের পর্যাপ্ততা সম্পর্কিত তথ্য উপস্থাপন করতে হবে।

### ৮. শিক্ষা, তথ্য ও সচেতনতা সৃষ্টি

অধ্যায় ৮-এ সম্পদ বিষয়ক ঐতিহ্য শিক্ষা ও সচেতনতা কার্যক্রমের অস্তিত্ব ও কার্যকারিতা এবং শিক্ষা, তথ্য, ব্যাখ্যা ও সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে পরিচালিত সাধারণ পরিষেবা সংক্রান্ত তথ্য উপস্থাপন করতে হবে।

### ৯. দর্শনার্থী ব্যবস্থাপনা

অধ্যায় ৯-এ সম্পদের স্থানটিতে পর্যটন কার্যক্রম ও দর্শনার্থী ব্যবস্থাপনা সম্পর্কিত তথ্য প্রদান করতে হবে।

## ১০. পরিবীক্ষণ

অধ্যায় ১০-এ সম্পদের জন্য পরিবীক্ষণ কার্যক্রম ও সূচকের বিদ্যমানতা এবং সম্পদ সম্পর্কিত কমিটির সিদ্ধান্তসমূহের (যেখানে প্রযোজ্য) বাস্তবায়ন সংক্রান্ত তথ্য উপস্থাপন করতে হবে।

## ১১. অগ্রাধিকারভিত্তিক ব্যবস্থাপনার প্রয়োজনীয়তা সনাক্তকরণ

অধ্যায় ১১-তে স্বয়ংক্রিয়ভাবে ওই সকল ব্যবস্থাপনা চাহিদার তালিকা তৈরি হবে যেগুলোর পুনরায় কার্যক্রম গ্রহণ করার প্রয়োজনীয়তার ওপর সাময়িক প্রতিবেদনের এই অংশে গুরুত্ব দেওয়া হয়েছে।

## ১২. সারাংশ ও সিদ্ধান্তসমূহ

অধ্যায় ১২-তে সর্বাধিক গুরুত্বপূর্ণ ইতিবাচক ও নেতিবাচক কারণসমূহ (প্রতিটির দশটি করে কারণ)-এর ওপর আলোকপাত করা হবে যার ওপর সাময়িক প্রতিবেদনের এই অংশে গুরুত্ব দেওয়া হয়েছে।

## ১৩. বিশ্ব ঐতিহ্যের অবস্থার প্রভাব

অধ্যায় ১৩-তে বিশ্ব ঐতিহ্য ও টেকসই উন্নয়ন নীতিমালা (২০১৫ সালে গৃহীত)-এর ওপর বিশেষ গুরুত্ব প্রদানসহ বিভিন্ন বিষয়ের ওপর বিশ্ব ঐতিহ্যের প্রভাব সম্পর্কিত তথ্য প্রদান করতে হবে।

## ১৪. *বিশ্ব ঐতিহ্য সনদ* বাস্তবায়নের উত্তম অনুশীলন

অধ্যায় ১৪-তে সম্পদ পর্যায়ে বাস্তবায়িত বিশ্ব ঐতিহ্য সুরক্ষা, সনাক্তকরণ, সংরক্ষণ ও রক্ষার ক্ষেত্রে একটি উত্তম অনুশীলনের উদাহরণ উপস্থাপনের সুযোগ রয়েছে।

## ১৫. সাময়িক প্রতিবেদন দাখিলের অবস্থা নিরূপণ

অধ্যায় ১৫-তে সংগৃহীত উপাত্তসমূহ কীভাবে ব্যবহৃত হবে এবং উত্তরদাতাদের জন্য ব্যবস্থিত প্রশিক্ষণ ও দিকনির্দেশনাসহ সাময়িক প্রতিবেদন অনুশীলনের ফরম্যাট, বিষয়বস্তু ও প্রক্রিয়া নিরূপণ করতে হবে।

# আন্তর্জাতিক সহায়তার আবেদন ফরম

- আন্তর্জাতিক সহায়তার আবেদন ফরম এখানে পাওয়া যাবে:
  https://whc.unesco.org/en/intassistance , এবং অনলাইনে আবেদন ফরম পূরণ করা যাবে।
- আন্তর্জাতিক সহায়তার ওপর আরও দিকনির্দেশনা *বাস্তবায়ন নির্দেশিকা*-এর সপ্তম ভাগ-এ দেখা যেতে পারে।
- এই আবেদন ফরম সম্পূর্ণভাবে পূরণ করার জন্য সংযুক্ত ব্যাখ্যামূলক দ্রষ্টব্য দেখুন।
- ইংরেজি অথবা ফরাসি ভাষায় সম্পূর্ণভাবে পূরণকৃত আন্তর্জাতিক সহায়তার আবেদন ফরম-এর স্বাক্ষরিত মূল সংস্করণটি নিচের ঠিকানায় পাঠাতে হবে:

**UNESCO World Heritage Centre**
7, place de Fontenoy
75352 Paris 07 SP
France
E-mail: wh-intassistance@unesco.org

**১. রাষ্ট্রপক্ষ**

---

**২. প্রকল্পের শিরোনাম**

---

**৩. সহায়তার ধরন**

| | *জরুরি সহায়তা* | *প্রস্তুতিমূলক সহায়তা* | *সংরক্ষণ ও ব্যবস্থাপনা* |
|---|---|---|---|
| সংস্কৃতি | | | |
| প্রকৃতি | | | |
| **মিশ্রিত** | | | |

**৪. প্রকল্পের অবস্থান:**

ক) প্রকল্পটি কি কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদের স্থানে বাস্তবায়িত হবে?

□ – হ্যাঁ □ – না

হ্যাঁ হলে সম্পদের নাম উল্লেখ করুন

---

খ) প্রকল্পে কি কোনো মাঠ পর্যায়ের কম্পোনেন্ট বা উপাদান অন্তর্ভুক্ত থাকবে?

□ – হ্যাঁ □ – না

হ্যাঁ হলে, কোথায় এবং কীভাবে?

---

গ) প্রকল্পটি কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদের স্থানে বাস্তবায়িত হলে এতে অন্য কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদের উপকার বা সুবিধা হবে কিনা উল্লেখ করুন। উত্তর হ্যাঁ হলে, সুবিধাগুলি কী কী এবং কীভাবে হবে?

______________________________

______________________________

**৫. প্রকল্প বাস্তবায়নের সময়সূচি (অনুমিত নাকি নির্ধারিত উল্লেখ করুন)**

তারিখ: ______________________________

স্থায়িত্ব (সময়কাল): ______________________________

**৬. প্রকল্পটি:**

□ – স্থানীয়

□ – জাতীয়

□ – উপ-আঞ্চলিক যেখানে কোনো অঞ্চলের কয়েকটি রাষ্ট্রপক্ষ জড়িত

□ – আঞ্চলিক যেখানে কোনো অঞ্চলের অধিকাংশ রাষ্ট্রপক্ষ জড়িত

□ – আন্তর্জাতিক যেখানে বিভিন্ন অঞ্চলের রাষ্ট্রপক্ষসমূহ জড়িত

প্রকল্পটি জাতীয়, উপ-আঞ্চলিক, আঞ্চলিক বা আন্তর্জাতিক হলে দেশ/ সম্পদসমূহের নাম উল্লেখ করুন যেসব দেশ বা সম্পদ প্রকল্পে অংশগ্রহণ করবে বা প্রকল্প থেকে সুবিধা পাবে:

______________________________

______________________________

______________________________

______________________________

**৭. প্রকল্পের যৌক্তিকতা**

ক) প্রকল্পটি কেন প্রয়োজন তা ব্যাখ্যা করুন
(জরুরি সহায়তার ক্ষেত্রে এর পরিবর্তে নিচের ৮ নম্বর আইটেম পূরণ করুন)

______________________________

______________________________

______________________________

______________________________

খ) প্রযোজ্য হলে, দাখিলকৃত প্রয়োজনীয় সকল নথির তালিকা তৈরি করুন।

**৮. কেবল জরুরি সহায়তার ক্ষেত্রে**

ক) সম্পদকে প্রভাবিত করার প্রকৃত বা সম্ভাব্য ঝুঁকি/বিপদ বর্ণনা করুন

খ) সম্পদের অনন্য বৈশ্বিক মানের ওপর এটি কীভাবে প্রভাব ফেলতে পারে তা উল্লেখ করুন

গ) প্রস্তাবিত প্রকল্পটি কীভাবে ঝুঁকি/বিপদ মোকাবেলা করবে তা ব্যাখ্যা করুন

**৯. প্রকল্পের উদ্দেশ্য**

প্রকল্পটির সুনির্দিষ্ট উদ্দেশ্যগুলি পরিষ্কারভাবে উল্লেখ করুন

**১০. প্রত্যাশিত ফলাফল**

খ) প্রকল্প থেকে প্রত্যাশিত ফলাফল পরিষ্কারভাবে উল্লেখ করুন

গ) সূচক ও প্রামানিকতা যাচাইয়ের উপায় (means of verification) নির্ধারণ করুন যা এই ফলাফলগুলোর অর্জন নিরূপণে ব্যবহৃত হতে পারে:

| *প্রত্যাশিত ফলাফল* | *সূচকসমূহ* | *প্রামানিকতা যাচাইয়ের উপায় (means of verification)* |
|---|---|---|
| | | |
| | | |

**১১. কর্মপরিকল্পনা**
**(সুনির্দিষ্ট কার্যক্রম ও সময়সূচিসহ)**

| *কার্যক্রমসমূহ* | *সময়সীমা (মাসে)* | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কার্যক্রম | | | | | | | |
| কার্যক্রম | | | | | | | |
| কার্যক্রম | | | | | | | |
| কার্যক্রম | | | | | | | |

**১২. মূল্যায়ন ও প্রতিবেদন দাখিল**
**(প্রকল্প সমাপ্তির তিন মাসের মধ্যে বিশ্ব ঐতিহ্য কেন্দ্রে দাখিল করতে হবে)**

**১৩. বিশেষজ্ঞ, প্রশিক্ষক, প্রকৌশলী এবং/অথবা দক্ষ শ্রমিকের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত- যদি প্রকল্পে এমন ব্যক্তিদের অংশগ্রহণের সম্ভাবনা থাকে**
**(বিশেষজ্ঞ, প্রশিক্ষক, প্রকৌশলী, এবং অথবা দক্ষ শ্রমিকদের পরিচয় আগেই জানা থাকলে অনুগ্রহ করে তাদের নাম ও সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত সম্ভব হলে উল্লেখ করুন)**

______________________________________________

______________________________________________

**১৪. প্রশিক্ষক/অংশগ্রহণকারীসহ লক্ষ্যিত মূল অংশগ্রহণকারীদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত উল্লেখ করুন, যদি প্রকল্পে এমন ব্যক্তিদের অংশগ্রহণের সম্ভাবনা থাকে**

______________________________________________

______________________________________________

## ১৫. বাজেট নির্ধারণ

ক) নিচের সারণীতে সম্ভব হলে ইউনিটপ্রতি ব্যয়সহ (মার্কিন ডলারে) প্রকল্পের বিভিন্ন উপাদানের প্রতিটির জন্য সুনির্দিষ্ট ব্যয় উল্লেখপূর্বক বিস্তারিত বাজেট উল্লেখ করুন এবং কীভাবে এইসব বাজেট তহবিলের বিভিন্ন উৎসের মধ্যে ভাগ করা হবে তা প্রদর্শন করুন।

| খাত (প্রকল্পের জন্য প্রযোজ্য খাতসমূহ নির্বাচন করুন) | বিস্তারিত হিসাব (মার্কিন ডলারে) (প্রযোজ্য খাতগুলির জন্য) | রাষ্ট্রপক্ষের তহবিল (মার্কিন ডলারে) | বিশ্ব ঐতিহ্য তহবিল থেকে আবেদনকৃত সহায়তার পরিমাণ (মার্কিন ডলারে) | অন্যান্য উৎস (মার্কিন ডলারে) | সর্বমোট (মার্কিন ডলারে) |
|---|---|---|---|---|---|
| **সংগঠিতকরণ**<br>• অনুষ্ঠানের স্থান ভাড়া<br>• অফিস ব্যয়<br>• দাপ্তরিক সহায়তা<br>• অনুবাদ<br>• তাৎক্ষণিক দোভাষীর ভাষান্তর<br>• অডিও-ভিস্যুয়াল ইকুইপমেন্ট<br>• অন্যান্য | মা.ড. —/ দিন, মোট — দিন = মা.ড. —<br>মা.ড. —<br>মা.ড. —/ দিন, মোট— দিন = মা.ড. —<br>মা.ড. —/ পৃষ্ঠা, মোট —পৃষ্ঠা = মা.ড.<br>মা.ড. —/ ঘণ্টা, মোট —ঘণ্টা = মা.ড.<br>মা.ড. —/ দিন, মোট— দিন = মা. ড. —<br>মা.ড. — | | | | |
| **কর্মকর্তা-কর্মচারী / পরামর্শক কর্ম (ফিস)**<br>• আন্তর্জাতিক বিশেষজ্ঞ<br>• জাতীয় বিশেষজ্ঞ<br>• সমন্বয়ক<br>• অন্যান্য | মা.ড. ___ / সপ্তাহ, মোট ___ সপ্তাহ = মা.ড. _<br>মা.ড. ___ / সপ্তাহ, মোট ___ সপ্তাহ = মা.ড. _<br>মা.ড. ___ / সপ্তাহ, মোট ___ সপ্তাহ = মা.ড. _<br>মা.ড. __ / সপ্তাহ, মোট __ সপ্তাহ = মা.ড. _ | | | | |
| **ভ্রমণ**<br>• আন্তর্জাতিক ভ্রমণ ব্যয়<br>• অভ্যন্তরীণ ভ্রমণ ব্যয়<br>• অন্যান্য | মা.ড. __<br>মা.ড. __<br>মা.ড. __ | | | | |
| **দৈনিক ভাতা subsistence**<br>• আবাসন ব্যয়<br>• বোর্ড | মা.ড. __ / দিন, মোট __ ব্যক্তি = মা.ড. ______<br>মা.ড. __ / দিন, মোট __ ব্যক্তি = মা.ড. ______ | | | | |
| **সরঞ্জাম**<br>• …….<br>• ……. | মা.ড. __ / ইউনিট, মোট __ ইউনিট =<br>মা.ড. __ / ইউনিট, মোট __ ইউনিট = | | | | |
| **মূল্যায়ন, প্রতিবেদন দাখিল ও প্রকাশনা**<br>• মূল্যায়ন<br>• প্রতিবেদন দাখিল<br>• সম্পাদনা, খসড়া তৈরি<br>• মুদ্রণ<br>• বিতরণ<br>• অন্যান্য | মা.ড. __<br>মা.ড. __<br>মা.ড. __<br>মা.ড. __<br>মা.ড. __<br>মা.ড. __ | | | | |
| **বিবিধ**<br>• ভিসা<br>• অন্যান্য | মা.ড. __ মোট __ অংশগ্রহণকারী = মা.ড. ___<br>মা.ড. __ | | | | |
| **সর্বমোট** | | | | | |

খ) রাষ্ট্রপক্ষ কিংবা অন্য কোনো উৎস থেকে ইতোমধ্যেই কোনো সম্পদ পাওয়া গেছে কিনা কিংবা কখন পাওয়া যেতে পারে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করুন।

________________________________________

________________________________________

**১৬. রাষ্ট্রপক্ষ ও অন্যান্য সংস্থা থেকে নগদ তহবিল ব্যতীত অন্য কোনো প্রকার অনুদান**

ক) জাতীয় সংস্থা(সমূহ)

________________________________________

________________________________________

খ) অন্যান্য দ্বি/বহুপাক্ষিক সংগঠন, দাতা ইত্যাদি

________________________________________

________________________________________

**১৭. প্রকল্প বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত সংস্থা(সমূহ)**

________________________________________

________________________________________

**১৮. রাষ্ট্রপক্ষের পক্ষে স্বাক্ষর**

পূর্ণ নাম ________________________________

পদবি ________________________________

তারিখ ________________________________

**১৯. পরিশিষ্টসমূহ**

_________ (আবেদনের সাথে সংযুক্ত পরিশিষ্টের সংখ্যা)

# ব্যাখ্যামূলক জ্ঞাতব্য

<table>
<tr><th></th><th>আন্তর্জাতিক সহায়ত আবেদন ফরম</th><th>ব্যাখ্যামূলক দ্রষ্টব্য</th></tr>
<tr><td>১.</td><td>রাষ্ট্রপক্ষ</td><td>আন্তর্জাতিক সহায়তার আবেদন উপস্থাপনকারী রাষ্ট্রপক্ষের নাম</td></tr>
<tr><td>২.</td><td>প্রকল্পের শিরোনাম</td><td></td></tr>
<tr><td>৩.</td><td>সহায়তার ধরন
<table>
<tr><th></th><th>Emergency Assistance</th><th>Preparatory Assistance</th><th>Conservation and Management*</th></tr>
<tr><td>Culture</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>Nature</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>Mixed</td><td></td><td></td><td></td></tr>
</table>
* অনুগ্রহ করে খেয়াল করুন ‹‹ সংরক্ষণ ও ব্যবস্থাপনা ›› -এর মধ্যে এখন পূর্বের শ্রেণিবিভাজন অন্তর্ভুক্ত:
- প্রশিক্ষণ, গবেষণা সহায়তা
- কারিগরি সহযোগিতা
- শিক্ষা, তথ্য ও সচেতনতা বৃদ্ধির জন্য সহায়তা
</td><td>
বিস্তারিত তথ্যের জন্য বাস্তবায়ন নির্দেশিকা-এর অনুচ্ছেদ ২৪১ দেখুন।
আপনার আবেদনকৃত সহায়তার ধরন এবং প্রকল্পের আওতায় কী কী ধরনের ঐতিহ্য নিয়ে কাজ হতে যাচ্ছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করুন
অনুগ্রহ করে সারণীর যে কোনো একটি ঘরে টিকচিহ্ন দিন
উদাহরণস্বরূপ:
- পাথর পেইন্টিং বিষয়ক প্রশিক্ষণ প্রকল্প:
<table>
<tr><th></th><th>Emergency Assistance</th><th>Preparatory Assistance</th><th>Conservation and Management</th></tr>
<tr><td>Culture</td><td></td><td></td><td>X</td></tr>
<tr><td>Nature</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>Mixed</td><td></td><td></td><td></td></tr>
</table>
- মিশ্রিত সম্পদের জন্য মনোনয়নের নথিপত্র তৈরি:
<table>
<tr><th></th><th>Emergency Assistance</th><th>Preparatory Assistance</th><th>Conservation and Management</th></tr>
<tr><td>Culture</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>Nature</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>Mixed</td><td></td><td>X</td><td></td></tr>
</table>
- গ্রীষ্মমণ্ডলীয় ঝড়ে ক্ষতিগ্রস্ত হয়েছে এ ধরনের সুরক্ষিত বনাঞ্চলের
<table>
<tr><th></th><th>Emergency Assistance</th><th>Preparatory Assistance</th><th>Conservation and Management</th></tr>
<tr><td>Culture</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>Nature</td><td>X</td><td></td><td></td></tr>
<tr><td>Mixed</td><td></td><td></td><td></td></tr>
</table>
</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| ৪. | **প্রকল্পের অবস্থান** | |
| | ক) প্রকল্পটি কি কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদের স্থানে বাস্তবায়িত হবে?<br>□ – হ্যাঁ □ – না<br>হ্যাঁ হলে, সম্পদটির নাম উল্লেখ করুন<br>খ) প্রকল্পটির মধ্যে কি কোনো মাঠ পর্যায়ের কম্পোনেন্ট অন্তর্ভুক্ত?<br>□ – হ্যাঁ □ – না<br>হ্যাঁ হলে, কোথায় এবয় কীভাবে?<br>গ) প্রকল্পটি কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদের স্থানে বাস্তবায়িত হলে এতে অন্য কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদের উপকার বা সুবিধা হবে কিনা উল্লেখ করুন। উত্তর হ্যাঁ হলে, সুবিধাগুলি কী কী এবং কীভাবে হবে? | |
| ৫. | **প্রকল্প বাস্তবায়নের সময়সীমা**<br>**(অনুমিত নাকি নির্ধারিত তা উল্লেখ করুন)** | প্রকল্প শুরুর প্রস্তাবিত সময় এবং প্রকল্পের সময়কাল উল্লেখ করুন। |
| ৬. | **প্রকল্পটিঃ**<br>□ স্থানীয়<br>□ জাতীয়<br>□ উপ-আঞ্চলিক যেখানে কোনো অঞ্চলের কয়েকটি রাষ্ট্রপক্ষ জড়িত<br>□ আঞ্চলিক যেখানে কোনো অঞ্চলের অধিকাংশ রাষ্ট্রপক্ষ জড়িত<br>□ আন্তর্জাতিক যেখানে বিভিন্ন অঞ্চলের রাষ্ট্রপক্ষসমূহ জড়িত<br>প্রকল্পটি জাতীয়, উপ-আঞ্চলিক, আঞ্চলিক বা আন্তর্জাতিক হলে দেশ/ সম্পদসমূহের নাম উল্লেখ করুন যেসব দেশ বা সম্পদ প্রকল্পে অংশগ্রহণ করবে বা প্রকল্প থেকে সুবিধা পাবে। | প্রকল্প থেকে অন্যান্য দেশও উপকৃত হলে প্রকল্পের জন্য তাদের সমর্থন পাওয়া গেছে কিনা সুনির্দিষ্টভাবে উল্লেখ করুন।<br>কোনো আন্তঃসীমানা সম্পদ জড়িত কিনা উল্লেখ করুন। |
| ৭. | **প্রকল্পের যৌক্তিকতা** | |
| | ক) প্রকল্পটি কেন প্রয়োজন ব্যাখ্যা করুন (জরুরি সহায়তার ক্ষেত্রে, <u>এর পরিবর্তে</u> অনুগ্রহ করে নিচের ৮ নম্বর আইটেম পূরণ করুন) | আলোচনা/সমাধানের জন্য সমস্যা বা অন্যান্য বিষয় উল্লেখ করুন। এর মধ্যে, যৌক্তিক হলে, গৃহীতব্য কার্যক্রমের জরুরি অবস্থার মাত্রা অন্তর্ভুক্ত করতে হবে।<br>প্রাসঙ্গিক হলে, ২ পৃষ্ঠার মধ্যে, সম্পদ(সমূহের) প্রতি নিশ্চিত বা সম্ভাব্য সকল ঝুঁকি সম্পর্কে বিস্তারিত বিবরণ লিখুন।<br>প্রকল্পটি নিচের বিষয়গুলি বাস্তবায়নে কীভাবে ভূমিকা রাখবে তা ব্যাখ্যা করুন: |

| | | |
|---|---|---|
| | | - বিশ্ব ঐতিহ্য কমিটির সিদ্ধান্তসমূহ;<br>- কমিটি, চেয়ারপার্সন কিংবা ইউনেস্কোর অনুরোধে পরিচালিত আন্তর্জাতিক বিশেষজ্ঞ মিশনসমূহের সুপারিশমালা;<br>- উপদেষ্টা সংস্থাসমূহের সুপারিশমালা;<br>- ইউনেস্কো বিশ্ব ঐতিহ্য কেন্দ্র বা ইউনেস্কোর অন্যান্য বিভাগের সুপারিশমালা;<br>- সম্পদের জন্য ব্যবস্থাপনা পরিকল্পনা;<br>- বিশ্ব ঐতিহ্য তহবিল-এর সহায়তায় পূর্বের কার্যক্রমসমূহ থেকে প্রণীত সুপারিশমালা।<br>আপনি কোন নথিপত্রের বরাত দিয়ে তথ্য তুলে ধরছেন তা পরিষ্কারভাবে উল্লেখ করুন (বিশ্ব ঐতিহ্য কমিটির সিদ্ধান্ত নম্বর, মিশনের তারিখ ইত্যাদি)। |
| | খ) প্রযোজ্য হলে, প্রয়োজনীয় সকল নথিপত্রের তালিকা তৈরি করুন। | যেখানেই সম্ভব, নথিপত্রসহ প্রমাণ উপস্থাপনের মাধ্যমে যৌক্তিকতা তুলে ধরুন, যেমন– প্রতিবেদন, আলোকচিত্র, স্লাইড, মানচিত্র ইত্যাদি। |
| ৮. | **কেবল জরুরি সহায়তার ক্ষেত্রে** | |
| | ক) সম্পদকে ক্ষতিগ্রস্ত করছে এ ধরনের প্রকৃত বা সম্ভাব্য হুমকি/বিপদ বর্ণনা করুন | কোনো বড় ধরনের দুর্যোগের পর জরুরি সহায়তা তহবিল এমনি এমনিই অনুমোদন করা হবে না। যখন প্রাকৃতিক বা মানুষের দ্বারা সংঘটিত দুর্যোগ সংক্রান্ত আসন্ন বিপদ কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদের অনন্য বৈশ্বিক মান এবং এর প্রামানিকতা ও অখণ্ডতার প্রতি হুমকি সৃষ্টি করবে– কেবল তখনই সম্পদটির ওপর সম্ভাব্য নেতিবাচক প্রভাব প্রতিরোধ বা নিরাময়ের জন্য এ ধরনের সহায়তা প্রদান করা হবে।<br>কোনো আসন্ন বিপদ উপস্থিত কিনা তা নিরূপণের জন্যও করতে জরুরি সহায়তা প্রদান করা যেতে পারে, উদাহরণস্বরূপঃ বড় ধরনের কোনো দুর্যোগের ফলে।<br>বিপরীতক্রমে, কোনো দুর্যোগের কারণে, যখন একটি দুর্যোগের কারণে ঐতিহ্যের সুনির্দিষ্ট কোনো ক্ষতি হয়েছে কিন্তু জরুরি ভিত্তিতে কোনো আসন্ন হুমকি বা ঝুঁকি মোকাবেলা করার আর প্রয়োজন নেই, সেক্ষেত্রে বরং অন্য কোনো প্রকার সহায়তা যথার্থ প্রতীয়মান হতে পারে (যেমন, সংরক্ষণ ও ব্যবস্থাপনা সহায়তা)। |
| | খ) এটি কীভাবে সম্পদের অনন্য বৈশ্বিক মানকে ক্ষতিগ্রস্ত করতে পারে তা উল্লেখ করুন। | যে-সকল হুমকি বা বিপদ মোকাবেলার জন্য সহায়তার আবেদন করা হচ্ছে– ওই সকল হুমকি বা বিপদের কারণে বিশ্ব ঐতিহ্য সম্পদের অনন্য বৈশ্বিক মান এবং এর প্রামানিকতা এবং/অথবা অখণ্ডতা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা আছে কিনা– জরুরি সহায়তা অনুমোদনের অগ্রাধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে এ বিষয়টি বিবেচনা করা হবে। |

<table>
<tr><td></td><td>গ) প্রস্তাবিত প্রকল্পের মাধ্যমে হুমকি/বিপদ কীভাবে মোকাবেলা করা যাবে ব্যাখ্যা করুন</td><td>জরুরি সহায়তা কার্যক্রমের অধীনে অর্থায়নের প্রস্তাবণায়– প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রমগুলির মাধ্যমে কীভাবে বিশ্ব ঐতিহ্য সম্পদের হুমকি / বিপদ নিরূপণ করা হবে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করুন এবং কীভাবে এসব হুমকি বা বিপদ কমানো যাবে তা প্রদর্শন করুন।</td></tr>
<tr><td>৯.</td><td>প্রকল্পের উদ্দেশ্য(সমূহ)<br><br>প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দ্যেগুলো পরিষ্কারভাবে উল্লেখ করুন</td><td>এই বিশেষ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে আপনি কী কী উদ্দেশ্য অর্জন করতে চান?</td></tr>
<tr><td>১০.</td><td>প্রত্যাশিত ফলাফল</td><td></td></tr>
<tr><td></td><td>ক) প্রস্তাবিত প্রকল্পের প্রত্যাশিত ফলাফল উল্লেখ করুন।</td><td>প্রত্যাশিত ফলাফল সুনির্দিষ্ট ও পরিমাপযোগ্য হতে হবে। প্রতিটি প্রত্যাশিত ফল একগুচ্ছ সূচক দিয়ে পরিমাপ করা হবে (অনুচ্ছেদ ১০.খ দেখুন)।</td></tr>
<tr><td></td><td>খ) সূচক ও প্রামানিকতা যাচাইয়ের উপায়সমূহ নির্ধারণ করুন যা এই সকল ফলাফলের অর্জন মূল্যায়ন করতে ব্যবহৃত হতে পারে:<br><br>
<table>
<tr><th>প্রত্যাশিত ফলাফল</th><th>সূচক</th><th>প্রামানিকতা যাচাইয়ের উপায়সমূহ</th></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
</table>
</td><td>অর্জিত ফলাফল পরিমাপ এবং প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অগ্রগতি নির্ধারণে সূচক ব্যবহৃত হয়। এই সূচকগুলি অনুচ্ছেদ ১০-এ বর্ণিত প্রত্যাশিত ফলাফলের ওপর ভিত্তি করে নির্ধারণ করা হয়ে থাকে, এবং প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের মূল্যায়নের ভিত্তি হিসাবে কাজ করবে।<br><br>এই সূচকগুলি হতে হবে বস্তুনিষ্ঠ, পরিমাপযোগ্য এবং পরিমাণবাচক পরিভাষায় প্রকাশিত, যেমন– সংখ্যাসূচক মান, বা শতকরা হার।<br><br>উদাহরণস্বরূপ:<br><br>প্রস্তুতিমূলক সহায়তা<br>উদ্দেশ্য:<br>বিশ্ব ঐতিহ্য কেন্দ্রে দাখিলের জন্য একটি সম্পূর্ণ মনোনয়নের নথি তৈরি করা।<br><br>
<table>
<tr><th>প্রত্যাশিত ফলাফল</th><th>সূচক</th><th>প্রামানিকতা যাচাইয়ের উপায়সমূহ</th></tr>
<tr><td>সম্পূর্ণ মনোনয়নের নথি বিশ্ব ঐতিহ্য কেন্দ্রে ১ ফেব্রুয়ারি ২০XX-এর মধ্যে দাখিল করতে হবে।</td><td>• সময়সীমার মধ্যে দাখিলকৃত মনোনয়ন</td><td>• ডাকযোগে নথি প্রেরণ সম্পর্কিত প্রমাণ<br>• রাষ্ট্রপক্ষের নিকট WHC-এর প্রতিবেদন</td></tr>
<tr><td>মনোনয়ন নথির সাথে দাখিল করার জন্য সম্পূর্ণ ব্যবস্থাপনা পরিকল্পনা</td><td>• সময়সীমার মধ্যে দাখিলকৃত ব্যবস্থাপনা পরিকল্পনা</td><td>• ডাকযোগে নথি প্রেরণ সম্পর্কিত প্রমাণ<br>• রাষ্ট্রপক্ষের নিকট WHC-এর প্রতিবেদন</td></tr>
</table>
</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| বিশ্ব ঐতিহ্য কেন্দ্র ও উপদেষ্টা সংস্থা কর্তৃক মনোনয়ন নথি যাচাই সম্পন্ন | • বিশ্ব ঐতিহ্য কেন্দ্র ও উপদেষ্টা সংস্থা কর্তৃক মনোনয়নের সম্পূর্ণতার সফল পরীক্ষা | • মনোনয়নের নথি 'সম্পূর্ণ' হিসেবে বিবেচিত হয়েছে অবহিত করে রাষ্ট্রপক্ষের নিকট বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের পত্র |

**জরুরি সহায়তা**

*উদ্দেশ্য:*

বন্যা কিংবা ভূমিকম্পের কারণে সদ্য ক্ষতিগ্রস্ত কোনো ভবন কাঠামো স্থিতিশীল করা।

| প্রত্যাশিত ফলাফল | সূচক | প্রামানিকতা যাচাইয়ের |
|---|---|---|
| ভবন কাঠামো স্থিতিশীল | • জরুরি কাঠামোগত সমস্যা সনাক্ত<br>• জরুরি কাজের পরিকল্পনা চূড়ান্ত<br>• সাময়িক স্থিতিশীলতার পদক্ষেপ সম্পন্ন | • কাঠামোর জরুরি অবস্থা সম্পর্কে কোনো কাঠামো-প্রকৌশলীর প্রতিবেদন<br>• জরুরি কাজের জন্য ব্যয়কৃত প্রকল্প প্রস্তাবনা সম্পন্ন<br>• স্থিতিশীলতা কর্ম বাস্তবায়ন সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন |
| ভবিষ্যতে বাস্তবায়নের জন্য আরও সংরক্ষণ কর্মের পরিকল্পনা প্রণয়ন | • সামগ্রিক কাঠামোগত বিশ্লেষণ সম্পন্ন<br>• আরও প্রয়োজনীয় সংরক্ষণ কর্মের জন্য ব্যয়কৃত পরিকল্পনা প্রস্তুত | • কাঠামো সংরক্ষণের সার্বিক অবস্থা সম্পর্কে কোনো কাঠামো-প্রকৌশলীর প্রতিবেদন<br>• প্রয়োজনীয় সংরক্ষণ কর্মের জন্য ব্যয়কৃত প্রকল্প প্রস্তাবনা সম্পন্ন |

**সংরক্ষণ ও ব্যবস্থাপনা সহায়তা**

*উদ্দেশ্য:*

বিশেষ করে কমিউনিটির সম্পৃক্ততার মাধ্যমে বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত কোনো সম্পদের জন্য ব্যবস্থাপনা উন্নত করা

| | | প্রত্যাশিত ফলাফল | সূচকসমূহ | প্রামানিকতা যাচাইয়ের উপায়সমূহ | |
|---|---|---|---|---|---|
| | | সম্পদের জন্য একটি পূর্ণাঙ্গ ব্যবস্থাপনা পরিকল্পনা | • ব্যবস্থাপনা পরিকল্পনা উন্নয়নের জন্য স্থানীয় কমিউনিটিসহ প্রয়োজনীয় সকল সেক্টর থেকে অংশগ্রহণকারীদের নিয়ে একটি ব্যবস্থাপ পরিকল্পনা টিম গঠন<br>• সম্পদের জন্য অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত বিবরণ সম্পূর্ণকরণ<br>• সম্পদকে ক্ষতিগ্রস্ত করছে এমন যে কোনো সংরক্ষণ ও ব্যবস্থাপনা সমস্যা বিশ্লেষণ<br>• এগুলি অর্জনের জন্য পরিষ্কার উদ্দেশ্য ও কলাকৌশলের উপস্থিতি | • ব্যবস্থাপনা পরিকল্পনা টিম সভার মাসিক প্রতিবেদন<br>• সম্পদ ব্যবস্থাপনা ক্ষেত্রে বিরাজমান প্রতিটি মূল সমস্যার ওপর টিম সদস্যদের সিদ্ধান্তপত্র<br>• চূড়ান্ত ব্যবস্থাপনা পরিকল্পনার নথিপত্র | |
| | | স্থানীয় কমিউনিটি থেকে কিছু সদস্যসহ একটি ব্যবস্থাপনা কমিটি | • স্থানীয় কমিউনিটি থেকে কমপক্ষে দুজন সদস্যসহ ব্যবস্থাপনা কমিটির সদস্য নিয়োগ<br>• ব্যবস্থাপনা কমিটির কমপক্ষে ৩টি নিয়মিত মাসিক সভা | • ব্যবস্থাপনা কমিটির জন্য যথাযথ কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত কার্যসাধন পদ্ধতি সংক্রান্ত সংবিধিবদ্ধ আইন ও নিয়মকানুন | |
| | | যথাযথ আইনগত ব্যবস্থা দ্বারা অনুমোদিত ব্যবস্থাপনা পরিকল্পনা | • স্থানীয় সরকার কর্তৃপক্ষের দ্বারা অনুমোদিত | • ব্যবস্থাপনা পরিকল্পনাকে স্থানীয় প্রবিধান হিসেবে প্রতিষ্ঠার জন্য “জাতীয় গেজেটে” অধ্যাদেশ জারি | |

**১১. কর্মপরিকল্পনা**
**(সুনির্দিষ্ট কার্যক্রম ও সময়সূচিসহ)**

| কার্যক্রমসমূহ | সময়সীমা (মাসে) | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কার্যক্রম | | | | | | | |
| কার্যক্রম | | | | | | | |
| কার্যক্রম | | | | | | | |
| **কার্যক্রম** | | | | | | | |

উপরোল্লিখিত অনুচ্ছেদ ১০-এ বর্ণিত সুনির্দিষ্ট প্রত্যাশিত ফলাফলগুলোর জন্য গৃহীতব্য কার্যক্রম(সমূহের) কর্মপরিকল্পনা বর্ণনা করুন। প্রতিটি কার্যক্রমের তারিখ ও ব্যাপ্তিকাল উল্লেখ করুন। আলোচনার জন্য বিষয়, ইস্যু ও সমস্যা উল্লেখসহ বৈঠক ও প্রশিক্ষণ কার্যক্রমসমূহের সম্ভাব্য কর্মসূচি উল্লেখ করতে হবে।

উদাহরণস্বরূপ:

*১ নম্বর প্রত্যাশিত ফলের জন্য:*

| কার্যক্রমসমূহ | সময়সীমা (মাসে) | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কার্যক্রম | | | | | | | |
| কার্যক্রম | | | | | | | |
| কার্যক্রম | | | | | | | |
| **কার্যক্রম** | | | | | | | |

*২ নম্বর প্রত্যাশিত ফলের জন্য:*

| কার্যক্রমসমূহ | সময়সীমা (মাসে) | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কার্যক্রম | | | | | | | |
| কার্যক্রম | | | | | | | |
| কার্যক্রম | | | | | | | |
| **কার্যক্রম** | | | | | | | |

**১২. মূল্যায়ন ও প্রতিবেদন দাখিল**
**(প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন হওয়ার পর ৩ মাসের মধ্যে বিশ্ব ঐতিহ্য কেন্দ্রে দাখিল করতে হবে)**

<u>চূড়ান্ত প্রতিবেদন</u>

চূড়ান্ত প্রতিবেদনটি প্রকল্প বাস্তবায়নের দায়িত্বে নিয়োজিত কর্তৃপক্ষ/ব্যক্তি কর্তৃক প্রস্তুত করতে হবে।

অনুচ্ছেদ ১০-এ বর্ণিত প্রত্যাশিত ফলাফল অনুযায়ী চূড়ান্ত প্রতিবেদনটি কাঠামোবদ্ধ হতে হবে।

<u>মূল্যায়ন</u>

মূল্যায়নে অর্জিত ফলাফল এবং নিম্নোক্ত বিষয়সমূহের (উদাহরণস্বরূপ) ওপর প্রকল্প কার্যক্রমসমূহের প্রভাব সম্পর্কে আলোকপাত করতে হবে:

- প্রস্তুতিমূলক সহায়তা প্রদানের পর বিশ্ব ঐতিহ্য তালিকায় কোনো সম্পদের অন্তর্ভুক্তি,
- সাময়িক প্রতিবেদন ও সংরক্ষণের অবস্থা,

| | | |
|---|---|---|
| | | - জরুরি সহায়তার পর বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকা থেকে কোনো সম্পদের নাম বাদ দেওয়া,<br>- *ওয়ার্ল্ড হেরিটেজ সনদের* কৌশলগত উদ্দেশ্য ("5Cs") ও অন্যান্য কৌশলপত্র (যেমন, বৈশ্বিক কৌশলপত্র,...)-সহ *ওয়ার্ল্ড হেরিটেজ সনদের* বাস্তবায়ন,<br>- জাতীয় এবং/অথবা স্থানীয় প্রতিষ্ঠানসমূহ,<br>- স্থানীয় কর্মীদের সক্ষমতা বৃদ্ধি,<br>- সাধারণ জনগণের সচেতনতা বৃদ্ধি,<br>- প্রকল্পের অংশগ্রহণকারীসমূহ,<br>- অন্যান্য সম্পদের সমাবেশ,<br>- ইত্যাদি...<br>প্রকল্প বাস্তবায়নের দায়িত্বে কে থাকবেন তা উল্লেখ করুন। |
| **১৩.** | **বিশেষজ্ঞ, প্রশিক্ষক, প্রকৌশলী এবং/অথবা দক্ষ শ্রমিকদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত, যদি প্রকল্পে এ ধরনের ব্যক্তিবর্গের অংশগ্রহণের প্রয়োজন আছে বলে প্রতীয়মান হয়**<br>**(বিশেষজ্ঞ, প্রশিক্ষক, প্রকৌশলী এবং/অথবা দক্ষ শ্রমিকদের পরিচয় আগে থেকেই জানা থাকলে অনুগ্রহ করে সম্ভব হলে তাদের নাম ও সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত উল্লেখ করুন)** | বিশেষায়িত জ্ঞানের সুনির্দিষ্ট ক্ষেত্র এবং প্রতিটি কাজের প্রয়োজনীয় ব্যাপ্তিকালসহ প্রত্যেক বিশেষজ্ঞের জন্য নির্দিষ্ট কাজ উল্লেখ করুন। সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষসমূহ চাইলে বিশ্ব ঐতিহ্য কেন্দ্র ও উপদেষ্টা সংস্থাসমূহ তথ্যাভিজ্ঞ ব্যক্তি/প্রশিক্ষক সুপারিশ করতে পারে।<br>ইতোমধ্যে জানা থাকলে প্রকল্পে যাঁরা অংশগ্রহণ করবেন অনুগ্রহ করে ওই সকল বিশেষজ্ঞের নাম অন্তর্ভুক্ত করুন এবং সম্ভব হলে আবেদনপত্রের সাথে পরিশিষ্ট আকারে তাঁদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত পাঠিয়ে দিন। |
| **১৪.** | **প্রশিক্ষক/অংশগ্রহণকারীসহ লক্ষ্যিত মূল অংশগ্রহণকারীদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত উল্লেখ করুন, যদি প্রকল্পে এমন ব্যক্তিদের অংশগ্রহণের সম্ভাবনা থাকে** | প্রকল্পের অভীষ্ট জনগোষ্ঠী ও উপকারভোগী, তাদের পেশা, প্রতিষ্ঠান বা বিশেষায়িত জ্ঞানের ক্ষেত্র(সমূহ) উল্লেখ করুন। |
| **১৫.** | **বাজেট নির্ধারণ** | |
| | ক) নিচের সারণীতে সম্ভব হলে ইউনিট খরচসহ প্রকল্পের প্রতিটি উপাদানের জন্য পৃথকভাবে সুনির্দিষ্ট বিস্তারিত বাজেট (মার্কিন ডলারে) প্রদান করুন এবং বিভিন্ন তহবিল উৎসের মধ্যে এই সকল ব্যয় কীভাবে ভাগ করা হবে তা প্রদর্শন করুন: | নিচের সারণীতে বিভিন্ন দাতার মধ্যে ব্যয়-বিভাজনসহ (রাষ্ট্রপক্ষ, বিশ্ব ঐতিহ্য তহবিল ও অন্যান্য) প্রকল্প সংক্রান্ত খাতওয়ারি সুনির্দিষ্ট ব্যয় উল্লেখ করুন। |
| | (i) সংগঠন | এই বিভাগে উল্লিখিত খাতগুলোতে প্রয়োজনীয় অনুষ্ঠান স্থানের ভাড়া, অফিস ব্যয়, দাপ্তরিক সহায়তা, অনুবাদকর্ম, তাৎক্ষণিক দোভাষীকর্মের ব্যয়, অডিও-ভিস্যুয়াল সরঞ্জাম, বা প্রকল্পটির সফল বাস্তবায়নের জন্য অন্যান্য সাংগঠনিক ব্যয় অন্তর্ভুক্ত করা যেতে পারে। |

| | | |
|---|---|---|
| | (ii) কর্তকর্তা-কর্মচারী ও পরামর্শকদের কাজ | এই বিভাগে উল্লিখিত খাতগুলোর মধ্যে আন্তর্জাতিক বিশেষজ্ঞ, জাতীয় বিশেষজ্ঞ, একজন স্থানীয় বা আন্তর্জাতিক সমন্বয়কারী, বা প্রকল্পটির সফল বাস্তায়নের জন্য অন্যান্য কর্মকর্তা-কর্মচারীর জন্য ব্যয় অন্তর্ভুক্ত করা যেতে পারে। |
| | (iii) ভ্রমণ | প্রকল্পটির সফল বাস্তবায়নের জন্য এই বিভাগে উল্লিখিত খাতগুলোর মধ্যে আন্তর্জাতিক বা অভ্যন্তরীণ ভ্রমণের প্রয়োজনীয় ব্যয় অন্তর্ভুক্ত করা যেতে পারে। |
| | (iv) দৈনন্দিন জীবননির্বাহ ভাতা | প্রকল্পটির সফল বাস্তবায়নের জন্য এই বিভাগে উল্লিখিত খাতগুলোর মধ্যে বাসস্থান, খাবার এবং আনুষঙ্গিক অন্যান্য ব্যয় অন্তর্ভুক্ত করা যেতে পারে। |
| | (v) সরঞ্জাম | প্রকল্পটির সফল বাস্তবায়নের জন্য এই বিভাগে উল্লিখিত খাতগুলোর মধ্যে প্রয়োজনীয় সরঞ্জামাদির ব্যয় অন্তর্ভুক্ত করা যেতে পারে। |
| | (vi) মূল্যায়ন, প্রতিবেদন দাখিল ও প্রকাশনা | প্রকল্পটির সফল বাস্তবায়নের জন্য এই বিভাগে উল্লিখিত খাতগুলোর মধ্যে মূল্যায়ন, প্রতিবেদন, সম্পাদনা ও খসড়া, মুদ্রণ, বিতরণ এবং প্রয়োজনীয় অন্যান্য ব্যয় অন্তর্ভুক্ত করা যেতে পারে। |
| | (vii) বিবিধ | প্রকল্পটির সফল বাস্তবায়নের জন্য এই বিভাগে উল্লিখিত খাতগুলোর মধ্যে ভিসা ও ছোট ছোট প্রয়োজনীয় অন্যান্য ব্যয় অন্তর্ভুক্ত করা যেতে পারে। |
| | খ) রাষ্ট্রপক্ষ বা অন্যান্য উৎস থেকে ইতোমধ্যেই সম্পদ পাওয়া গেছে কিনা বা কখন পাওয়ার সম্ভাবনা রয়েছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করুন | যদি ইতোমধ্যে কোনো সম্পদ পাওয়া না গিয়ে থাকে, তবে প্রকল্প শুরুর আগে পাওয়া যাবে কি না তা উল্লেখ করুন। |
| **১৬.** | **রাষ্ট্রপক্ষ বা অন্যান্য সংস্থা থেকে নগদ তহবিল ব্যতীত অন্য কোনো প্রকার অনুদান** | |
| | ক) জাতীয় সংস্থা(সমূহ) | বিস্তারিতভাবে উল্লেখ করুন |
| | খ) অন্যান্য দ্বি/বহুপাক্ষিক সংগঠন, দাতা, ইত্যাদি | বিস্তারিতভাবে উল্লেখ করুন |
| **১৭.** | **প্রকল্প বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত সংস্থা(সমূহ)** | প্রকল্প বাস্তবায়নের দায়িত্বে নিয়োজিত সকল ব্যক্তি/প্রতিষ্ঠানসহ অন্য সকল অংশগ্রহণকারী সংস্থার নাম, পদবি, ঠিকানা এবং যোগাযোগের বিস্তারিত তথ্য উল্লেখ করুন।<br><br>অনুগ্রহ করে প্রকল্পের জন্য রাষ্ট্রপক্ষের আইনগত ও প্রশাসনিক প্রতিশ্রুতি আছে কিনা তা নির্দেশ করুন (*বাস্তবায়ন নির্দেশিকা*-এর অনুচ্ছেদ ২৩৯.খ দেখুন)। |
| **১৮.** | রাষ্ট্রপক্ষের পক্ষে স্বাক্ষর | পূর্ণ নাম<br><br>পদবি<br><br>তারিখ |
| **১৯.** | পরিশিষ্টসমূহ | এই অংশে আবেদনের সাথে সংযুক্ত পরিশিষ্টসমূহের তালিকা ও প্রতিটি পরিশিষ্টের শিরোনাম উল্লেখ করুন। |

## সংরক্ষণ ও ব্যবস্থাপনা সহায়তা এবং
## ৫,০০০ ইউএস ডলারের অধিক প্রিপারেটরি সহায়তার জন্য
## আন্তর্জাতিক সহায়তার আবেদন দাখিল পদ্ধতি



United Nations Educational, Scientific and Cultural Organization | World Heritage Convention

# আন্তর্জাতিক সহায়তার আবেদনের জন্য মূল্যায়ন নির্ণায়কসমূহ

আন্তর্জাতিক সহায়তার আবেদন মূল্যায়নের সময় উপদেষ্টা সংস্থা, বিশ্ব ঐতিহ্য কেন্দ্র এবং সংশ্লিষ্ট নীতি-নির্ধারকগণ (বিশ্ব ঐতিহ্য কমিটির চেয়ারপারসন, বিশ্ব ঐতিহ্য কমিটি অথবা বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের পরিচালক) নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করবেন।

এই খাতগুলি কোনো যাচাই-তালিকা বা চেকলিস্টের অংশ নয়, আবার প্রতিটি খাত আন্তর্জাতিক সহায়তার প্রত্যেক আবেদনের জন্যও প্রযোজ্য হবে না। বরং বিশ্ব ঐতিহ্য তহবিলের মাধ্যমে প্রাপ্তব্য সীমিত আর্থিক সহায়তার বরাদ্দকরণের উপযুক্ততার বিষয়ে ভারসাম্যপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে একটি সমন্বিত উপায়ে যথাযথ খাতগুলোকে একসঙ্গে বিবেচনা করতে হবে।

## ক. উপযুক্ততা

১. বিশ্ব ঐতিহ্য তহবিলে রাষ্ট্রপক্ষের প্রদেয় কোনো চাঁদা কি বকেয়া আছে?

২. আবেদনটি কি রাষ্ট্রপক্ষের কোনো অনুমোদিত সংগঠন/প্রতিষ্ঠান থেকে করা হয়েছে?

## খ. অগ্রাধিকারের জন্য বিবেচ্য বিষয়

৩. আবেদনটি কি এমন কোনো রাষ্ট্রপক্ষের যা স্বল্পোন্নত দেশ (এলডিসি), নিম্ন আয়ের দেশ (এলআইই), বা উন্নয়নশীল ছোট ছোট দ্বীপরাষ্ট্র (এসআইডিএস) তালিকার অন্তর্ভুক্ত?

৪. সম্পদটি কি বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকার অন্তর্ভুক্ত?

৫. আবেদনটি কি বিশ্ব ঐতিহ্য কমিটির এক বা একাধিক কৌশলগত উদ্দেশ্য পূরণের সাথে সামঞ্জস্যপূর্ণ (বিশ্বাসযোগ্যতা, সংরক্ষণ, সক্ষমতা বৃদ্ধি ও যোগাযোগ)?

৬. আবেদনটি কি সম্পদের স্থান এবং / অথবা আঞ্চলিক পর্যায়ে সাময়িক প্রতিবেদন প্রক্রিয়ার মাধ্যমে সনাক্তকৃত চাহিদা পূরণে সহায়ক?

৭. আবেদনটি কি কোনো আঞ্চলিক বা উপ-আঞ্চলিক সক্ষমতা বৃদ্ধিমূলককার্যক্রমের সাথে সম্পর্কিত?

৮. কার্যক্রমের মধ্যে কি কোনো সক্ষমতা বৃদ্ধিমূলক দিক রয়েছে (যে ধরনের সহায়তার জন্যই আবেদন করা হোক না কেন)?

৯. এই কার্যক্রমের ফলে অভিজ্ঞতালব্ধ শিক্ষাগুলো কি বৃহত্তর বিশ্ব ঐতিহ্য প্রক্রিয়ার ক্ষেত্রে কোনো উপকারিতা বয়ে আনবে?

## গ. প্রস্তাবিত কার্যক্রমের সুনির্দিষ্ট বিষয়বস্তুর সাথে সম্পর্কযুক্ত বিবেচ্য বিষয়সমূহ

১০. আবেদনের উদ্দেশ্যগুলো কি সুস্পষ্টভাবে বিবৃত হয়েছে এবং এগুলি কি অর্জনযোগ্য?

১১. ফলাফল অর্জনের জন্য কি কোনো সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা এবং তা বাস্তবায়নের কোনো নির্দিষ্ট সময়সীমা আছে? কর্মপরিকল্পনাটি কি যুক্তিসঙ্গত?

১২. প্রকল্পটি বাস্তবায়নের দায়িত্বে নিয়োজিত সংস্থা / সংগঠনের কি বাস্তবায়নের সক্ষমতা আছে, এবং চলমান যোগাযোগের জন্য কি কোনো দায়িত্বশীল ব্যক্তিকে চিহ্নিত করা হয়েছে?

১৩. (জাতীয় কিংবা আন্তর্জাতিক যে পর্যায়েরই হোক না কেন) যেসব পেশাজীবীকে নিয়োগের প্রস্তাব করা হয়েছে তাঁরা কি প্রস্তাবিত কাজের জন্য যোগ্যতাসম্পন্ন? তাঁদের জন্য কি কাজের নির্দিষ্ট সময়কালসহ সুস্পষ্ট কোনো কার্যপরিধি নির্ধারণ করা হয়েছে?

১৪. প্রস্তাবনায় কি সংশ্লিষ্ট সকল পক্ষের অংশগ্রহণ বা সম্পৃক্তি বিবেচনায় নেওয়া হয়েছে (যেমন, অংশীজন, অন্যান্য প্রতিষ্ঠান ইত্যাদি)?

১৫. কারিগরি প্রয়োজনীয়তাগুলো কি সুস্পষ্টভাবে প্রকাশ করা হয়েছে এবং এই প্রয়োজনীয়তাগুলো কি যুক্তিসঙ্গত?

১৬. কার্যক্রমের সাফল্যের জন্য যথাযথ সূচকসহ ফলাফলের প্রতিবেদন প্রকাশ ও অব্যাহত পরিবীক্ষণের জন্য কি কোনো সুস্পষ্ট পরিকল্পনা আছে?

১৭. কার্যক্রমটি সম্পন্ন হওয়ার পর যতাযথভাবে খোঁজ-খবর রাখার জন্য রাষ্ট্রপক্ষের প্রতিশ্রুতি আছে কী?

**ঘ. বাজেট সম্পর্কিত / আর্থিক বিষয়সমূহ**

১৮. যে কার্যক্রমটি সম্পন্ন করার জন্য প্রস্তাব করা হয়েছে তার জন্য সার্বিক বাজেট কি যুক্তিসঙ্গত?

১৯. ইউনিটপ্রতি যুক্তিসঙ্গত ব্যয় নিশ্চিত করার জন্য বাজেট কি যথেষ্ট বিস্তারিতভাবে এবং স্থানীয় খরচ এবং / অথবা ইউনেস্কোর বিধিবিধান ও নিয়ম অনুযায়ী যথাযথভাবে উপস্থাপন করা হয়েছে?

২০. আবেদনটি কি অন্যান্য উৎস থেকে তহবিল সংগ্রহের জন্য অনুঘটক (গুণক) হিসাবে কাজ করবে (নগদ তহবিল কিংবা অন্য কোনো উপায়ে অনুদান যাই হোক না কেন, তহবিল সংগ্রহের অন্যান্য উৎস কি সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে)?

**ঙ. সুনির্দিষ্ট প্রকারের আন্তর্জাতিক সহায়তার জন্য বিবেচ্যবিষয়সমূহ**

***ক) জরুরি সহায়তার আবেদন***

২১. আবেদনে উল্লিখিত হুমকি বা দুর্যোগ কি (অপ্রত্যাশিত ঘটনা) *বাস্তবায়ন নির্দেশিকা*-এ বর্ণিত জরুরি অবস্থার সংজ্ঞা অনুযায়ী উপস্থাপন করা হয়েছে?

২২. প্রস্তাবিত উদ্যোগ বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত সকলের যুক্তিসঙ্গত নিরাপত্তাসহ উদ্যোগটি পরিচালনা করা যাবে কী?

২৩. এই উদ্যোগের মাধ্যমে সম্পদের সুরক্ষা/সংরক্ষণ সম্পর্কিত সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয়গুলির সমাধান করা যাবে কী?

***খ) প্রস্তুতিমূলক সহায়তার আবেদন***

<u>মনোনয়ন ফাইল প্রস্তুতির আবেদনের ক্ষেত্রে</u>

২৪. সম্পদটি কি রাষ্ট্রপক্ষের সম্ভাব্য তালিকায় আছে?

২৫. ইতোমধ্যে রাষ্ট্রপক্ষের কোনো সম্পদ কি বিশ্ব ঐতিহ্য তালিকায় তালিকাভুক্ত আছে? যদি থাকে, কতগুলো সম্পদ তালিকাভুক্ত আছে?

২৬. বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্তির জন্য প্রস্তাবিত সম্পদের ধরনটি কি বিশ্ব ঐতিহ্য তালিকায় অনুপস্থিত, কিংবা যথাযথভাবে উপস্থাপন করা হয়নি?

২৭. প্রয়োজনীয় উপাদানগুলির ওপর কি যথেষ্ট গুরুত্ব প্রদান করা হয়েছে, যেমন– ব্যবস্থাপনা পরিকল্পনা প্রস্তুত করা, তুলনামূলক বিশ্লেষণ, অনন্য বৈশ্বিক মান, মানচিত্রায়ন ইত্যাদি?

২৮. কমিউনিটির অংশগ্রহণের ওপর কি যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়েছে?

<u>সম্ভাব্য তালিকা প্রস্তুতির আবেদনের ক্ষেত্রে</u>

২৯. প্রক্রিয়াটি কি প্রয়োজনীয় সকল অংশীদার ও দৃষ্টিভঙ্গি অন্তর্ভুক্ত করার জন্য পরিকল্পনা করা হয়েছে?

৩০. প্রাকৃতিক ও সাংস্কৃতিক উভয় ধরনের ঐতিহ্য-সংশ্লিষ্ট পেশাজীবীদের সম্পৃক্ত করার প্রস্তাব করা হয়েছে কী?

৩১. রাষ্ট্রপক্ষ কি বিশ্ব ঐতিহ্য সনদের নতুন সদস্য?

৩২. আবেদনটি যদি সম্ভাব্য তালিকার সামঞ্জস্য বিধানের জন্য হয়ে থাকে, তবে সংশ্লিষ্ট অঞ্চল বা উপ-অঞ্চলের সকল প্রতিনিধি কি এতে সম্পৃক্ত হয়েছে?

<u>অন্যান্য প্রকারের সহায়তার জন্য প্রস্তুতির আবেদনের ক্ষেত্রে</u>

৩৩. যদি আবেদনটি অন্য কোনো সহায়তা সম্পর্কিত আবেদনের প্রস্তুতির জন্য হয়ে থাকে, তাহলে শেষ আবেদনটির প্রয়োজনীয়তা কি যথাযথভাবে উপস্থাপন করা হয়েছে?

### *গ) সংরক্ষণ ও ব্যবস্থাপনা সহায়তার আবেদন*

সংরক্ষণ কাজ সংক্রান্ত অথবা ব্যবস্থাপনা পরিকল্পনার প্রস্তুতি সংক্রান্ত আবেদনের ক্ষেত্রে

৩৪. সম্পদটি কি বিশ্ব ঐতিহ্য তালিকায় আছে?

৩৫. প্রস্তাবিত কাজটি কি সম্পদের সংরক্ষণ বা সুরক্ষার জন্য অগ্রাধিকারভিত্তিক কাজ?

৩৬. প্রস্তাবিত কাজটি কি সর্বোত্তম অনুশীলনের সাথে সামঞ্জস্যপূর্ণ?

প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত আবেদনের ক্ষেত্রে

৩৭. এটি কি *বিশ্ব ঐতিহ্য সনদ* বাস্তবায়নের সাথে পরিষ্কারভাবে সম্পর্কযুক্ত?

৩৮. কার্যক্রমটি কি কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদের স্থানে সংঘটিত হতে যাচ্ছে বা এতে কি কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদ পরিদর্শন/ কেস স্টাডির বিষয় সম্পৃক্ত আছে?

৩৯. এই কার্যক্রমে কি কোনো বিশ্ব ঐতিহ্য সম্পদের স্থানে সংরক্ষণের কাজে নিয়োজিতদের প্রশিক্ষণার্থী বা তথ্যাভিজ্ঞ ব্যক্তি হিসেবে সম্পৃক্ত করা হচ্ছে?

৪০. এতে কি সুস্পষ্টভাবে নির্ধারিত প্রশিক্ষণ চাহিদা পূরণ হবে?

৪১. প্রশিক্ষণের পদ্ধতিসমূহ কি শিখনের উদ্দেশ্য নিশ্চিত করার জন্য যথোপযুক্ত?

৪২. এর ফলে কি কোনো স্থানীয় এবং/অথবা আঞ্চলিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান শক্তিশালী হবে?

৪৩. এটি কি মাঠ পর্যায়ে ব্যবহারিক প্রয়োগের সঙ্গে সম্পর্কযুক্ত?

৪৪. এতে কি বিশ্ব ঐতিহ্য ব্যবস্থার আওতায় অন্যান্য সংগঠনের নিকট ফলাফল ও প্রাসঙ্গিক প্রশিক্ষণ উপকরণাদি বিস্তরণের ব্যবস্থা আছে?

বৈজ্ঞানিক গবেষণা সম্পর্কিত আবেদনের ক্ষেত্রে

৪৫. এটি কি প্রমাণ করা যাবে যে, বিশ্ব ঐতিহ্য সম্পদসমূহের অধিকতর সুরক্ষার ক্ষেত্রে এর বিষয়বস্তুর প্রকৃতি অগ্রাধিকার পাওয়ার জন্য যথেষ্ট গুরুত্বপূর্ণ?

৪৬. এটি কি প্রমাণ করা যাবে যে, বিশ্ব ঐতিহ্য ব্যবস্থার আওতায় এর ফলাফলগুলো ব্যাপকভাবে বস্তুনিষ্ঠ ও প্রয়োগযোগ্য?

শিক্ষাবিষয়ক বা সচেতনতামূলক কার্যক্রম সম্পর্কিত আবেদনের ক্ষেত্রে

৪৭. এটি কি *বিশ্ব ঐতিহ্য সনদ* সম্পর্কে অভীষ্ট জনগণের মধ্যে অধিক পরিচিতি বা জোরদার আগ্রহ সৃষ্টিতে সাহায্য করতে পারবে?

৪৮. এটি কি বিশ্ব ঐতিহ্য সনদ বাস্তবায়নের সঙ্গে সম্পর্কযুক্ত বিভিন্ন বিষয় ও সমস্যা সম্পর্কে ব্যাপকতর সচেতনতা সৃষ্টি করবে?

৪৯. এটি কি *বিশ্ব ঐতিহ্য সনদ*-এর সাথে সম্পর্কযুক্ত কার্যক্রমসমূহে অধিকতর সম্পৃক্ততা উন্নয়নে সাহায্য করবে?

৫০. এটি কি বিশেষ করে স্কুলের শিক্ষার্থীদের মধ্যে অভিজ্ঞতা বিনিময়ের উপায় হিসেবে কাজ করবে কিংবা শিক্ষা ও তথ্য বিষয়ক বিভিন্ন ধরনের কার্যক্রমকে উজ্জীবিত ও উৎসাহিত করবে?

৫১. এর ফলে কি বিশ্ব ঐতিহ্য সনদ সম্পর্কে প্রচারণার লক্ষ্যে অভীষ্ট জনগণের ব্যবহারের জন্য যথাযথ সচেতনতা-সৃষ্টিমূলক উপকরণাদি তৈরি হবে?

# অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত বিবরণ

অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত বিবরণ এবং অতীতের অনন্য বৈশ্বিক মান-এর পর্যালোচনামূলক বিবরণের ফরম্যাট।

অতীতের অনন্য বৈশ্বিক মান-এর পর্যালোচনামূলক বিবরণ ইংরেজি অথবা ফরাসি ভাষায় দাখিল করতে হবে। (ওয়ার্ড অথবা পিডিএফ ফরম্যাটে) একটি ইলেক্ট্রনিক সংস্করণও জমা দিতে হবে।

অনন্য বৈশ্বিক মান সম্পর্কিত বিবরণটি নিম্নলিখিত ফরম্যাট অনুযায়ী হতে হবে (A4 আকারের সর্বাধিক ২ পৃষ্ঠা):

ক) সংক্ষিপ্ত সংশ্লেষ
খ) নির্ণায়কসমূহের যৌক্তিকতা
গ) অখণ্ডতার বিবরণ (সকল সাইটের জন্য)
ঘ) প্রামানিকতার বিবরণ ((i)-(iv) নির্ণায়কের আওতাধীন সকল সাইটের জন্য)
ঙ) সুরক্ষা ও ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয়তা

**সময়সীমা**

যে বছরে কমিটির অনুমোদনের জন্য আবেদন করা হবে তার আগের বছরের ১ ফেব্রুয়ারি[২৭]।

[২৭] ১ ফেব্রুয়ারি কোনো সাপ্তাহিক ছুটির দিন হলে, মনোনয়নটি অবশ্যই তার আগের শুক্রবারের ১৭ঘ০০ গ্রীনিচ মান সময়ের মধ্যে প্রাপ্ত হতে হবে।

# বিশ্ব ঐতিহ্য সম্পদসমূহের পরিবর্তন

**বিশ্ব ঐতিহ্য সম্পদসমূহের সীমারেখায় সামান্য পরিবর্তন**

সীমানা পরিবর্তনের ফলে বিশ্ব ঐতিহ্য সম্পদসমূহ আরও ভালোভাবে সনাক্ত করা যাবে এবং সম্পদসমূহের অনন্য বৈশ্বিক মান সুরক্ষা উন্নত হতে হবে।

সংশ্লিষ্ট রাষ্ট্রপক্ষ কর্তৃক দাখিলকৃত সীমানায় ছোট-খাটো কোনো পরিবর্তন বা সংশোধনের প্রস্তাব সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থার পর্যালোচনা এবং বিশ্ব ঐতিহ্য কমিটির অনুমোদনসাপেক্ষ বিষয়।

সীমানায় ছোট-খাটো পরিবর্তন বা সংশোধনের জন্য দাখিলকৃত প্রস্তাব বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক অনুমোদিত হতে পারে, আবার অনুমোদিত নাও হতে পারে, কিংবা স্থগিত বা বিলম্বিতও হতে পারে।

<u>প্রয়োজনীয় নথিপত্রাদি</u>

১) **সম্পদের আয়তন (হেক্টরে):** অনুগ্রহপূর্বক (ক) সম্পদ <u>যেভাবে তালিকাভুক্ত হয়েছে</u> সেই অনুযায়ী সম্পদের আয়তন উল্লেখ করুন এবং (খ) সীমারেখা পরিবর্তনের প্রস্তাব অনুযায়ী সম্পদের আয়তন উল্লেখ করুন (বা প্রস্তাবিত সুরক্ষা বলয়ের আয়তন)। (উল্লেখ্য যে, কেবল ব্যতিক্রমী কিছু ক্ষেত্রে আয়তন হ্রাসের প্রস্তাবণা ছোট-খাটো পরিবর্তন হিসাবে বিবেচনা করা যেতে পারে)।

২) **পরিবর্তন সম্পর্কিত বর্ণনা:** অনুগ্রহ করে সম্পদের সীমারেখার প্রস্তাবিত পরিবর্তনের বর্ণনা লিখিত আকারে উপস্থাপন করুন (অথবা প্রস্তাবিত সুরক্ষা বলয় সম্পর্কে লিখিত বর্ণনা)।

৩) **সংশোধনের যৌক্তিকতা:** সম্পদের সীমারেখা কেন পরিবর্তন করা দরকার (অথবা কেন একটি সুরক্ষা বলয় প্রয়োজন) এবং এই পরিবর্তনের ফলে সম্পদের সংরক্ষণ এবং/অথবা সুরক্ষা কীভাবে উন্নত হবে তার উপর বিশেষ গুরুত্বারোপসহ একটি সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করুন।

৪) **অনন্য বৈশ্বিক মান বজায় রাখার ক্ষেত্রে অবদান:** অনুগ্রহ করে সম্পদের অনন্য বৈশ্বিক মান বজায় রাখার ক্ষেত্রে প্রস্তাবিত পরিবর্তন (বা প্রস্তাবিত সুরক্ষা বলয়) কীভাবে অবদান রাখবে তা উল্লেখ করুন।

৫) **আইনি সুরক্ষার জন্য প্রভাব:** অনুগ্রহ করে সম্পদের আইনি সুরক্ষার জন্য প্রস্তাবিত পরিবর্তনের প্রভাবসমূহ উল্লেখ করুন। প্রস্তাবিত আয়তন সংযোজন বা একটি সুরক্ষা বলয় তৈরির ক্ষেত্রে, অনুগ্রহ করে প্রস্তাবিত আয়তন যুক্ত করার জন্য আইনি সুরক্ষা বিষয়ক তথ্য এবং প্রাসঙ্গিক আইন ও বিধিবিধানের একটি অনুলিপি প্রদান করুন।

৬) **ব্যবস্থাপনা নিশ্চিতকরণের প্রভাব:** সম্পদের ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রস্তাবিত পরিবর্তনের প্রভাবসমূহ উল্লেখ করুন। প্রস্তাবিত আয়তন সংযোজন বা একটি সুরক্ষা বলয় তৈরির ক্ষেত্রে, অনুগ্রহ করে প্রস্তাবিত আয়তন যুক্ত করার জন্য ব্যবস্থাপনা নিশ্চিতকরণ সংক্রান্ত তথ্য উপস্থাপন করুন।

৭) **মানচিত্র:** অনুগ্রহ করে দুটি মানচিত্র জমা দিন, একটিতে পরিষ্কারভাবে সম্পদের <u>উভয়</u> সীমানা নির্দেশ করে (মূল সীমানা ও প্রস্তাবিত সংশোধনী) এবং অন্যটিতে <u>কেবল প্রস্তাবিত সংশোধনী</u> প্রদর্শন করে। সুরক্ষা বলয় তৈরির ক্ষেত্রে, অনুগ্রহ করে তালিকাভুক্ত সম্পদ এবং প্রস্তাবিত সুরক্ষা বলয় প্রদর্শন করে একটি মানচিত্র জমা দিন।

অনুগ্রহ করে নিশ্চিত করুন যে, মানচিত্রগুলি:

- হয় টপোগ্রাফিক অথবা ক্যাডাস্ট্রাল;
- এমন স্কেল অনুযায়ী উপস্থাপিত যার ফলে হেক্টরে সম্পদের আয়তন যথাযথভাবে বোঝা যায় এবং বর্তমান সীমানা ও প্রস্তাবিত পরিবর্তন যথেষ্ট পরিষ্কারভাবে দেখা যায় (এবং যে কোনো ক্ষেত্রে, সম্ভাব্য সবচেয়ে বড় ও ব্যবহারিক স্কেলে উপস্থাপন করতে হবে);

- শিরোনাম এবং বর্ণনা/ মূল বিষয় ইংরেজি অথবা ফরাসি ভাষায় উপস্থাপন করতে হবে (এটি সম্ভব না হলে, অনুগ্রহ করে অনুবাদ সংযুক্ত করুন);

- পরিষ্কার দৃশ্যমান রেখার মাধ্যমে সম্পদের (বর্তমান ও প্রস্তাবিত সংশোধনী অনুযায়ী) সীমানা চিহ্নিত করতে হবে যা মানচিত্রের অন্যান্য লেখা ও অঙ্কন থেকে সহজেই পৃথক করা যায়;

- পরিষ্কারভাবে অঙ্কিত স্থানাঙ্ক গ্রিড থাকতে হবে (অথবা স্থানাঙ্কের টিকচিহ্ন থাকতে হবে);

- বিশ্ব ঐতিহ্য সম্পদের সীমানা (এবং প্রযোজ্য হলে, বিশ্ব ঐতিহ্য সম্পদের সুরক্ষা বলয়) সুস্পষ্টভাবে উল্লেখ করুন (শিরোনাম ও বর্ণনায়)। অনুগ্রহ করে অন্য কোনো সুরক্ষিত এলাকার সীমানা থেকে বিশ্ব ঐতিহ্য সম্পদের সীমানার পার্থক্য পরিষ্কারভাবে প্রদর্শন করুন।

৮) **অতিরিক্ত তথ্য:** প্রস্তাবিত আয়তন সংযোজনের ক্ষেত্রে, সংযোজনের জন্য প্রস্তাবিত এলাকার কিছু আলোকচিত্র উপস্থাপন করুন, যা থেকে এর মৌলিক মানসমূহ এবং প্রামানিকতা/অখণ্ডতার অবস্থা বিষয়ক তথ্য পাওয়া যায়।

অন্য কোনো প্রাসঙ্গিক নথিপত্রাদিও দাখিল করা যেতে পারে, যেমন– থিম্যাটিক বা বিষয়গত মানচিত্র (উদাহরণস্বরূপ, উদ্ভিদ সম্পর্কিত মানচিত্র), সংযোজনের জন্য প্রস্তাবিত এলাকার মান সম্পর্কিত বৈজ্ঞানিক তথ্যের সারসংক্ষেপ (যেমন, বিভিন্ন প্রজাতির তালিকা), এবং সহায়ক গ্রন্থপঞ্জি।

উপরে বর্ণিত দলিলপত্রের দুটি অনুরূপ কপি (মিশ্রিত সম্পদের জন্য তিন কপি) ইংরেজি অথবা ফরাসি ভাষায় জমা দিতে হবে। একটি ইলেক্ট্রনিক সংস্করণও (মানচিত্রগুলি .jpg, .tif, .pdf ইত্যাদি ফর্ম্যাটে) জমা দিতে হবে।

**সময়সীমা**

যে বছরে কমিটির অনুমোদনের জন্য আবেদন করা হবে ওই বছরের **১** ফেব্রুয়ারি[২৮]।

[২৮] **১** ফেব্রুয়ারি কোনো সাপ্তাহিক ছুটির দিন হলে, মনোনয়নটি অবশ্যই তার আগের শুক্রবারের ১৭ঘ০০ গ্রীনিচ মান সময়ের মধ্যে প্রাপ্ত হতে হবে।

United Nations Educational, Scientific and Cultural Organization · World Heritage Convention

# উপদেষ্টা সংস্থার মূল্যায়নের তথ্যগত ভুল উপস্থাপনের ফরম

(*অপারেশনাল গাইডলাইন্সের* অনুচ্ছেদ ১৫০ অনুযায়ী)

**রাষ্ট্র(সমূহ) পক্ষ(সমূহ):**

**যে সাইটের জন্য মনোনয়ন মূল্যায়ন:**

**সংশ্লিষ্ট উপদেষ্টা সংস্থার মূল্যায়ন[২৯]:**

| উপদেষ্টা সংস্থা কর্তৃক মূল্যায়নের পৃষ্ঠা, কলাম, সারি | তথ্যগত ভুল রয়েছে এমন বাক্য (তথ্যগত ভুলগুলো স্পষ্ট করে চিহ্নিত করতে হবে) | রাষ্ট্রপক্ষ কর্তৃক প্রস্তাবিত সংশোধনী | উপদেষ্টা সংস্থা এবং/অথবা বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

- তথ্যগত ভুল উপস্থাপন ফরম, এবং এ ধরনের পূরণকৃত একটি ফরমের উদাহরণ ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য কেন্দ্র এবং এই লিংকে পাওয়া যাবে: https://whc.unesco.org/en/factualerrors.
- তথ্যগত ভূল উপস্থাপন সম্পর্কিত আরও দিকনির্দেশনা *অপারেশনাল গাইডলাইন্সের* অনুচ্ছেদ ১৫০-এ দেখা যেতে পারে।
- রাষ্ট্রপক্ষগুলোকে এই তথ্যগুলো অতি সত্বর ইলেক্ট্রনিক ফরম্যাটে বা wh-nominations@unesco.org. ঠিকানায় ইমেইল যোগে উপস্থাপনের জন্য অনুরোধ করা যাচ্ছে।

তথ্যগত ভুল উপস্থাপন ফরম-এর মূল্য স্বাক্ষরিত সংস্করণটি ইংরেজি অথবা ফরাসি ভাষায় কমিটির অধিবেশন শুরুর ১৪ দিন পূর্বে ইউনেস্কো বিশ্ব ঐতিহ্য কেন্দ্র-এর এই ঠিকানায় প্রেরণ করতে হবে: 7 place de Fontenoy, 75352 Paris 07 SP, France.

[২৯] মিশ্রিত সাইটগুলির মনোনয়নের ক্ষেত্রে, যদি উপদেষ্টা সংস্থাসমূহের উভয় মূল্যায়নে ভুল-ভ্রান্তি থেকে থাকে, তবে প্রত্যেক উপদেষ্টা সংস্থার জন্য পৃথক পৃথক পূরণকৃত ফরম দাখিল করতে হবে। ফরমগুলিতে উল্লেখ করতে হবে কোন উপদেষ্টা সংস্থার মূল্যায়নের পরিপ্রেক্ষিতে ফরমটি দাখিল করা হচ্ছে।

United Nations Educational, Scientific and Cultural Organization
World Heritage Convention

# রাষ্ট্রপক্ষ কর্তৃক সংরক্ষণ অবস্থা সম্পর্কিত প্রতিবেদন দাখিলের ফরম্যাট

**(অপারেশনাল গাইডলাইন্সের অনুচ্ছেদ ১৬৯ অনুযায়ী)**

**বিশ্ব ঐতিহ্য সম্পদের রাষ্ট্র(সমূহ) পক্ষ(সমূহ)-এর নাম (সনাক্তকরণ নম্বর)**

১. প্রতিবেদনের নির্বাহী সারসংক্ষেপ

*[দ্রষ্টব্য: নিচে বর্ণিত প্রতিটি বিভাগের সারসংক্ষেপ তৈরি করতে হবে। নির্বাহী সারসংক্ষেপ সর্বোচ্চ ১ পৃষ্ঠার মধ্যে হতে হবে।]*

২. বিশ্ব ঐতিহ্য কমিটির সিদ্ধান্তের প্রতি সাড়া

*[দ্রষ্টব্য: রাষ্ট্র(সমূহ) পক্ষ(সমূহ)-কে এই সম্পদের জন্য অনুচ্ছেদ আকারে বিশ্ব ঐতিহ্য কমিটির অতি সাম্প্রতিক সিদ্ধান্তের প্রতি সাড়া দিতে অনুরোধ করা হচ্ছে।]*

সম্পদটি বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত হয়ে থাকলে অনুগ্রহ করে নিম্নলিখিত সকল বিষয়ে বিস্তারিত তথ্য প্রদান করুন:

ক) বিশ্ব ঐতিহ্য কমিটি কর্তৃক গৃহীত সংশোধনমূলক পদক্ষেপসমূহ বাস্তবায়নে অর্জিত অগ্রগতি

*[দ্রষ্টব্য: অনুগ্রহ করে যথাযথ তারিখ, সংখ্যা/পরিমাণ ইত্যাদিসহ বাস্তবানুগ তথ্য প্রদান করে প্রতিটি সংশোধনমূলক পদক্ষেপ বিষয়ে পৃথকভাবে উল্লেখ করুন।]*

প্রয়োজনে অনুগ্রহ করে সাফল্যের বিভিন্ন উপাদান অথবা সনাক্তকৃত প্রতিটি সংশোধনমূলক পদক্ষেপ বাস্তবায়নের ক্ষেত্রে বিরাজমান সমস্যাগুলো বর্ণনা করুন।

খ) সংশোধনমূলক পদক্ষেপসমূহ বাস্তবায়নে প্রদত্ত সময়সূচি কি যথোপযুক্ত? যদি না হয়ে থাকে, তাহলে অনুগ্রহ করে একটি বিকল্প সময়সূচি এবং এই বিকল্প সময়সূচি কেন প্রয়োজন এ ব্যাপারে একটি ব্যাখ্যা প্রস্তাব করুন।

গ) বিপন্ন বিশ্ব ঐতিহ্য তালিকা (ডিএসওসিআর) থেকে নাম মুছে ফেলা বা দেওয়ার লক্ষ্যে সম্পদ সংরক্ষণের কাঙ্ক্ষিত অবস্থার ক্ষেত্রে অর্জিত অগ্রগতি।

৩. রাষ্ট্র(সমূহ) পক্ষ(সমূহ) কর্তৃক সনাক্তকৃত বর্তমান অন্যান্য যে কোনো সংরক্ষণ ইস্যু, যা সম্পদের অষাধারণ সর্বজনীন মানের ওপর প্রভাব ফেলতে পারে।

*[দ্রষ্টব্য: এর মধ্যে বিশ্ব ঐতিহ্য কমিটির সিদ্ধান্তের মধ্যে অন্তর্ভুক্ত নেই– সংরক্ষণ বিষয়ক এমন অনেক ইস্যু তুলে ধরা যেতে পারে, কিংবা বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের অনুরোধক্রমেও সংরক্ষণ বিষয়ক ইস্যু উপস্থাপন করা যেতে পারে।]*

৪. *অপারেশনাল গাইডলাইন্সের* অনুচ্ছেদ ১৭২ অনুযায়ী বড় ধরনের কোনো সম্ভাব্য পুনরুদ্ধার, পরিবর্তন এবং/অথবা সম্পদ-সীমার মধ্যে পরিকল্পিত কোনো নতুন নির্মাণ(সমূহ), সুরক্ষা বলয়(সমূহ) এবং/অথবা সংযোগ পথ বা অন্যান্য ক্ষেত্র বিষয়ে বর্ণনা করুন, যেখানে এ ধরনের উন্নয়ন সম্পদের প্রামানিকতা ও অখণ্ডতাসহ এর অনন্য বৈশ্বিক মানের ওপর প্রভাব ফেলতে পারে।

৫. সাধারণ জনগণের সংরক্ষণ অবস্থা সম্পর্কিত প্রতিবেদন পাওয়ার সুযোগ

*[দ্রষ্টব্য: এই প্রতিবেদনটি সাধারণ জনগণের নিকট পৌঁছানোর জন্য বিশ্ব ঐতিহ্য কেন্দ্রের সংরক্ষণ অবস্থা সংক্রান্ত তথ্য ব্যবস্থায় এটি আপলোড করা হবে (https://whc.unesco.org/en/soc)। আপনার রাষ্ট্রপক্ষ যদি সম্পূর্ণ প্রতিবেদনটি আপলোড না করতে অনুরোধ করে থাকে, তাহলে কেবল উপরোল্লিখিত অনুচ্ছেদ ১-এর অধীনে বর্ণিত ১-পৃষ্ঠার নির্বাহী সারসংক্ষেপটি জনসাধারণের জন্য আপলোড করা হবে।]*

৬. কর্তৃপক্ষের স্বাক্ষর

United Nations Educational, Scientific and Cultural Organization · World Heritage Convention

# বিশ্ব ঐতিহ্য প্রতীকের ব্যবহার বিষয়ক সারণী

এই সারণীটি *বিশ্ব ঐতিহ্য সনদের বাস্তবায়ন নির্দেশিকা*-এর অধ্যায় ৩ এবং *Directives Concerning the Use of the Name, Acronym, Logo and Internet Domain Names of UNESCO* (রেজুলেশন 34C/86)-এর ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে।

*বাস্তবায়ন নির্দেশিকা*-এর অধ্যায় ৮ অনুযায়ী বিশ্ব ঐতিহ্যের প্রতীক ব্যবহারের জন্য কর্তৃপক্ষ এবং কর্তৃপক্ষকে দায়িত্ব অর্পণ সম্পর্কিত স্মারক:

অনুচ্ছেদ ২৬২:

